| Model Question No. 08 | 730 | Model Question No. 43 | 768 |
| Model Question No. 09 | 731 | Model Question No. 44 | 769 |
| Model Question No. 10 | 732 | Model Question No. 45 | 770 |
| Model Question No. 11 | 733 | Model Question No. 46 | 772 |
| Model Question No. 12 | 734 | Model Question No. 47 | 773 |
| Model Question No. 13 | 735 | Model Question No. 48 | 774 |
| Model Question No. 14 | 737 | Model Question No. 49 | 775 |
| Model Question No. 15 | 738 | Model Question No. 50 | 776 |
| Model Question No. 16 | 739 | Model Question No. 51 | 777 |
| Model Question No. 17 | 740 | Model Question No. 52 | 778 |
| Model Question No. 18 | 741 | Model Question No. 53 | 779 |
| Model Question No. 19 | 742 | Model Question No. 54 | 780 |
| Model Question No. 20 | 743 | Model Question No. 55 | 781 |
| Model Question No. 21 | 744 | Model Question No. 56 | 782 |
| Model Question No. 22 | 745 | Model Question No. 57 | 783 |
| Model Question No. 23 | 747 | Model Question No. 58 | 785 |
| Model Question No. 24 | 748 | Model Question No. 59 | 786 |
| Model Question No. 25 | 749 | Model Question No. 60 | 787 |
| Model Question No. 26 | 750 | Model Question No. 61 | 788 |
| Model Question No. 27 | 751 | Model Question No. 62 | 789 |
| Model Question No. 28 | 752 | Model Question No. 63 | 790 |
| Model Question No. 29 | 753 | Model Question No. 64 | 791 |
| Model Question No. 30 | 754 | Model Question No. 65 | 792 |
| Model Question No. 31 | 755 | Model Question No. 66 | 793 |
| Model Question No. 32 | 756 | Model Question No. 67 | 794 |
| Model Question No. 33 | 757 | Model Question No. 68 | 795 |
| Model Question No. 34 | 758 | Model Question No. 69 | 796 |
| Model Question No. 35 | 760 | Model Question No. 70 | 797 |


## Part B : Composition (Marks–40)

## Ques. No.—12 : Writing CV with a Cover Letter


01. A CV with a cover letter for the post of an English teacher ..... 801
[Din. B. 2022 & 2015; C. B. 2022 & 2017; D. B. 2020; J. B. 2019; Ctg. B. 2019 & 2015; R. B. 2015; Syl. B. 2015]

02. A CV with a cover letter for the post of a public relation officer [M. B. 2020; B. B. 2016] ..... 802

03. A CV with a cover letter for the post of a design engineer [R. B. 2020] ..... 803

04. A CV with a cover letter for the post of a senior/junior/probationary officer ..... 804
[Syl. B. 2022, 2020 & 2016; Din. B. 2020; Ctg. B. 2020; B. B. 2020; R. B. 2017; J. B. 2016]

Page No.

05. A CV with a cover letter for the post of an office assistant [J. B. 2020; D. B. 2016] ..... 805
06. A CV with a cover letter for the post of a senior computer operator ..... 806
[Ctg. 2022; B. B. 2022 & 2015; C. B. 2020 & 2019; R. B. 2019; D. B. 2015]
07. A CV with a cover letter for the post of an IT officer/a computer programmer [J. B. 2022; D. B. 2019; J. B. 2017; Syl. B. 2017] ... 807
08. A CV with a cover letter for the post of a medical representative [D. B. 2022; Din. B. 2019; B. B. 2017; Ctg. B. 2016] ... 808
09. A CV with a cover letter for the post of a salesman [M. B. 2022; Syl. B. 2019; B. B. 2019; R. B. 2016] ..... 809
10. A CV with a cover letter for the post of an accounts officer/a cashier ..... 810
[B. B. 2019; SSC Examination–2018; C. B. 2016 & 2015; J. B. 2015]
11. A CV with a cover letter for the post of a librarian [Din. B. 2017 & 2016] ..... 811
12. A CV with a cover letter for the post of a newscaster [Ctg. B. 2017] ..... 812
13. A CV with a cover letter for the post of a hotel receptionist [D. B. 2017] ..... 813
14. A CV with a cover letter for the post of a marketing manager [R. B. 2022] ..... 814
15. A CV with a cover letter for the post of the general manager ..... 815
16. A CV with a cover letter for the post of a journalist ..... 816
17. A CV with a cover letter for the post of a writer ..... 817
18. A CV with a cover letter for the post of a manager ..... 818
19. A CV with a cover letter for the post of a tourist guide ..... 819
20. A CV with a cover letter for the post of a medical officer ..... 820

## Ques. No.—13 : Writing Formal Letter

01. An application to the DC of your district for relief for the flood-affected people of your area ..... 821
[Ctg. B. 2022; D. B. 2020 & 2019; Syl. B. 2016]
02. An application to the Headmaster for increasing the number of quality books in the school library [Syl. B. 2022; M. B. 2020] .. 821
03. An application to the DC for opening an aiding camp and ensure foods, housing for the homeless people [R. B. 2020] ... 821
04. An application to the Headmaster seeking permission to arrange a tree plantation programme [Din. B. 2020] ..... 822
05. An application to the Headmaster seeking permission to go on an excursion/a study tour ..... 822
[J. B. 2020; C. B. 2020; Syl. B. 2019 & 2015; R. B. 2016; Din. B. 2016; D. B. 2015]
06. An application to the Headmaster for a seat in the school hostel [Ctg. B. 2020] ..... 822
07. An application to the Headmaster requesting him to set up a computer club ..... 822
[Syl. B. 2020; Ctg. B. 2019; D. B. 2017; C. B. 2017; J. B. 2015]
08. An application to the Headmaster requesting him to increase common room facilities ..... 823
[B. B. 2020 & 2015; J. B. 2017; Syl. B. 2017; Din. B. 2015]
09. An application to the Headmaster for a transfer certificate [R. B. 2019] ..... 823
10. An application to the Headmaster seeking permission to take some extra classes on English [Din. B. 2019] ... 823
11. An application to the Headmaster for opening a debating club ..... 823
[J. B. 2019; C. B. 2019; R. B. 2017; Ctg. B. 2016]
12. An application to the Headmaster praying for a canteen in your school ..... 824
[B. B. 2019 & 2016; SSC Examination 2018; D. B. 2016; J. B. 2016]
13. An application to the Headmaster to grant you a stipend from the school poor fund ..... 824
[B. B. 2017; C. B. 2016 & 2015]
14. An application to the Headmaster for a testimonial [R. B. 2015] ..... 824
15. An application to the Headmaster for a full-free studentship [Ctg. B. 2015] ..... 824
16. An application to the Headmaster requesting him to open an English Language Club ..... 825
17. An application to the Head teacher seeking permission to play a friendly cricket match ..... 825
18. An application to the Headmistress requesting her for more facilities in the school library [Ctg. B. 2017] ..... 825
19. An application to the Headmaster praying for opening a common room [Din. B. 2017] ..... 825

Page No.

20. An application to the Headmaster for an English daily for the common room ..... 826
21. An application to the Headmaster seeking permission to stage a drama ..... 826
22. An application to the Headmaster for setting up a multimedia classroom ..... 826
23. An application to the Headmaster for admission on TC ..... 826
24. An application to the Headmaster for morning school ..... 827
25. An application to the Headmaster for changing one of your elective subjects ..... 827
26. An application to the Headmaster for increasing the facilities in the science laboratory ..... 827
27. An application to the Headmaster seeking permission to organize a literary club ..... 827
28. An application to the Headmaster for a short leave ..... 827
29. An application to the Headmaster for leave in advance ..... 828
30. An application to the Headmaster seeking permission to hold a function in the school auditorium ..... 828
31. An application to the Headmaster for remission of delay fine ..... 828
32. An application to the Headmistress for suspension of classes for a rainy day ..... 828
33. An application to the Headmistress for leave of absence ..... 828
34. An application to the Chairman of your Union Parishad for repairing the damaged roads ..... 829
35. An application to the Chairman of your Union Parishad requesting him to sanction a tube well ..... 829
36. An application to the Chairman of your Upazila Parishad requesting him to sanction a bridge over a canal ..... 829
37. An application to the Upazila Nirbahi Officer to set up a charitable dispensary for the villagers ..... 829
38. An application to the Upazila Nirbahi Officer praying for repairing a damaged bridge ..... 830
39. An application to the Chairman of your Municipality praying for taking steps against the growth of Aedes mosquitoes .. 830
40. An application to the Mayor for improving sewerage system in your area ..... 830

■ **Notice**

01. A notice on the celebration of birth anniversary of Bangabandhu Sheikh Mujibur Rahman ..... 830
02. A notice for the students aged above 12 years to get vaccinated ..... 831
03. A notice on the closure of school on account of the Ramadan vacation ..... 831
04. A notice on the observance of Ekushey February—the International Mother Language Day in your school ..... 831
05. A notice for the students that the school will remain closed for winter vacation ..... 831
06. A notice on publishing a magazine in the dailies on the occasion of the Independence Day ..... 831

■ **Complaint Letter**

01. A letter to the Chief Operating Officer of Bangladesh Railway complaining about your missing goods. **[D. B. 2022]** .... 832
02. A letter to the Headmaster complaining about unhealthy food at school canteen. **[M. B. 2022]**..... 832
03. A letter to the Headmaster complaining about defective computers **[R. B. 2022]** ..... 832
04. A letter to the Headmaster complaining about the lack of library facilities **[Din. B. 2022; B. B. 2022]** ..... 832
05. A letter to the editor of a newspaper complaining about frequent load-shedding over the country **[J. B. 2022]** ..... 833
06. A letter to the Mayor complaining about insufficient water supply in your locality. **[C. B. 2022]** ..... 833
07. A letter to the officer in charge of your police station to take action against the antisocial activists ..... 833
08. A letter to the Councilor of your City Corporation complaining about the mosquito menace in your locality ..... 834
09. A letter to the Deputy Commissioner complaining about the deterioration of the law and order situation .... 834
10. A letter to the manager of a company complaining about unusable goods ..... 834

■ **Purchase/Request Letter**

01. A letter to the Sales Manager of Square Pharmaceuticals Limited requesting him to send some drugs and COVID-19 related medical items ..... 835
02. A letter to the Manager of a publishing house requesting him/her to send some goods and books .. 835

■ **Response to an Order/Request**

01. A confirmation letter responding to an order ..... 835

## ■ Writing Formal Email

Page No.

01. An email to the editor requesting him/her to send you the guidelines and other details of inter-debate competition .. 836
02. An email to the manager of a travel agency to cancel the ticket booked for you ..... 836
03. An email to the manager of a travel agency to book a ticket for you ..... 837
04. An email to the Chairman of your Union Parishad to repair the damaged roads of your area ..... 837
05. An email to the Upazila Nirbahi Officer to set up a charitable dispensary for the villagers ..... 837
06. An email to the Mayor of Dhaka North/South City Corporation to take steps to establish a children's park ... 837
07. An email to the Director of the Parjatan Corporation asking for details of a tour ..... 837
08. An email to the Chairman of your Municipality to take steps to destroy Aedes mosquitoes ..... 838
09. An email to the sales manager of Chowdhury and Company complaining about the supply of damaged goods ... 838
10. An email to the sales manager of Kakoli Publications to buy some books ..... 838
11. An email to the Officer-in-charge of your police station to take steps against anti-social activities ..... 838
12. An email to the Upazila Nirbahi Officer for immediate arrangement of vaccination in your locality ..... 839
13. An email to the Manager of Singer Bangladesh regarding their poor customer service ..... 839
14. An email to the DC of your district to arrange relief for the flood-affected people ..... 839
15. An email to the manager of a bank about how to open a bank account ..... 839
16. An email to the Headmaster to take necessary steps for setting up a computer club ..... 839
17. An email to the admission officer of a university asking for admission procedure ..... 840
18. An email to the manager of a bank for cancellation of a cheque-leaf ..... 840
19. An email to the editor requesting him/her to send you the guidelines and other details of an essay writing competition .. 840
20. An email to the OC of your police station to take steps against the eve-teasers ..... 840

## Ques. No.—14 : Writing Paragraph

[See First Paper : Paragraph Part ] ..... 590–614

## Ques. No.—15 : Writing Composition

01. A Journey by Boat [Din. B. 2019] ..... 842
02. A Journey by Bus ..... 842
03. A Journey by Plane ..... 843
04. A Journey by Train [C. B. 2017; Syl. B. 2016; B. B. 2015] .. 843
05. A Memorable Day in Your Life ..... 843
06. A Village Doctor..... 844
07. A Village Fair ..... 844
08. A Village Market ..... 844
09. Aim in Life [D. B. 2019; J. B. 2017 & 2015; R. B. 2015] ... 845
Or, The Profession You Would Like to Take up in Future
Or, Future Plan of Your Life [D. B. 2015; Din. B. 2015]
10. Bangabandhu Sheikh Mujibur Rahman ..... 845
11. Bangabandhu Satellite-1 ..... 846
12. Climate Change and Its Impact on Our Environment .. 846
13. COVID-19 ..... 847
14. Deforestation ..... 847
15. Dhaka Metro Rail ..... 848
16. Digitalization in Education ..... 848
17. Digital Bangladesh ..... 849
18. Dignity of Labour ..... 849
19. Discipline and Its Importance ..... 850
20. Drug Addiction ..... 850
21. Duties of a Student ..... 850
[Syl. B. 2020; J. B. 2019 & 2016; D. B. 2016]
22. Duties to Parents ..... 851
23. E-learning ..... 851
24. Empowerment of Women ..... 851
25. Environment Pollution ..... 852
26. Female Education..... 852
27. Flood in Bangladesh [C. B. 2015] ..... 853
28. Globalization ..... 853
29. ICC Under-19 World Cup 2020 ..... 853
30. Information Technology ..... 854
31. International Mother Language Day ..... 854
32. Liberation War of Bangladesh ..... 855
33. Mujib Borsho ..... 855
34. Our Cultural Heritage ..... 856
35. Patriotism ..... 856
36. Physical Exercise [C. B. 2020; Syl. B. 2017] ..... 857
37. Population Problem in Bangladesh ..... 857
38. Punctuality ..... 857
39. Renewable Energy ..... 858
40. Rural Development in Bangladesh ..... 858
41. Satellite TV Channels and Our Young Generation ..... 858
[R. B. 2020]
42. Social Network and Its Impact on Our Life ..... 859
43. Students and Social Service [M. B. 2020] ..... 859
44. Student Life—The Formative Period of Life ..... 860
45. Technical Education ..... 860
46. The Annual Sports of Your School ..... 861
47. The Birds of Bangladesh ..... 861
48. The Flowers of Bangladesh ..... 861
49. The Fruits of Bangladesh ..... 862
50. The Importance of Learning English ..... 862

Page No.


51. The Importance of Reading Newspaper ..... 863
[D. B. 2020; Ctg. B. 2020; B. B. 2020; R. B. 2017]
52. The Necessity of Compulsory ICT Education in Bangladesh .. 863
53. The Necessity of Games and Sports ..... 863
54. The Padma Bridge ..... 864
55. The Prize-giving Day at Your School ..... 864
56. The Season You Like Best [D. B. 2017; Ctg. B. 2017] .. 865
57. The Uses and Abuses of Internet ..... 865
58. The Uses and Abuses of Mobile Phone ..... 866
59. The Uses of Computer in Everyday Life ..... 866
[C. B. 2019; Ctg. B. 2016]
60. The Rivers of Bangladesh ..... 867
61. Travelling as a Part of Education ..... 867
62. Tree Plantation [B. B. 2019 & 2017] ..... 868
63. Unemployment Problem in Bangladesh ... 868
64. Value of Time ..... 868
65. Where You Want to See Bangladesh in 2050 ..... 869
66. Women's Contribution to the Development of Our Country ..... 869
67. Wonders of Modern Science ..... 870
[R. B. 2019 & 2016; Syl. B. 2019 & 2015; Din. B. 2016]
68. World Cup Football–2022 ..... 870
69. Your Childhood Memories ..... 871
70. Your Favourite Game [Ctg. B. 2019; Din. B. 2017] ... 871
71. Your Favourite Personality ..... 871
72. Your Favourite Poet ..... 872
73. Your Favourite Sports Person ..... 872
74. Your Favourite Teacher ..... 873
75. Your First Day at School ..... 873
76. Your Hobby [Din. B. 2020; J. B. 2020; SSC Exam–2018; C. B. 2016; B. B. 2016; Ctg. B. 2015] ..... 873
77. Your School ..... 874
78. Your Village ..... 874
79. Your Visit to a Place of Historical Interest ... 874

■ **Special Model Test (01–10)** ..... 876–888


## SSC EXAMINATION'S QUESTIONS

### English First Paper


Secondary School Certificate (SSC) Examination—2018 ..... 890
Dhaka Board—2019 ..... 891
Dhaka Board—2020 ..... 893
Dhaka Board—2022 ..... 895
Mymensingh Board—2020 ..... 896
Mymensingh Board—2022 ..... 898
Rajshahi Board—2019 ..... 899
Rajshahi Board—2020 ..... 901
Rajshahi Board—2022 ..... 903
Dinajpur Board—2019 ..... 904
Dinajpur Board—2020 ..... 906
Dinajpur Board—2022 ..... 908
Jashore Board—2019 ..... 909
Jashore Board—2020 ..... 911
Jashore Board—2022 ..... 913
Cumilla Board—2019 ..... 914
Cumilla Board—2020 ..... 916
Cumilla Board—2022 ..... 918
Chattogram Board—2019 ..... 919
Chattogram Board—2020 ..... 921
Chattogram Board—2022 ..... 923
Sylhet Board—2019 ..... 924
Sylhet Board—2020 ..... 926
Sylhet Board—2022 ..... 928
Barishal Board—2019 ..... 929
Barishal Board—2020 ..... 931
Barishal Board—2022 ..... 933


### English Second Paper


Secondary School Certificate (SSC) Examination—2018 ..... 935
Dhaka Board—2019 ..... 936
Dhaka Board—2020 ..... 937
Dhaka Board—2022 ..... 938
Mymensingh Board—2020 ..... 939
Mymensingh Board—2022 ..... 940
Rajshahi Board—2019 ..... 941
Rajshahi Board—2020 ..... 942
Rajshahi Board—2022 ..... 943
Dinajpur Board—2019 ..... 943
Dinajpur Board—2020 ..... 945
Dinajpur Board—2022 ..... 946
Jashore Board—2019 ..... 946
Jashore Board—2020 ..... 947
Jashore Board—2022 ..... 948
Cumilla Board—2019 ..... 949
Cumilla Board—2020 ..... 950
Cumilla Board—2022 ..... 951
Chattogram Board—2019 ..... 952
Chattogram Board—2020 ..... 953
Chattogram Board—2022 ..... 954
Sylhet Board—2019 ..... 955
Sylhet Board—2020 ..... 956
Sylhet Board—2022 ..... 957
Barishal Board—2019 ..... 957
Barishal Board—2020 ..... 959
Barishal Board—2022 ..... 960

# GRAMMAR

## According to NCTB's Sample Question


- Chapter–01 : Ques. No. 1 & 2 : Gap Filling Activities with & without Clues [ Parts of Speech, Preposition & Articles ]
- Chapter–02 : Ques. No. 3 : Substitution Table
- Chapter–03 : Ques. No. 4 : Right Forms of Verbs
- Chapter–04 : Ques. No. 5 : Narration/Speech
- Chapter–05 : Ques. No. 6 : Changing Sentences
- Chapter–06 : Ques. No. 7 : Completing Sentences
- Chapter–07 : Ques. No. 8 : Prefixes & Suffixes
- Chapter–08 : Ques. No. 9 : Tag Questions
- Chapter–09 : Ques. No. 10 : Sentence Connectors
- Chapter–10 : Ques. No. 11 : Capitalization & Punctuation

Chapter 01

# QUES. NO. 1 & 2 : GAP FILLING ACTIVITIES WITH & WITHOUT CLUES
## [ PARTS OF SPEECH, PREPOSITION & ARTICLES ]

## PARTS OF SPEECH

Modern Grammar-এ 'Parts of Speech'-এর স্থলে 'Word Classes' কথাটি বেশি ব্যবহৃত হয়। Part অর্থ 'অংশ' এবং 'Speech' অর্থ 'বাক্য'। সুতরাং, Part of Speech-এর অর্থ 'পদ' বা 'বাক্যাংশ'। Parts of Speech বা Word Classes প্রধানত Word-এর Classification বা শব্দের শ্রেণিবিন্যাস নিয়ে আলোচনা করে।

Parts of Speech-কে সংজ্ঞায়িত করার পূর্বে Word বা শব্দ কী তা ব্যাখ্যা করা প্রয়োজন। 'Traditional Grammar' অনুযায়ী Word হলো কতকগুলো Letter (বর্ণ) বা Sound (ধ্বনি)-এর সমষ্টি যারা এমনভাবে একত্রে মিলিত হয়, যার ফলে একটা অর্থের সৃষ্টি হয়। যেমন—

A, R এবং T–এ তিনটি Letter-কে যদি 'ART'—এভাবে সাজানো হয় তবে এটা একটা Word বা শব্দ হবে যার অর্থ 'শিল্প' বা 'কলা'।

কিন্তু ঐ Letter-গুলোকে যদি TRA, RTA বা ATR–এভাবে সাজানো হয় তবে সেগুলোর কোনো অর্থ না থাকায় তারা আর Word বা শব্দ হবে না।

সুতরাং, উপরের আলোচনা থেকে এটা স্পষ্টতই বোঝা গেল যে, কতগুলো Letter বা Sound অর্থপূর্ণভাবে সজ্জিত হলে Word বা শব্দের সৃষ্টি হয়। অর্থপূর্ণভাবে সজ্জিত Letter বা Sound যখন আলাদাভাবে অথবা বিচ্ছিন্নভাবে অবস্থান করে তখন এদের Word বা শব্দ বলা হয়। আর যখন Word-গুলো গঠন অনুযায়ী মিলে একটি Sentence বা বাক্য গঠিত হয়, তখন Word-গুলোকে বলা হয় Parts of Speech (পদ বা বাক্যাংশ)।

**Definition of Parts of Speech (পদের সংজ্ঞা) :** বাক্যে ব্যবহৃত Word-সমূহকে Parts of Speech বা পদ বলে।

Word-এর Function (কাজ) অনুযায়ী Parts of Speech-কে আট ভাগে বিভক্ত করা হয়েছে। নিম্নে উদাহরণসহ এগুলো উপস্থাপন করা হলো :

1. **Noun (বিশেষ্য) :** water, Dhaka, Nahid/Nahida, etc.
2. **Pronoun (সর্বনাম) :** I, you, who, etc.
3. **Adjective (বিশেষণ):** beautiful, bad, nice, etc.
4. **Verb (ক্রিয়া) :** read, be, shall, etc.
5. **Adverb (ক্রিয়াবিশেষণ বা বিশেষণের বিশেষণ) :** honestly, very, here, etc.
6. **Preposition (পদান্বয়ী অব্যয়) :** in, from, of, etc.
7. **Conjunction (সংযোজক অব্যয়) :** and, but, if, etc.
8. **Interjection (আবেগসূচক অব্যয়) :** Alas!, Hurrah!, Fie!, etc.

**এবার নিচের বাক্যটি লক্ষ করো :**

Hurrah! We won in the final match.

এ বাক্যটিতে যেসব Parts of Speech ব্যবহৃত হয়েছে তা হলো—

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **Noun** | : | match | **Verb** | : | won |
| **Pronoun** | : | We | **Preposition** | : | in |
| **Adjective** | : | the final | **Interjection** | : | Hurrah! |

## Noun (বিশেষ্য)

Noun is a word which is the name of any person or thing. অর্থাৎ, যে Word দ্বারা কোনো ব্যক্তি বা বস্তু প্রভৃতির নাম বোঝায়, তাকে Noun বলে।

আর কোনোকিছুর নাম বলতে বোঝায়—

| | | | | | |
|---|---|---|---|---|---|
| Person | : | Hasan, Arif, etc. | Quality | : | Honesty, Kindness, etc. |
| Animal/Bird | : | Dog, Albatross, etc. | Game | : | Cricket, Football, etc. |
| Places | : | Bangladesh, London, etc. | Group | : | Family, Jury, etc. |
| Language | : | English, French, etc. | Disease | : | Malaria, AIDS, etc. |
| Object/Thing | : | Pen, Rice, etc. | Liquid/Gas | : | Water, Oxygen, etc. |
| Academic Discipline | : | Physics, Civics, etc. | | | |

**Note :** Who is it? What is it? ইত্যাদি প্রশ্ন করে যে উত্তর পাওয়া যায় অধিকাংশ ক্ষেত্রে তা Noun হয়ে থাকে। উল্লেখ্য, এখানে "it" ব্যক্তি ও বস্তু উভয়কে বোঝাতে ব্যবহৃত হয়েছে। যেমন—

Fahim is the captain of the ship.

এক্ষেত্রে Who is it? প্রশ্ন করে 'Fahim' উত্তর পাওয়া যায়। সুতরাং, এখানে 'Fahim' হচ্ছে Noun.

## CLASSIFICATION OF NOUN

**Noun-এর Classification বা শ্রেণিবিন্যাস নিম্নরূপ :**



অন্যভাবেও Noun-এর শ্রেণিবিন্যাস করা যায়। যেমন—




**Noun** প্রধানত দুই প্রকার। যথা :
(i) Concrete Noun ও (ii) Abstract Noun.

## CONCRETE NOUN (ইন্দ্রিয়গ্রাহ্য বিশেষ্য)

A Concrete Noun is the name of something which has bodily existence and can be perceived through sense organs. অর্থাৎ, যে সকল Noun-এর বাহ্যিক অবস্থান বা সত্তা আছে এবং যাকে ইন্দ্রিয়ের দ্বারা উপলব্ধি বা অনুভব করা যায়, তাকে Concrete Noun বলে।
যেমন— flower, book, house, tree, etc.
Concrete Noun-কে আবার চার শ্রেণিতে ভাগ করা যায়। যথা :
A. Proper Noun, B. Common Noun, C. Collective Noun ও D. Material Noun.

## PROPER NOUN (নামবাচক বিশেষ্য)

A Proper Noun is the name of some particular person or thing only. অর্থাৎ, যে Noun দ্বারা কোনো সুনির্দিষ্ট ব্যক্তি, বস্তু বা স্থানের নাম বোঝায়, তাকে Proper Noun বলে। যেমন—
The **Rupsha** is a big river. **Satkhira** is a nice town. **Rani** is a college girl.
এখানে, Rupsha একটি নির্দিষ্ট নদীর নাম, Satkhira একটি নির্দিষ্ট স্থানের নাম এবং Rani একটি নির্দিষ্ট বালিকার নাম। সুতরাং, এরা প্রত্যেকেই Proper Noun.
Proper Noun-এর প্রথম বর্ণটি সর্বদা Capital Letter (বড়ো হাতের বর্ণ) হয়ে থাকে। যেমন—
I know Fahim.
সাধারণত Proper Noun-এর পূর্বে কোনো Article বসে না।

## COMMON NOUN (জাতিবাচক বিশেষ্য)

A Common Noun is the name given in common to every person or thing of the same class. অর্থাৎ, যে Noun দ্বারা একই শ্রেণির ব্যক্তি, বস্তু বা প্রাণীর সাধারণ নাম বোঝায়, তাকে Common Noun বলে। যেমন—
Shakespeare is a great **dramatist.** Dhaka is a big **city.** The **cow** is a domestic animal.
উপরের Sentence-গুলোতে ব্যবহৃত সকল নাট্যকারের নাম হিসেবে dramatist, সকল শহরের সাধারণ নাম হিসেবে city এবং সকল গরুর সাধারণ নাম হিসেবে cow ব্যবহৃত হয়েছে। এখানে dramatist, city, cow— Common Noun।
একমাত্র Common Noun-ই Plural Number (বহুবচন) হতে পারে। তবে কিছু বিশেষ ধরনের Common Noun আছে যাদের কোনো Plural হয় না। এদের Singular Noun বলে। যেমন— sun, moon, earth, sky, God, etc.
উল্লেখ্য যে, God এবং Lord ছাড়া বাকিগুলোর প্রথম বর্ণ বাক্যের মাঝে Small Letter (ছোটো হাতের বর্ণ) হয়। যেমন—
The earth is round.
Common Noun যখন Singular Number হয়, তখন এর পূর্বে সর্বদা a/an বসবে। যেমন— I have a book.

## COLLECTIVE NOUN (সমষ্টিবাচক বিশেষ্য)

A Collective Noun is the name of a group or a collection of similar persons or things considered as one undivided whole. অর্থাৎ, একই জাতীয় কোনো ব্যক্তি বা বস্তুকে পৃথকভাবে না বুঝিয়ে তাদের সমষ্টিকে বোঝালে, তাকে Collective Noun বলে। যেমন—
She joined the **army** last year. Our **team** will win the game. A **crew** saw the ship.
উপরের Sentence-গুলোতে ব্যবহৃত army, team ও crew শব্দগুলো কোনো ব্যক্তি বা বস্তুকে এককভাবে না বুঝিয়ে তাদের সমষ্টিকে বোঝাচ্ছে। তাই এগুলোকে Collective Noun বলা হয়।
নিম্নে কতকগুলো Collective Noun-এর উদাহরণ দেওয়া হলো :
Team, Army, Police, Staff, Association, Club, Company, Crowd, Family, Crew, Cattle, Public, Council, Gang, Union, Committee, Clergy, etc.
Collective Noun যদি অবিভক্ত অবস্থায় থাকে তবে এরপর Singular Verb বসে। কিন্তু বিচ্ছিন্ন অবস্থায় বোঝাতে Collective Noun-এর পর Plural Verb বসে।

**নিচের উদাহরণ দুটি লক্ষ করো :**
**অবিভক্ত অবস্থায়** : The jury is of the same opinion.
**বিচ্ছিন্ন অবস্থায়** : The jury are of different opinions.

- **Noun of Multitude :** Collective Noun যখন সমষ্টিকে একত্রে না বুঝিয়ে পৃথকভাবে বোঝায় তখন তাকে Noun of Multitude বলে। Noun of Multitude-এর পরে Verb Plural হয়।

**Example :** The jury are divided in their opinions.

## MATERIAL NOUN (বস্তুবাচক বিশেষ্য)

Material Noun refers to such a noun that denotes matter or thing. অর্থাৎ, যে Noun দ্বারা কোনো বস্তু বা পদার্থকে বোঝায়, যা সাধারণত গণনা করা যায় না, শুধু ওজন বা পরিমাপ করা যায়। যেমন—
**Iron** is a useful metal. **Milk** is white. **Rice** is our staple food.
**Water** has no colour. The **water** of the river is not pure. The **gold** of Middle East is pure.
Material Noun-এর পূর্বে সাধারণত Article বসে না। কিন্তু বিশেষ কোনো স্থান, বস্তু বা পদার্থকে নির্দিষ্ট করে বোঝালে তার পূর্বে Article বসে।

যে উপাদান দ্বারা কোনো জিনিস তৈরি হয় তা সাধারণত Material Noun হয় এবং উৎপন্ন জিনিসটি হয় Common Noun. যেমন—
Building ⇒ Common Noun কিন্তু brick ⇒ Material Noun.
Material Noun-এর পূর্বে সাধারণত কোনো Atricle বসে না। তবে নির্দিষ্ট করে বোঝাতে The ব্যবহৃত হয়। যেমন—
The water of this pond is pure.

## ABSTRACT NOUN (গুণ বা ভাববাচক বিশেষ্য)

An Abstract Noun is usually the name of quality, action or state considered apart from the object to which it belongs. অর্থাৎ, যে Noun কোনো ব্যক্তি বা বস্তুর নাম না বুঝিয়ে তার গুণ বা দোষ বা অবস্থা বা অনুভূতি বর্ণনা করে, তাকে Abstract Noun বলে। যেমন—

**Truth** is beauty. **Honesty** is the best policy. **Love** is divine.

মূলত যেসব বিষয় দেখা, শোনা, স্পর্শ, গণনা, পরিমাপ ইত্যাদি করা যায় না সেগুলোই Abstract Noun. এগুলো কেবল চিন্তা ও অনুভব করা যায়। যেমন— Softness একটি অবস্থার নাম (state)।
আরও একটু স্পষ্ট করে বলা যায় যে, Iron এবং Stone দুটোই Hard অর্থাৎ, Hardness হলো এদের একটি অবস্থা।
এছাড়া গণনার দিক দিয়ে **Noun**-কে দুভাবে ভাগ করা যায়। যথা :

## COUNTABLE NOUN (গণনাযোগ্য বিশেষ্য)

A Noun which can be counted is a Countable Noun. অর্থাৎ, যে Noun সংখ্যার মাধ্যমে এক, দুই, তিন করে গণনা করা যায়, তাকে Countable Noun বলে। যেমন— a boy, an apple, a house, etc.
Countable Noun চেনার উপায় :
Name of persons, animals, plants, etc.
Example : Fardin, Faiaz, tiger, lion, etc.
Name of parts of matters
Example : piece, molecule, drop, etc.
Name of language, society, units of measurement, etc.
Example : Bengali, Arabic, country, foot, etc.
Name of concrete objects
Example : head, bus, table, room, etc.
Name of abstract thoughts
Example : plan, noise, project, etc.

## UNCOUNTABLE NOUN (অগণনাযোগ্য বিশেষ্য)

A Noun which cannot be counted is an Uncountable Noun. অর্থাৎ যে Noun সংখ্যা ব্যবহারের মাধ্যমে এক, দুই, তিন করে গণনা করা কখনই সম্ভব নয়, তাকে Uncountable Noun বলে। যেমন— water, gas, air, milk, smoke, sand, etc.
Uncountable Noun চেনার উপায় :
Name of solid substances
Example : rice, hair, sugar, etc.
Name of gases
Example : nitrogen, oxygen, smoke, etc.
Name of liquids
Example : milk, water, tea, etc.
Name of diseases
Example : diarrhoea, cholera, dysentery, etc.
Academic subjects
Example : biology, chemistry, economics, etc.
Language
Example : Bangla, English, Arabic, etc.
Name of games
Example : cricket, tennis, chess, etc.
Name of qualities
Example : honesty, sincerity, peace, etc.
Name of natural phenomena
Example : cold, warm, darkness, etc.
Name of actions
Example : walking, swimming, cooking, etc.

## FUNCTIONS OF NOUN

(i) Noun verb-এর subject হিসেবে বসে। যেমন— **The sky** is blue.
(ii) Noun verb-এর object হিসেবে বসে। যেমন— I saw a nice **bird.**
(iii) Noun preposition-এর object হিসেবে বসে। যেমন— I like the colour of the **sky.**
(iv) Noun verb-এর object-এর complement হিসেবে বসে। যেমন— We made him **chairman.**
(v) Noun appositive হিসেবে বসে। যেমন— Mr Riajul Islam, **Principal of K. B. A. College**, is an honest man.
(vi) Vocative-রূপে বসে। যেমন— **Mishu**, come here.

## FORMATION OF NOUN

কিছু কিছু ক্ষেত্রে Word-এর শেষে বিশেষ কিছু Suffix (প্রত্যয়) যোগ করে Verb ও Adjective থেকে নতুন নতুন Noun গঠন করা যায়। নিম্নে এর একটা তালিকা দেওয়া হলো :

| (Base) Word | Suffix | (New word) Noun | Types of Nouns |
|---|---|---|---|
| Read (v) | + er | reader | Common Noun |
| Visit (v) | + or | visitor | Common Noun |
| Assist (v) | + ant | assistant | Common Noun |
| Type (v) | + ist | typist | Common Noun |
| Bake (v) | + ry | bakery | Common Noun |
| Examine (v) | + (e)e | examinee | Common Noun |
| Train (v) | + ee | trainee | Common Noun |
| Punish (v) | + ment | punishment | Abstract Noun |
| Grow (v) | + th | growth | Abstract Noun |
| Fail (v) | + ure | failure | Abstract Noun |
| Cover (v) | + age | coverage | Abstract Noun |
| Express (v) | + (s)ion | expression | Abstract Noun |

| (Base) Word | Suffix | (New word) Noun | Types of Nouns |
|---|---|---|---|
| Expand (v) | + sion | expansion | Abstract Noun |
| Dismiss (v) | + al | dismissal | Abstract Noun |
| Hard (adj) | + ship | hardship | Abstract Noun |
| Transparent (adj) | + cy | transparency | Abstract Noun |
| Swim (v) | + ing | swimming (gerund) | Abstract Noun |

**N.B :** এছাড়াও Word-এর শেষে আরো কিছু Suffix এবং Letter থাকলে তা সাধারণত Noun হয়। যেমন—-tude (gratitude), -let (booklet), -hood (nationhood), -um (referendum), -logy (biology), -ian (Grammarian), -ies (studies), -ard (drunkard), -racy (bureaucracy), -mony (harmony), -sis (analysis), -ot (patriot), -el (barrel) এবং কিছু Prefix, Word-এর প্রথমে বসিয়েও Noun গঠন করা যায়। যেমন— bene-(benefit), mis- (mistake), etc.

## EXERCISE—1

**Identify nouns from the following words :**
(1) Come, that, river, since, tree.
(2) Nation, strong, land, economic, fall.
(3) Right, honesty, pencil, play, town.
(4) Dutiful, sincerity, protect, Japan, like.
(5) People, make, education, lazy, beauty.
(6) Brave, courage, large.

## PRONOUN (সর্বনাম)

Noun-এর পরিবর্তে যেসব শব্দ ব্যবহৃত হয় তাদেরকে Pronoun বলে। যেমন—
**Mr Jalal** was a learned man. **He** was a teacher. **He** taught at Ideal High School.
উপরের বাক্যগুলোতে He ব্যক্তিবাচক Proper Noun 'Mr Jalal'-এর পরিবর্তে বসেছে। সুতরাং, He একটি Pronoun.
Pronoun-এর প্রধান উদ্দেশ্য হলো Noun-এর পুনরাবৃত্তি রোধ করা এবং বাক্যে বৈচিত্র্য আনয়ন করা।
**নিচের উদাহরণটি লক্ষ করো :**
Tapan is a good boy and Tapan goes to school regularly.
এ বাক্যটিতে 'Tapan' Noun-টি দুবার ব্যবহৃত হওয়ায় শব্দটির পুনরাবৃত্তি ঘটেছে। তাই দ্বিতীয়বার 'Tapan' Noun-টির বেলায় 'he' Pronoun ব্যবহার করলে বাক্যটি অনেক বেশি শ্রুতিমধুর হয়। লক্ষ করো :
Tapan is a good boy and he goes to school regularly.

## CLASSIFICATION OF PRONOUN

Pronoun প্রধানত ৮ প্রকার। যথা :
(1) Personal Pronoun (ব্যক্তিবাচক সর্বনাম)
(2) Demonstrative Pronoun (নির্দেশক সর্বনাম)
(3) Interrogative Pronoun (প্রশ্নবোধক সর্বনাম)
(4) Relative Pronoun (সম্বন্ধবাচক সর্বনাম)
(5) Indefinite Pronoun (অনির্দিষ্টবাচক সর্বনাম)
(6) Distributive Pronoun (বণ্টননির্দেশক সর্বনাম)
(7) Reflexive Pronoun (আত্মবাচক সর্বনাম)
(8) Reciprocal Pronoun (পরস্পর সম্বন্ধবাচক সর্বনাম)

## 1. PERSONAL PRONOUN

যে Pronoun কোনো নির্দিষ্ট ব্যক্তি কিংবা বস্তুর পরিবর্তে বসে তাকে Personal Pronoun বলে। যেমন—
I, we, you, he, she, they, his, him, her, their, our, your, me, mine, it ইত্যাদি।
Personal Pronoun তিন প্রকার। যথা :
(i) Personal Pronoun of the First Person.
(ii) Personal Pronoun of the Second Person.
(iii) Personal Pronoun of the Third Person.

**(i) Personal Pronoun of the First Person :** যে কথা বলে তাকে First Person বলে। যেমন—
I, we, me, us, my, mine, our, ours.

**(ii) Personal Pronoun of the Second Person :** যার সাথে বা যাকে উদ্দেশ্য করে কথা বলা হয়, তাকে Second Person বলে। যেমন—
You, your এবং yours, এছাড়াও অধুনা অপ্রচলিত thou, thee, thy, thine প্রভৃতি Pronoun-গুলোও অতীতকালে second person-এ ব্যবহৃত হতো।

**(iii) Personal Pronoun of the Third Person :** যাকে নিয়ে কথা বলে বা যার সম্বন্ধে কথা বলে, তাকে বলা হয় Third Person. যেমন— He, she, they, him, her, them, his, their, theirs, her, hers, it, its ইত্যাদি।

Number, Person ও Case-ভেদে Personal Pronoun-গুলোর রূপভেদ নিচের ছকে দেখানো হলো :

| Case | First Person | | Second Person | | Third Person | |
|---|---|---|---|---|---|---|
| | Singular | Plural | Singular | Plural | Singular | Plural |
| Nominative | I | we | you (thou) | you | he, she, it | they |
| Objective | me | us | you ( thee) | you | him, her, it | them |
| Possessive | my, mine | our, ours | your, yours (thy, thine) | your, yours | his, her, hers, its | their, theirs |

জেনে রাখা দরকার যে, Personal Pronoun of the Third Person-এর Singular Number-এ Gender-ভিত্তিক রূপভেদ রয়েছে। যেমন—

| Case | Singular | | | Plural |
|---|---|---|---|---|
| | Masculine | Feminine | Neuter | All genders |
| Nominative | He | She | It | They |
| Objective | Him | Her | It | Them |
| Possessive | His | Her, Hers | Its | Their, Theirs |

## Use of 'We'

Personal Pronoun 'We'-এর প্রয়োগ বিবিধ। যেমন—

(i) **Editorial We** (সম্পাদকীয় We) : **We** urge upon the govt to initiate relief activities among the flood victims soon. (কোনো পত্রিকায় সম্পাদকের ভাষ্য।)

(ii) **Royal We** (রাজোচিত We) : **We** won't tolerate any anti-state movement. (কোনো রাজপুরুষ কিংবা পদস্থ রাজ কর্মকর্তার ভাষ্য।)

(iii) **Representative We** (প্রতিনিধিত্বমূলক We) : **We** accord our heartiest welcome to the new Prime Minister. (অনেকের পক্ষ থেকে কোনো বিশেষ ব্যক্তির ভাষ্য।)

(iv) **Human We** (মানবজাতি নির্দেশক We) : **We** live in this world and we must leave it. ('মানবসমাজ' বোঝাতে যেকোনো ব্যক্তির ভাষ্য।)

## Use of 'It'

Personal Pronoun 'It' বিবিধ অর্থে প্রয়োগযোগ্য। যেমন—
ছোটো শিশু বোঝাতে : The baby cries for **its** mother.
ইতরপ্রাণী বোঝাতে : A cat plays with **its** game.
Impersonal Verb-এর Subject-রূপে : **It** drizzles all the day.
জড় পদার্থ বোঝাতে : I have a fountain **pen. It** writes well.
কোনো ব্যক্তি/বস্তু ইত্যাদির ওপর জোর দিতে : **It** is I who am to blame.
**It** is the pen that I need now.
Preparatory বা Introductory অর্থে : **It** is nice to make friends.

■ Possessive case-এ Pronominal Adjective 'my, our, your, his, her, their, its'-এর পরে Noun ব্যবহৃত হয়। যেমন—
**My name** is Shewli. This is **our house.**
What is **your father**? I enjoyed **his speech.**
**Its name** is Pussey.
বিপরীতক্রমে Possessive Pronoun 'mine, ours, yours, his, hers, theirs'- এর পরে কোনো Noun বসে না। যেমন—
It's **mine/ours**. Is it **yours**? No, it's **his/hers**.
It might be **theirs.**

■ একই বাক্যে বিভিন্ন Person-এর প্রয়োগের ক্ষেত্রে 'প্রথমে Second Person, তারপর Third Person এবং সবশেষে First Person' সংক্ষেপে 231 এই পর্যায়ক্রম মেনে চলবে। যেমন—
You, he and I have done the work.
You, he and I were present in the meeting.
কিন্তু বিপরীতক্রমে যদি কোনো দোষ স্বীকারের ব্যাপার থাকে তাহলে 'প্রথমে First Person, তারপর Second Person এবং সবশেষে Third Person' সংক্ষেপে 123 পর্যায়ক্রম মেনে চলবে। যেমন—
I, you and he are to blame.
I, you and he misunderstood the proposal.

# 2. DEMONSTRATIVE PRONOUN

যে Pronoun কোনো ব্যক্তি বা বস্তুর পরিবর্তে বসে ঐ ব্যক্তি বা বস্তুকেই নির্দেশ করে, তাকে Demonstrative Pronoun বলে। This, that, it, these, those, so, such, the same প্রভৃতি Demonstrative Pronoun-এর উদাহরণ। যেমন—

This is a pen. That is your shirt.
Dem. Pron. Dem. Pron.
These are mangoes. Those are pineapples.
Dem. Pron. Dem. Pron.

তবে Demonstrative Pronoun-গুলো যদি সরাসরি কোনো Noun-এর আগে বসে, তাহলে Demonstrative Adjective বলে বিবেচিত হয়। যেমন—
This pen is yours.
Dem. Adj. Noun
Those flowers are very beautiful.
Dem. Adj. Noun
That man will never come back.
Dem. Adj. Noun

## Use of Demonstrative Pronoun

✪ **This/These :** নিকটবর্তী কোনো ব্যক্তি বা বস্তুকে বোঝাতে Singular Noun-এর ক্ষেত্রে This এবং Plural Noun-এর ক্ষেত্রে These ব্যবহৃত হয়। যেমন—
This is a mango.
These are mangoes.

✪ **That/Those :** দূরবর্তী কোনো ব্যক্তি বা বস্তুকে বোঝাতে Singular Noun-এর ক্ষেত্রে That এবং Plural Noun-এর ক্ষেত্রে Those ব্যবহৃত হয়। যেমন—
That is a cow.
Those are cranes.

✪ **This/That :** পূর্ববর্তী Clause-এর বক্তব্য নির্দেশ করার জন্য পরবর্তী Clause-এ This কিংবা That ব্যবহৃত হয়। যেমন—
I sent him money and this helped him buy books.
He studied well and that made him a scholar.

✪ **That of/Those of :** কোনো Sentence-এ একই জাতীয় Noun-এর মধ্যে তুলনা করার সময় পূর্ববর্তী কোনো Noun-এর পুনরাবৃত্তি এড়ানোর জন্য Singular Noun-এর পরিবর্তে that of এবং Plural Noun-এর পরিবর্তে those of ব্যবহৃত হয়। যেমন—
**The beach** of Cox's Bazar is better than **that of** Patenga.
**The mangoes** of Rajshahi are more tasty than **those of** Maldah.

- **As such :** পূর্ববর্তী কোনো বক্তব্যের আলোকে 'সেভাবে/সেরূপে' অর্থ বোঝাতে As such ব্যবহৃত হয়। যেমন—
  You are an intelligent boy ; you must work as such.
  He is a cheat and everywhere he acts as such.
- **So :** Desire, demand, hope, say, tell, think, treat ইত্যাদি Verb-এর পরে This কিংবা That অর্থে so ব্যবহৃত হয়। যেমন—
  "Will mother come home today?" "I think so."
  I treated him as a VIP though he does not deserve so.
- **The same :** 'একই' অর্থে পরবর্তী Clause-এর বক্তব্যকে নির্দেশ করতে the same ব্যবহৃত হয়। The same-এর পরে as বসে। যেমন—
  He did the same as you did. [ শেষের Verb-টি উহ্য থাকতে পারে ]
  I committed the same mistake as he.
  She gave the same answer as her brother.
- **One/Ones :** পূর্ববর্তী Noun-এর পুনরাবৃত্তি এড়াবার জন্য Singular Noun-এর পরিবর্তে One এবং Plural Noun-এর পরিবর্তে Ones ব্যবহৃত হয়। যেমন—
  This shirt does not suit me; I want a better one.
  The bananas are green; I need the ripe ones.

## 3. INTERROGATIVE PRONOUN

যে Pronoun দ্বারা কোনো প্রশ্ন জিজ্ঞেস করা হয় তাকে Interrogative Pronoun বলে। আরো স্পষ্ট করার জন্য বলা যায়, Who, Whom, Whose, What, Which প্রভৃতি Pronoun যখন কোনো প্রশ্ন করার কাজে ব্যবহৃত হয়, তখন এদের Interrogative Pronoun বলে। যেমন—

Who are you?
Whose is the car?
Which of the pens do you prefer?
Whom do you want?
What do you like?

## Use of Interrogative Pronoun

- **Who :** কোনো অনির্দিষ্ট ব্যক্তি বা ব্যক্তিবর্গের পরিবর্তে Singular ও Plural উভয় Number-এ Who ব্যবহৃত হয়। যেমন—
  { Who is the boy?
  { Who are the boys?

  { Who comes here?
  { Who come here?
- **Whom :** Who-এর Objective form হচ্ছে Whom. 'কাকে বা কাদেরকে' প্রশ্ন করার জন্য Singular ও Plural উভয় Number-এ Whom ব্যবহারযোগ্য। যেমন—
  Whom do you want?
  Whom do you need most?
  তবে আজকাল Spoken English-এ Who-কে-ও Objective form-এ ব্যবহার করা হয়। যেমন— Who do you want? (তুমি কাকে চাও?)
- **Whose :** Who-এর Possessive Case হচ্ছে Whose. 'কার বা কাদের' প্রশ্ন করার জন্য Singular ও Plural উভয় Number-এ Whose ব্যবহৃত হয়। যেমন—
  Whose is the car? Whose are the books?
  Whose is the shirt? Whose are the hooks?
- **What :** কোনো কিছু সম্পর্কে কোনো কিছু জানার জন্য What দিয়ে প্রশ্ন করা হয়। 'What' Singular ও Plural উভয় অর্থই নির্দেশ করে। যেমন—
  What is his name?
  What is your father?
  What do you want?
  What are you looking for?
- **Which :** সীমিত কয়েকজনের মধ্য থেকে একজনকে কিংবা সীমিত কয়েকটির মধ্য থেকে একটিকে বা বিশেষটিকে নির্দেশ করতে Which ব্যবহৃত হয়। Which সব সময় Who কিংবা What-এর পরিবর্তে (Restricted choice বোঝাতে) ব্যবহৃত হয়। যেমন—
  Which is your shirt?
  Which party do you support?

## 4. RELATIVE PRONOUN

যে Pronoun কোনো Noun বা Pronoun-এর পরে বসে ঐ Noun বা Pronoun-কে নির্দেশ করে এবং Conjunction-এর মতো দুটি Sentence-কে যুক্ত করে, তাকে Relative Pronoun বলে। যেমন—

{ The old man came to me. He is my father.
{ The old man who came to me is my father.
  Noun Rel. Pron.

{ This is a girl. She danced in the auditorium.
{ This is the girl who danced in the auditorium.
  Noun Rel. Pron.

{ This is a boy + I asked him to keep a diary.
{ This is the boy whom I asked to keep a diary.
  Noun Rel. Pron.

**N.B.** সাধারণত who, whom, whose, what, which, that, as, but ইত্যাদি Relative Pronoun হিসেবে ব্যবহৃত হয়।

## Use of Relative Pronoun

✪ **Who :** ব্যক্তিবাচক Noun বা Pronoun-এর পরিবর্তে Singular এবং Plural উভয় Number-এই Relative Pronoun হিসেবে Who ব্যবহৃত হয়। যেমন—
The boy **who** phoned me stood first in the examination.
Students **who** study attentively must score GPA-5.

✪ **Whom :** Who-এর Objective form হচ্ছে Whom. সুতরাং, ব্যক্তিবাচক Noun বা Pronoun-এর পরিবর্তে Singular এবং Plural উভয় Number-এই Relative Pronoun হিসেবে Objective Case-এ Whom ব্যবহৃত হয়। যেমন—
It is **Rafiq whom** I scolded yesterday.
This is **he whom** I was looking for.

✪ **Whose :** Who-এর Possessive form হচ্ছে Whose. সুতরাং, ব্যক্তিগত Noun বা Pronoun-এর পরিবর্তে Singular এবং Plural উভয় Number-এই Relative Pronoun হিসেবে Possessive Case-এ Whose ব্যবহৃত হয়। যেমন—
I know one **Mohammad Rafiq whose** poems are interesting.
This is **he whose** books are missing now.

✪ **What :** কোনো Material কিংবা Impersonal being-কে নির্দেশ করার জন্য What ব্যবহৃত হয়। What-এর আগে কোনো Antecedent থাকে না। (অর্থাৎ, What-এর আগে কোনো Noun কিংবা Pronoun জাতীয় শব্দ বসে না।) যেমন—
What he told was interesting.
We must reject what we cannot accept.

✪ **Which :** কোনো বস্তু, শিশু, ইতর প্রাণী, অব্যক্তিবাচক সত্তা ইত্যাদি নির্দেশ করতে Which ব্যবহৃত হয়। যেমন—
This is **the pen** which I lost yesterday.
This is **the baby** which was playing computer games.

✪ **That :**

■ That ব্যক্তি বা বস্তু Singular ও Plural উভয়ের পরিবর্তে বসে এবং সাধারণত Who, whom, which-এই তিনটি Relative Pronoun-এর স্থান দখল করে; এর কোনো Possessive form নেই। যেমন—
This is the man that (=who) consoled me.
This is the man that (=whom) I honour most.

■ Superlative Degree of Adjective-যুক্ত Noun-এর পর that বসে। যেমন—
This is **the best book that** I have ever read.
Fahim is **the most intelligent boy that** I have ever seen.

■ All, some, the same, any, only, none, no, nothing ইত্যাদির পর that বসে। যেমন—
**All that** glitters is not gold.
I have **some** friends **that** help me.
This is **the same** message **that** I received yesterday.
**Any**thing **that** helps should be valued.
The **only** book **that** I read everyday is the Quran.
I have **none that** may encourage me.
I have got **nothing that** I can sell now.
**No** paper **that** gives false news is appreciated.

■ Who, what প্রভৃতি Interrogative Pronoun-এর পর that বসে। যেমন—
**Who** is the man **that** comes here?
**What** is the post **that** you hold now?

■ First, second, third, fourth ইত্যাদি Ordinal Number-এর পর that বসে। যেমন—
He is the **first** man **that** came to the office.
You are the **second** boy **that** tried to score a goal.

✪ **As :** Relative Pronoun হিসেবে সাধারণত Such, the same, as, so, as many, as much ইত্যাদির পর as বসে। যেমন—
He is **such** a man **as** I wanted.
The girl is **as** good **as** her mother.
He ate **as many** oranges **as** he could.
This is **the same** book **as** I bought.
She is **so** tall **as** her father.
I shall come back **as soon as** possible.

✪ **But :** কোনো Negative Clause-এর পরে but (Relative Pronoun) সহযোগে Affirmative Clause যোগ করতে হয়। যেমন—
**There is no mother** but **loves her child**.
**There is no rose** but **has thorns**.
**There is none** but **loves to live long**.

## 5. INDEFINITE PRONOUN

যে Pronoun অনির্দিষ্ট কোনো ব্যক্তি কিংবা বস্তুকে বোঝায়, তাকে Indefinite Pronoun বলে।

One, anyone, everyone, someone, no one, none, any, anybody, everybody, somebody, nobody, anything, something, everything, nothing, all, both, few, little, many, more, most, much, other, others, another ইত্যাদি Indefinite Pronoun হিসেবে ব্যবহৃত হয়। যেমন—
One should do one's duty.
Everyone is responsible for his deeds.
No one supported the bill.
Anyone can do it.
Someone should come forward to help us.

## Use of Indefinite Pronoun

✪ **One/One's :**
One কোনো Sentence-এর Subject হিসেবে ব্যবহৃত হলে ঐ Sentence-এর Objective Case-এ one কিংবা Possessive Case-এ one's ব্যবহৃত হয়। যেমন—
**One** should know how **one** can be successful.
**One** should not neglect **one's** duties.

■ পূর্ববর্তী কোনো Noun-এর পুনরাবৃত্তি এড়াবার জন্য Singular Countable Noun-এর পরিবর্তে one এবং Plural Countable Noun-এর পরিবর্তে ones বসে। যেমন—
The **book** is outdated, give me an updated **one**.
These **mangoes** are sour, bring the sweet **ones**.

■ One of-এর পরে Plural Noun কিন্তু Singular Verb ব্যবহৃত হয়। যেমন—
**One of the girls sings** well.
**One of the boys** has lost **his** book.

■ Everyone, no one, someone, anyone ইত্যাদির Possessive Case 'his/her' এবং Nominative Case 'he/she' হয়। যেমন—
Everyone should obey **his/her** parents.
No one can tell what **he/she** will do hereafter.

✪ **All :** Uncountable Noun-এর পরিবর্তে All ব্যবহৃত হয় এবং Singular Verb গ্রহণ করে। যেমন—
**All** that glitters is not gold.
**All** the food has become rotten.

■ Plural Countable Noun-এর পরিবর্তে All ব্যবহৃত হয় এবং Plural Verb গ্রহণ করে। যেমন—
**All** of them **were** invited.

✪ **Any :** Pronoun হিসেবে any কেবল Interrogative ও Negative Sentence-এ প্রয়োগযোগ্য। যেমন—
I have eaten some **cakes**. Have you eaten **any**?
Have you sent him **letters**? No, I haven't sent **any**.

✪ **None :** Uncountable Noun-এর পরিবর্তে None ব্যবহৃত হয় এবং Singular Verb গ্রহণ করে। যেমন—
**None** of the work **was** done.
I heard all the news but **none** of it was interesting.

✪ Singular ও Plural যে-কোনো Countable Noun-এর পরিবর্তে None ব্যবহৃত হয় এবং প্রয়োজন অনুসারে Singular কিংবা Plural যে-কোনো Verb গ্রহণ করে। যেমন—
**None** of the trains **is/are** going to Dhaka.
**None** of my family **lives/live** with me.

✪ **Some :** Uncountable Noun-এর পরিবর্তে Some ব্যবহৃত হয় এবং প্রয়োজনে Singular Verb গ্রহণ করে। যেমন—
Is there any drinking **water**? Yes, **there's some.**

■ Plural Countable Noun-এর পরিবর্তে Some ব্যবহৃত হয় এবং প্রয়োজনে Plural Verb গ্রহণ করে। যেমন—
I see many birds there. **Some are** crows and **some are** vultures.

✪ **Many :** 'Many' Plural Noun-এর পরিবর্তে ব্যবহৃত হয়, 'বহু সংখ্যক' অর্থ নির্দেশ করে, প্রয়োজনে Plural Verb গ্রহণ করে। যেমন—
You can't have one each. We don't have **many**.
**Many** of them **were** absent.

✪ **Few :** 'Few' Plural Noun-এর পরিবর্তে ব্যবহৃত হয়, 'বেশি সংখ্যক নয়' এরূপ অর্থ নির্দেশ করে। প্রয়োজনে Plural Verb গ্রহণ করে। যেমন—
There are many stories but **few are** interesting.
Very **few** of his books **are** worth reading.
দ্রষ্টব্য : A few 'অল্প সংখ্যক' অর্থ নির্দেশ করে। যেমন—
I have seen most of his movies. Only **a few** are as good as the first one.

✪ **Much :** 'Much' Uncountable Noun-এর পরিবর্তে বসে 'অধিক পরিমাণ' অর্থ নির্দেশ করে, প্রয়োজনে Singular Verb গ্রহণ করে। যেমন—
**Much** has been done for you.
I have eaten **much** of the food.

✪ **Little :** 'Little' Uncountable Noun-এর পরিবর্তে বসে, 'বেশি নয়' এরূপ অর্থ প্রকাশ করে, প্রয়োজনে Singular Verb গ্রহণ করে। যেমন—
I understood **little** of what he said.
দ্রষ্টব্য : A little 'সামান্য, কিছুটা, অল্প পরিমাণ' এরূপ অর্থ প্রকাশ করে। যেমন—
I have only read a **little** of the book so far.

✪ **Another :** 'অন্য একটি'— এরূপ অর্থ নির্দেশ করে এবং বস্তুর পরিবর্তে বসে। যেমন—
I don't like this room. I am going to ask for **another**.
This mango is sour. Give me **another**.

✪ **Others :** ব্যক্তির পরিবর্তে ব্যবহৃত হয়, প্রয়োজনে Plural Verb গ্রহণ করে। যেমন—
We were cooking while **others** were gossiping.
I called on my friends and **others**.

✪ Anyone/Anybody/Someone/Somebody/Everyone/Everybody/No one/Nobody—এগুলো ব্যক্তির পরিবর্তে বসে, প্রয়োজনে Singular Verb গ্রহণ করে। যেমন—
**Anybody** that works hard would shine in life.
**Everybody** hates a liar.
**Somebody** has stolen my watch.
**Nobody** wants to be unhappy.

## 6. DISTRIBUTIVE PRONOUN

যে Pronoun দুই বা অধিক সংখ্যক ব্যক্তি বা বস্তুর মধ্যে প্রত্যেককে আলাদাভাবে নির্দেশ করে তাকে Distributive Pronoun বলে। যেমন—
**Each** of the boys contributed to the fund.
**Either** of the two boys can do it.
**Neither** of the two boys did it.
**None** of them/has have done the work.

### Use of Distributive Pronoun

✪ **Each :** দুই বা অধিক সংখ্যক ব্যক্তি বা বস্তুর প্রত্যেকটিকে এক এক করে বোঝাতে Each ব্যবহৃত হয়। Each of-এর পরে Plural Noun/Pronoun এবং Singular Verb ব্যবহৃত হয়। যেমন—
**Each of** the books **is** interesting.
**Each of** the boys **has** written the answer.
I read **each of** the books.

■ Noun-এর আগে সংখ্যাবাচক শব্দ ব্যবহৃত হলে Each সর্বদা Noun-এর পরে বসে। যেমন—
They contributed ten taka **each**.
The boys were given three pencils **each**.

■ Each-এর আগে Plural Antecedent থাকলে Each-এর পরে 'Plural Verb' ব্যবহৃত হয়। যেমন—
**The boys each have played** well.
**The babies each cry** for their mother.

✪ **Either :** দুটি ব্যক্তি বা বস্তুর মধ্যে যে-কোনো একটিকে বোঝাতে Either ব্যবহৃত হয়। Either of-এর পরে Plural Noun/ Pronoun এবং Singular Verb ব্যবহৃত হয়। যেমন—
**Either of** the two **shirts** is clean.
**Either of** the **girls sings** well.
**Either of** the **boys is** a good player.

✪ **Neither :** দুটি ব্যক্তি বা বস্তুর মধ্যে কোনোটিই নয় বোঝাতে Neither ব্যবহৃত হয়। Neither of-এর পরে Plural Noun/ Pronoun এবং Singular Verb বসে। যেমন—
**Neither of** the two **boys was** present there.
**Neither of** the **girls is** tall enough.

■ Any, both, most, none, some, several ইত্যাদি Indefinite ও Distributive উভয় Pronoun হিসেবে ব্যবহৃত হতে পারে। যেমন—
**Distributive Pronoun :**
I have two daughters, **both of** them are married.
**Most of** them were present in the class.
**None of** them is/are my friends.
**Some of** them work in the field.
**Indefinite Pronoun :**
I have two daughters, **both** are married.
**Most** are present in the auditorium.
**None** are my friends.
**Some** work in the field.

## 7. REFLEXIVE PRONOUN

Personal Pronoun-এর সাথে self বা selves যুক্ত হয়ে যখন Object-এর কাজ করে এবং একই সাথে Subject থেকে অভিন্ন বোঝায়, তখন তাকে Reflexive Pronoun বলে। যেমন—
She fans herself (She= herself)
Fahim killed himself. (Fahim=himself)
উপরের বাক্য দুটিতে herself ও himself দুটি Reflexive Pronoun. Reflexive Pronoun-যুক্ত বাক্যে কর্তা নিজেই নিজের উপর কাজ করে।
Singular Personal Pronoun-এর সাথে self এবং Plural Personal Pronoun-এর সাথে selves-যুক্ত করে Reflexive Pronoun গঠন করা হয়। যেমন—

| Person | Singular | Plural |
|---|---|---|
| First | Myself | Ourselves |
| Second | Yourself (প্রাচীন: Thyself) | Yourselves |
| Third | Himself, Herself, Itself | Themselves |

এতদ্ব্যতীত, One-এর Object হিসেবে 'Oneself' Reflexive Pronoun-রূপে ব্যবহৃত হয়। যেমন—
**One** should help oneself do one's duty.
বিশেষ লক্ষণীয়, Reflexive Pronoun-সমূহ Indirect Object হিসেবে Preposition-এর পরে ব্যবহৃত হতে পারে। যেমন—
She takes care of **herself**.
I like to depend on **myself.**
He did the work by **himself**.
কিছু কিছু Verb সবসময় Reflexive Pronoun-কে Object হিসেবে গ্রহণ করে। যেমন—
**I availed myself** of the opportunity.
**He absented himself** from the meeting.

## Emphatic Pronoun/ Intensive Pronoun

Reflexive Pronoun যখন কোনো Noun বা Pronoun-এর অব্যবহিত পরে বসে ঐ Noun বা Pronoun-কে নির্দেশ করে এবং ঐ Noun বা Pronoun-এর ওপর জোর প্রদান করে, তখন তাকে Emphatic বা Intensive Pronoun বলে। যেমন—
**I myself** did the work, **She herself** copied the book.
**He himself** went to the Principal. He talked to the **Principal himself**.
লক্ষণীয় : Emphatic Pronoun কখনো একা ব্যবহৃত হতে পারে না, পূর্ববর্তী Noun কিংবা Pronoun যোগে Verb-এর Subject কিংবা Object-এর কাজ করে। যেমন—
The President **himself** gave the order. She **herself** invited me to the ceremony.
Ownself ও ownselves শব্দগুলোও কখনো কখনো Emphatic Pronoun হিসেবে ব্যবহৃত হয়। যেমন—
I did it for my **ownself.** We must not do everything for our **ownselves**.

## 8. RECIPROCAL PRONOUN

যে Pronoun দ্বারা দুই বা অধিক ব্যক্তির মধ্যে পারস্পরিক কার্য বোঝায়, তাকে Reciprocal Pronoun বলে। যেমন—
দুজনের মধ্যে : We love **each other**.
The two boys quarrelled with **each other**.
They struck each other.
দুয়ের অধিকজনের মধ্যে : They stood for **one another.**
The students talked to **one another**.

## EXERCISE—2

**Put correct pronouns in the blanks :**

(1) He and —— went there together.
(2) Let you and —— start the work at once.
(3) She —— is responsible for it.
(4) We did the work ——.
(5) There is —— at home.
(6) I don't want to eat ——.
(7) It is you —— have broken the plate.
(8) This is the pen —— I lost yesterday.
(9) I know —— his intention is.
(10) Give me the book —— I gave you.

## ADJECTIVE (বিশেষণ)

যে Word কোনো Noun বা Pronoun-এর দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ ইত্যাদি প্রকাশ করে, তাকে Adjective বলে। যেমন—

Fahim is a **good** student.

He is very **attentive** to his studies.

He puts on **clean** clothes.

Everybody likes him because he is **meritorious, clean** and **tidy**.

উপরের Sentence-গুলোতে good, attentive, clean, meritorious, clean এবং tidy 'Adjective' হিসেবে ব্যবহৃত হয়েছে। এগুলো কোনো Noun বা Pronoun-এর গুণ কিংবা অবস্থাকে নির্দেশ করছে।

## Classification of Adjective

Adjective প্রধানত চার প্রকার। যথা :

(i) Adjective of Quality বা Descriptive Adjective
(ii) Adjective of Quantity বা Quantitative Adjective
(iii) Adjective of Number বা Numeral Adjective
(iv) Pronominal Adjective.

এছাড়া আরো কিছু Adjective-এর ব্যবহার লক্ষ করা যায়। যথা :

(v) Proper Adjective
(vi) Emphatic Adjective
(vii) Exclamatory Adjective
(viii) Compound Adjective
(ix) Participle Adjective ইত্যাদি।

**(i) Adjective of Quality :** যে Adjective কোনো ব্যক্তি বা বস্তুর দোষ, গুণ, অবস্থা প্রকাশ করে, তাকে Adjective of Quality বা Qualitative Adjective বা Descriptive Adjective বলে। যেমন—

Mr Halim is an **honest** man.
Water is a **liquid** matter.
It is a **beautiful** bird.
He is **intelligent**.

**(ii) Adjective of Quantity :** যে Adjective কোনো কিছুর পরিমাণ নির্দেশ করে, তাকে Adjective of Quantity বা Quantitative Adjective বলে। যেমন—

Give me **a glass of** water.
He has **much** wealth.
I need **some** paper.
He gets **no** help from any corner.

লক্ষণীয় :

**(a)** Adjective of Quantity সাধারণত Material ও Abstract Noun-এর পূর্বে বসে।
**(b)** Much, little, no, none, some, any, enough, sufficient, all, whole, half, lots of, a lot of, a part of, a slice of, a pint of, plenty of ইত্যাদি Adjective of Quantity হিসেবে ব্যবহৃত হয়।
**(c)** Negative অর্থে Noun-এর পূর্বে no বসে কিন্তু Noun উহ্য বা understood থাকলে none বসে। যেমন—
I have **no** pen/milk.
Have you any pen/milk? No, I have **none**.

**(iii) Adjective of Number :** যে Adjective দ্বারা কোনো কিছুর সংখ্যা কিংবা ক্রমানুসারে স্থান কিংবা গুণবাচক পর্যায় বোঝায়, তাকে Adjective of Number বা Numeral Adjective বলে। যেমন—

He bought **two** shirts.
She is the **first** girl on the list.
I shall not spare a **single** moment.
I have **many** books of stories.
Akbar was **second** to none.
Don't maintain the **double** standard.

Adjective of Number-কে দুই ভাগে বিভক্ত করা যায়। যথা :
(a) Definite Numeral Adjective ও (b) Indefinite Numeral Adjective.

(a) **Definite Numeral Adjective :** কোনো Numeral Adjective দ্বারা কোনো কিছুর নির্দিষ্ট সংখ্যা, ক্রমানুসারে স্থান পূরণবাচক পর্যায় বোঝালে তাকে Definite Numeral Adjective বলে। Definite Numeral Adjective-কে আবার তিন ভাগে বিভক্ত করা যায়। যথা :

Cardinal Numeral Adjective, Ordinal Numeral Adjective এবং Multiplicative Numeral Adjective.

নিচের ছকে বিভিন্ন শ্রেণির **Definite Numeral Adjective** সন্নিবেশিত হলো :

| Cardinal | Ordinal | Multiplicative |
|---|---|---|
| One | First | Single |
| Two | Second | Double/Twofold |
| Three | Third | Triple/Threefold |
| Four | Fourth | Quadruple/Fourfold |
| Five | Fifth | Quintuple/Fivefold |

**Use of Cardinal Numeral Adjectives :**

I see **two** boys walking together.
He bought **three dozen** oranges.

**Use of Ordinal Numeral Adjectives :**

Who is the **first** boy in your class?
They published the **second** edition of the book.
We belong to a **third** world country.
Hazrat Ali was the **fourth** Caliph of Islam.

**Use of Multiplicative Adjectives :**

He did not get a **single** vote.
It is a **double** decker bus.
Dial to **triple** 5.

(b) **Indefinite Numeral Adjective :** যে Numeral Adjective কোনো কিছুর সুনির্দিষ্ট সংখ্যা না বুঝিয়ে শুধু সংখ্যাগত ধারণা প্রদান করে, তাকে Indefinite Numeral Adjective বলে। All, some, enough, many, more, most, few, no, none, whole, certain ইত্যাদি এবং কখনো কখনো 'One' Indefinite Numeral Adjective হিসেবে ব্যবহৃত হয়। যেমন—

I have **few** friends.
**All** men are created equal.
**No** doctor can help you.
**Some** people are coming to me.
I have bought **some** mangoes.
**Some ten** boys will present a chorus song.
He has about **three** thousand taka.
Nearly **sixty** boys made a complaint.
I shall collect **more** stamps.
He has eaten **enough** apples.
He has **plenty** of leather shoes.

লক্ষণীয় : কিছু Adjective সচরাচর Quantitative ও Numeral উভয়রূপেই ব্যবহৃত হয়। যেমন—

We bought **some/enough** milk. (Quantitative)
We bought **some/enough** books. (Numeral)
He ate **all** rice. (Quantitative)
He ate **all** mangoes. (Numeral)
I have **no** sugar. (Quantitative)
I have **no** book/books. (Numeral)
He managed **more** cloth. (Quantitative)
He managed **more** clothes. (Numeral)

(iv) **Pronominal Adjective :** কোনো Pronoun যখন Noun-এর পূর্বে বসে Adjective-এর কাজ সম্পাদন করে, তখন তাকে Pronominal Adjective বলে। বস্তুত এই পর্যায়ে ঐ Pronoun-টি Adjective হয়ে যায়। যেমন—

This is **our** homeland.
It is **my** pen.
What is **your** name?
I talked to **his** father.
**This** shirt is very costly.
**Each** student pays taka 5.
**Any** man can do it.
**Every** boy welcomed us.

Pronominal Adjective কয়েক প্রকার। যথা :

(a) Demonstrative Adjective
(b) Distributive Adjective
(c) Interrogative Adjective
(d) Possessive Adjective
(e) Relative Adjective

নিচে বিভিন্ন প্রকার **Pronominal Adjective** সম্বন্ধে সংক্ষিপ্ত ধারণা দেওয়া হলো :

(a) **Demonstrative Adjective :** কোনো Demonstrative Pronoun যখন Noun-এর পূর্বে বসে Adjective-এর কাজ করে, তখন তাকে Demonstrative Adjective বলে। যেমন—

**This** book is very interesting.
**These** mangoes are ripe enough to eat.
**That** house is painted white.
I have **other** reasons to help you.
**Such** stories are common to the villagers.
It is the **same** cat that squalled last night.

(b) **Distributive Adjective :** Distributive Pronoun যখন Noun-এর আগে বসে Adjective-এর কাজ করে, তখন তাকে Distributive Adjective বলে। যেমন—

**Each** bottle contains one litre drinks.
**Every** student must pass the examination.
**Either** team played well.
**Neither** team could score any goal.

(c) **Interrogative Adjective :** Interrogative Pronoun যখন Noun-এর আগে বসে Adjective-এর কাজ করে, তখন তাকে Interrogative Adjective বলে। যেমন—

**What** class do you read in?
**What** colour do you like most?
**Which** book is yours?
**Whose** pen is it?
**Whose** sacrifice made it possible?

(d) **Possessive Adjective :** Possessive Pronoun যখন Noun-এর আগে বসে Adjective-এর কাজ করে, তখন তাকে Possessive Adjective বলে। যেমন—

She is **my** mother.
This is **our** village.
That is **her** pen.
What is **your** name?
Can you accept **their** proposal?
Could he complete **his** work?

(e) **Relative Adjective :** Relative Pronoun যখন কোনো Noun-এর আগে বসে দুটি Sentence-কে যুক্ত করে, তখন তাকে Relative Adjective বলে। যেমন—
He returned me **that** book I lent him yesterday.
Have you lost **that** pen you bought yesterday?
Suggest me **which** colour suits me most.

(v) **Proper Adjective :** Proper Noun থেকে Adjective গঠিত হলে তাকে Proper Adjective বলে। Proper Adjective-কে Adjective of Quality হিসেবে বিবেচনা করা হয়। এ Adjective-এর প্রথম অক্ষর Capital হয়। যেমন—

| Proper Noun | Proper Adjective | Illustration |
|---|---|---|
| America | American | Do you support American diplomacy? |
| Bangladesh | Bangladeshi | We are Bangladeshi people. |
| Burma | Burmese | Did you ever climb a Burmese bridge? |
| Denmark | Danish | We prefer Danish powder-milk. |
| France | French | She is a French girl. |
| Germany | German | Have you ever been to German Embassy? |
| Greece | Greek | I am fond of Greek mythology. |
| Elizabeth | Elizabethan | Shakespeare lived in Elizabethan period. |
| Shakespeare | Shakespearean | I like Shakespearean tragedies most. |
| Milton | Miltonic | Madhusudan is Miltonic in his epic poem. |
| Plato | Platonic | We should appreciate Platonic love. |
| Marx | Marxist | I am no more fond of Marxist philosophy. |
| Lenin | Leninist | Once we saw so many Leninist politicians. |

(vi) **Emphatic Adjective :** জোর দিয়ে কোনো কিছু বোঝানোর জন্য Noun-এর আগে যখন own, very ইত্যাদি ব্যবহৃত হয়, তখন এই শব্দগুলোকে Emphatic Adjective বলা হয়। যেমন—

It is my **own** conscience that tells me to do the justice.

He has to cook his **own** meals.

It's good to have your **own** room.

Those were her **very** words.

He might be phoning at this **very** moment.

That's the **very** thing I need.

(vii) **Exclamatory Adjective :** What যখন Adjective-এর কাজ করে ও বিস্ময় প্রকাশ করে, তখন তাকে Exclamatory Adjective বলে। যেমন—

What a beautiful house!
What an awful weather!
What a fool!
What a nice girl!
What a mistake!
What a magnanimity!

(viii) **Compound Adjective :** যখন কোনো Compound word কোনো Noun-এর Adjective হিসেবে কাজ করে, তখন তাকে Compound Adjective বলে। যেমন—

He sought for a **three-day** leave.

I ran a **fifteen hundred-metre** race.

She completed a **four-year** honours course.

Bangladesh is an **over-populated** country.

It is an **under-weight** baby.

The country is now run by a **care-taker** govt.

(ix) **Participle Adjective :** Present Participle কিংবা Past Participle কোনো Noun বা Pronoun-এর Adjective হিসেবে কাজ করলে তাকে Participle Adjective বলে। যেমন—

He bought some washing powder.
There is a broken window pane.
It is an interesting story.
England is a developed country.

লক্ষণীয় : Participle Adjective প্রায়শই Attributively ও Predicatively দুভাবেই ব্যবহৃত হয়। যেমন—

She is an **educated** girl. (Attributive use)
It is a **broken** house. (Attributive use)
It is an **interesting** story. (Attributive use)
The girl is **educated**. (Predicative use)
The house is **broken.** (Predicative use)
The story is **interesting**. (Predicative use)

## Use of Adjective

Adjective-এর দু-ধরনের ব্যবহার রয়েছে। এই ব্যবহারগুলোকে Attributive Use এবং Predicative Use বলে।

**Attributive Use of Adjective :** কোনো Adjective যখন Noun-এর আগে বসে সেই Noun-কে Qualify করে তখন Adjective-এর এই ব্যবহারকে Attributive Use of Adjective বলে। যেমন—

**Clean** shirt, **black** sheep, **wise** man, **beautiful** girl, **tall** tree, **short** way, **wide** river ইত্যাদি।

**Predicative Use of Adjective :** Adjective যখন Linking verb তথা am, is, are, was, were, seem, appear, look, feel, taste, become, smell ইত্যাদির পরে বসে এবং Predicate হিসেবে Subject-কে qualify করে তখন Adjective-এর এই ব্যবহারকে Predicative Use of Adjective বলে। যেমন—

He is **tall.**

The book is **new.**

Mango tastes **sweet.**

He looks **smart.**

### FORMATION OF ADJECTIVES

বিশেষ কিছু Word-এর সাথে কিছু Suffix-যুক্ত করে Adjective গঠন করা যায়। নিচের ছকে লক্ষ করো :

| Word (Base) | Suffix | Adjective |
|---|---|---|
| Friend (n) | + ly | friendly |
| Cloud (n) | + y | cloudy |
| Child (n) | + ish | childish (মন্দ অর্থে) |
| Truth (n) | + ful | truthful |
| Power (n) | + less | powerless |
| Contempt (v) | + ible | contemptible |
| Japan (n) | + ese | Japanese |
| Act (v) | + ive | active |
| Magnet (n) | + ic | magnetic |
| Danger (n) | + ous | dangerous |
| Economy (n) | + ical | economical |
| Picture (n) | + (e)sque | picturesque |
| Custom (n) | + ary | customary |
| Wood (n) | + en | wooden |
| Shakespeare (n) | + an | Shakespearean |
| South (n) | + ward | southward |

### EXERCISE—3

**Find out the adjectives from the following sentences :**

(1) Siam is a meritorious student.
(2) Sinha likes new toys.
(3) Tanha sings sweet songs.
(4) All flowers are nice to look at.
(5) I have enough money to buy a car.
(6) The poor do not get sufficient food.
(7) The girl is very attentive to her study.
(8) There is little water in the glass.
(9) Sifat is a truthful boy.
(10) Abdur Rahman is an honest man.

## VERB (ক্রিয়া)

Verb ছাড়া ইংরেজিতে কোনো বাক্যই গঠন করা সম্ভবপর নয়। এ থেকে বোঝা যায়, আট প্রকার Parts of Speech-এর মধ্যে Verb সর্বাধিক গুরুত্বপূর্ণ। এমনকি একটিমাত্র Verb-এর দ্বারা একটি অর্থপূর্ণ বাক্য গঠন করা যায়। যেমন— শুধু 'Go' বললে বোঝায় 'You go'. কারণ এক্ষেত্রে You প্রায়ই উহ্য থাকে।

Traditional Grammar অনুযায়ী Verb হলো কোনো কিছু করা, হওয়া, যাওয়া, খাওয়া ইত্যাদি কাজ বোঝায় এমন সব Word. কিন্তু আমরা দেখি ইংরেজিতে এমন কিছু Verb আছে যার দ্বারা আদৌ কোনো কাজ করা বোঝায় না। যেমন— Zakir **is** a student. এখানে 'is' Verb কোনো কাজ করে না।

সংগত কারণেই প্রশ্ন উঠতে পারে, এরা তবে কী? উত্তরে বলা যায়, Traditional Grammar-এর সংজ্ঞা অনুযায়ী এদের Verb বলা না গেলেও এরা প্রকৃতই Verb।

এবার Verb-এর সঠিক সংজ্ঞা লক্ষ করো :

**Definition of Verb (ক্রিয়ার সংজ্ঞা) :** যে Word দ্বারা কোনো কাজ করা বা কোনো কিছু হওয়া বোঝানো হয়, তাকে Verb বা ক্রিয়া বলে।

## CLASSIFICATION OF VERB

Verb-কে প্রধানত দুভাগে বিভক্ত করা হয়। যথা : 1. Main Verb/Principal Verb ও 2. Auxiliary Verb/Helping Verb.

**Principal Verb :** যে Verb অন্য কোনো Verb-এর সাহায্য ছাড়াই স্বাধীনভাবে বাক্যে ব্যবহৃত হতে পারে, তাকে Main/Principal Verb বা মূল ক্রিয়া বলে। যেমন— walk, play, etc.

নিচের বাক্যগুলো লক্ষ করো :

He **runs** fast. The Principal **called** the boy.

**Auxiliary Verb :** যে Verb স্বাধীনভাবে বাক্যে একমাত্র Verb রূপে ব্যবহৃত না হয়ে অন্য (Main Verb) Verb-কে সাহায্য করার জন্য ব্যবহৃত হয়, তাকে Auxiliary Verb বা সাহায্যকারী ক্রিয়া বলে। যেমন—

am, is, are, was, were, have, has, do, etc.

এরা Voice, Mood, Tense, etc. নির্দেশ করে।

নিচের বাক্যগুলো লক্ষ করো :

He **is** running. They **are** reading.

**N.B :** তবে Auxiliary Verb যখন বাক্যের একমাত্র Verb হয় অর্থাৎ, কোনো Main Verb থাকে না তখন তা Main Verb রূপে কাজ করে থাকে। যেমন— He **has** a car. He **is** a boy.

### বিভিন্ন শ্রেণির Verb-এর আলোচনা

**Modal Auxiliary Verb :** এ জাতীয় Verb বক্তার মনোভাব, ইচ্ছা, সামর্থ্য ইত্যাদি প্রকাশ করে। এরা হলো— shall, will, may, can, must, ought to, need, etc. যেমন— He **will** return today. He **can** do the sum.

এখানে ১ম বাক্যে 'will' ভবিষ্যৎ ইচ্ছা এবং ২য় বাক্যে 'can' সামর্থ্য প্রকাশ করেছে।

**Transitive Verb :** যে Verb-এর Object (কর্ম) থাকে, তাকে Transitive Verb বা সকর্মক ক্রিয়া বলে। যেমন— He gave **me a book**.

উদাহরণটিতে 'me' এবং 'a book' দুটি Object আছে। ব্যক্তিবাচক Objectটি হলো Indirect Object এবং বস্তুবাচক Objectটি হলো Direct Object.

**Intransitive Verb :** যে Verb-এর Object (কর্ম) নেই বা Object গ্রহণ করতে পারে না, তাকে Intransitive Verb বা অকর্মক ক্রিয়া বলে। যেমন— go, fall, die, resemble, seem, etc.

আবার, কিছু Verb আছে যারা Object গ্রহণ করতে পারে কিন্তু যখন এরা Object ছাড়া বাক্যে ব্যবহৃত হয়, তখন তারা Intransitive Verb.

| **Used as Intransitive** | **Used as Transitive** |
|---|---|
| He writes. | He writes **a letter**. |
| He played. | He played **cricket**. |

## EXERCISE—4

**Find out the verbs from each sentence :**

(1) The man bought some fruits.
(2) My teacher teaches very well.
(3) I know the man.
(4) My mother cooks well.
(5) Our team won yesterday.
(6) We made him captain.
(7) He dreamt a nice dream.
(8) Grandmother told an interesting story.
(9) Rifah likes her grandfather very much.
(10) Jesmin helped me in danger.

**N.B : Verb**-এর বিশদ আলোচনার জন্য Basic Grammar-এর Verb Chapter দ্রষ্টব্য। (পৃষ্ঠা নং ১৭৭–১৯৫)

## ADVERB (ক্রিয়া-বিশেষণ)

যে Word Verb, Adjective বা অন্য Adverb সম্পর্কে কোনোকিছু বর্ণনা (Modify) করে এবং 'কোথায়', 'কখন', 'কেন', 'কীভাবে', 'কতক্ষণ ধরে' ইত্যাদি প্রশ্নের জবাব দেয়, তখন তাকে Adverb বা ক্রিয়াবিশেষণ বলে। যেমন—

Zerin runs **fast**. (Verb-কে Modify করেছে)
Navid is **very** tall. (Adjective-কে Modify করেছে)
He walks **very** slowly. (Adverb-কে Modify করেছে)

আবার,

He came **home**. (Where?—home)
He came **yesterday**. (When?—yesterday)
He came **to help me**. (Why?—to help me)
He came **slowly**. (How?—slowly)

## CLASSIFICATION OF ADVERB

Adverb-কে নিম্নলিখিতভাবে বিভক্ত করা যায় :

(i) **Adverb of manner :** এটা Verb-এর কাজ কীভাবে সম্পন্ন হয়, তা প্রকাশ করে। যেমন— fast, well, etc.
(ii) **Adverb of place :** এটা Verb-এর কাজ সম্পন্ন হওয়ার স্থান নির্দেশ করে। যেমন— here, there, in Dhaka, etc.
(iii) **Adverb of time :** এটা Verb-এর কাজ সম্পন্ন হওয়ার সময় বোঝায়। যেমন— now, then, ago, etc.
(iv) **Adverb of frequency :** এটা Verb-এর কোনো কাজ ঘটার পৌনঃপুনিকতা প্রকাশ করে। যেমন— often, twice, sometimes, etc.
(v) **Adverb of degree or quantity :** এটা Verb-এর কাজের মাত্রাগত পরিমাণ বোঝায়। যেমন— almost, quite, enough, fully, etc.
(vi) **Adverb of affirmation or negation :** এটা Verb-এর কাজের কিছু হওয়া বা না হওয়া বোঝায়। যেমন— yes, not.
(vii) **Interrogative Adverb :** এটা Verb-এর প্রশ্ন করতে ব্যবহৃত হয়। যেমন— where, when, how, etc.
(viii) **Relative Adverb :** এটা স্থান, কাল, প্রকৃতি (mode) প্রভৃতির সাথে Verb-এর সম্পর্ক নির্ধারণ করে। যেমন—where, when, how, etc.

## FORMATION OF ADVERBS

সাধারণত অধিকাংশ Adjective of quality-এর পর -ly (Suffix) যোগ করে অধিকাংশ Adverb of manner গঠিত হয়। যেমন— bold + ly = boldly, slow + ly = slowly, etc.

**Note :** 'Homewards' Adverb কিন্তু 'Homeward' Adjective.

## EXERCISE—5

**Find out the adverbs from the following sentences :**

(1) Arzu cooks very well.
(2) Asma rises early in the morning.
(3) Rafiq remains always busy.
(4) The man never comes here.
(5) He reads loudly.
(6) The girl walks slowly.
(7) Setab runs fast.
(8) Samin will prosper soon.
(9) He trusts me strongly.
(10) The boy goes to school regularly.

**N.B : Adverb**-এর বিশদ আলোচনার জন্য Basic Grammar-এর Adverb Chapter দ্রষ্টব্য। (পৃষ্ঠা নং ২০৫—২০৮)

# PREPOSITION (পদান্বয়ী অব্যয়)

যে Word Noun বা Pronoun-এর পূর্বে বসে বাক্যস্থিত অন্যান্য Word-এর সাথে তার সম্পর্ক স্থাপন করে, তাকে Preposition বা পদান্বয়ী অব্যয় বলে। যেমন— on, to, for, etc.

**লক্ষ করো :**

He deals **in** rice.

এখানে 'in' Preposition-টি 'rice' এর পূর্বে বসে পূর্ববর্তী শব্দ 'deals'-এর সাথে সম্পর্ক স্থাপন করেছে।

**N.B :** তবে কিছু Preposition বিশেষ কিছু Noun, Verb এবং Adjective-এর পর বসে অন্যান্য Word-এর সাথে সম্পর্ক স্থাপন করে। যেমন— He is **good** at tennis.

'to' যখন Infinitive তখন এরপর Verb-এর Base form/root বসে। যেমন— to go. কিন্তু 'to' যখন Preposition তখন তারপর Verb-এর সাথে ing-form বসে। যেমন— With a view to getting.

## CLASSIFICATION OF PREPOSITION

Preposition প্রধানত Simple, Compound, Double, Complex, etc. ভাগে বিভক্ত।

(i) **Simple Preposition :** এ জাতীয় Preposition মূলত এক Word-বিশিষ্ট। যেমন— in, up, to, by, for, from, of, out, through, over, etc.

(ii) **Double and Compound Preposition :** এ জাতীয় Preposition দুই বা ততোধিক Simple Preposition নিয়ে গঠিত হয়। যেমন— without, into, upon, about, above, across, among, before, after, between, inside, beside, except, beneath, beyond, etc.
আবার, কিছু Preposition সংক্ষিপ্তরূপে (disguised) ব্যবহৃত হয়। যেমন—
'of' এর স্থলে 'o' বসে।
4 o'clock-এর অর্থ হলো 4 of clock.

(iii) **Complex Preposition :** এ জাতীয় Preposition হলো according to, in accordance with, in front of, in case of, on behalf of, with a view to, by dint of, etc.

এবার দৈনন্দিন জীবনে Preposition-এর কিছু গুরুত্বপূর্ণ ব্যবহার নিয়ে আলোচনা করা হলো :

**In** : কোনো স্থানে কোনো কিছু আছে বোঝায়। যেমন— He lives in London.
কোনো বিষয়ে, জীবনের কোনো ক্ষেত্রে ইত্যাদি বোঝায়। যেমন— First day in my life.
কোনোকিছুর মধ্যে বোঝায়। যেমন— He sat in the chair.
সময় নির্দেশ করে। যেমন— in the morning.

**At** : ঘড়ির সময় নির্দেশ করে। যেমন— at 10 o'clock.
অনির্দিষ্টভাবে কোনো স্থান বা তার কাছে বোঝায়। যেমন— at the door.
স্থান নির্দেশ করে। যেমন— at home.

**N.B :** বড়ো স্থানের পূর্বে in এবং ছোটো স্থানের পূর্বে at বসে। যেমন— **at** Dhanmondi **in** Dhaka.

**On** : বারের (সপ্তাহের) পূর্বে বা অনুষ্ঠানের পূর্বে on বসে। যেমন— on Sunday, on Christmas, etc.
কোনোকিছুর উপরে অবস্থান বোঝায়। যেমন— on the table.

**With** : কোনো উপকরণ দ্বারা কিছু করা বোঝায়। যেমন— with a knife.
কিছুর সাথে নির্দেশ করে। যেমন— with his family.

**By** : ব্যক্তির দ্বারা কিছু করা হয় বোঝায়। যেমন— by my brother.
সময় নির্দেশ করতে। যেমন— by next Monday.

**To** : কোনোকিছুর স্থান বা দিক নির্দেশ করে। যেমন— to Dhaka.
কারো নিকট বা বরাবর বোঝাতে। যেমন— to the Principal.

**From** : কোনো দিক বা কিছু হতে বোঝায়। যেমন— From Dhaka.

**About** : কোনো বিষয়, প্রসঙ্গ ইত্যাদি বোঝায়। যেমন— About the book.
নৈকট্য নির্দেশ করে। যেমন— About 10 o'clock.

**After** : পরবর্তী সময়, ঘটনা ইত্যাদি নির্দেশ করে। যেমন— After the flood.

**Before** : পূর্ববর্তী সময়, ঘটনা ইত্যাদি নির্দেশ করে। যেমন— Before his arrival.
সম্মুখে বোঝাতেও before বসে। যেমন— Stand before the glass.

**Off** : কোনো কিছু থেকে বিচ্ছিন্ন অবস্থা বোঝায়। যেমন— offshore.

**Through** : কোনো কিছুর ভেতর দিয়ে বোঝায়। যেমন— Through the jungle.

**Across** : কোনো কিছু (রাস্তা বা নদী) আড়াআড়ি পাড়ি দেওয়া বোঝায়। যেমন— He swam across the river.

**Opposite** : কোনো কিছুর ঠিক বিপরীত দিক বোঝায়। যেমন— The bank is opposite the post office.

**Behind** : কোনো কিছুর পশ্চাতে বোঝায়। যেমন— It is behind the mosque.

**Under** : কোনো কিছুর নিচে বা অধীনে বোঝায়। যেমন— He works under me.

**Over** : কোনো কিছুর উপরে (স্পর্শ করেনি এমন) বোঝায়। যেমন— The fan is over the head.

**Between** : দুজন বা দুটির মধ্যে বোঝায়। যেমন— Between the two boys.

**Among** : তিন বা তার অধিক বোঝায়। যেমন— Among the four boys.

## EXERCISE—6

**Fill in the blanks with appropriate prepositions :**

(1) Arif is ashamed —— his misconduct.
(2) Every student should have access —— computer.
(3) The man has no interest —— smoking.
(4) Tamalika looks —— the old man.
(5) Industry is essential —— achieving success.
(6) Abdus Salam should be attentive —— study.
(7) The beggar is blind —— one eye.
(8) He is devoted —— God.
(9) I am certain —— my success.
(10) Exercise is beneficial —— health.

**N.B : Preposition**-এর বিশদ আলোচনার জন্য Preposition Chapter দ্রষ্টব্য। (পৃষ্ঠা নং ৩৩–৪৭)

## CONJUNCTION (সংযোজক অব্যয়)

যে Word দুই বা ততোধিক Word বা Sentence-এর মধ্যে সংযোগ স্থাপন করে, তাকে Conjunction বলে। যেমন—
The man is poor but he is honest.
Kamal Ahmed is a bright student and Jamal Ahmed is a good player.
এখানে but এবং and দুটি Sentence-কে যোগ করেছে।
কখনো কখনো Conjunction দুটি Word-কে যোগ করে। যেমন—
Two and two make four.
Weal and woe come by turns. এ ধরনের বাক্যকে দুটো বাক্যে পরিণত করা যায় না।
Conjunction-এর কাজ হলো সংযোগ স্থাপন করা। এর আর কোনো কাজ নেই। Conjunction Preposition-এর মতো Object-এর সঙ্গে সম্পর্কিত নয়। Conjunction কোনো বাক্যকে qualify করে না। কতিপয় Conjunction জোড়া জোড়া (Pairs) বসে। যেমন—
Either—or : Either do it or go away.
Neither—nor : Neither he nor his brother is guilty.
Both—and : Both Fahim and Naim are guilty.
Whether—or : I do not know whether he will come or not.
Not only—but also : Shirin Bakul is not only beautiful but also intelligent.
যেসব Conjunction এভাবে জোড়ায় জোড়ায় বসে, তাদেরকে Correlative Conjunction বলে।
আমরা Compound expression-কে Conjunction হিসেবে ব্যবহার করি। এগুলোকে Compound Conjunction বলে। যেমন—
In order that = He works hard in order that he may succeed.
On condition that = I will help you on condition that you do not repeat the offence.
Even if = Such an act would not be kind even if it were just.
So that = He works hard so that he can succeed.
Provided that = You may go there provided that you return in time.
As though = He walks as though he were slightly lame.
As well as = He as well as his brother is guilty.
As soon as = He left home as soon as his brother came.
As if = He talks as if he were mad.

## CLASSIFICATION OF CONJUNCTION

Conjunction-কে প্রধানত দুভাগে বিভক্ত করা যায়। যথা :
1. Co-ordinating Conjunction ও 2. Sub-ordinating Conjunction.

**Co-ordinating Conjunction** : যে Conjunction দুটি সমমানের বা স্বাধীন বাক্যকে যোগ করে, তাকে Co-ordinating Conjunction বলে। যেমন—
Birds fly and fishes swim.

প্রধান **Co-ordinating Conjunction**-গুলো হলো :
And, but, for, or, nor, also, either ..... or, neither.....nor
Co-ordinating Conjunction চার প্রকার। যথা :

(i) **Cumulative বা Copulative :** এ ধরনের Conjunction দুটো সমমানের বাক্যকে যোগ করে। যেমন—
Naim got a prize and Fahim was promoted.

(ii) **Adversative :** এ ধরনের Conjunction দুটি বিপরীতধর্মী বাক্যকে যোগ করে।
He is poor but honest. He is rich, yet he is not content.
I was annoyed, still kept quiet.

(iii) **Disjunctive or Alternative :** এ ধরনের Conjunction দুটি বিকল্প বাক্যের মধ্যে একটিকে পছন্দ করে। যেমন—
He must confess his guilt, or he will be punished. Either he or his brother is guilty.
Neither he nor his brother has done this. Walk fast, else you will not overtake him.

(iv) **Illative :** এ ধরনের Conjunction বাক্যে অনুমান প্রকাশ করে। যেমন—
He was found guilty, and therefore he was punished.
He will die some day; for all men are mortal.

**Sub-ordinating Conjunction :** Sub-ordinating Conjunction Sub-ordinate Clause-কে Principal Clause-এর সঙ্গে যোগ করে। যেমন—
I could not come to school as I was indisposed.
নিম্নলিখিত Conjunction-গুলো Sub-ordinating Conjunction :
After, because, if, that, though, although, till, before, unless, or, when, where, while.
After the game was over, we went home.
Although he is poor, he is honest.
As he was absent, I spoke to her.
He ran away because he was afraid.
'Than' Sub-ordinating Conjunction হিসেবে ব্যবহৃত হয়। যেমন—
Fahim is better than Naim.
অর্থ অনুযায়ী Sub-ordinating Conjunction-কে নিম্নলিখিতভাবে বিভক্ত করা যেতে পারে :

(i) **Time :**
I would die before I lied Many days have passed since I saw you.

(ii) **Cause or Reason :**
Since you work hard, you will succeed in life. As he was ill, he was not able to go to school.

(iii) **Purpose :**
Men work that they may earn a living. He took medicine in order that he might recover.
He walked fast lest he should miss the train.

(iv) **Result or Consequence :**
He is so weak that he cannot walk.

(v) **Condition :**
I will do this if I am allowed.
I will agree to these terms provided that you sign your name.

(vi) **Concession or Contrast :**
He is an honest man though he is poor. He will never succeed, however much he may try.

(vii) **Comparison :**
Nafis is stronger than Fahim.

## INTERJECTION (আবেগসূচক অব্যয়)

যে Word মনের গভীর অনুভূতি বা তাৎক্ষণিক আবেগ, উচ্ছ্বাস ইত্যাদি প্রকাশ করে, তাকে Interjection বা আবেগসূচক অব্যয় বলে। যেমন— Alas! I am undone.
এখানে Alas! দ্বারা দুঃখ প্রকাশিত হয়েছে। এরূপ আরো কিছু Interjection হলো :
Hush! (চুপ!), Alas! (হায়!), Bravo! (সাবাস!), Fie! (ছি!), Hallo! (মনোযোগ আকর্ষণী চিৎকার), Pooh! (ছি!)।
**N.B :** তবে Interjection ছাড়াও এমন কিছু শব্দমালা (Expression) আছে যারা আবেগ বা অনুভূতি প্রকাশ করতে পারে। যেমন— What a pity!

### FUNCTIONS OF INTERJECTION

Interjection বিভিন্ন মনোভাব প্রকাশে প্রযুক্ত হয়। যেমন—

| | | | |
|---|---|---|---|
| (i) | আনন্দ | → | Hurrah! (কি মজা!) |
| (ii) | দুঃখ | → | Alas! (হায়!) |
| (iii) | প্রশংসা | → | Bravo! (শাবাশ!) |
| (iv) | তিরস্কার | → | Fie! (ছিঃ) |
| (v) | আহ্বান | → | Hallo! (ওহে!) |
| (vi) | সতর্কীকরণ | → | Hush! (চুপ!) |

**N.B :** অনেকেই Interjection-কে Part of Speech বলে গণ্য করতে চান না। কারণ, Interjection বাক্যের অন্যান্য পদের সাথে কোনো সম্পর্ক স্থাপন করে না। তবে Interjection-এর পরে কোনো Preposition বসালে তা বাক্যে Grammatically function করতে পারে। যেমন— Fie upon you!

# PREPOSITION

Pre অর্থ পূর্বে, Position অর্থ অবস্থান। এখানে Preposition বলতে আমরা বুঝি যেসব পদ Noun বা Pronoun বা Noun Phrase-এর আগে বসে তার সাথে বাক্যস্থিত অন্য কোনো শব্দের সম্পর্ক প্রকাশ করে। ইংরেজি ভাষায় সুনির্দিষ্ট কিছু Preposition রয়েছে। এগুলোর বিভিন্ন প্রয়োগও রয়েছে। পক্ষান্তরে, কিছু শব্দের সাথে সুনির্দিষ্ট কিছু Preposition যুক্ত হয়ে বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়। Preposition প্রধানত Simple, Compound, Double, Complex ইত্যাদি ভাগে বিভক্ত।

i. **Simple Preposition :** এ জাতীয় Preposition মূলত এক Word-বিশিষ্ট। যেমন—
at, in, up, to, by, for, from, of, through, over, etc.

ii. **Double and Compound Preposition :** এ জাতীয় Preposition দুই বা ততোধিক Simple Preposition নিয়ে গঠিত হয়। যেমন—
without, into, upon, about, above, across, among, before, after, between, inside, beside, except, beneath, beyond, etc.
আবার, কিছু Preposition সংক্ষিপ্তরূপে (disguised) ব্যবহৃত হয়। যেমন– 'of' এর স্থলে 'o' বসে।
4 o'clock-এর অর্থ হলো 4 of clock.

iii. **Complex Preposition :** এ জাতীয় Preposition হলো according to, in accordance with, in front of, in case of, on behalf of, with a view to, by dint of, etc.

এখানে ইংরেজি ভাষায় ব্যবহৃত **Preposition**-গুলোর বিভিন্ন ক্ষেত্রে প্রয়োগ এবং উদাহরণ দেওয়া হলো :

| Preposition | Where used (যেসব ক্ষেত্রে ব্যবহৃত হয়) | Example |
|---|---|---|
| **At** | ১. কোনো বস্তু/ব্যক্তি/প্রাণীর অবস্থান কিংবা কোথায় কার্য সম্পাদন হচ্ছে এরূপ বোঝায়। | ১. তারা দেরিতে এয়ারপোর্টে পৌঁছেছিল।<br>⇒ They arrived late at the airport.<br>২. দুর্ঘটনাটি রাস্তার এককোণে ঘটেছিল।<br>⇒ The accident happened at the corner of the street. |
| | ২. কোনো ব্যক্তির কর্মস্থল বোঝানো অর্থে/পেশা বোঝাতে। | ১. সোহেল এখন একটি ব্যাংকে চাকরিরত আছে।<br>⇒ Sohel is serving at a bank now. |
| | ৩. কখনো কোনো কাজ হবে এরূপ বোঝাতে। | ১. আমরা এ স্থান ২টায় ত্যাগ করব।<br>⇒ We shall leave this place at 2 pm. |
| | ৪. কোনো ব্যক্তির কোনো বয়সে কোনো কাজ করা বোঝাতে। | ১. সে ২৫ বছর বয়সে বিয়ে করেছিল।<br>⇒ He got married at 25. |
| | ৫. কোনো ব্যক্তি/বস্তুর দিকে বোঝাতে। | ১. সে তার (স্ত্রীর) দিকে বন্দুক তাক করল।<br>⇒ He pointed a gun at her. |
| | ৬. কোনো ক্রিয়াপদের পরে ব্যবহৃত হয়ে ঐ ক্রিয়া অংশবিশেষ করা বোঝায় কিন্তু পূর্ণ সফল হয়নি। | ১. সে স্যান্ডউইচের সামান্য খেয়েছিল।<br>⇒ He nibbled at a sandwich. |
| | ৭. কোনো কাজ করার ক্ষেত্রে কোনো কিছুর থেকে দূরত্ব বোঝাতে। | ১. তুমি কি ৫০মি. দূর থেকে প্লেটটি পড়তে পারো?<br>⇒ Can you read the plate at a distance of fifty metres? |
| | ৮. কোনো ব্যক্তি/বস্তুর বর্তমান অবস্থাকে বোঝাতে। | ১. দেশটি এখন যুদ্ধরত।<br>⇒ The country is at war now. |
| | ৯. কোনোকিছুর হার/গতি বোঝাতে। | ১. সে ৭০ কিমি গতিতে গাড়ি চালাচ্ছিল।<br>⇒ He was driving at 70 km per hour.<br>২. দুই মিনিট পর পর শব্দটি আসছিল।<br>⇒ The noise came at two minutes interval. |
| | ১০. কোনো ব্যক্তি/বস্তুর ভালোমন্দ অবস্থা বোঝাতে। | ১. বাগানটি জুন মাসে সবচেয়ে সুন্দরতম অবস্থানে থাকে।<br>⇒ The garden is at its most beautiful form in June. |
| | ১১. কোনো Adjective-এর পরে at ব্যবহৃত হলে কোনো ব্যক্তি কোনোকিছুতে কতটা ভালো বোঝাতে। | ১. আমি ফরাসি ভাষায় ভালো।<br>⇒ I am good at French. |
| | ১২. কোনোকিছুর কারণ বোঝাতে Adjective + at ব্যবহৃত হয়। | ১. সে (স্ত্রী) ফলাফলে আনন্দিত ছিল।<br>⇒ She was delighted at the result. |
| | ১৩. কোনো কিছুর জবাবে/প্রেক্ষিতে কোনো কাজ করা বোঝাতে। | ১. তারা চেয়ারম্যানের আমন্ত্রণে নৈশভোজে যোগ দিয়েছিল।<br>⇒ They attended the dinner at the chairman's invitation. |
| **Above** | ১. কোনোকিছুর/ব্যক্তির উপরে কোনো বস্তু/প্রাণীর অবস্থানকে বোঝাতে।<br>বি.দ্র: এই উচ্চতা ব্যক্তি/বস্তুর নিয়ন্ত্রণের মধ্যে বোঝায়। | ১. আমাদের হাঁটুর উপরে পানি উঠেছিল।<br>⇒ The water came above our knees.<br>২. উপরের প্রশ্নটি সহজ ছিল।<br>⇒ The question above was easy. |
| | ২. কোনোকিছুর চেয়ে পরিমাণে/সংখ্যায় বেশি স্তর বা বয়সের চেয়ে, এরূপ বোঝাতে। | ১. গড় তাপমাত্রার চেয়ে বর্তমান তাপমাত্রা বেশি।<br>⇒ Present temperature is above average.<br>২. আমরা দশ বছরের অধিক ছেলেমেয়েদের গ্রহণ করি না।<br>⇒ We do not accept children above the age of 10. |
| | ৩. কোনোকিছু/কোনো ব্যক্তির গুণ বা গুরুত্ব অধিক বোঝাতে। | ১. আমি তাকে তার বয়সের অন্য অভিনেত্রীদের চেয়ে বেশি মূল্যায়ন করি।<br>⇒ I rate her above most other actresses of her age. |

| Preposition | Where used (যেসব ক্ষেত্রে ব্যবহৃত হয়) | Example |
|---|---|---|
| **Above** | ৪. এতটাই ভালো, এতটাই সৎ কোনো কাজ করার ক্ষেত্রে। | ১. সে সকল সন্দেহের ঊর্ধ্বে (অর্থাৎ সে এতটাই সৎ)।<br>⇒ He is above suspicion. |
| | ৫. কোনো অতিমাত্রা শব্দের কারণে কোনো কাজ করতে না পারা। | ১. অতিমাত্রা যানজটের শব্দ অতিক্রম করে তার কথা আমি শুনতে পাইনি।<br>⇒ I couldn't hear her above the noise of the traffic. |
| | ৬. সকল কিছুর ঊর্ধ্বে বা সবচেয়ে গুরুত্বপূর্ণ বোঝাতে Idiom হিসেবে Above all ব্যবহৃত হয়। | ১. সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো তুমি যোগাযোগ অক্ষুণ্ন রাখ— বিষয়টি নিশ্চিত করো।<br>⇒ Above all, make sure you keep in touch. |
| **After** | ১. কোনোকিছুর পরে বা কোনো সময় পরে কিছু ঘটা। | ১. আমরা দুপুরের খাবারের পরে এ স্থান ত্যাগ করব।<br>⇒ We shall leave this place after lunch.<br>২. আমরা আগামী পরশু সাক্ষাৎ করি।<br>⇒ Let's meet the day after tomorrow. |
| | ২. কোনো কাজ অসংখ্যবার ঘটে, এরূপ বোঝাতে। | ১. আমি তোমাকে একাজ করতে বারবার নিষেধ করেছি।<br>⇒ I've told you time after time not to do that. |
| | ৩. কোনো ব্যক্তির পিছনে বা তাকে অনুসরণ করা বোঝাতে। | ১. তোমার পিছনে দরজাটি বন্ধ করো।<br>⇒ Shut the door after you.<br>২. সে বইটি নিয়ে তার পিছনে দৌড়াল।<br>⇒ He ran with the book after him. |
| | ৪. কোনো ব্যক্তি/বস্তুর পরবর্তীকে সংখ্যা বা গুরুত্বের দিক থেকে বোঝায়। | ১. রিনির পরে ঝিনিই সবচেয়ে লম্বা।<br>⇒ Zhini is the tallest after Rini. |
| | ৫. কোনোকিছুর বিপরীতে কোনো কিছু ঘটা, এমন বোঝাতে। | ১. এ বাড়িতে বেশ ঠান্ডা, বাইরে সাংঘাতিক গরম।<br>⇒ The house is pleasantly cool after the extreme heat outside. |
| | ৬. কোনোকিছুর পরিপ্রেক্ষিতে বা কোনো কারণে ঘটেছে বোঝাতে। | ১. আমি তাকে ক্ষমা করব না, যা সে বলেছে তার পর।<br>⇒ I shall never forgive him after what he has said. |
| | ৭. কেউ চেষ্টা করছে বের করতে বা ধরতে, এরূপ বোঝাতে। | ১. পুলিশ তার পিছনে।<br>⇒ The police are after him. |
| | ৮. কোনো ব্যক্তি/বস্তু সম্পর্কে জানতে চাওয়া। | ১. সে তোমার সম্পর্কে জিজ্ঞাসা করল।<br>⇒ She asked after you. |
| | ৯. কোনো ব্যক্তি/বস্তুর কর্মকে অনুসরণ করা। | ১. তার দাদির নাম অনুসারে তার নাম রাখা হলো এনা।<br>⇒ She was named Ena after her grandmother. |
| | ১০. কোনোকিছু সত্ত্বেও কোনোকিছু করা/না করা। | ১. আমি বিশ্বাস করি না সে এটা করবে, মোটের উপর আমি তার জন্য যা করেছি।<br>⇒ I can't believe she'd do that, not after all I've done for her. |
| | ১১. কোনো নির্দিষ্ট সময় পরে কোনোকিছু ঘটে। | ১. সে জায়গাটি ত্যাগ করল কয়েক ঘন্টা পানের পর।<br>⇒ He left the place after hours of drinking. |
| | ১২. After all উল্লেখযোগ্য Idiom যা দ্বারা সবচেয়ে গুরুত্ব বা প্রত্যাশিত কিছু বোঝাতে। | ১. সে কাজটি করেছিল, তার শিক্ষক যেহেতু বলেছিলেন।<br>⇒ He did the work, his teacher suggested it after all. |
| **Among** | ১. কোনোকিছুর মধ্যে অর্থাৎ কোনোকিছুর চারদিকে কোনো বস্তু পরিবেষ্টিত করে থাকে— এরূপ বোঝাতে। | ১. গাছপালার মাঝে একটি বাড়ি আছে।<br>⇒ There is a house among trees. |
| | ২. কোনো গোষ্ঠী বা দলের মাঝে সংশ্লিষ্ট— এরূপ বোঝাতে। | ১. ২৫ বছরের নিচে বয়সিদের মাঝে ধারণাটি ছিল একরকম।<br>⇒ The idea was common among the under 25s. |
| | ৩. কোনোকিছু ভাগ করে দেওয়া অর্থে। | ১. তারা ছেলেমেয়েদের মাঝে টাকাটি ভাগ করে দিলো।<br>⇒ They divided the money among the children. |
| **Before** | ১. কোনো ব্যক্তি/বস্তুর আগে। | ১. সে দুপুরে খাওয়ার আগে আসলো।<br>⇒ He came before lunch. |
| | ২. কারো/কোনো জিনিসের আগে যা দ্বারা অবস্থান নির্দেশ করে। | ১. তারা রাজার সামনে হাঁটু গেড়ে বসল।<br>⇒ They knelt before the king. |
| | ৩. কোনো ব্যক্তি/বস্তুর নাম/বস্তু কোনো ব্যক্তি /বস্তুর আগে ক্রমিক অনুসারে। | ১. তোমার নাম আমার আগে।<br>Your name is before mine. |
| | ৪. কোনোকিছু কোনো ব্যক্তির সামনে বোঝাতে অর্থাৎ বস্তুর গুরুত্ব নির্দেশ করতে। | ১. আমাদের সামনে যে কাজটি আছে তা অতি গুরুত্বপূর্ণ।<br>⇒ The task before us is very important. |

| Preposition | Where used (যেসব ক্ষেত্রে ব্যবহৃত হয়) | Example |
|---|---|---|
| **Behind** | ১. কোনো ব্যক্তি/বস্তুর পিছনে বোঝাতে। | ১. মেয়েটি কে যে সোহেলের পিছনে দাঁড়ানো?<br>⇒ Who is the girl standing behind Shohel? |
| | ২. কোনো ব্যক্তি/বস্তুর চেয়ে ধীর অগ্রগতি— এরূপ বোঝাতে। | ১. আমরা সময়সূচির পিছনে আছি।<br>⇒ We're behind schedule. |
| | ৩. সমর্থন বা অনুমোদন দেওয়া অর্থে। | ১. হালিম যাই করুক, পরিবার তার পিছনে আছে।<br>⇒ Whatever Halim does, his family is right behind him. |
| | ৪. কোনোকিছু শুরু বা উন্নয়নের জন্য কোনো কাজ করার পিছনে —এরূপ বোঝাতে।, | ১. এই সেই লোক যিনি হাসপাতাল তৈরির পিছনে ছিলেন।<br>⇒ This is the man who was behind the plan of founding the hospital. |
| | ৫. কোনোকিছু করার পিছনে যা তার ভালো/মন্দের জন্য নির্দেশিত– | ১. চাকরিটা পাওয়ার জন্যে তার (স্ত্রী) পিছনে ১০ বছরের অভিজ্ঞতা রয়েছে।<br>⇒ She has ten years' experience behind her to get the job. |
| **Below** | ১. কোনো ব্যক্তি/বস্তু/প্রাণীর অবস্থানের চেয়ে নিচে কোনোকিছু/ব্যক্তিকে বোঝায়। | ১. অনুগ্রহপূর্বক এই বাক্যের নিচে লিখবেন না।<br>⇒ Do not write below this line please. |
| | ২. কোনো ব্যক্তি/বস্তুর গুণগত মানের চেয়ে কম বা আদর্শ পরিমাণের চেয়ে কম। | ১. তার কাজের মান গড়-এর চেয়ে নিম্নমানের।<br>⇒ The quality of his work is below average. |
| | ৩. কেউ পদমর্যাদা বা গুরুত্বের ক্ষেত্রে কারো/বস্তুর চেয়ে কম, এরূপ বোঝাতে। | ১. একজন পুলিশ সার্জেন্ট একজন পুলিশ ইন্সপেক্টরের চেয়ে নিচের পদমর্যাদার।<br>⇒ A police sergeant is below a police inspector. |
| **Beside** | ১. কোনো ব্যক্তি/বস্তুর পাশে বোঝাতে। | ১. সে সারারাত তার পাশে বসেছিল।<br>⇒ He sat beside her all night. |
| | ২. কোনো ব্যক্তি/বস্তুর সাথে তুলনা করা অর্থে। | ১. আমার ছবিটি তোমারটির পাশে শিশুসুলভ লাগে।<br>⇒ My painting looks childish beside yours. |
| **Besides** | ১. কোনো ব্যক্তি/বস্তু/প্রাণী ছাড়াও অন্যদের বোঝাতে। | ১. গান ছাড়াও আমাদের চারপাশে অনেক বস্তু আছে।<br>⇒ We have lot of things in common besides music. |
| **Between** | ১. দুটি ব্যক্তি/বস্তু/প্রাণী/সময়/দেশ ইত্যাদির মধ্যে কোনো কাজ ঘটলে। | ১. তুমি ২টা-৩টার মধ্যে দেখা করো।<br>⇒ You meet me between 2 pm and 3 pm.<br>২. আমরা রোম ও প্যারিসের মধ্যে সপ্তাহে দু-বার বিমানে যাওয়া-আসা করি।<br>⇒ We fly between Rome and Paris twice weekly. |
| **But** | ১. কোনোকিছু/ব্যক্তি ব্যতীত কোনো কাজ করা/না করা ইত্যাদি বোঝায়। | ১. আমাদের এই গাড়িতে সমস্যা ছাড়া অন্য কিছুই নেই।<br>⇒ We have had nothing but trouble with this car.<br>২. রাসা ছাড়া একাজটি কে করবে?<br>⇒ Who will do this work but Rasha? |
| **By** | ১. কোনো ব্যক্তি/বস্তুর পাশে বোঝাতে। | ১. টেলিফোনটি জানালার পাশে আছে।<br>⇒ The telephone is by the window. |
| | ২. বাক্যটি Passive form-এ ব্যবহৃত হলে। | ১. সে একটি বাসের ধাক্কায় মাটিতে পড়ে গেল।<br>⇒ He was knocked down by a bus. |
| | ৩. কোনোকিছু/ব্যক্তি/প্রাণী দ্বারা কোনো কাজ সম্পন্ন হওয়া অর্থে। | ১. মা গ্যাস দ্বারা রান্না করেন।<br>⇒ Mother cooks by gas. |
| | ৪. সুনির্দিষ্ট সময় বোঝাতে, সময়ের পরে নয়। | ১. তুমি কি কাজটি ৫টায় শেষ করতে পারবে?<br>⇒ Can you finish the work by 5 pm? |
| | ৫. কোনো ব্যক্তি/বস্তু অতিক্রম করে যাওয়া। | ১. সে কথা না বলেই আমার পাশ দিয়ে হেঁটে গেল।<br>⇒ He walked by me without speaking. |
| | ৬. সুনির্দিষ্ট পরিবেশে /মাধ্যমে কোনো কাজ করা। | ১. মোমের আলোয় আমাদের কাজ করতে হয়েছিল।<br>⇒ We had to work by candle light. |
| | ৭. কোনোকিছুর পরিমাণ নির্দেশ করতে। | ১. দুই ইঞ্চির জন্য বুলেটটি লক্ষ্যভ্রষ্ট হলো।<br>⇒ The bullet missed by two inches. |
| | ৮. কোনোকিছু দ্বারা কোনো কিছুকে দেখানো। | ১. আমার ঘড়িতে এখন দুটো বাজে।<br>⇒ It is two o'clock by my watch. |
| | ৯. কোনো ব্যক্তি দ্বারা কোনো ব্যক্তিকে স্পর্শ করা বোঝাতে। | ১. আমি তাকে হাত দিয়ে লইলাম।<br>⇒ I took him by the hand. |
| | ১০. কোনো কাজের হার বোঝানো অর্থে। | ১. তারা দিন দিন উন্নতি করছে।<br>⇒ They are improving day by day. |
| | ১১. কোনো ব্যক্তির পেশা, জন্মস্থান ইত্যাদি বোঝাতে। | ১. সে জন্মগতভাবে জার্মান।<br>⇒ He is German by birth. |

| Preposition | Where used (যেসব ক্ষেত্রে ব্যবহৃত হয়) | Example |
|---|---|---|
| By | ১২. কারো নামে শপথ করা অর্থে। | ১. আমি আল্লাহর নামে শপথ নিচ্ছি।<br>⇒ I swear by Almighty Allah. |
| | ১৩. কোনো বস্তুর মাপ-পরিমাপ প্রকাশ করতে। | ১. কক্ষটি ১৫ মিটার প্রস্থ ২০ মিটার দৈর্ঘ্য।<br>⇒ The room is fifteen metre by twenty metre. |
| | ১৪. গুণ করা/ভাগ করা অর্থে। | ১. ছয় দ্বারা দুই গুণ করলে ১২ হয়।<br>⇒ Six if multiplied by two equals 12. |
| | ১৫. Idiom হিসেবে যেমন— by the by যার অর্থ কথা প্রসঙ্গে ... | ১. কথা প্রসঙ্গে, তুমি এখন কোথায় যাচ্ছ?<br>⇒ By the by, where are you going? |
| Beyond | ১. কোনোকিছুর অপর দিকে। | ১. রাস্তাটি গ্রামের পিছন দিয়ে পাহাড় পর্যন্ত বিস্তৃত।<br>⇒ The road continues beyond the village up to the hills. |
| | ২. সুনির্দিষ্ট সময়ের পরে বোঝালে। | ১. এটা মধ্যরাতের পরে যাবে না।<br>⇒ It won't go on beyond midnight. |
| | ৩. কোনোকিছুর চেয়ে অধিক। | ১. আমাদের সাফল্য প্রত্যাশার বাইরে ছিল।<br>⇒ Our success was far beyond our expectation. |
| | ৪. কোনোকিছু সাধ্যের বাইরে। | ১. সাইকেলটি মেরামতের বাইরে।<br>⇒ The bicycle was beyond repair. |
| During | ১. কোনো সময় ধরে/সময়ের পুরোটা বোঝায়। | ১. মুক্তিযুদ্ধের সময় আমরা সবাই উৎকণ্ঠা ও আতঙ্কে ছিলাম।<br>⇒ We were all in anxiety and fear during our Liberation War. |
| | ২. কোনো সময়ের নির্দিষ্ট কোনো মুহূর্তে–এরূপ বোঝাতে। | ১. রাতে তাকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছিল।<br>⇒ He was taken to the hospital during night. |
| For | ১. কারো জন্য/নিমিত্তে কোনো কাজ করা হলে। | ১. তোমার একটি চিঠি আছে।<br>⇒ Here is a letter for you.<br>২. আমি তোমার জন্য কী করতে পারি?<br>⇒ What can I do for you? |
| | ২. প্রতিনিধিত্বকারী হিসেবে কাউকে বোঝানো হলে। | ১. এই বিভাগে সবার জন্য আমি বলছি।<br>⇒ I am speaking for everyone in this department. |
| | ৩. কোনোকিছুর পক্ষে কথা বলা অর্থে। | ১. তুমি কি প্রস্তাবনার পক্ষে?<br>⇒ Are you for the proposal? |
| | ৪. উদ্দেশ্য বোঝাতে। | ১. এ যন্ত্রটি রুটি টুকরো করার জন্য।<br>⇒ This machine is for slicing the bread. |
| | ৫. 'কারণ' হিসেবে বোঝানোর জন্য। | ১. তিনি আমার জন্মদিনে একটি ঘড়ি দিয়েছিলেন।<br>⇒ She sent a watch for me on my birthday. |
| | ৬. কোনোকিছু পাওয়ার উদ্দেশ্যে। | ১. সে আমার নিকট এসেছিল উপদেশের জন্য।<br>⇒ He came to me for advice. |
| | ৭. কোনোকিছুর বিনিময়ে। | ১. কপিগুলো পাওয়া যাবে প্রতিটির জন্য দু-ডলারের বিনিময়ে।<br>⇒ Copies are available for two dollars each. |
| | ৮. যা প্রত্যাশা করা যায় না কারো কাছ থেকে বয়স কিংবা সুযোগের তুলনায়। | ১. সে বয়সের তুলনায় লম্বা।<br>⇒ He is tall for his age. |
| | ৯. কোনো ব্যক্তি বা বস্তুর কোনো দিকের যাত্রা অর্থে। | ১. এই বাসটি শিকাগোর দিকে যাচ্ছে কি?<br>⇒ Is this the bus for Chicago? |
| | ১০. কোনো অনির্দিষ্ট সময় ধরে বোঝাতে। | ১. আমি কয়েকদিনের জন্য যাচ্ছি।<br>⇒ I am going away for a few days. |
| | ১১. দূরত্ব বোঝাতে। | ১. মাইলের পর মাইল এ রাস্তাটি গিয়েছিল।<br>⇒ This road went for miles after miles. |
| In | ১. বড়ো স্থান, দেশ-এর মধ্যে বোঝালে। | ১. সে আমেরিকায় থাকে।<br>⇒ He lives in America. |
| | ২. বছরের মধ্যে বোঝালে। | ১. সে ১৯৮৮ সালে জন্মগ্রহণ করে।<br>⇒ He was born in 1988. |
| | ৩. সপ্তাহে/মাসে/বছরে একবার বোঝালে। | ১. তিনি সপ্তাহে একবার এখানে আসেন।<br>⇒ He comes here once in a week. |
| | ৪. কোনো স্থানে কাজ করা অর্থে। | ১. আব্দুস সালাম হাসপাতালে চাকরি করেন।<br>⇒ Abdus Salam works in the hospital. |
| | ৫. কোনো জায়গায় কেউ অবস্থান করছে বোঝালে। | ১. বাবা এখন শোবার ঘরে আছেন।<br>⇒ Father is staying in the bedroom. |
| | ৬. গতিশীল অবস্থায় গাড়িতে চড়া অর্থে। | ১. তাড়াতাড়ি গাড়িতে ওঠ।<br>⇒ Get in the car soon. |

| Preposition | Where used (যেসব ক্ষেত্রে ব্যবহৃত হয়) | Example |
|---|---|---|
| **In** | ৭. কোনো ব্যক্তি/বস্তুর ভাব কিংবা অবস্থা বোঝাতে। | ১. আমার বন্ধু ব্যস্ত আছেন।<br>⇒ My friend is in a hurry. |
| | ৮. কোনো পরিমাণের একক বোঝাতে। | ১. দৈর্ঘ্যটি মিটারে মাপ।<br>⇒ Take the length in metre. |
| | ৯. কোনো মাধ্যম বোঝাতে। | ১. আবেদনপত্রটি হাতে হাতে দিতে হবে।<br>⇒ The application is to be submited in hand.<br>২. চিত্রকর্মটি পেন্সিলের আঁকা।<br>⇒ The art is in pencil. |
| | ১০. আয়কর প্রদান অর্থে। | ১. তোমাকে দশ ভাগ টাকায় প্রদান করতে হবে।<br>⇒ You are to pay 10% in the taka. |
| | ১১. সমাপ্তি বোঝাতে/সময়ানুযায়ী; In the end/In time/In conclusion/In the next three days ইত্যাদি ক্ষেত্রে। | ১. সবশেষে বক্তা বর্তমান রাজনীতি নিয়ে কথা বললেন।<br>⇒ In the end the speaker talked about the present politics. |
| **Into** | ১. কোনো স্থানে গতি নিয়ে কাজ করা/প্রবেশ করা বোঝাতে। | ১. সে পানিতে ঝাঁপ দিলো।<br>⇒ He dived into the water.<br>২. সে চিঠিটি আগুনে নিক্ষিপ্ত করল।<br>⇒ He threw the letter into the fire. |
| | ২. কোনো কিছুর নির্দেশ করলে। | ১. মাইক্রোফোনে পরিষ্কারভাবে কথা বলো।<br>⇒ Speak clearly into the microphone. |
| | ৩. কোনো নির্দিষ্ট দিকে কোনো কিছুর সাথে সংঘর্ষ অর্থে। | ১. একটি দাঁড়ানো গাড়ির সাথে ট্রাকটি ধাক্কা দিয়ে চূর্ণবিচূর্ণ হলো।<br>⇒ The truck crashed into a parked car. |
| | ৪. রূপান্তরিত হওয়া/করা অর্থে। | ১. ফলটি জ্যামে পরিণত করা যেতে পারে।<br>⇒ The fruit can be turned into jam. |
| | ৫. কোনো সংখ্যায় ভাগ হয়ে যাওয়া অর্থে। | ১. তারা ৫ দলে ভাগ হয়েছিল।<br>⇒ They were divided into five groups. |
| **On** | ১. কোনো ব্যক্তির শৃঙ্খলা প্রকাশ করতে। | ১. লুনা সময়মতো প্রতিদিন থাকে।<br>⇒ Luna is on time every day. |
| | ২. কোনো বস্তুর উপরে অবস্থানকে বোঝায়। | ১. বইটি টেবিলের উপর।<br>⇒ The book is on the table. |
| | ৩. ক্রিয়াপদের সাথে on যুক্ত হয়ে আয়কর প্রদান অর্থ প্রকাশ করে। | ১. অর্থমন্ত্রী রিকশাওয়ালাদের কর দিতে বললেন।<br>⇒ The Finance Minister asked to charge on the rickshawala. |
| | ৪. যানবাহনে চড়া অর্থে ব্যবহৃত হয়। | ১. তাড়াতাড়ি গাড়িতে উঠ।<br>⇒ Get on the vehicle quickly. |
| | ৫. সপ্তাহ/তারিখের পূর্বে ব্যবহৃত হয়। | ১. রশনি প্রতি সোমবারে এখানে আসে।<br>⇒ Rashni comes here on every Monday. |
| | ৬. বিষয়ের আগে on ব্যবহৃত হয় | ১. তিনি গণতন্ত্রের বক্তব্য রাখলেন।<br>⇒ He delivered speech on democracy. |
| | ৭. সম্পর্ক বোঝাতে on ব্যবহৃত হয়। | ১. তার সাথে আমার ভালো সম্পর্ক নেই।<br>⇒ I am not on good terms with him. |
| **Over** | ১. কোনো কিছুর উপর (সরাসরি) বোঝাতে। | ১. সে ঘুমন্ত শিশুর উপর একটি কম্বল রাখল।<br>⇒ She kept a blanket over the sleeping child. |
| | ২. কোনো কিছুর পারাপার অর্থে। | ১. তারা ঘাসের উপর দিয়ে দৌড়াল।<br>⇒ They ran over the grass. |
| | ৩. বিপরীত পাশে বোঝাতে। | ১. সে রাস্তার ওপারে বাস করে।<br>⇒ He lives over the road. |
| | ৪. সমগ্র/সারা অর্থে ব্যবহৃত হয়। | ১. তারা সারা পৃথিবী জুড়ে ভ্রমণ করেছে।<br>⇒ They have travelled all over the world. |
| | ৫. কোনো নির্দিষ্ট সময়ের/ পরিমাণের/ মূল্যের অধিক বোঝাতে। | ১. সে (স্ত্রী) একমাসের অধিক লন্ডন ছিল।<br>⇒ She was in London for over a month. |
| | ৬. কারো উপরের কর্তৃপক্ষকে বোঝাতে। | ১. তার (স্ত্রী) উপর একজন পরিচালক আছেন।<br>⇒ She has a director over her. |
| | ৭. কোনো মাধ্যম বোঝাতে। | ১. সে টেলিফোনে কথা বললো।<br>⇒ He talked over telephone. |
| | ৮. সময়কাল ধরে (During)। | ১. আমরা দুপুরে খাবার সময় আলোচনা করব।<br>⇒ We shall discuss over lunch. |
| **Out of** | কোনো ব্যক্তি/বস্তু কোনো কিছু থেকে বাইরে অবস্থানকে বোঝাতে। | ১. সুজন এখন বাড়ির বাইরে।<br>⇒ Sujan is now out of doors. |

| Preposition | Where used (যেসব ক্ষেত্রে ব্যবহৃত হয়) | Example |
|---|---|---|
| **Off** | ১. কোনোকিছু থেকে পড়ে যাওয়া অর্থে। | ১. সে মই থেকে পড়ে গেল।<br>⇒ He fell off the ladder. |
| | ২. কোনোকিছু সরিয়ে নেওয়া অর্থে। | ১. বোতলের ঢাকনাটা প্রথমে খুলে নেওয়া প্রয়োজন।<br>⇒ You need to take off the top of the bottle. |
| | ৩. দায়িত্ব থেকে অব্যাহতি অর্থে। | ১. তার স্কুলের দশ দিন বন্ধ আছে।<br>⇒ He has had ten days off school. |
| | ৪. মূল্য ছাড় অর্থে। | ১. তারা গাড়ির ৫০০ ডলার হ্রাসের সুযোগটি ধরেছিল।<br>⇒ They availed $ 500 off the car. |
| **To** | ১. দিকনির্দেশনা অর্থে। | ১. সে পশ্চিম দিকে রওয়ানা করেছিল।<br>⇒ He started to the west. |
| | ২. সম্পর্ক নির্দেশে। | ১. সে একজন ইতালিয়ানকে বিবাহ করেছিল।<br>⇒ She was married to an Italian. |
| | ৩. পরিমাণ/হার নির্দেশনায়। | ১. এক ইঞ্চিতে ২.৫৪ সেমি আছে।<br>⇒ There are 2.54 cm to an inch. |
| **Till/Until** | ১. সময় পর্যন্ত/বার পর্যন্ত/মাস পর্যন্ত/ কোনো অবস্থা পর্যন্ত বা ঐ সময়/বার/ মাস/ বছর/ অবস্থা না হওয়া পর্যন্ত ইত্যাদি ক্ষেত্রে। | ১. সে সোমবার পর্যন্ত এখানে থাকবে।<br>⇒ He will stay here till/until Monday. |
| **Towards** | ১. কোনোকিছুর দিকে বোঝাতে। | ১. তারা জার্মান সীমান্তের দিকে এগোচ্ছিল।<br>⇒ They were heading towards German border. |
| | ২. কোনো নিকট সাফল্যের দিকে যাওয়া বোঝাতে। | ১. রাজনৈতিক সাফল্যের এটিই প্রথম পদক্ষেপ।<br>⇒ This is the first step towards political success. |
| | ৩. কোনোকিছু অর্জনের লক্ষ্যেই এগিয়ে যাওয়া। | ১. টাকাটা নতুন স্কুল ভবনের জন্য যাবে।<br>⇒ The money will go towards a new school building. |
| **Upto** | ১. Upto-এর ব্যবহার till-এর মতোই। | ১. তুমি সকাল পর্যন্ত অপেক্ষা করো।<br>⇒ You wait upto morning. |
| **Up** | ১. কোনোকিছুর উপর পর্যন্ত বোঝায়। | ১. গ্রামটি পাহাড়ের উপর পর্যন্ত বিস্তৃত।<br>⇒ The village is further up the hills. |
| **Upon** | ১. On/Upon একই। | ১. সিদ্ধান্ত দুটি বিবেচনার উপর প্রতিষ্ঠিত ছিল।<br>⇒ The decision was based on/upon two considerations. |
| **Under** | ১. কোনোকিছুর নিচে অবস্থানকে বোঝায়। | ১. গাছের নিচে একটি লোক দাঁড়িয়ে আছে।<br>⇒ A man is standing under a tree. |
| | ২. কোনো উপরিভাগের নিচে অবস্থানকে বোঝায়। | ১. নৌকাটি পানির কয়েক মিটার নিচে অবস্থান করছিল।<br>⇒ The boat was under several metre of water. |
| | ৩. কারো চেয়ে বয়সে ছোটো/আয়ের দিক থেকে কম ইত্যাদি অর্থে। | ১. সে ১৮ বছরের চেয়ে ছোটো।<br>⇒ He is under 18.<br>২. সে তিন হাজার টাকার কম আয় করে।<br>⇒ He earns under 3000. |
| | ৪. কোনোকিছুর নিয়ন্ত্রণে/অধীনে বোঝাতে। | ১. আমি একজন পরিচালকের অধীনে কাজ করি।<br>⇒ I work under a director.<br>২. হোটেলটি নির্মাণাধীন।<br>⇒ The hotel is under construction. |
| | ৫. প্রভাব বিস্তার অর্থে। | ১. চাপের কারণে দেয়ালটি ধসে পড়ল।<br>⇒ The wall collapsed under the strain. |
| **With** | ১. কোনো ব্যক্তি/বস্তু/প্রাণীর সাথে থাকা বা কাজ করা বোঝাতে। | ১. সে তার বাবা-মার সাথে থাকে।<br>⇒ He lives with her parents. |
Direct : Supta said, "I had completed my lessons before I went to bed."
Indirect : Supta said that he had completed his lessons before he went to bed.
Direct : Bipul said, "I had been suffering from fever for three days."
Indirect : Bipul said that he had been suffering from fever for three days.

(viii) **Future Tense ⟹ Future in the form of past :**

Direct Narration-এ Reported Speech-এর Verb যদি Future Tense হয়, তবে Indirect Narration-এ তা Future in Past-এ পরিবর্তিত হয়। যেমন—

Direct : Setu said, "I shall go to America along with my parents."
Indirect : Setu said that she would go to America along with her parents.

## EXCEPTION (ব্যতিক্রম)

**3.** Direct Narration-এ Reported Speech যদি কোনো Universal truth (চিরন্তন সত্য) বা Habitual fact (অভ্যাসগত সত্য); Geographical fact (ভৌগোলিক সত্য); Historical fact (ঐতিহাসিক সত্য); Still truth (এখনো সত্য বিষয়); Quotation (উদ্ধৃতি); Proverbs (প্রবাদ বাক্য) ইত্যাদি বোঝায়, তবে Reporting Verb, Past Tense হওয়া সত্ত্বেও Reported Speech-এর Tense-এর কোনো পরিবর্তন হবে না। যেমন—

| Direct | Indirect |
|---|---|
| The teacher said, "Honesty is the best policy." | The teacher said that honesty is the best policy. |
| My mother said, "The earth moves round the sun." | My mother said that the earth moves round the sun. |
| He said, "Allah is one." | He said that Allah is one. |

**4.** Direct Narration-এ Reported Speech-এ যদি 'must' থাকে, তবে Indirect Speech-এ তা 'had to'-তে পরিবর্তিত হয়। যেমন—

Direct : Monika said, "I must write a letter." Indirect : Monika said that she had to write a letter.

✪ কিন্তু must দ্বারা চিরকালীন বাধ্যবাধকতা বা কোনো rule বা principle বোঝালে must-এর কোনো পরিবর্তন হবে না। যেমন—

| Direct | Indirect |
|---|---|
| The teacher said, "You must speak the truth." | The teacher said that I must speak the truth. |
| My father said, "You must obey your superiors." | My father said that I must obey my superiors. |

**5.** Direct Narration-এ Reported Speech-এ মূল Verb-এর পূর্বে could, might, used to, ought to ইত্যাদি থাকলে Indirect Speech-এ তা অপরিবর্তিত থাকবে। যেমন—

| Direct | Indirect |
|---|---|
| He said, "I should help the poor." | He said that he should help the poor. |
| Sathi said, "I used to wake up early in the morning while I was a student." | Sathi said that she used to wake up early in the morning while she had been a student. |
| Shanu said, "I might help you in danger." | Shanu said that she might help me in danger. |

6. Direct Narration-এ Reported Speech-এর মূল Verb-এর পূর্বে যদি can বা may থাকে, তবে Indirect Speech/Narration-এ এদের পরিবর্তে Could বা might বসবে। যেমন—

Direct : Madhurja said, "I can work hard." Indirect : Madhurja said that he could work hard.
Direct : Sumi said, "I may do the work." Indirect : Sumi said that she might do the work.

## Person পরিবর্তনের নিয়ম

1. Reported Speech-এর অন্তর্গত 1st Person (I, we, me, us, my, our, mine, ours) সর্বদা Reporting Verb-এর Subject-এর Person, Number ও Gender অনুযায়ী পরিবর্তিত হয়। যেমন—

**Direct** : He said to me, "I have done my duty."
**Indirect** : He told me that he had done his duty.

ওপরের উদাহরণে লক্ষণীয় যে, Reported speech-এর subject হলো I (1st person), ফলে Indirect Narration-এর সময় তা Reporting verb-এর subject He-কে অনুসরণ করায় Reported speech-এর subject-এর number অনুযায়ী He ব্যবহৃত হয়েছে।

ব্যতিক্রম : Reported speech-এ 'We' দ্বারা যদি বক্তা ও যাকে উদ্দেশ্য করে বলা উভয়কে বোঝায় তবে Indirect speech-এ তার কোনো পরিবর্তন হবে না।

**Direct** : He said to me, "We should respect our teachers."
**Indirect** : He told me that we should respect our teachers.

2. Reported Speech-এর অন্তর্গত 2nd Person (you, your, yours) সর্বদা Reporting Verb-এর Object-এর Person, Number ও Gender অনুযায়ী পরিবর্তিত হয়। যেমন—

**Direct** : They said to me, "You did the work."
**Indirect** : They told me that I had done the work.

ওপরের উদাহরণে Reported speech-এর subject হলো you যা Reporting verb-এর object, me-কে অনুসরণ করে এবং Reported speech-এর কর্তার Number অনুযায়ী I ব্যবহৃত হয়েছে।

3. Reported Speech-এর অন্তর্গত 3rd Person (he, she, they, him, her, them, his, their, hers, theirs ইত্যাদি) সর্বদা Indirect Narration-এ অপরিবর্তিত থাকে। যেমন—

**Direct** : He said to you, "He has done the work."
**Indirect** : He told you that he had done the work.

4. যখন Reporting verb অংশে বক্তার কোনো উল্লেখ না থাকে তখন বক্তা ধরে নিয়ে Indirect Narration করতে হয়। যেমন—

**Direct** : "I shall go home soon."
**Indirect** : The speaker told the person spoken to that he would go home soon.
Or, He told me that he would go home soon.

## নিকটবর্তী শব্দকে দূরবর্তী শব্দে পরিবর্তন

■ Reporting Verb যদি Past Tense-এ থাকে, তবে Indirect Speech-এ Direct Speech-এর নিকটবর্তী শব্দকে দূরবর্তী শব্দে পরিবর্তন করতে হয়। যেমন—

| Direct Speech | Indirect Speech |
|---|---|
| This (এই) | That (ঐ) |
| These (এগুলো) | Those (ঐগুলো) |
| Here (এখানে) | There (সেখানে) |
| Come (আসা) | Go (যাওয়া) |
| Ago (পূর্বে) | Before (পূর্বে) |
| Hither (এখানে) | Thither (সেখানে) |
| Thus (এভাবে) | So (সেভাবে) |
| Hence (এ কারণে) | Thence (সে কারণে) |
| Now (এখন) | Then (তখন) |
| Today (আজ) | That day (ঐদিন) |
| Tonight (আজ রাত) | That night (ঐরাত) |
| Tomorrow (আগামীকাল) | The next day/the following day (পরের দিন/সামনের দিন) |
| The day after tomorrow (পরশুদিন) | The second day following (দ্বিতীয় দিনের পরের দিন) |
| Yesterday (গতকাল) | The previous day/The day before (পূর্বের দিন/আগের দিন) |
| The day before yesterday (গত পরশুদিন) | The second day preceding (গতদিনের আগের দিন) |
| Last night (গতরাত) | The previous night (পূর্বের রাত) |
| Last month (গত মাস) | The previous month/The month before (পূর্বের মাস) |
| Last year (গত বছর) | The previous year/The year before (পূর্বের বছর) |
| Next week (পরবর্তী সপ্তাহ) | The following week (সামনের সপ্তাহ) |
| Next year (পরবর্তী বছর) | The following year (সামনের বছর) |
| At once (এখনই) | Immediately (তখনই) |

**Note :** উক্ত পরিবর্তনের ক্ষেত্রে, **this**-এর রূপান্তর :
(i) সময় বুঝাতে this হয়ে যায় that : this month → that month
(ii) ব্যক্তি, বস্তু, ধারণা বুঝাতে this হয়ে যায় the : this boy → the boy
(iii) সর্বনাম বুঝাতে কেবলমাত্র this হয়ে যায় it : this → it

**Note :** উক্ত পরিবর্তনের ক্ষেত্রে, **these**-এর রূপান্তর :
these সাধারণত those হয়ে যায় ; তবে subject হিসেবে They এবং Object হিসেবে them-এও পরিবর্তিত হতে পারে।

আমরা জানি যে, পাঁচ ধরনের বাক্য রয়েছে যেগুলো নিম্নরূপ :
(i) Assertive sentence (বিবৃতিসূচক বাক্য);
(ii) Interrogative sentence (প্রশ্নবোধক বাক্য);
(iii) Optative sentence (প্রার্থনাসূচক বাক্য);
(iv) Imperative sentence (আদেশ/উপদেশ/অনুরোধসূচক বাক্য);
(v) Exclamatory sentence (বিস্ময়সূচক বাক্য)।
উপর্যুক্ত বাক্যগুলোর প্রতিটিরই Direct Narration ও Indirect Narration হয়। তবে একমাত্র Imperative sentence ছাড়া প্রতিটির tense-এর পরিবর্তন হয় যখন Direct Narration-কে Indirect Narration-এ রূপান্তরিত করা হয়।

## ASSERTIVE SENTENCE

Assertive sentence-কে Indirect Narration-এ রূপান্তরে নিম্নলিখিত নিয়মগুলো অনুসরণ করতে হবে :
1. Reporting verb said থাকলে Indirect speech-এর সময় said অপরিবর্তিত থাকবে।
2. Reporting verb-এর object থাকলে said to-এর পরিবর্তে told ব্যবহৃত হবে। এছাড়া say to/says to-এর পরিবর্তে tell/tells ব্যবহৃত হবে।
3. Reporting verb says কিংবা say to/says to হলে Reported speech-এর Tense-এর পরিবর্তন হবে না।
4. Reporting verb Past Indefinite Tense অর্থাৎ said/said to থাকলে Reported speech-এর Tense-এর পরিবর্তন হয়ে Corresponding Past Tense হবে।
5. Reported speech চিরন্তন সত্য হলে Tense-এর পরিবর্তন হবে না।
6. Inverted commas তুলে দিয়ে that ব্যবহৃত হবে।

**Examples :**

| Direct | Indirect |
|---|---|
| Munni said, "I shall do the work." | Munni said that she would do the work. |
| Kamal said to me, "He will go to Dhaka." | Kamal told me that he would go to Dhaka. |
| They say to me, "You can help your father." | They tell me that I can help my father. |
| We say, "You can work hard." | We say that you can work hard. |
| Teacher said to us, "The earth moves round the sun." | Teacher told us that the earth moves round the sun. |

## EXERCISE—1

**Change the form of speech in the following sentences :**
1. He will say to me, "I can advise you."
2. You said to him, "I have gone to Dhaka."
3. The teacher said, "The sun is bigger than the moon."
4. You said to me, "I did not find you."
5. Sabina said to me, "I met your sister yesterday."
6. He says to me, "You are a good student."
7. He said to me, "I can help you."
8. The teacher said to me, "You may come tomorrow."
9. He said, "He reached the station in time."
10. My mother said, "Oil floats on water."

## INTERROGATIVE SENTENCE

1. Reported speech-এর শেষে একটি প্রশ্নবোধক চিহ্ন থাকে।
2. Indirect Narration-এ Interrogative Reported speech-টি Assertive sentence-এ পরিণত হয়।
3. Reporting verb যেমন— say কিংবা say to-এর পরিবর্তে ask বা enquire of এবং said কিংবা said to-এর পরিবর্তে asked বা enquired of বসে।
4. Reported speech-টি যদি Auxiliary verb অর্থাৎ (do, does, did, shall, will, am, is, are, was, were, can, may ইত্যাদি) দ্বারা আরম্ভ হয় এবং সেটি যদি 'Yes' or 'No' question হয় তবে Reported speech-এর পূর্বে that না বসিয়ে if/whether বসাতে হয়। যেমন—
   **Direct :** Father said, "Are you reading now?"
   **Indirect :** Father asked if he was reading then.
   ব্যাখ্যা : ওপরের উদাহরণটিতে Reported speech-টি Auxiliary verb (are) দিয়ে শুরু। সে কারণে Inverted commas তুলে দিয়ে if ব্যবহৃত হয়েছে। Reported speech-কে Assertive-এ পরিণত করা হয়েছে। Reporting verb, said-এর পরিবর্তে asked ব্যবহৃত হয়েছে। বাকিগুলো মৌলিক নিয়ম অনুযায়ী করা হয়েছে।
5. Reported speech-টি যদি Interrogative pronoun বা WH-question words; যেমন— who, which, what, when, whom, where, whose, why, how ইত্যাদির যে-কোনো একটি দ্বারা আরম্ভ হয় তবে if/whether না বসে ঐ Pronoun-টি বা Wh-question word-টিই বসে। যেমন—
   **Direct :** Naim said to me, "Where did you go yesterday?"
   **Indirect :** Naim asked me where I had gone the previous day.
   ব্যাখ্যা : ওপরের উদাহরণটিতে Reported speech-টি Interrogative pronoun (where) দিয়ে শুরু হয়েছে। সে কারণে Inverted commas সরাসরি তুলে দেওয়া হয়েছে। এর পরিবর্তে কিছুই ব্যবহৃত হয়নি। Said to-এর পরিবর্তে asked ব্যবহৃত হয়েছে। বাকিগুলো মৌলিক নিয়ম অনুযায়ী করা হয়েছে। Ask-এর পর 'to' preposition বসে না।

## EXERCISE—2

**Change the form of speech in the following sentences :**
1. He said to me, "Are you ill?"
2. I said to him, "Will you do me this favour?"
3. Rehana said to her brother, "Have you done the sum?"
4. Sabina said, "Who has been reading in this school for five years?"
5. He said to me, "Whom do you want?"
6. Rina said to Shanu, "Do you go to college everyday?"
7. Tarana said to Torun, "Did you come to our house yesterday?"

## IMPERATIVE SENTENCE

1. Reporting verb-টি Reported speech-এর বিভিন্ন ভাব; যেমন- অনুরোধ (request), আদেশ (order/command), ক্ষমা (pardon/beg), উপদেশ (advise) অনুযায়ী ব্যবহৃত হয়। তবে Reporting verb-টি past form হলে indirect করার সময় উল্লিখিত verb-গুলোরও past form হবে। যেমন—

**Direct** : Mother said to me, "Always speak the truth."
**Indirect** : Mother advised me to speak the truth always.

ব্যাখ্যা : ওপরের উদাহরণটিতে Reported speech-টি দ্বারা উপদেশ বোঝাচ্ছে। ফলে Reporting verb হিসেবে advise ব্যবহৃত হয়েছে। যেহেতু Reporting verb-টি past form-এ আছে ফলে advise-এর past form হিসেবে advised ব্যবহৃত হয়েছে।

2. Reported speech-টি যদি মূল ক্রিয়া দ্বারা শুরু হয় তবে Inverted commas তুলে দিয়ে to ব্যবহার করতে হবে এবং Reported speech-টি হুবহু লিখতে হবে। এক্ষেত্রে Reported speech-এর Tense-এর কোনো পরিবর্তন হবে না। যেমন—

**Direct** : He said to me, "Do it at once."
**Indirect** : He ordered me to do it at once.

3. Imperative sentence-টি যদি Negative হয় তবে Reporting verb-এর উপযোগী form-এর পরে object ও not to বসে, অথবা এই অনুযায়ী forbade + object + to + verb হয়। যেমন—

**Direct** : Father said to me, "Do not run in the sun."
**Indirect** : Father ordered or advised me not to run in the sun.
Or, Father forbade me to run in the sun.

4. Reported speech-টি please দ্বারা আরম্ভ হলে please তুলে দিয়ে প্রথমে kindly ব্যবহার করা যায়। তবে শুধু please বাদ দিলেও চলে। যেমন—

**Direct** : Matin said to Hamid, "Please lend me your pen."
এটি দু-ভাবে Indirect speech-এ রূপান্তর করা যায় :
**Indirect** : Matin requested Hamid to lend him (M) his (H) pen.
Or, Matin told Hamid to kindly lend him (M) his (H) pen.

**Note :** Reported speech-টি Negative হলে kindly বসবে না। যেমন—
**Direct** : Matin said to me, "Please don't tell him the secrecy."
**Indirect** : Matin requested me not to tell him the secrecy.

5. Reported speech-এ vocative case (অর্থাৎ কাউকে সম্বোধন করা বোঝালে) থাকলে তা বাদ দিতে হয় অথবা অতিরিক্ত হিসেবে Addressing যোগ করতে হয়। যেমন—

**Direct** : He said, "Suman, come here."
**Indirect** : He told Suman to go there.
Or, Addressing (him as) Suman, he told him to go there.

6. Reported speech-টি let us দ্বারা শুরু হলে এবং প্রস্তাব দেওয়া বোঝালে Reporting verb-এর পরিবর্তে 'Propose' or 'Suggest' ব্যবহৃত হয়। Inverted commas-এর পরিবর্তে that ব্যবহৃত হয়। Reported speech-এ কর্তার পরে should বসাতে হয়। যেমন—

**Direct** : The students said to me, "Let us arrange for a picnic."
**Indirect** : The students proposed to me that we should arrange for a picnic.

বি. দ্র. : মনে রাখতে হবে, Reporting verb-এর Object first person হলে that-এর পরে we বসে।

7. Direct speech-এ let থাকা সত্ত্বেও বাক্যটির অর্থ যদি প্রস্তাব না বোঝায় তবে কর্তার পরে may বা might কিংবা might be allowed to বসাতে হয়। তবে বাক্যটির অর্থানুসারে যে-কোনো রকম পরিবর্তন হতে পারে। যেমন—

**Direct** : Suman said, "Let him say whatever he likes."
**Indirect** : Suman said that he might say whatever he liked.
**Direct** : He said to me, "Let me come in."
**Indirect** : He requested me that he might be allowed to come in.

এখানে লক্ষণীয় যে, Reported speech-এর Tense-এর পরিবর্তন Assertive sentence-এর মতোই হচ্ছে।

## EXERCISE—3

**Change the form of speech in the following sentences :**

1. He said to the servant, "Go to market."
2. The teacher said to the boy, "Come in."
3. Mother said to me, "Do not while away your time."
4. You said to Saleha, "Don't be late."
5. He said to me, "Please lend me some money."
6. He said to me, "Do this sum."
7. Sabina said to Tareq, "Please pluck some flowers."
8. The headmaster told the students, "Learn your lessons regularly."
9. He said, "Let us go out for a walk."
10. Shahida said to Rabeya, "Let me help you."
11. The man said, "Eat, drink and be merry."
12. They say, "Strike while the iron is red."
13. Ranu said to Ruby, "Do not lament for the past."

## OPTATIVE SENTENCE

1. Reporting verb উঠিয়ে wish বা pray ব্যবহৃত হয়।
2. Inverted commas উঠিয়ে দিয়ে that বসাতে হয়।
3. Reported speech-এর কর্তার পরে may বা might ব্যবহৃত হয়।
4. অন্যান্য নিয়ম Assertive sentence-এর ন্যায় হবে। যেমন—

**Direct** : My mother said, "May God bless you."
**Indirect** : My mother prayed that God might bless me.
**Direct** : He said, "Long live the king."
**Indirect** : He prayed that the king might live long.

## EXERCISE—4

**Change the form of speech in the following sentences :**

1. The teacher said to me, "May you shine in life."
2. People said, "Long live the Prime Minister."
3. I said to him, "May Allah be merciful to you!"
4. We said, "May his soul rest in peace."

## EXCLAMATORY SENTENCE

**1.** Reported speech-টি Assertive sentence-এ পরিণত হয়।

**2.** Inverted commas উঠিয়ে দিয়ে that বসাতে হয়।

**3.** Reporting verb তুলে Reported speech-এর বিভিন্ন ভাব অনুযায়ী যেমন- আনন্দ বোঝালে exclaim with joy/delight, বিস্ময় বোঝালে exclaim with wonder/surprise, দুঃখ, বিষাদ বোঝালে exclaim with grief/sorrow, শুভ ইচ্ছায় wish, বিদায় বোঝালে bid, প্রতিজ্ঞা বোঝালে swear ইত্যাদি ব্যবহৃত হয়। যেমন—

**Direct** : The captain said, "Hurrah! Our team has won."
**Indirect** : The captain exclaimed with joy that their team had won.

ওপরের উদাহরণটিতে Reported speech দ্বারা আনন্দ প্রকাশ পাচ্ছে। সুতরাং Reporting verb-এর said-এর পরিবর্তে exclaimed with joy ব্যবহৃত হয়েছে। Inverted commas তুলে দিয়ে that ব্যবহৃত হয়েছে এবং Reported speech-এর Tense পরিবর্তন করা হয়েছে।

**4.** Reported speech-টি what/how দ্বারা শুরু হলে Indirect Narration-এ এদের পরিবর্তে greatly, very, very much কিংবা great দ্বারা বাক্যের ভাব প্রকাশ করা হয়। How এর পরিবর্তে very; what + article + adjective থাকলে what এর পরিবর্তে very বসে এবং what + article + noun থাকলে what এর পরিবর্তে great, nice, peculiar এসব উপযুক্ত ভাবানুযায়ী বসে। তবে noun-টি uncountable হলে এর আগে a/an বসবে না। যেমন—

**Direct** : You said, "What happy news it is!"
**Indirect** : You exclaimed with joy that it was very happy news.
**Direct** : He said, "What a six!"
**Indirect** : He exclaimed that it was great six.

## EXERCISE—5

**Change the form of speech in the following sentences :**

1. Rekha said, "How beautiful the scenery is!"
2. He said, "What a fool the man is!"
3. The old woman said, "Alas! I am ruined."
4. She said, "What a heart-rending sight it is!"
5. Kamal said, "Oh! What fun!"
6. Tuhin said, "Fie! What a shame!"
7. He said, "By God! What good news!"
8. They said to him, "Bravo! You have done well."
9. The boys said, "Hurrah! Our team has won the game."
10. She said, "Alas! We could not save him."

## Passage Narration করার সহজ উপায়

**01** প্রদত্ত Passage-টি মনোযোগসহকারে পড়ে প্রথমেই Speaker (বক্তা) ও Listener (শ্রোতা) চিহ্নিত করতে হবে প্রতিটি বাক্যের। যেমন—

"You look a little bit like my mother," he said, "Especially in the dark by the fire." "But you were only four, **Jerry,** when you came here. You have remembered how she looked, all these years?" said the **authoress.** "My mother lives in Mannville," said Jerry.

উপর্যুক্ত Passage-টিতে প্রথম বিভাজিত বাক্য ও শেষ বাক্যের Speaker হলো Jerry এবং Listener হলো authoress।

**02** Reporting Verb-টি যদি Direct Narration-এর শেষে বা মাঝে থাকে, Indirect Narration-এ তা Reported Speech-এর শুরুতেই বসবে। যেমন—

Direct : "Do you think that honesty is the best policy?" said the teacher to the boy.
Indirect : The teacher asked the boy if he thought that honesty is the best policy.

**03** Direct Narration-এ যদি Reported Speech-এর মধ্যে কারো নাম উল্লেখ থাকে, Indirect Narration-এ তা Reporting Verb-এর পরে লিখতে হবে। যেমন—

Direct : "Madhurja, where are you going?" said Mr. Sadek.
Indirect : Mr. Sadek asked Madhurja where he (M) was going.

**04** একই বক্তার পরপর সমজাতীয় একাধিক Speech থাকলে দ্বিতীয় ও তৎপরবর্তী Speech-গুলোকে নিম্নোক্ত উপায়ে যুক্ত করতে হয়।

**(a).** **Assertive Sentence**-এর ক্ষেত্রে Reporting Verb যদি Past Indefinite Tense-এ হয়, তবে এর ক্রমান্বয়ে Indirect Speech গুলোতে ব্যবহার এরূপ-

said/told that
↓
added that
↓
also added that
↓
further added /said/told that
↓
again added/said/told that

**For Example**

Direct : Sadia said, "I came to Dhaka this morning. I sent you an SMS before starting from home. I had an enjoyable journey but I had missed you so badly."

Indirect : Sadia **said that** she had gone to Dhaka that morning and **added that** she had sent me an SMS before starting from home. She **further/also added that** she had had an enjoyable journey but she had missed me so badly.

(b) **Interrogative Sentence**-এর ক্ষেত্রে Reporting Verb যদি Past Indefinite Tense-এ হয়, তবে তা further asked, again asked এভাবে যোগ করতে হয়।

asked if/whether
↓
further asked
↓
again asked

**For Example**

Direct : "Have you read the novel? Where did you go yesterday?" said Sumona. "I have not read the book as I was busy. I went to my village," said Samiul. "Will you return me the book today?" said Sumona.

Indirect : Sumona **asked** Samiul if he had read the novel and **further she asked** where he had gone the previous day. Samiul replied that he had not read the book as he had been busy and added that he had gone to his village. Sumona **again asked** if he would return her the book that day.

(c) **Imperative Sentence**-এর ক্ষেত্রে Reporting Verb যদি Past Indefinite Tense-এ হয়, তবে তার পরিবর্তে Indirect Speech-এ ordered/commanded/requested/advised বসে এবং and ক্রমান্বয়ে যুক্ত হয়। এই অভিব্যক্তিগুলোর কোনোটাই সুস্পষ্ট না বোঝালে told ব্যবহার করতে হয়।

**For Example**

Direct : The teacher said to the student, "Don't make a noise in the classroom. Be attentive or you will cut a sorry figure in the examination."

Indirect : The teacher **ordered** the student not to make a noise in the classroom and **advised** him to be attentive and also said that if he (s) did not do so, he would cut a sorry figure in the examination.

(d) **Optative Sentence**-এর ক্ষেত্রে Reporting Verb যদি Past Indefinite Tense-এ হয়, তবে তার পরিবর্তে Indirect Speech-এ wished/prayed that ব্যবহার এবং ক্রমান্বয়ে and wished/prayed for ব্যবহার করতে হয়।

**For Example**

Direct : My mother said, "May Allah bless you. Have a brilliant success in the examination."

Indirect : My mother **prayed that** Allah might bless me **and wished for** my brilliant success in the examination.

(e) **Exclamatory Sentence**-এর ক্ষেত্রে Reporting Verb যদি Past Indefinite Tense-এ হয়, তবে তার পরিবর্তে Indirect Speech-এ exclaimed with/exclaimed in যা খাটে এবং ক্রমান্বয়ে and exclaimed with sorrow/joy that অথবা and exclaimed that ব্যবহার করতে হয়।

**For Example**

Direct : Sumona said, "How cute the baby is! What a smiling face it has!"

Indirect : Sumona **exclaimed with joy** that the baby was very cute **and exclaimed that** it had a very smiling face.

**05** কোনো প্রশ্নের উত্তর প্রদানের ক্ষেত্রে Reported Speech-এ 'yes' অথবা 'no'-এর উল্লেখ থাকলে Past Indefinite Tense-এর সাথে, Reporting Verb হিসেবে Indirect Speech-এ এদের পরিবর্তে replied in the affirmative অথবা negative বসাতে হবে।

Reported Speech → Yes/No —
↓
Indirect Speech-এ 'Yes' অথবা 'No'-এর পরিবর্তে replied in the affirmative/negative

**For Example**

Direct : "Have you ever been to Cox's Bazar?" said Rajan. "No," said Shila.

Indirect : Rajan asked Shila if she had ever been to Cox's Bazar. Shila **replied in the negative.**

'Yes' বা 'No'-এর পর বক্তব্য থাকলে যথাক্রমে replied in the affirmative and said that বা replied in the negative and said that ব্যবহৃত হবে।

Direct : "Have you ever been to Cox's Bazar?" said Rajan. "No, I have never gone there," said Shila. "But I long for visiting the place."

Indirect : Rajan asked Shila if she had ever been to Cox's Bazar. Shila **replied in the negative and said that** she had never gone there. But she added that she longed for visiting the place.

**Exception :** কোনো প্রশ্নের উত্তর হিসেবে Yes/No না বসে যদি অন্য কোনো বিবৃতির সাথে সম্মতি/অসম্মতি প্রকাশের ক্ষেত্রে Yes/No বসে, সেক্ষেত্রে Yes এর পরিবর্তে agreed এবং No এর পরিবর্তে disagreed/denied বসাতে হয়।

**For Example**

Direct : Mother said to me, "What a nice picture it is!" "Yes, It is awesome."
Indirect : Mother exclaimed with delight that it was a very nice picture. I agreed and said that it was awesome.

বিকল্প : অধুনা 'Yes' বা 'No' থাকলে indirect speech-এ 'replied in the affirmative' বা 'replied in the negative'-এর ব্যবহার হয় না। তবে এই ব্যবহার অধিক প্রচলিত।

বর্তমানে Direct speech-এ Yes বা No থাকলে Past Indefinite Tense-এর সাথে Indirect speech-এ Sub + replied/said that + sub + পূর্বের sentence-এর সাথে সংগতিপূর্ণ auxiliary ব্যবহৃত হয়। যদি auxiliary না থাকে তবে that + sub + did/didn't ব্যবহার করতে হয়।

**Structure: Sub + replied/said that + sub + পূর্বের sentence-এর সাথে সংগতিপূর্ণ verb.**

**Examples :**

**Direct :** "Mina, have you done your English lesson today?" said the teacher. "Yes," she replied.
**Indirect :** The teacher asked Mina if she had done her English lesson that day. Mina replied that she had.
**Direct :** Mother said, "Are you ill?" "No," said Sumi.
**Indirect :** Mother asked Sumi if she was ill. Sumi replied/said that she was not.
**Direct:** The teacher said to the students, "Will you go on a study tour?" "Yes," said the students.
**Indirect :** The teacher asked the students if they would go on a study tour. The students replied/said that they would.
**Direct :** He said to them, "Do you like it?" "Yes," they replied.
**Indirect :** He asked them if they liked it. They replied that they did.
**[Reference :** A Practical English Grammar — A. J. Thomson and A.V. Martinet (Fourth edition, Oxford University Press)]

**06** কোনো passage-এ Speaker (বক্তা) ও Listener (শ্রোতা) উল্লেখ না থাকলে বক্তার স্থলে the Speaker এবং শ্রোতার স্থলে the Listener/the person spoken to ব্যবহার করতে হবে।

**For Example**

"What is she doing?" "She is trying to sleep." "Is she sick?" "She is sick a little bit."
উপরিউক্ত passage-টিতে কোনো Speaker বা Listener-এর উল্লেখ নেই। এটিকে নিম্নোক্তভাবে পড়তে হবে—

| Reporting Verb | Reported Speech |
|---|---|
| The Speaker said to the listener, | "What is she doing?" |
| The Listener/The person spoken to replied, | "She is trying to sleep." |
| The Speaker again said to the listener, | "Is she sick?" |
| The Listener/The person spoken to again answered, | "She is sick a little bit." |

**07** Direct Speech-এ যদি Assertive Sentence-এর শেষে প্রশ্নবোধক চিহ্ন থাকে, Indirect Speech-এ Reporting Verb-এর Subject-এর পূর্বে being surprised যোগ করতে হবে।

**For Example**

Direct : Rana said to Mala, "You know him?"
Indirect : Being surprised, Rana asked Mala if she knew him.

**08** Reported Speech-এ sir কথাটির উল্লেখ থাকলে Indirect Speech-এ Reporting Verb-এর Subject-এর আগে addressing as sir, অথবা reporting verb-এর আগে 'sir'-এর পরিবর্তে respectfully/politely ব্যবহার করতে হয়।

**For Example**

Direct : Shimul said, "Sir, I am very sorry."
Indirect : **Addressing as sir,** Shimul said that he was very sorry.
Direct : Rehana said to the teacher, "Sir, I need two days' leave."
Indirect : Rehana **respectfully** told the teacher that she needed two days' leave.

**09** Direct Speech-এ যদি কাউকে address (সম্বোধন) করা হয়, তবে addressing him/her/them/me/us/you as দ্বারা Indirect Speech শুরু করতে হবে।

**For Example**

Direct : "I am very happy today, friends," said the man.
Indirect : **Addressing them as friends,** the man said that he was very happy that day.
Direct : "Brothers, help me," said the woman.
Indirect : **Addressing them as brothers,** the woman requested them to help her.

**10** Reporting Verb-এর অতিরিক্ত অংশ হিসেবে Present Participle থাকলে এবং Reported Speech-এ sir/madam/friend/brother/sister ইত্যাদি থাকলে Present Participle Phrase শুরুতেই ব্যবহৃত হবে এবং subject-এর পর addressed him/her/me/you as sir/madam/friend/brother/sister ইত্যাদি এবং and + Reporting Verb (said/asked ..... reported speech অনুযায়ী) + বাকি অংশ নিয়ম অনুযায়ী ব্যবহৃত হবে।

**For Example**

Direct : "Madam, please give me your luggage," said the driver, looking at my hands.
Indirect : Looking at my hands, the driver addressed me as madam and requested me to give him my luggage.

11 Direct Speech-এ যদি By Allah/By Jove/By God/By my love/By my life ইত্যাদির উল্লেখ থাকে, তবে Indirect Speech-এর শুরুতেই Swearing by Allah/Jove/God/love/life ইত্যাদি ব্যবহৃত হবে।

**For Example**

Direct : "By Allah," he replied, "I will not leave you in danger."
Indirect : Swearing by Allah he replied that he would not leave me in danger.
Direct : "By my love," she replied, "I will not forget you."
Indirect : Swearing by her love, she replied that she would not forget me.

12 Inverted Commas-এর বাইরে কোনো Phrase/Clause থাকলে, Indirect Speech-এ তা Reporting Verb-এর শুরুতেই ব্যবহৃত হবে। কিন্তু Present Participle Phrase ছাড়া অন্য কোনো Phrase থাকলে তা অপরিবর্তিত থাকবে। অর্থাৎ জায়গার কোনো পরিবর্তন হবে না।

**For Example**

Direct : "Are you brothers?" asked the mistress of the house **turning to the dervishes.**
Indirect : **Turning to the dervishes,** the mistress of the house asked if they were brothers.
Direct : "Do you want to get admitted into this school?" asked the Headmaster of the school situated at Luxmibazar.
Indirect : The Headmaster of the school **situated at** Luxmibazar asked (him) if he wanted to get admitted into the school.

13 অনেক সময় ভিন্ন Reporting Verb; যেমন— **replied, cried, muttered** ইত্যাদি দিয়ে Direct Speech শুরু হয়। এক্ষেত্রে Reporting Verb অপরিবর্তিত থাকবে।

**For Example**

Direct : "Keep your word!" he **cried** loudly.
Indirect : He **cried** loudly to keep his (the person spoken to) word.

14 Reported Speech-এ **Thank you** থাকলে, Indirect Speech-এ Reporting Verb-এর স্থলে thanked (tense অনুযায়ী) এবং এরপর Reporting Verb-এর Object বসাতে হবে।

**For Example**

Direct : "Thank you," they said to us.
Indirect : They **thanked** us.
Direct : "Thank you," the boy said to the writer receiving the gift.
Indirect : Receiving the gift, the boy **thanked** the writer.

15 Reported Speech-এর শুরুতে **'Hello'** শব্দটি থাকলে, Indirect Speech-এ Reporting Verb-এর Subject-এর পর greet (tense অনুযায়ী) + obj. + and + Reported Speech-এর Sentence অনুযায়ী Reporting Verb-সহ অন্যান্য পরিবর্তন হয়।

**For Example**

Direct : Avi said, "Hello Supti, how are you?"
Indirect : Avi greeted Supti and asked her how she was.
Or, Greeting Supti, Avi asked how she was.

16 কারও সম্পর্কে জানতে Reported Speech-এ Verb উহ্য রেখে Interrogative Sentence-এ **'What about + obj.'** ব্যবহৃত হলে Indirect Speech-এ Reporting Verb হিসেবে 'want to know' (tense- অনুযায়ী) ব্যবহৃত হয়।

**Structure :** Sub + **want/wanted** to know + about + যার সম্পর্কে জানতে চাওয়া হয়েছে তার obj. form.

**For Example**

Direct : Mou said to Sharna, "What about you?"
Indirect : Mou wanted to know about Sharna.

17 Reported Speech-এ **good morning/good afternoon/good evening/happy birthday/happy new year/Merry Christmas/Eid Mubarak/Happy Puja** ইত্যাদি সম্ভাষণজ্ঞাপক শব্দ বা শব্দগুচ্ছ থাকলে এবং Reporting Verb Past Indefinite tense হলে, Indirect করার সময় নিম্নলিখিত গঠনপ্রণালি অনুসরণ করতে হয়।

**Structure :** Sub + Reporting Verb-এর স্থলে wished + obj. + প্রদত্ত সম্ভাষণজ্ঞাপক শব্দ বা শব্দগুচ্ছে যেটি থাকবে সেটি বসবে স্বাভাবিক নিয়মে।

**For Example**

Direct : Farah said to me, "Good morning."
Indirect : Farah wished me good morning.
Direct : He said, "Eid Mubarak, my friend."
Indirect : He wished his friend Eid Mubarak.

18 Reported Speech-এ বিদায়জ্ঞাপক শব্দ বা শব্দগুচ্ছ যেমন— **goodbye/good night/bye/tata/farewell** ইত্যাদি থাকলে এবং Reporting Verb যদি Past Indefinite Tense-এ হয়, তবে নিম্নলিখিত গঠনরীতি অনুযায়ী Indirect করতে হয়।

**Structure :** Sub + Reporting Verb-এর স্থলে Bade + obj. + বিদায়জ্ঞাপক শব্দ বা শব্দগুচ্ছের যেটি থাকবে সেটি বসবে।

**For Example**

Direct : Nayeem said, "Goodbye, Preom."
Indirect : Nayeem bade Preom goodbye.
**Or,** Nayeem bade goodbye to Preom.

## EXERCISE FOR PRACTICE
### (According to NCTB's Sample Question)

■ **Change the narrative style of the following text.** 5

1. "Omicron, a new variant of COVID-19 has been detected in many countries around the world," Ankita said. "I have heard the news. The virus is unstable and it is changing its variant frequently," said Bonna. "It is also creating panic among the people." "Being vaccinated and taking precautions can help the people prevent the spread of COVID-19," said Ankita. "You are right," said Bonna.
2. Rina said to Sima, "Why don't you get up early from sleep?" Sima said, "It is tough for me to leave bed early." "Alas! It is a bad habit," said Rina, "If you leave bed early, you can enjoy sound health. Follow my advice." **[Dhaka Board—2020; Sylhet Board—2020]**
3. "May I come in, sir?" Ripon said to his class teacher. The teacher replied, "Yes, why are you so late today?" "My grandfather suddenly felt severe pain in his chest. So, I rushed to hospital with him." "May Allah grant him quick recovery," said the teacher. **[Mymensingh Board—2020]**
4. "Where do you like to go?" said the ticket officer. "To Rajshahi," said the lady. "How many tickets do you need to buy and of which class?" "Three first class tickets." "Here are the tickets and they will cost you three thousand taka." **[Rajshahi Board—2020]**
5. "I've got GPA-5 in the SSC Examination," said Samir. "Congratulations, brother!" I said. "What do you intend to do now?" "I wish to study science in a reputed college. I've a mind to get admission in BUET after my HSC," Samir replied. **[Dinajpur Board—2020]**
6. "Good morning, Farzana," said Abrar. "How much preparation have you taken for this exam?" "Not bad at all," said she. "I hope I will get GPA-5." "Wow, what a bright girl!" said Abrar. "But my preparation is not so good." **[Jashore Board—2020]**
7. The new teacher entered the classroom and said, "Can you tell me what I should do now?" "No, sir," one of the students said. The teacher smiled and said, "Try to guess." "You should introduce yourself to us," another student said. "Thank you," said the teacher. "You are really brilliant." **[Cumilla Board—2020]**
8. "Why are you laughing in the class?" the teacher said to the girl. "I have remembered an interesting incident after you have given the example." "What is that?" said the teacher. "It is about one of my cousins who came to our house yesterday." "Forget it and be attentive to your lesson." **[Chattogram Board—2020]**
9. "Good morning, Kiron," said Harun. "How much preparation have you taken for the SSC Examination?" "A great preparation," Kiron replied. "Wow! What an intelligent boy!" said Harun. "May you be distinguished with your result." **[Barishal Board—2020]**
10. "What is the time by your watch?" said an old man. I said, "It is half past nine." He said, "I want to go to your house. Will you accompany me, please?" "No. I am sorry because I am going to school," said I. **[Dhaka Board—2019]**
11. The students said, "We want to celebrate the victory of the National Debate Competition." The Headmaster said, "Why?" The students said, "We want to make it memorable in our life." The Headmaster said, "Don't worry. I shall take all necessary steps to arrange the function." **[Rajshahi Board—2019]**
12. "Please give me your English Grammar And Composition Book," said Sara. "I cannot give it," said Niha. "I have to take it with me in the class." "I shall return the book before the class starts," said Sara. "Take it," said Niha. "Thank you," said Sara. **[Dinajpur Board—2019]**
13. The teacher said to the boy, "Why are you disturbing the class in this way? Don't you know that it is an important class? Get out of the room and don't come back today." "Excuse me, sir," said the boy. "I'll never disturb the class," he promised. **[Jashore Board—2019]**
14. Rina said to Karim, "How are you? I went to your house yesterday, but did not find you. Where did you go?" "I went to the book fair," said Karim. "I had to maintain our school's stall." **[Chattogram Board—2019]**
15. The stranger said to the boy, "Can you tell me the way to the nearest hotel?" "Yes, sir, I can. Do you want a residential one in which you can spend the night?" said the boy. "I do not want to stay there but I only want a meal," replied the man. "Paradise Garden will be better for you," said the boy. **[Sylhet Board—2019]**
16. Rifat said to Munir, "You didn't attend my birthday party." "Extremely sorry, friend," Munir replied, "I had to go to my uncle's house in Dhaka. How was the programme?" "Let me show you the photographs," said Rifat. **[Barishal Board—2019]**
17. Shabab said to Tahsin, "Did you visit the Shat Gambuj Mosque?" "No, I didn't," said Tahsin. "I was there last week. How beautiful the mosque is!" said Shabab. "Let's go there next year," Tahsin said. **[SSC Examination—2018]**
18. "Good morning, can I help you?" said the manager. "Yes, I was told to come over here to get a parking sticker. Is this the right place?" said the lady. "Yes, it is. What's the registration number of your car?" said the manager. **[Dhaka Board—2017]**
19. My mother said, "Won't you go to school today?" I said, "Mother, I feel feverish today. I don't want to go to school." "OK, take rest now. You should be more careful about your health," said mother. **[Rajshahi Board—2017]**
20. "My sons, listen to me. A great treasure lies hidden in the land. I am going to leave it to you." "How will we find it?" said the sons. "You must dig the land for it," said the old man. **[Dinajpur Board—2017]**
21. "Why did you not go to school yesterday, Rimu?" asked the mother. "I was ill, mum." "How are you today?" "Well," answered the girl. "Don't worry for me." **[Jashore Board—2017]**
22. The teacher said to the boy, "Do you think that honesty is the best policy?" The boy said, "Yes sir, I think so." "Then learn to be honest from your boyhood," said the teacher. "Thank you," said the boy. "May Allah grant you a long life," said the teacher to the boy. **[Cumilla Board—2017, 2015; Barishal Board—2015]**
23. "How lovely the doll is! I'll buy it," said Mona. "No, it is not durable. Tomorrow we'll visit another village fair. Then you can buy another doll. Let's go now," said mother. "You must buy me a good doll," said Mona. "Yes," replied mother. **[Chattogram Board—2017]**

**24.** "What are you doing now, Rashed?" I said. "I am watching an interesting programme on television." "Aren't you wasting your time?" "No, I don't think so," he said. "Remember, too much watching TV makes people lazy." **[Sylhet Board—2017]**

**25.** "Dear friend, which book do you want?" "'A Practical English Grammar' of A. J. Thomson. I lost my copy yesterday," said Oishe. "I can lend you. But return it in a week," I said. **[Barishal Board—2017]**

**26.** The police officer said to Mita, "How can I help you?" Mita replied, "While I was coming home alone by a taxi last night, two snatchers rode into my taxi." "Did they snatch anything from you?" "Yes sir, they took away my cell phone and some money," said Mita. "Let me record a complaint," said the police officer. **[Dhaka Board—2016]**

**27.** "What's your programme after the examination?" asked Salam. Kamal said, "I've not yet decided. Can you suggest any?" "Let us go on a picnic," said Salam. "What an excellent idea! I shall certainly join you," said Kamal. **[Rajshahi Board—2016]**

**28.** Rosamond said to her mother, "What is it, Mum? I didn't want this black thing and the terrible smell." Mother said, "I don't know, my dear." Rosamond again said to her mother, "But what shall I do with it?" Mother said, "I can't tell." "Okay, Mum, I must pour it out and fill the jar with fresh water." **[Dinajpur Board—2016]**

**29.** "Hello rickshawpuller, will you go?" said I. "Where?" said the rickshawpuller. "I want to go to railway station." "I may go if you pay me 200 taka," said the rickshawpuller. **[Cumilla Board—2016]**

**30.** "May I come in, sir?" said the guardian. "Yes, come in, please," said the Headmaster. The guardian said, "We, all the guardians along with you must do something for the betterment of our children. They are losing their morality." The Headmaster said, "Let's plan something for their betterment." **[Chattogram Board—2016]**

**31.** "Why are you looking so happy?" Dipa said to Rupali. "My brother sent a mobile phone for me yesterday," replied Rupali. "But what's the use of it to you? I think it is a mere wastage of money," said Dipa. "No, I can communicate with others in the shortest possible time," said Rupali. **[Sylhet Board—2016]**

**32.** Mrs. Nasima said to her student, "I heard the news of your illness yesterday. How are you now?" "I feel a bit well today, madam," replied the student. "Don't worry. You will come round soon," said Mrs. Nasima. **[Barishal Board—2016]**

**33.** "Good morning, students," said the teacher. "How are you?" "We are fine, sir. What about you?" "I am fine too. Please, sit down." "Have you prepared your lesson?" the teacher asked. "Sorry, sir, we have not prepared our lesson," they replied. **[Dhaka Board—2015]**

**34.** "Konica, have you done your English lesson today?" asked the teacher. "Yes, sir," she replied. "But I have not understood one grammatical point." The teacher assured her saying, "Come to my room, I will help you understand the point." "Thank you, sir," she smilingly said. **[Rajshahi Board—2015]**

**35.** Once a rich banker said to a poor cobbler, "How much do you earn a year?" The cobbler replied laughing, "I never count in this way. I earn barely enough to pass a day. And I'm happy." "Are you really happy?" said the banker. **[Dinajpur Board—2015]**

**36.** The teacher said to the student, "Have you prepared your lesson today?" "No, sir," replied the student. The teacher said, "Why?" "I was suffering from headache yesterday. I shall do my work tomorrow," said the student. **[Jashore Board—2015]**

**37.** "Have you ever been to Cox's Bazar?" asked Shabab. "No, I have never," replied Labib. "But I desire for visiting the place." "I had an opportunity to visit the beach last year," said Shabab. "Let us go there this week," said Labib. **[Chattogram Board—2015]**

**38.** The girl said to the teacher, "Sir, I shall be grateful if you kindly lend me the book you praised highly in the classroom yesterday." The teacher said, "I have become really happy to know that you are eager to read this book. You are welcome to any of my books that you like." "Thank you, sir," said the girl. "You are welcome," said the teacher. **[Sylhet Board—2015]**

**39.** "Will you buy my hair?" asked Della. "I buy hair," said Madame. "Take your hat off and let's have a sight at the looks of it." "Twenty dollars," said Madame. "Give it to me quick," said Della.

**40.** The teacher said to Amir, "Why are you talking in the class? You should behave yourself." Amir replied, "Sir, I am sorry. I am asking Raihan to lend me his pen. My pen has run out." The teacher said, "Be attentive and listen to my lecture."

**41.** "Give me a few grains of corn. I am dying of hunger," said the Grasshopper. "But what did you do in the summer? Didn't you store up any corn?" asked the Ant. "No, I was too busy."

**42.** "Have you said your prayer today?" I said to my brother. "No, I have forgotten," he said. "That's bad". I said, "We must pray to God everyday."

**43.** "Good morning," said the tourist. "Have you any room vacant?" "Yes, sir. Double or single?" "I want one double," said the tourist. The receptionist said, "We have a double room on the second floor."

**44.** "Why don't you attend classes regularly?" the teacher said to the boy. "You can't expect good results unless you attend classes as I tell you." I am sorry, sir. I have offended you," said the boy. "If you follow the classes regularly, better result will follow you," said the teacher.

**45.** Once I asked a sweet little girl, "What is your mother's name?" She replied cleverly, "I know my mother's name but I won't tell you that." I said, "What a clever girl you are!" "I don't tell my mother's name to anybody whom I don't know," she spoke with an air of confidence.

**46.** "Why are you putting up the food in your pocket, sir? Why don't you eat?" said the nobleman. "I am doing the right thing. My dress deserves these rich dishes," replied Sheikh Saadi. "I do not understand what you mean to say," said the nobleman. "And I'm sorry."

**47.** "Have you killed all the rats?" said the Mayor. "Yes sir, I have killed them," said the piper. "Now, give me the promised money." "How funny you are!" said the Mayor. "We cannot give you so much money. Take only fifty."

**48.** Zaman said to me, "Have you finished reading the book I gave you yesterday?" "Yes, I have finished reading the book," I replied. "What an interesting book it is! I wish I would borrow the book earlier!" I said. "Will you return the book today?" he asked.

**49.** The old man said, "Can you give me some food? I've been starving for three days." The man said, "Why do you beg? Can't you work?" "No, I'm unable to work," the old man replied.

**50.** "What's a puppet show?" Mita said to her father. Father said, "Let's go inside and you can see yourself." Inside the tent Mita said, "How strange! A doll is dancing and talking." Father said, "A man behind the screen is moving the doll. Do you understand who is talking?"

Chapter 05

# QUES. NO. 6 : CHANGING SENTENCES

'Sentence' বা 'বাক্য' হলো ভাব আদানপ্রদানের মাধ্যম। বাক্য গঠনের সময় আমরা Word-গুলোকে এমন এক বিশেষ নিয়মে সাজাই যার ফলে এটা একটা অর্থপূর্ণ রূপ লাভ করে। অথচ Word-গুলোকে এলোমেলোভাবে পাশাপাশি স্থাপন করলে তার কোনো অর্থ হয় না। যেমন– The earth is round.– এটা একটা বাক্য।

**Definition of Sentence (বাক্যের সংজ্ঞা) :** একগুচ্ছ শব্দ একত্রিত হয়ে মনের ভাব সম্পূর্ণরূপে প্রকাশ করলে তাকে Sentence বলে।

একটি আদর্শ (typical) ইংরেজি বাক্যের গঠন নিম্নরূপ :

| Subject | + Verb | + Phrase/O.W (Other Word) |
|---|---|---|
| The earth | is | round. |

তবে Sentence-কে আরো বর্ধিত করতে চাইলে Subject বা Complement-এর সাথে আরো কিছু Word-যুক্ত করা যেতে পারে।

অধিকাংশ ক্ষেত্রে বাংলা বাক্যের সাথে ইংরেজি বাক্যের কিছু পার্থক্য পরিলক্ষিত হয়। যেমন–

**বাংলা বাক্য :** তারা ক্রিকেট খেলে ⇒ Subject + Phrase/O.W + Verb.

**ইংরেজি বাক্য :** তারা খেলে ক্রিকেট ⇒ Subject + Verb + Phrase/O.W.

উল্লেখ্য, বাংলায় Verb ছাড়াও বাক্য গঠন করা যায়। যেমন– ফুলটি সুন্দর। কিন্তু ইংরেজিতে Verb ছাড়া কোনো বাক্যই গঠন করা সম্ভবপর নয়। যদিও এখানে বাংলা বাক্যটিতে 'হয়' ক্রিয়াপদটি উহ্য আছে। কিন্তু ইংরেজির ক্ষেত্রে Verb কখনোই উহ্য থাকতে পারবে না। ইংরেজিতে কোনো কোনো সময় শুধু একটি Verb দ্বারাই একটি বাক্য গঠিত হতে পারে। যেমন– 'Go'. এজন্য ইংরেজিতে Verb খুবই গুরুত্বপূর্ণ একটা Part of Speech.

## CLASSIFICATION OF SENTENCES

কাজ ও গঠন অনুযায়ী Sentence-কে নিম্নলিখিত কয়েকটি ভাগে ভাগ করা যায় :




**Function (কাজ) অনুযায়ী পাঁচ প্রকার Sentence-এর আলোচনা :**

উল্লেখ্য, এ পাঁচ প্রকার Sentence-ই আবার Affirmative (হ্যাঁ-বোধক) ও Negative (না-বোধক) এ দু-ভাগে বিভক্ত।

(i) **Assertive Sentences or Declaratives (বর্ণনামূলক বাক্য) :** এ জাতীয় বাক্য কোনো প্রকার বর্ণনা, বক্তব্য বা তথ্য প্রকাশ করে। এতে কোনোকিছু স্বীকার বা অস্বীকার করা হয়। একে Statement-ও বলা হয়। যেমন–
Might is right. (Affirmative)
The situation is not so good. (Negative)

(ii) **Interrogative Sentences or Questions (প্রশ্নবোধক বাক্য) :** এর দ্বারা কোনোকিছু জানতে চাওয়া হয়। যেমন–
Who/Whom do you want? (Affirmative)
Why don't you attend the classes? (Negative)
Does he not attend the classes regularly? (Yes/No question)

(iii) **Imperative Sentences or Directives (আজ্ঞাসূচক বাক্য) :** এর দ্বারা কোনো আদেশ, উপদেশ ও অনুরোধ ব্যক্ত করা হয়। সাধারণত (Second Person-এ) এ জাতীয় বাক্যের Subject (You) উহ্য থাকে। যেমন–
Do it at once. (Affirmative)
Don't run in the sun. (Negative)
***Note :*** *First ও Third Person-এর Subject-এর বেলায় বাক্যের শুরুতে Let বসানো হয়। Negative Sentence-এ Let-এর পর Noun-এর পূর্বে এবং Pronoun-এর পর not বসে। যেমন– Let him not go now.*

(iv) **Optative Sentences or Desires (ইচ্ছাসূচক বাক্য) :** এর দ্বারা কোনো কামনা, বাসনা, আকাঙ্ক্ষা ইত্যাদি প্রকাশ করা হয়। এগুলোর শুরুতে সাধারণত 'May' Verb থাকে। যেমন–
May Allah bless you. (Affirmative)
May you not be unhappy. (Negative)

(v) **Exclamatory Sentences (আবেগসূচক বাক্য) :** এর দ্বারা মনের কোনো তীব্র অনুভূতি বা আকস্মিক আবেগ প্রকাশ করা হয়। যেমন–
What a beautiful country Bangladesh is! (Affirmative)
Alas! We have not won the game. (Negative)

## CHANGING SENTENCES

### 1. FROM AFFIRMATIVE TO NEGATIVE

**Rule–1** Affirmative Sentence-এ যদি only বা alone থাকে তাহলে Negative Sentence-এ পরিবর্তন করতে হলে only বা alone-এর পরিবর্তে Negative বাক্যের শুরুতে None but বসে এবং আর কোনো পরিবর্তন হয় না। যেমন–

| Affirmative | Negative |
|---|---|
| God alone is Almighty. | None but God is Almighty. |
| Only Sabiha knows this art. | None but Sabiha knows this art. |

উল্লেখ্য যে, (i) বস্তুর ক্ষেত্রে only-এর স্থলে nothing but এবং (ii) বয়সের ক্ষেত্রে only-এর স্থলে not more than বসে। যেমন–

| Affirmative | Negative |
|---|---|
| I have only a few books. | I have nothing but a few books. |
| Tom was only thirteen. | Tom was not more than thirteen. |

**Rule –2** Affirmative Sentence-এ যদি must থাকে তাহলে Negative করার সময় must-এর পরিবর্তে cannot but/cannot help বসে। Cannot help-এর পরে যে verb বসে তার সাথে ing যোগ করতে হয়। যেমন–

| Affirmative | Negative |
|---|---|
| I must help the poor. | I cannot but help the poor. |
| Neela must obey her teacher. | Neela cannot help obeying her teacher. |

**Rule–3** Every-যুক্ত Affirmative Sentence-গুলোকে Negative করতে হলে Every-এর স্থলে There is no বসে + Every-এর পরের শব্দটি বসে + but বসে + প্রদত্ত বাক্যের বাকি অংশ বসে। যেমন–

| Affirmative | Negative |
|---|---|
| Every mother loves her child. | There is no mother but loves her child. |
| Everyone will help him. | There is no one but will help him. |

**Rule–4** As soon as-যুক্ত Affirmative Sentence-কে Negative করতে হলে As soon as-এর স্থলে No sooner had বসে + সে বাক্যের Subject বসে + সে বাক্যের Principal Verb-এর Past Participle বসে + সে বাক্যের বাকি অংশ বসে (যদি থাকে) + than বসে + দ্বিতীয় clause বসে। যেমন–

**Aff** : As soon as the rain stopped, we came back home.
**Neg** : No sooner had the rain stopped than we came back home.
**Aff** : As soon as the bell rang, the teacher entered into the class.
**Neg** : No sooner had the bell rung than the teacher entered the class.

**Rule–5** Affirmative Sentence-এ যদি Superlative degree-র Adjective থাকে সেগুলোর negative নিম্নের Structure অনুযায়ী করতে হয় :

**Structure : No other + Superlative Adjective-এর পরের অংশ + verb + as + Superlative Adjective-এর Positive form + as + প্রদত্ত বাক্যের subject.** যেমন–

**Aff** : Shila is the most beautiful girl in the class.
**Neg** : No other girl in the class is as beautiful as Shila.
**Aff** : Masud is the cleverest man in the village.
**Neg** : No other man in the village is as clever as Masud.

**Rule–6** Than any other/Than all other-যুক্ত Comparative Degree-কে Negative করতে হলে Structure হবে নিম্নরূপ :

**Structure :** প্রথমে **No other** বসে + **than any other/than all other**-এর পরের অংশ + প্রদত্ত **Verb + so/as** বসে + **Comparative adjective-এর Positive form + as** বসে + প্রদত্ত **Sentence-এর Subject** বসে। যেমন–

**Aff** : He is better than any other boy in the class.
**Neg** : No other boy in the class is as good as he.
**Aff** : Shila is more brilliant than all other students in the class.
**Neg** : No other student in the class is so brilliant as Shila.

**Rule–7** Always-যুক্ত Affirmative Sentence-কে Negative করতে হলে always-এর স্থলে never বসে এবং Affirmative অর্থবোধক শব্দটির বিপরীত শব্দ বসে। যেমন–

| Affirmative | Negative |
|---|---|
| Shikha always remembers you. | Shikha never forgets you. |
| He is always active. | He is never lazy. |

**Rule–8** Less .... than-যুক্ত Sentence-কে Negative করতে হলে less-এর স্থলে not as বসে এবং than-এর স্থলে as বসে। যেমন–

**Aff** : They are less poor than you said.
**Neg** : They are not as poor as you said.

| **1.** Too .... to-যুক্ত Simple Sentence-এর ক্ষেত্রে নিম্নে প্রদত্ত গঠন অনুসরণ করতে হবে।<br>গঠন : **Subject + Verb (Present/Past) + too + Adjective + to + Verb (Present) + O.W.**<br>☞ ছেলেটি হাঁটতেও দুর্বল।<br>✍ The boy is too weak to walk. | **1.** বামদিকের 1 নং বাক্যটিকে Complex করার জন্যে নিম্নে প্রদত্ত গঠনটি অনুসরণ করতে হবে।<br>গঠন : **Subject + Verb (Present/Past) + so + Adjective + that + Subject + cannot/ could not + Verb (Present) + O.W.**<br>☞ ছেলেটি এত দুর্বল যে সে হাঁটতে পারে না।<br>✍ The boy is so weak that he cannot walk.<br>**N.B.** এখানে মনে রাখতে হবে যে, ১ম বাক্যটি Present tense হলে ২য় বাক্যে cannot এবং Past tense হলে ২য় বাক্যে could not ব্যবহৃত হবে। | **1.** বামদিকের Simple কিংবা Complex Sentence-কে Compound করতে হলে নিম্নে প্রদত্ত গঠনটি অনুসরণ করতে হবে।<br>গঠন : **Subject + Verb (Present/Past) + very + Adjective + and + Subject + cannot/ could not + Verb (Present) + O.W.**<br>☞ বালকটি খুবই দুর্বল এবং সে হাঁটতে পারে না।<br>✍ The boy is very weak and he cannot walk.<br>**N.B.** এখানে too-এর পরিবর্তে very, much, enough ইত্যাদি ব্যবহৃত হতে পারে। |
| **2.** Too + Adjective + for + Object + to-যুক্ত Simple Sentence-এর ক্ষেত্রে নিম্নে প্রদত্ত গঠন অনুসরণ করতে হবে।<br>গঠন : **Subject + Verb (Present/Past) + too + Adjective + for + Objective form (২য় Subject) + to + Verb (Present) + O.W.**<br>☞ কুলিটির জন্যে বোঝাটি তুলতেও ভারী।<br>✍ The load is too heavy for the porter to lift. | **2.** বামদিকের 2 নং বাক্যটিকে Complex করতে হলে নিম্নে প্রদত্ত গঠনটি অনুসরণ করতে হবে।<br>গঠন : **Subject + Verb (Present/Past) + so + Adjective + that + Subject (২য়) + cannot/could not + Verb (Present) + O.W.**<br>☞ বোঝাটি এতই ভারী যে কুলিটি তুলতে পারে না।<br>✍ The load is so heavy that the porter cannot lift. | **2.** বামদিকের Simple বা Complex Sentence-কে Compound করতে হলে নিম্নে প্রদত্ত গঠনটি অনুসরণ করতে হবে।<br>গঠন : **Subject + Verb (Present/Past) + very + Adjective + and + Subject (২য়) + cannot / could not + Verb (Present) + O.W.**<br>☞ বোঝাটি খুব ভারী এবং কুলিটি তুলতে পারে না।<br>✍ The load is very heavy and the porter cannot lift. |
| **3.** Subject ভিন্ন হলে 'না-বোধক' বোঝালে এবং ১ম Subject ২য় Subject-এর কাজ করতে না পারলে নিম্নের গঠনটি অনুসরণ করতে হবে।<br>গঠন : **Subject + Verb (Present/Past) + too + Adjective + to be + Verb (P.P.F.) + O.W.**<br>☞ লোকটি শ্রদ্ধা না পাওয়ার মতো অতি অসৎ।<br>✍ The man is too dishonest to be respected.<br>**N.B.** এখানে লক্ষ করো ২য় Subject-টি ব্যবহৃত হয়নি। অর্থাৎ 'অশ্রদ্ধা করা' কাজটি ১ম Subject অর্থাৎ —<br>'The man' দ্বারা সম্পন্ন হচ্ছে না। এ কাজটি করবে অন্যান্য লোকজন অর্থাৎ 'other people' যাকে অনুপস্থিত রাখা হয়েছে। সুতরাং এ জাতীয় বাক্যে ২য় Subject অনুপস্থিত থাকে। | **3.** বামদিকের 3 নং বাক্যটিকে Complex করতে হলে নিম্নলিখিত গঠনটি অনুসরণ করতে হবে।<br>গঠন : **Subject (১ম) + Verb (Present/Past) + so + Adjective + that + Subject (২য়) + cannot/could not বা do not/did not + Verb (Present) + O.W.**<br>☞ লোকটি এতটাই অসৎ যে লোকজন তাকে সম্মান করে না।<br>✍ The man is so dishonest that people cannot/do not respect him.<br>**N.B.** এখানে লক্ষ করছ, ২য় Subject ব্যবহৃত হয়েছে এবং ২য় Subject-এর বাক্যটিকে Active form-এ রাখা হয়েছে। | **3.** বামদিকের Simple বা Complex Sentence-কে Compound করতে হলে নিম্নে প্রদত্ত গঠনটি অনুসরণ করতে হবে।<br>গঠন : **Subject (১ম) + Verb (Present/Past) + very + Adjective + and + Subject (২য়) + Verb (Present/Past) + O.W.**<br>☞ লোকটি খুব অসৎ এবং কেউই তাকে সম্মান করে না।<br>✍ The man is very dishonest and nobody respects him.<br>**N.B.** দুটি Subject পৃথক পৃথক ব্যবহৃত হওয়ায় এবং ২য় Subject-টি Nobody কিংবা None ব্যবহৃত হওয়ায় ২য় বাক্যে cannot/could not ব্যবহৃত হয়নি। |
| **4.** Subject একই হলে এবং বাক্যটি 'হ্যাঁ-বোধক' বোঝালে নিম্নে প্রদত্ত গঠনটি অনুসরণ করতে হবে।<br>গঠন : **Subject + Verb (Present/Past) + Adjective + enough + to + Verb (Present) + O.W.**<br>☞ বালিকাটি খুব সহজ/সরল যে-কোনো মানুষকে বিশ্বাস করতে।<br>✍ The girl is innocent enough to believe any man.<br>☞ প্রশ্নটি সকলের উত্তর দেওয়ার জন্য যথেষ্ট সহজ।<br>✍ The question is easy enough for anybody to answer. | **4.** বামদিকের 4 নং বাক্যটিকে Complex-এ পরিণত করতে হলে নিম্নে প্রদত্ত গঠনটি অনুসরণ করতে হবে।<br>গঠন : **Subject + Verb (Present/Past) + so + Adjective + that + Subject + can/ could + Verb (Present) + O.W.**<br>☞ বালিকাটি এতই সরল যে, সে যে কাউকে বিশ্বাস করে।<br>✍ The girl is so innocent that she believes anybody.<br>**N.B.** উপরের উদাহরণটিতে can/could ব্যবহার করার প্রয়োজন হয়নি। সেক্ষেত্রে শুধু মূল ক্রিয়া (Verb) tense অনুযায়ী ব্যবহৃত হবে। নিচের উদাহরণটি লক্ষ করো–<br>☞ প্রশ্নটি এতই সহজ যে, যে কেউ উত্তর দিতে পারে।<br>✍ The question is so easy that anybody can answer.<br>এখানে can ব্যবহৃত হয়েছে। | **4.** বামদিকের Simple ও Complex Sentence-কে Compound Sentence-এ পরিণত করতে হলে নিম্নে প্রদত্ত গঠনটি অনুসরণ করতে হবে।<br>গঠন : **Subject + Verb (Present/Past) + very + Adjective + and + Subject (২য়) + can /could + Verb (Present) + O.W.**<br>☞ বালিকাটি খুবই সরল এবং সে যে কাউকে বিশ্বাস করে।<br>✍ The girl is very innocent and she believes anyone.<br>**N.B.** উপরের উদাহরণটিতে can/could ব্যবহৃত হয়নি। নিচের উদাহরণটি লক্ষ করো–<br>☞ প্রশ্নটি খুবই সহজ এবং যে কেউ উত্তর দিতে পারে।<br>✍ The question is very easy and anybody can answer.<br>এখানে উদাহরণটিতে can ব্যবহৃত হয়েছে। |

**NOTE :** O. W. = Other words.

SSC ENG. GR M C

| SIMPLE SENTENCE | COMPLEX SENTENCE | COMPOUND SENTENCE |
|---|---|---|
| **5.** Subject ভিন্ন ও বাক্যটি 'হ্যাঁ-বোধক' বোঝালে নিম্নে প্রদত্ত গঠনটি অনুসরণ করবে।<br>গঠন : **Subject + Verb (Present/Past) + Adjective + enough + for + object (২য় Subject) + to + Verb (Present) + O. W.**<br>☞ রচনাটি যে-কোনো ছাত্রের জন্য মুখস্থ করা সহজ।<br>✍ The essay is easy enough for any student to memorize. | **5.** বামদিকের 5 নং বাক্যটিকে Complex-এ পরিণত করতে হলে নিম্নে প্রদত্ত গঠনটি অনুসরণ করতে হবে।<br>গঠন : **Subject (১ম) + Verb (Present/Past) + so + Adjective + that + Subject (২য়) + can/could + Verb (Present/Past) + O.W.**<br>☞ রচনাটি এত সহজ যে, যে-কোনো ছাত্র তা মুখস্থ করতে পারে।<br>✍ The essay is so easy that any student can memorize. | **5.** বামদিকের Simple ও Complex Sentence-কে Compound Sentence-এ পরিণত করতে হলে নিম্নে প্রদত্ত গঠনটি অনুসরণ করতে হবে।<br>গঠন : **Subject + Verb (Present/Past) + Very + Adjective + and + Subject + can/could + Verb (Present /Past) + O.W.**<br>☞ রচনাটি খুব সহজ এবং যে-কোনো ছাত্র তা মুখস্থ করতে পারে।<br>✍ The essay is very easy and any student can memorize. |
| **6.** Subject ভিন্ন ও বাক্যটি 'হ্যাঁ-বোধক' এবং ১ম Subject ২য় Subject-এর কাজ করতে না পারলে অর্থাৎ ২য় অংশটি Passive form হলে নিম্নে প্রদত্ত গঠনটি অনুসরণ করতে হবে।<br>গঠন : **Subject + Verb (Present/Past) + Adjective + enough + to be + Verb. (P.P.F.) + O.W.**<br>☞ শ্রদ্ধা করার মতো লোকটি যথেষ্ট সৎ।<br>✍ The man is honest enough to be respected. | **6.** বামদিকের 6 নং বাক্যটিকে Complex-এ পরিণত করতে হলে নিম্নে প্রদত্ত গঠনটি অনুসরণ করতে হবে।<br>গঠন : **Subject (১ম) + Verb (Present) + so + Adjective + that + Subject (২য়) + can/ could + Verb (Present) + O.W.**<br>☞ লোকটি এত সৎ যে প্রত্যেকে তাকে শ্রদ্ধা করে।<br>✍ The man is so honest that everybody respects him. | **6.** বামদিকের Simple এবং Complex Sentence-কে Compound Sentence-এ পরিণত করতে নিম্নে প্রদত্ত গঠনটি অনুসরণ করতে হবে।<br>গঠন : **Subject (১ম) + Verb (Present/Past) + very + Adjective + and + Subject (২য়) + Verb (Present/Past) + O.W.**<br>☞ লোকটি খুব সৎ এবং প্রত্যেকে তাকে সম্মান করে।<br>✍ The man is very honest and everybody respects him. |
| **7.** কোনো কাজের 'কারণ' উল্লেখ করতে নিম্নে প্রদত্ত গঠন অনুসরণ করতে হবে।<br>গঠন-১ : **Because of + Subject-এর Possessive form + Noun + Sub + Verb (Present/Past) + O.W.**<br>☞ অসুস্থতার জন্য সে কলেজে অনুপস্থিত ছিল।<br>✍ Because of his illness, he was absent in the school.<br>গঠন-২ : **Because of + Subject-এর Possessive form + being/having + Adjective/Noun+ Subject + Verb + O.W.**<br>☞ সে সৎ বলে লোকজন তাকে শ্রদ্ধা করে<br>✍ Because of his being honest, people respect him.<br>☞ তার যোগ্যতা ছিল বলে সে চাকরিটা পেল।<br>✍ Because of his having qualification, he got the job.<br>☞ অভিজ্ঞ হওয়ার কারণে সে চাকরিটি পেল।<br>✍ Because of his being experienced he got the job. | **7.** বামদিকের 7 নং বাক্যটিকে Complex-এ পরিণত করতে হলে নিম্নলিখিত গঠনটি অনুসরণ করতে হবে।<br>গঠন : **Since/As/Because + Sub + Verb (Present / Past / Clause) + O.W. + Subject + Verb (Present/Past) + O.W.**<br>☞ যেহেতু সে অসুস্থ, সে কলেজে যায়নি।<br>✍ Since/As/Because he was ill, he did not go to school.<br>**N.B.** এখানে since বা as বা because শুরুতে ব্যবহৃত হলে এর অর্থ হবে 'যেহেতু'।<br>☞ যেহেতু সে সৎ, লোকজন তাকে সম্মান করে।<br>✍ As he is honest, people respect him.<br>☞ যেহেতু তার যোগ্যতা ছিল, সে চাকরিটা পেল।<br>✍ As he had qualification, he got the job.<br>☞ যেহেতু সে অভিজ্ঞ, সে চাকরিটি পেল।<br>✍ As he was experienced, he got the job. | **7.** বামদিকের Simple ও Complex Sentence-কে Compound করতে হলে নিম্নলিখিত গঠন অনুসরণ করতে হবে।<br>গঠন : **Subject + Verb (Present/Past) + Adjective + and + Subject + Verb + O.W.**<br>☞ সে অসুস্থ ছিল এবং সে কলেজে যায়নি।<br>✍ He was ill and he did not go to school.<br>☞ সে সৎ এবং লোকজন তাকে সম্মান করে।<br>✍ He is honest and people respect him.<br>☞ তার যোগ্যতা ছিল এবং সে চাকরিটা পেল।<br>✍ He had qualification and he got the job.<br>☞ সে অভিজ্ঞ ছিল এবং চাকরিটি পেল।<br>✍ He was experienced and he got the job. |
| **8.** প্রথম বাক্য দ্বারা 'সত্ত্বেও' বোঝালে নিচের গঠনটি অনুসরণ করতে হবে।<br>গঠন : **In spite of + Verb + ing / Noun/ Adjective = Noun (অর্থাৎ Adjective, Noun-এ পরিণত হবে) + Subject + Verb (Present/Past) + O.W.** | **8.** বামদিকের 8 নং বাক্যটিকে Complex করতে হলে নিচের গঠনটি অনুসরণ করতে হবে।<br>গঠন : **Though (যদিও) + Subject + Verb + O.W./Adjective + Subject + Verb + O.W.** | **8.** বামদিকের Simple ও Complex Sentence-গুলোকে Compound Sentence-এ পরিণত করতে হলে নিম্নলিখিত গঠনটি অনুসরণ করতে হবে।<br>গঠন : **Subject + Verb + O.W. + but + Subject + Verb + O.W.** |

| SIMPLE SENTENCE | COMPLEX SENTENCE | COMPOUND SENTENCE |
|---|---|---|
| ☞ পরীক্ষায় ভালো না করা সত্ত্বেও সে পাশ করল।<br>✍ In spite of not doing well in the examination, he passed.<br>☞ অসততা সত্ত্বেও কর্তৃপক্ষ তার বিরুদ্ধে কোনো পদক্ষেপ নিলো না।<br>✍ In spite of dishonesty, the authority did not take any step against him. | ☞ যদিও সে পরীক্ষায় ভালো করেনি তবুও সে পাশ করল।<br>✍ Though he did not do well in the examination, he passed.<br>☞ যদিও সে অসৎ, কর্তৃপক্ষ তার বিরুদ্ধে কোনো পদক্ষেপ নিলো না।<br>✍ Though he was dishonest, the authority didn't take any step against him. | ☞ সে পরীক্ষায় ভালো করেনি কিন্তু সে পাশ করল।<br>✍ He did not do well in the examination but he passed.<br>☞ সে ছিল অসৎ কিন্তু কর্তৃপক্ষ তার বিরুদ্ধে কোনো পদক্ষেপ নিলো না।<br>✍ He was dishonest but the authority did not take any step against him. |
| **9.** কোনো উদ্দেশ্যে কোনো কাজ করা বোঝালে নিম্নলিখিত গঠনটি অনুসরণ করতে হবে।<br>**গঠন : Sub + Verb + O.W. + to + Verb (Present) বা in order to + Verb (Present) + O.W.**<br>☞ সে আমার নিকট এলো বিষয়টি সম্পর্কে জানার জন্যে।<br>✍ He came to me to know the matter/in order to know the matter. | **9.** বামদিকের 9 নং বাক্যটিকে Complex করতে হলে নিম্নলিখিত গঠনটি অনুসরণ করতে হবে।<br>**গঠন : Sub + Verb + O.W + so that + Subject + can/could + Verb (Present) + O.W.**<br>☞ সে আমার নিকট এলো যাতে সে বিষয়টি বুঝতে পারে।<br>✍ He came to me so that he could know the matter. | **9.** বামদিকের Simple ও Complex Sentence-কে Compound করতে হলে নিম্নের গঠনটি অনুসরণ করতে হবে।<br>**গঠন : Sub + Verb + O.W. + and + Sub + Verb + O.W.**<br>☞ সে আমার নিকট এলো এবং সে বিষয়টি বুঝতে চেয়েছিল।<br>✍ He came to me and he wanted to know the matter. |
| **10.** কোনো কাজ করার মাধ্যমে অপরটি সমাধান করা হয়, এরূপ বোঝালে নিম্নের গঠনটি অনুসরণ করতে হবে।<br>**গঠন : By + Gerund (Verb + ing) + O.W. + Sub + Verb + O.W.**<br>☞ কঠোর পরিশ্রম করে তুমি উন্নতি করতে পারবে।<br>✍ By working hard, you can prosper. | **10.** বামদিকের 10 নং বাক্যটিকে Complex করতে হলে নিম্নের গঠনটি অনুসরণ করতে হবে।<br>**গঠন : If (যদি) + Sub + Verb + O.W. + Subject (২য়) + Verb + O.W.**<br>☞ যদি তুমি কঠোর পরিশ্রম করো তবে তুমি উন্নতি করতে পারো।<br>✍ If you work hard, you can prosper. | **10.** বামদিকের Simple ও Complex Sentence-কে Compound করতে হলে নিম্নের গঠনটি অনুসরণ করতে হবে।<br>**গঠন : Subject + Verb + O.W. + and + Subject + Verb + O.W.**<br>☞ তুমি কঠোর পরিশ্রম করো এবং তুমি উন্নতি করতে পারো।<br>✍ You work hard and you can prosper. |
| **11.** কোনো একটি কাজ না হলে অপর কাজটিও হবে না। এরূপ বোঝালে নিম্নলিখিত গঠনটি অনুসরণ করতে হবে।<br>**গঠন : Without + Gerund (Verb + ing) + O.W. + Subject + cannot/could not + Verb (Present) + O.W.**<br>☞ পরিশ্রম ছাড়া তুমি সফল হতে পারবে না।<br>✍ Without working hard, you cannot succeed. | **11.** বামদিকের 11 নং বাক্যটিকে Complex করতে হলে নিম্নে প্রদত্ত গঠনটি অনুসরণ করতে হবে।<br>**গঠন : If + Subject + Auxiliary verb + not + Verb + O.W. + Subject + Verb + O.W.**<br>☞ তুমি যদি পরিশ্রম না করো তবে তুমি সফল হতে পারবে না।<br>✍ If you do not work hard, you cannot succeed. | **11.** বামদিকের Simple ও Complex Sentence-কে Compound করতে হলে নিম্নে প্রদত্ত গঠনটি অনুসরণ করতে হবে।<br>**গঠন : Verb + O.W. + or + Subject + Auxiliary verb + not + Verb + O.W.**<br>☞ পরিশ্রম করো, নইলে/অথবা তুমি সফল হতে পারবে না।<br>✍ Work hard or you cannot succeed. |
| **12.** যখন কোনো ব্যক্তি/বস্তু/প্রাণী একই সাথে দুটো গুণের/দোষের অধিকারী হয় তখন নিম্নে প্রদত্ত গঠনটি অনুসরণ করতে হবে।<br>**গঠন : Subject + Verb + both + a + Noun/Adjective + and + a + Noun/ Adjecitve**<br>☞ নচিকেতা একজন গায়ক ও গীতিকার উভয়ই।<br>✍ Nachiketa is both a singer and a composer. | **12.** বামদিকের Simple Sentence-টি Complex করতে নিম্নের গঠনটি অনুসরণ করতে হবে।<br>**গঠন : It is not that + Sub + Verb + only + Noun + Subject + Verb + also + Noun**<br>☞ এমনটা নয় যে নচিকেতা শুধু একজন গায়ক, তিনি একজন সুরকারও বটে।<br>✍ It is not that Nachiketa is only a singer, he is also a composer. | **12.** বামদিকের Simple Sentence-টি Compound করতে নিম্নের গঠনটি অনুসরণ করতে হবে।<br>**গঠন : Subject + Verb + not only + a + Noun + but also + Subject + Verb + a + Noun.**<br>☞ নচিকেতা একজন গায়কই নন, তিনি একজন গীতিকারও বটে।<br>✍ Nachiketa is not only a singer but also he is a composer. |
| **13.** Present Participle : এটা দু-ভাবে ব্যবহৃত হয়।<br>❑ যখন একটি কাজ আগে হয় এবং একটি কাজ পরে হয়। যে কাজটি আগে হয় সেটির ক্রিয়াপদের (Verb)-এর সাথে ing যোগ হবে।<br>**গঠন-১ : Verb + ing + O.W. + Subject + Verb + O.W.**<br>☞ দরজা বন্ধ করে আমি বাইরে গেলাম।<br>✍ Closing the door, I went outside. | **13.** বামদিকের 13 নং বাক্যটিকে Complex করতে হলে নিম্নলিখিত গঠনগুলো অনুসরণ করতে হবে। যখন একটি কাজ আগে, অপরটি পরে হয় তখন নিম্নে প্রদত্ত গঠনটি অনুসরণ করতে হবে।<br>**গঠন-১ : After + Past Perfect / Present Perfect + Present Indefinite / Past Indefinite**<br>☞ দরজা বন্ধ করার পর আমি বাইরে গেলাম।<br>✍ After I had closed the door, I went outside. | **13.** বামদিকের Simple ও Complex Sentence-কে Compound-এ পরিণত করতে হলে নিম্নে প্রদত্ত গঠনটি অনুসরণ করতে হবে।<br>**গঠন-১ : Subject + Verb + O.W. + and + Subject + Verb + O.W.**<br>☞ দরজাটি বন্ধ করলাম এবং বাইরে গেলাম।<br>✍ I closed the door and went outside. |

| SIMPLE SENTENCE | COMPLEX SENTENCE | COMPOUND SENTENCE |
|---|---|---|
| ❑❑ Present Participle (Verb + ing) যখন Adjective-এর মতো কাজ করে তখন সেই Noun-এর পাশেই ব্যবহৃত হয় যার সম্পর্কে তথ্য দেয় বা যাকে বিশেষিত করে। Present Participle Phrase দু-ভাবে বিশেষিত করে। প্রথমত Subject-কে, দ্বিতীয়ত Object-কে।<br>গঠন-২ : **Subject + Verb + ing + O.W. + Verb + O.W.**<br>☞ কিছু লোক মাঠে কাজ করছে তারা কৃষক।<br>✍ Some people working in the field are farmers.<br>গঠন-৩ : **Subject + Verb + O.W. (N) + Verb + ing + O.W.**<br>☞ আমি একটি বালককে আমার দিকে দৌড়াতে দেখলাম।<br>✍ I saw a boy running towards me. | যখন এক ব্যক্তি/বস্তু/প্রাণী সম্পর্কে তথ্য প্রদান করে তখন নিম্নে প্রদত্ত গঠনটি অনুসরণ করতে হবে।<br>গঠন-২ : **Subject + Relative Pronoun+Verb+O.W. + Verb + O.W.** অথবা, **Subject + Verb + O.W. + Relative Pronoun + Verb + O.W.**<br>☞ কিছু লোক যারা মাঠে কাজ করছে তারা কৃষক।<br>✍ Some people who are working in the field are farmers.<br>Or, Some people are working in the field who are farmers.<br>গঠন-৩ : **Subject+Verb + O.W. + Who + be verb + Verb**-এর সাথে **ing + O.W.**<br>☞ আমি একটি বালককে দেখলাম যে আমার দিকে দৌড়াচ্ছে।<br>✍ I saw a boy who was running towards me. | বামদিকের বাক্যকে Compound-এ পরিণত করতে হলে নিম্নলিখিত গঠনটি অনুসরণ করতে হবে।<br>গঠন-২ : **Subject + Verb + O.W. + and + Sub + Verb + O.W.**<br>☞ কিছু লোক মাঠে কাজ করছে এবং তারা কৃষক।<br>✍ Some people are working in the field and they are farmers.<br>☞ আমি একটি বালককে দেখলাম এবং সে আমার দিকে দৌড়াচ্ছে।<br>✍ I saw a boy and he was running towards me. |
| **14.** Past Participle Phrase বলতে মূল ক্রিয়ার তৃতীয় form এবং O.W. কে বোঝায়। এই Phrase-টি Verb ও Adjective-এর মতো ব্যবহৃত হয়। উহা Subject বা Object-এর পরে ব্যবহৃত হয়ে Simple Sentence গঠন করে।<br>গঠন-১ : **Subject + Verb**-এর **Past Participle form + O.W. + Verb + O.W.**<br>☞ হুমায়ূন আহমেদের লেখা বইটি খুবই মজার।<br>✍ The book written by Humayun Ahmed is very interesting.<br>গঠন-২ : **Subject + Verb + O.W. (Noun) + Verb**-এর **Past Participle form + O.W.**<br>☞ আমি রফিক আজাদের লেখা একটি কবিতার বই কিনেছিলাম।<br>✍ I bought a book of poems written by Rafiq Azad. | **14.** বামদিকের Simple বাক্যদ্বয়কে Complex-এ পরিণত করতে হলে নিম্নলিখিত গঠনগুলো অনুসরণ করতে হবে।<br>গঠন-১ : **Subject + who/which/that + Verb + O.W. + Verb + O.W.**<br>☞ যে বইটি হুমায়ূন আহমেদের লেখা তা খুবই মজার।<br>✍ The book which is written by Humayun Ahmed is very interesting.<br>গঠন-২ : **Subject + Verb + O.W. (Noun) + who/which/that + Verb + O. W.**<br>☞ আমি একটি কবিতার বই কিনেছিলাম যা রফিক আজাদের লেখা।<br>✍ I bought a book of poems that/which is written by Rafiq Azad. | **14.** বামদিকের বাক্যকে Compound-এ পরিণত করতে হলে নিম্নলিখিত গঠনটি অনুসরণ করতে হবে।<br>গঠন : **Subject + Verb + O.W. + and + Subject + Verb + O.W.**<br>☞ বইট খুব মজার এবং সেটা হুমায়ূন আহমেদ লিখেছিলেন।<br>✍ The book is very interesting and Humayun Ahmed wrote it.<br>☞ আমি একটি কবিতার বই কিনেছিলাম এবং রফিক আজাদ ওটি লিখেছিলেন।<br>✍ I bought a book of poems and Rafiq Azad wrote that. |
| **15.** At the time of + Verb + ing/at + time দ্বারা বোঝায় কোনো কাজ করার সময়। এই Phrase-যুক্ত বাক্যটির গঠন হলো :<br>গঠন : **Subject + Verb + O.W. + at the time of + Verb + ing + O.W. /at + time**<br>☞ বৃষ্টি হওয়ার সময় সে ঘুম থেকে জেগে উঠল।<br>✍ He woke up at the time of raining.<br>☞ সে এখানে ৪টায় এসেছিল।<br>✍ He came here at four. | **15.** বামদিকের বাক্যটিকে Complex-এ পরিণত করতে হলে নিম্নের গঠনটি অনুসরণ করতে হবে।<br>গঠন : **When/while + Subject + Verb + O.W. + Subject + Verb + O.W.**<br>☞ যখন বৃষ্টি হচ্ছিল তখন সে ঘুম থেকে জেগে উঠল।<br>✍ When it was raining, he woke up.<br>☞ যখন ৪টা বাজে তখন সে এসেছিল।<br>✍ He came when it was four. | **15.** বামদিকে বাক্যটিকে Compound করতে হলে নিম্নের গঠনটি অনুসরণ করতে হবে।<br>গঠন : **Subject + Verb + O.W. + and + Subject + Verb + O.W. + then**<br>☞ সে ঘুম থেকে জেগে উঠল এবং তখন বৃষ্টি হচ্ছিল।<br>✍ He woke up and it was raining then.<br>☞ এখন ৪টা এবং সে এলো।<br>✍ It was four and he came. |
| **16.** Perfect Participle Phrase Having + Verb-এর Past Participle form + O. W. এই Phrase-টি ব্যবহৃত হবে তখনই যখন একটি কাজ আগে এবং অপরটি পরে অনুষ্ঠিত হবে।<br>গঠন-১ : **Having + Verb**-এর **Past Participle form + O.W. + Subject + Verb**-এর **Past form + O.W.** | **16.** বামদিকের বাক্যটিকে Complex-এ পরিণত করতে হলে নিম্নের গঠনটি অনুসরণ করতে হবে।<br>গঠন-১ : **When/After + Subject + have /had + Verb**-এর **Past Participle form + Subject + Verb**-এর **Past form + O.W.** | **16.** বামদিকের বাক্যটিকে Compound করতে হলে নিম্নের গঠনটি অনুসরণ করতে হবে।<br>গঠন : **Subject + Verb**-এর **Past form + O.W. + and + Subject + Verb**-এর **Past form + O.W.** |

| SIMPLE SENTENCE | COMPLEX SENTENCE | COMPOUND SENTENCE |
|---|---|---|
| ☞ তাকে ভুলে গিয়ে আমি বাইরে গেলাম।<br>✍ Having forgotten him, I went outside.<br>বাক্যটি Passive form-এর হলে নিম্নের গঠনটি অনুসরণ করবে।<br>গঠন-২ : **Having + been + Verb-এর Past Participle form + O.W. + Subject + Verb + O.W.**<br>☞ চাকরি হারিয়ে লোকটি এখন দিশেহারা।<br>✍ Having been dismissed from the job, the man is now at a loss. | ☞ তাকে ভুলে যাওয়ার পর আমি বাইরে গেলাম।<br>✍ After I had forgotten him, I went outside.<br>গঠন-২ : **When + Sub + Verb + O.W. + Sub + Verb + O.W.**<br>☞ যখন লোকটি চাকরি হারালো তখন সে দিশেহারা হলো।<br>✍ When the man lost the job, he was at a loss. | ☞ আমি তাকে ভুলে গেলাম এবং আমি বাইরে চলে গেলাম।<br>✍ I forgot him and I went outside.<br>☞ লোকটি চাকরি হারালো এবং দিশেহারা হলো।<br>✍ The man was dismissed and he was at a loss. |
| **17.** নিম্নলিখিত গঠনটি লক্ষ করো :<br>গঠন : **Subject + Verb + Adjective/noun**<br>☞ স্বাস্থ্যই সম্পদ।<br>✍ Health is wealth. | **17.** Complex-এ নিম্নলিখিত গঠনটি অনুসরণ করতে হবে।<br>গঠন : **Subject (It) + Verb + Subject + which + Verb+O.W. (Noun).**<br>☞ এটাই স্বাস্থ্য যা সম্পদ।<br>✍ It is health which is wealth. | **17.** বামদিকের বাক্যটিকে নিম্নলিখিত গঠন অনুযায়ী Compound-এ পরিণত করতে হবে।<br>গঠন : **Subject (It) + Verb + O.W. + and + Subject (that) + Verb + O.W.**<br>☞ এটাই স্বাস্থ্য এবং এটা সম্পদ।<br>✍ It is health and that is wealth. |
| **18.** The way of + possessive + Verb + ing-যুক্ত বাক্যের Simple Sentenceএর গঠন হলো :<br>গঠন : **Sub + Verb + the way of + possessive + Verb + ing + O.W.**<br>বি.দ্র. : এই phrase দ্বারা বোঝায় কাজটি কী উপায়ে করা যায়।<br>☞ আমি তার কাজ করার উপায়টি জানি।<br>✍ I know the way of his doing the work. | **18.** বামদিকের বাক্যকে Complex-এ পরিণত করতে হলে নিম্নলিখিত গঠনটি অনুসরণ করতে হবে।<br>গঠন : **Sub + Verb + how + Sub + Verb + O.W.**<br>☞ আমি জানি সে কেমন করে কাজটি করেছিল।<br>✍ I know how he did the work. | **18.** বামদিকের বাক্যটিকে Compound-এ পরিণত করতে হলে নিম্নের গঠনটি অনুসরণ করতে হবে।<br>গঠন : **Sub + Verb + O.W. + and + Sub + Verb + O.W.**<br>☞ সে কাজটা করেছিল এবং আমি তা জানি।<br>✍ He did the work and I know the way of his doing that. |
| **19.** Past Partciple অথবা Adjective-যুক্ত Simple Sentence নিম্নরূপ :<br>☞ চেয়ারের ভাঙা পায়াটি মেরামত করা হয়েছিল।<br>✍ The broken leg of the chair was repaired.<br>☞ লেখক একটি ছোটো কামরা ভাড়া নিয়েছিলেন।<br>✍ The writer rented a tiny apartment.<br>☞ আমি একজন খোঁড়া লোক দেখলাম।<br>✍ I saw a lame man. | **19.** বামপাশের Simple Sentence-কে Complex করার সময় নিম্নলিখিত গঠনটি অনুসরণ করতে হবে।<br>গঠন : **Participle** অথবা **Adjective** ব্যতীত সবটুকু অংশ লিখতে হবে + **Who/Which + Verb + Participle** অথবা **Adjective.**<br>☞ চেয়ারের পায়াটি মেরামত করা হয়েছিল যেটি ভাঙা ছিল।<br>✍ The leg of the chair was repaired which was broken.<br>☞ লেখক একটি কামরা ভাড়া নিয়েছিলেন যেটি ছিল ছোটো।<br>✍ The writer rented an apartment which was tiny.<br>☞ আমি একজন লোক দেখেছিলাম যে ছিল খোঁড়া।<br>✍ I saw a man who was lame. | **19.** বামদিকের বাক্যের Compound form-টি হলো :<br>গঠন : **Subject + Verb + O.W. + and + Subject + Verb + O.W.**<br>☞ চেয়ারের পায়াটি ভেঙে গিয়েছিল এবং এটি মেরামত করা হয়েছিল।<br>✍ The leg of the chair was broken and it was repaired.<br>☞ লেখক একটি কামরা ভাড়া নিয়েছিলেন এবং এটি ছিল ছোটো।<br>✍ The writer rented an apartment and it was tiny.<br>☞ আমি একজন লোককে দেখলাম এবং সে ছিল খোঁড়া।<br>✍ I saw a man and he was lame. |
| **20.** Up to + Verb + ing-যুক্ত Simple বাক্যের গঠন নিম্নরূপ :<br>গঠন : **Sub + Verb + O.W. + up to + Verb + ing + O.W.**<br>☞ ছাত্রছাত্রীরা শ্রেণিকক্ষে অবস্থান করবে পরীক্ষার খাতাগুলো শিক্ষকগণ নেওয়া পর্যন্ত।<br>✍ Students will stay in the classroom up to taking examination sheets by their teachers.<br>বি.দ্র. উপরের Phrase দ্বারা বোঝায় কোনো কাজ করা পর্যন্ত। | **20.** বামদিকের বাক্যটিকে Complex-এ পরিণত করতে হলে নিম্নের গঠনটি অনুসরণ করতে হবে।<br>গঠন : **Sub + Verb + O.W. + till/until + Sub + Verb + O.W.**<br>☞ ছাত্রছাত্রীরা শ্রেণিকক্ষে অবস্থান করবে যতক্ষণ তাদের শিক্ষকগণ পরীক্ষার খাতাগুলো না নেয়।<br>✍ Students will stay in the classroom till/until their teachers take their examination sheets. | **20.** বামদিকের Simple ও Complex Sentence-কে Compound-এ পরিণত করতে নিম্নের গঠনটি অনুসরণ করতে হবে।<br>গঠন : **Sub + Verb + O.W. + and + then + Sub + Verb + O.W.**<br>☞ ছাত্রছাত্রীরা শ্রেণিকক্ষে অবস্থান করবে এবং তারপর তাদের শিক্ষকগণ পরীক্ষার খাতাগুলো নিবেন।<br>✍ Students will stay in the classroom and then their teachers will take their examination sheets. |

| SIMPLE SENTENCE | COMPLEX SENTENCE | COMPOUND SENTENCE |
|---|---|---|
| **21.** Just at the time of + Verb + ing-যুক্ত Simple বাক্যের গঠনটি হলো :<br>গঠন : **Just at the time of + Verb + ing + O.W. + Sub + Verb + O.W.**<br>☞ ঠিক এখানে আসার সময় আমি তাকে দেখলাম।<br>✍ Just at the time of coming here, I saw him.<br>বি.দ্র.: এখানে Phrase-টি দ্বারা ঠিক কোনো কাজ করার সময়কে বোঝায়। | **21.** বামদিকের Phrase-যুক্ত বাক্যটির Complex form-টি হলো :<br>গঠন : **As soon as + Sub + Verb + O.W. + Sub + Verb + O.W.**<br>☞ যেই না আমি এখানে এলাম, আমি তাকে দেখলাম।<br>✍ As soon as I came here, I saw him. | **21.** বামদিকের Simple ও Complex বাক্যের Compound form-টি নিম্নরূপ :<br>গঠন : **Sub + Verb + O.W. + and + just then + Sub + Verb + O.W.**<br>☞ আমি এখানে এলাম এবং ঠিক তখনি আমি তাকে দেখলাম।<br>✍ I came here and just then I saw him. |
| **22.** After + Verb + ing + O.W.-যুক্ত কোনো Simple বাক্যের গঠন নিম্নরূপ :<br>গঠন : **After + Verb + ing + O.W. + Sub + Verb-এর (Past/Present) + O.W.**<br>☞ সকালের নাশতা খেয়ে আমি বিদ্যালয়ে গিয়েছিলাম।<br>✍ After having breakfast, I went to school.<br>☞ সকালের নাশতা খেয়ে আমি বিদ্যালয়ে যাই।<br>✍ After having breakfast, I go to school.<br>বি.দ্র. : After-যুক্ত শব্দগুচ্ছটি দ্বারা কোনো কাজ করার পরে বোঝায়। | **22.** বামদিকের Simple বাক্যের Complex form-গুলো হবে নিম্নরূপ :<br>গঠন-১ : **Sub+Verb (Present) + O.W. + after + Sub + have/has + Verb-এর Past Participle form + O.W.**<br>☞ সকালের নাশতা করার পরে আমি বিদ্যালয়ে যাই।<br>✍ I go to school after I have taken breakfast.<br>গঠন-২ : **Sub + Verb (Past) + O.W. + after + Sub + had + Verb-এর Past Participle form + O.W.**<br>☞ সকালের নাশতা করার পর আমি বিদ্যালয়ে গিয়েছিলাম।<br>✍ I went to school after I had taken breakfast. | **22.** বামদিকের Simple এবং Complex Sentence-গুলোকে Compound-এ পরিণত করতে হলে নিম্নের গঠনটি অনুসরণ করতে হবে।<br>গঠন : **Sub + Verb + O.W. + and + then + Sub + Verb + O.W.**<br>☞ আমি নাশতা খেলাম এবং তারপর আমি বিদ্যালয়ে গেলাম।<br>✍ I took my breakfast and then I went to school. |
| **23.** The reason of + Subject-এর Possessive form+Verb-এর সাথে ing/Noun+O.W.-যুক্ত Simple বাক্যের গঠনটি নিম্নরূপ :<br>গঠন : **Sub+Verb+the reason of + Subject-এর Possessive form + Verb-এর সাথে ing/Noun + O.W.**<br>☞ আমি তার অনুপস্থিতির কারণ জানি।<br>✍ I know the reason of his absence.<br>☞ সে আমার বাড়ি আসার কারণ জানে।<br>✍ He knows the reason of my coming home. | **23.** বামদিকের Simple বাক্যের Complex form-টি হলো :<br>গঠন : **Sub + Verb + why + Sub + Verb + O.W.**<br>☞ আমি জানি কেন সে অনুপস্থিত।<br>✍ I know why he is absent.<br>☞ সে জানে আমি আমি কেন বাড়ি এসেছি।<br>✍ He knows why I have come home. | **23.** বামদিকের Simple বা Complex বাক্যের Compound form-টি হলো:<br>গঠন : **Sub + Verb + O.W. + and + Sub + Verb O.W.**<br>☞ সে হয় অনুপস্থিত এবং আমি কারণটি জানি।<br>✍ He is absent and I know the reason.<br>☞ আমি বাড়ি এসেছি এবং সে কারণটি জানে।<br>✍ I have come home and he knows the reason. |
| **24.** The place of + Verb + ing Or, at/in + place-যুক্ত Simple বাক্যের গঠনটি হলো :<br>গঠন : **Sub + Verb + the place of + Verb + ing or,/at /in + place.**<br>☞ আমি রাজশাহীতে জন্মগ্রহণ করেছিলাম।<br>✍ I was born in Rajshahi. | **24.** বামদিকের Simple বাক্যের Complex form-টি হলো :<br>গঠন : **Sub + Verb + O.W. (N) + Where + Sub + Verb + O.W.**<br>☞ এই রাজশাহীতেই আমি জন্মগ্রহণ করেছিলাম।<br>✍ It is Rajshahi where I was born. | **24.** বামদিকের Simple ও Complex বাক্যের Compound form-টি নিম্নরূপ :<br>গঠন : **Sub + Verb + O.W. + and + Sub + Verb + O.W.**<br>☞ এটা রাজশাহী এবং আমি এখানে জন্মগ্রহণ করি।<br>✍ It is Rajshahi and I was born here. |
| **25.** নিম্নে Simple বাক্যের গঠনটি লক্ষ করো :<br>গঠন : **Sub + Verb + Possessive of second subject + Noun + O.W.**<br>☞ আমি তার দাবি/চাহিদা জানি।<br>✍ I know his demand. | **25.** Complex form-টি লক্ষ করো :<br>গঠন : **Sub + Verb + what + Sub + Verb + O.W.**<br>☞ আমি জানি সে যা দাবি করে।<br>✍ I know what he demands. | **25.** Compound form-টি নিম্নরূপ :<br>গঠন : **Sub + Verb + Conjunction + Sub + Verb + O.W.**<br>☞ সে দাবি করে এবং আমি এটা জানি।<br>✍ He demands and I know it. |
| **26.** Just + before + Possessive + Verb + ing + O.W.-যুক্ত Simple বাক্যের গঠনটি হলো :<br>গঠন : **Sub + Verb + just before + Possessive + Verb + ing + O.W.**<br>☞ ট্রেনটি ছেড়েছিল ঠিক আমরা স্টেশনে পৌঁছার আগেই।<br>✍ The train left just before our reaching the station. | **26.** বামদিকের Simple বাক্যের Complex form-টি হবে নিম্নরূপ :<br>গঠন : **No sooner had + Sub + Verb-এর Past Participle form + than + Sub + Verb-এর Past form + O.W.**<br>☞ আমরা স্টেশনে পৌঁছতে না পৌঁছতেই ট্রেনটি ছেড়ে দিলো।<br>✍ No sooner had we reached the station than the train left. | **26.** বামদিকের Simple/Complex বাক্যের Compound form-টি নিম্নরূপ :<br>গঠন : **Sub + Verb-এর Past form + O.W. + and + just then + Sub + Verb-এর Past form**<br>☞ আমরা স্টেশনে পৌঁছলাম এবং ঠিক তখনি ট্রেনটি ছেড়ে দিলো।<br>✍ We reached the station and just then the train left. |

# COMPARISON OF ADJECTIVES

## (Degree)

দুই বা ততোধিক ব্যক্তি, বস্তু ও প্রাণীর মধ্যে দোষ বা গুণের তুলনা করার পদ্ধতিকে Comparison of Adjectives বা Degree বলে। একে তিন ভাগে ভাগ করা যায়। যথা :

(i) Positive degree, (ii) Comparative degree ও (iii) Superlative degree.

### POSITIVE DEGREE

Adjective যখন কোনো ব্যক্তি, বস্তু বা প্রাণীর সাধারণ গুণ বোঝায় তখন তাকে Positive degree বলে।

**Structure : Sub. + Verb + a/an + Adjective-এর Positive form + Noun.** যেমন—

1. He is a **good** boy.
2. Monica is a **beautiful** girl.

এখানে good, beautiful হলো Positive degree.

### COMPARATIVE DEGREE

যখন দুটি ব্যক্তি, বস্তু বা প্রাণীর মধ্যে তুলনা করা বোঝায় তখন তার রূপকে Comparative degree বলে।

**Structure : Sub. + Verb + a/an + Adjective-এর Comparative form + than + Noun (Singular).** যেমন—

1. He is **taller** than you.
2. He is **more clever** than you.

Or, He is **cleverer** than you.

এখানে taller, more clever/cleverer হলো Comparative degree.

- Than-এর পরে সবসময় Nominative case (কর্তৃকারক) ব্যবহার করতে হবে। যেমন—
  Than-এর পরে I হবে, me হবে না; we হবে, us হবে না; he হবে, his হবে না; she হবে, her হবে না; they হবে, them হবে না ইত্যাদি।
- Than-এর পরে Common Noun থাকলে Common Noun-এর আগে any other ব্যবহার করতে হবে। যেমন—
  He is better than any other boy in the class.
- কিছু কিছু শব্দ যেমন prefer, superior, senior, junior, inferior ইত্যাদি সর্বদা Comparative. এদের পর than-এর পরিবর্তে to ব্যবহৃত হবে। যেমন—
  1. I prefer reading to writing.
  2. He is junior to me.

### SUPERLATIVE DEGREE

যখন দুই-এর অধিক ব্যক্তি, বস্তু বা প্রাণীর মধ্যে তুলনা করা হয় তখন এর রূপকে Superlative degree বলে।

**Structure : Sub. + Verb + the + Adjective-এর Superlative degree + in/of + Noun /Pronoun.** যেমন—

1. He is the **wisest** of all men.
2. He is the **tallest** boy in the class.
3. Foysal is the **most laborious**.
4. Sohel is the **fastest** among the students.

এখানে wisest, tallest, most laborious, fastest হলো Superlative degree.

**Note :**

**(i)** Superlative form-এর আগে the ব্যবহৃত হয়।

**(ii)** The + Superlative form-এর পরে of all + common noun (plural form) বা in the + name of place (common noun) বা among them + common noun (plural form). যেমন—
of all boys in the village, among the students ইত্যাদি।

**Positive degree থেকে Comparative এবং Superlative degree-এর পরিবর্তনের সাথে Adjective-এর রূপের পরিবর্তন হয়। এই রূপের পরিবর্তনের ক্ষেত্রে কতকগুলো নিয়ম অনুসরণ করা হয়।** যেমন—

**(i)** এক Syllable-বিশিষ্ট Adjective-এর Positive degree-কে Comparative ও Superlative degree-তে পরিবর্তনের ক্ষেত্রে Adjective-এর শেষে 'er' ও 'est' যোগ করা হয়। যেমন—

| Positive | Comparative | Superlative |
|---|---|---|
| able (সমর্থ/সক্ষম) | abler | ablest |
| blue (নীল) | bluer | bluest |
| brave (সাহসী) | braver | bravest |
| cheap (সস্তা) | cheaper | cheapest |
| close (নিকটবর্তী/কাছাকাছি) | closer | closest |
| deep (গভীর) | deeper | deepest |
| fine (সুন্দর) | finer | finest |
| great (বড়ো/বিখ্যাত) | greater | greatest |
| late (দেরি) | later | latest |
| large (বড়ো/বিশাল) | larger | largest |
| light (হালকা) | lighter | lightest |
| low (নিচু) | lower | lowest |
| noble (মহৎ) | nobler | noblest |
| rich (ধনী) | richer | richest |
| short (খাটো) | shorter | shortest |

| Positive | Comparative | Superlative |
|---|---|---|
| soft (কোমল/নরম) | softer | softest |
| small (ছোটো) | smaller | smallest |
| strong (সবল/শক্ত) | stronger | strongest |
| tall (লম্বা) | taller | tallest |
| weak (দুর্বল) | weaker | weakest |
| wise (জ্ঞানী) | wiser | wisest |
| white (সাদা) | whiter | whitest |
| young (কমবয়সি) | younger | youngest |

**(ii)** Adjective-এর শেষের অক্ষর যদি Consonant হয় এবং তার পূর্বে যদি single vowel থাকে তাহলে Consonant-টি দ্বিত্ব বা double হবে এবং Comparative ও Superlative-এর ক্ষেত্রে er ও est যুক্ত হবে। যেমন—

| Positive | Comparative | Superlative |
|---|---|---|
| big (বড়ো) | bigger | biggest |
| fit (উপযুক্ত) | fitter | fittest |
| fat (মোটা) | fatter | fattest |
| red (লাল) | redder | reddest |
| sad (বিষণ্ণ) | sadder | saddest |
| thin (পাতলা) | thinner | thinnest |

**(iii)** Adjective-এর শেষে 'y' থাকলে এবং y-এর পূর্বে Consonant থাকলে 'y'-এর স্থলে 'i' এবং তৎপর 'er' ও 'est' যুক্ত করে Comparative ও Superlative degree গঠন করা হয়। যেমন—

| Positive | Comparative | Superlative |
|---|---|---|
| busy (ব্যস্ত) | busier | busiest |
| dry (শুষ্ক) | drier | driest |
| easy (সহজ) | easier | easiest |
| happy (সুখী) | happier | happiest |
| heavy (ভারি) | heavier | heaviest |
| hungry (ক্ষুধার্ত) | hungrier | hungriest |
| lazy (অলস) | lazier | laziest |
| lovely (সুন্দর/আকর্ষণীয়) | lovelier | loveliest |
| ugly (কুৎসিত) | uglier | ugliest |
| wealthy (বিত্তবান/ধনী) | wealthier | wealthiest |

**(iv)** কিন্তু 'y'-এর পূর্বে যদি Vowel থাকে সেক্ষেত্রে 'y'-এর পরে er, est যুক্ত হয়। যেমন—

| Positive | Comparative | Superlative |
|---|---|---|
| gay (উচ্ছল) | gayer | gayest |
| grey (ধূসর) | greyer | greyest |

**(v)** দুই বা ততোধিক Syllable-বিশিষ্ট Positive degree-এর Adjective-এর পূর্বে সাধারণত more বসিয়ে Comparative এবং most বসিয়ে Superlative degree গঠন করা হয়। যেমন—

| Positive | Comparative | Superlative |
|---|---|---|
| active (কর্মঠ) | more active | most active |
| attentive (মনোযোগী) | more attentive | most attentive |
| beautiful (সুন্দর) | more beautiful | most beautiful |
| comfortable (আরামদায়ক) | more comfortable | most comfortable |
| difficult (কঠিন) | more difficult | most difficult |
| dutiful (কর্তব্যনিষ্ঠ) | more dutiful | most dutiful |
| diligent (অধ্যবসায়ী) | more diligent | most diligent |
| important (গুরুত্বপূর্ণ) | more important | most important |
| intelligent (বুদ্ধিমান) | more intelligent | most intelligent |
| learned (বিদ্বান) | more learned | most learned |
| useful (উপকারী) | more useful | most useful |

**(vi)** নিম্নলিখিত Adjective-গুলোর Comparative ও Superlative-এর রূপ Irregular-ভাবে গঠিত হয়। যেমন—

| Positive | Comparative | Superlative |
|---|---|---|
| bad (খারাপ) | worse | worst |
| far (দূরবর্তী) | farther | farthest |
| fore (অগ্রবর্তী) | former | foremost |
| good (ভালো) | better | best |
| little (কম/ছোটো) | less | least |
| many (অনেক) | more | most |
| much (অনেক) | more | most |
| out (বাইরে) | outer | outmost/utmost |
| up (উপরে) | upper | uppermost |

# CHANGING DEGREE OF ADJECTIVES

Adjective-এর Degree of Comparison-এর পারস্পরিক পরিবর্তনের মাধ্যমে Sentence-কে Transform বা Change করা হয়। সাধারণত নিম্নলিখিত পদ্ধতিতে তুলনা করা যেতে পারে :

1. Positive থেকে Comparative
2. Comparative থেকে Positive
3. Positive থেকে Superlative
4. Superlative থেকে Positive
5. Comparative থেকে Superlative
6. Superlative থেকে Comparative

## Positive থেকে Comparative করার নিয়ম

1. বাক্যটি সাধারণত গুণ, দোষ বা পরিমাণ প্রকাশক হলে নিম্নলিখিত গঠন অনুসারে Comparative করতে হয়।
   **Structure :** **Sub + verb + adjective-এর comparative form + than any other + common noun.** যেমন—
   **Positive** : He is a good boy.
   **Comparative** : He is better than any other boy.
2. Positive form-এর বাক্যটি No other দ্বারা শুরু হলে নিম্নলিখিত গঠন অনুসারে Comparative করতে হয়।
   **Structure :** **Sub + verb + adjective-এর comparative form + no other-এর পরিবর্তে than any other +** তুলনীয় শব্দসহ অন্যান্য শব্দ। যেমন—
   **Positive** : No other boy in the class is as good as he.
   **Comparative** : He is better than any other boy in the class.
   **N.B.** No other যুক্ত বাক্যে Subject-টি সবার শেষে থাকে।
3. Positive form-এর বাক্যটি যদি very few দ্বারা শুরু হয় তবে নিম্নলিখিত গঠন অনুসরণ করতে হয়।
   **Structure :** শেষের **subject-টি** আগে বসে + **verb + adjective-এর comparative form + than most other (very few-এর পরিবর্তে) + very few-এর** পরবর্তী অংশ। যেমন—
   **Positive** : Very few metals are as useful as iron.
   **Comparative** : Iron is more useful than most other metals.
4. As + adjective + as যুক্ত Positive degree-কে Comparative করতে হলে নিম্নলিখিত গঠন অনুসারে করতে হয়।
   **Structure :** শেষের **subject-টি** আগে + **verb + not (sentence-টি affirmative** হলে কিন্তু **sentence-টি negative** হলে **not** উঠে যায়) + **adjective-এর comparative form + than** + প্রদত্ত বাক্যের ১ম **subject.** যেমন—
   **Positive** : He is as tall as a palm tree.
   **Comparative** : A palm tree is not taller than he.
   Or, He is not taller than a palm tree.
   **Positive** : Your brother is not as fair as your sister.
   **Comparative** : Your sister is fairer than your brother.
5. Positive বাক্যটি as soon as দ্বারা গঠিত হলে Comparative করার সময় no sooner had ..... than ব্যবহার করতে হবে। যেমন—
   **Positive** : As soon as the doctor came, the patient felt better.
   **Comparative** : No sooner had the doctor come than the patient felt better.

## EXERCISE—9

**Transform the following sentences into Comparative :**

1. Very few metals are so/as precious as gold.
2. A bird cannot fly so/as fast as a plane.
3. Honesty is not so/as much as it is.
4. She is not so/as ugly as you said.
5. Orange is not so/as cheap as you said.
6. The lady was not so young as I expected.
7. Eagle's eyes were not so bright as hers.
8. No other boy in the orphanage is so/as good as Jerry.
9. You have done as much as a man.
10. As soon as she saw it, she knew that it must be Jim's.

## Comparative থেকে Positive করার নিয়ম

1. যেসব বাক্যে than any other/all other থাকে সেসব বাক্যকে Positive করতে হলে নিম্নের গঠন অনুসরণ করতে হবে।
   **Structure :** **No other + any other/all other-এর** পরের অংশ + **verb + so/as + adjective-এর positive form + as** + প্রদত্ত বাক্যের **subject.** যেমন—
   **Comparative** : Foysal is more active than any other boy.
   **Positive** : No other boy is as active as Foysal.
2. Than-যুক্ত Comparative form-কে Positive করতে হলে নিম্নলিখিত গঠনটি অনুসরণ করতে হয়।
   **Structure :** **Than-এর** পরের অংশ + **verb + not** + (যদি **sentence-টি affirmative** হয়, কিন্তু **sentence-টি negative** হলে **not** উঠে যায়) + **so/as + adjective-এর positive form + as** + প্রদত্ত বাক্যের ১ম **subject.** যেমন—
   **Comparative** : Jamil is wiser than Hasan.
   **Positive** : Hasan is not so wise as Jamil.
3. Than most/few other-যুক্ত comparative form-কে positive করতে হলে নিম্নের গঠনটি অনুসরণ করতে হবে।
   **Structure :** **Very few + most other/few other-এর** পরের অংশ + **verb-এর plural form + so/as + adjective-এর positive form + as** + প্রদত্ত বাক্যের **subject.** যেমন—
   **Comparative** : The cow is more useful than most other animals.
   **Positive** : Very few animals are as useful as the cow.
4. No less/not less ..... than-যুক্ত comparative-কে positive করতে হলে নিম্নলিখিত গঠনকে অনুসরণ করতে হয়।
   **Structure :** **Sub + verb + no less/ not less-এর** পরিবর্তে **as + adjective-এর positive form + as + than-**এর পরের অংশ। যেমন—
   **Comparative** : He is not less strong than you.
   **Positive** : He is as strong as you.

## EXERCISE—10

**Transform the following sentences into Positive :**

1. The Padma Bridge is larger than any other bridge in Bangladesh.
2. A lion is not braver than he.
3. Jim and Della were not less wise than the Magi.
4. You are older than I.
5. I guess her hands are not bigger than yours.
6. A train runs faster than a bus.
7. Her teeth were brighter than a string of pearls.
8. Jim's watch was more valuable than the treasures of King Solomon.
9. Della's hair was better than the jewels of the Queen of Sheba.
10. Her face was not less radiant than the full moon.
11. Suman is more brilliant than most other boys.
12. No sooner had he seen the police than he ran away.
13. He is faster than all other boys.
14. You are not less beautiful than your sister.
15. Any one of the three is costlier than this pen.

## Comparative থেকে Superlative করার নিয়ম

1. Than any other/all other-যুক্ত Comparative-কে Superlative করতে হলে নিম্নলিখিত গঠন অনুসরণ করতে হয়।

   **Structure :** **Sub + verb + the + comparative-এর superlative form + other-এর পরের অংশ/ of all** (যদি **than all other** থাকে)। যেমন—

   **Comparative** : He is better than any other boy in the class.
   **Superlative** : He is the best boy in the class.
   **Comparative** : He is stronger than all other boys.
   **Superlative** : He is the strongest of all boys.

2. Than most/few other-যুক্ত Comparative-কে Superlative করতে নিম্নলিখিত গঠন অনুসরণ করতে হয়।

   **Structure :** **Sub + verb + one of the + comparative-এর superlative form + most other/few other-এর পরের অংশ**। যেমন—

   **Comparative** : Dhaka is bigger than most other cities of Bangladesh.
   **Superlative** : Dhaka is one of the biggest cities of Bangladesh.

## EXERCISE—11

**Transform the following sentences into Superlative :**

1. Imran Khan is faster than most other cricketers.
2. He is not less intelligent than any other boy.
3. Bhutan is smaller than most other countries in the world.
4. Mutton was cheaper than any other food on the menu.
5. Ruma is fairer than any other girl.
6. It burns prettier than any other wood.
7. The lady guest was cleverer than any other woman.

## Superlative থেকে Comparative করার নিয়ম

1. স্বাভাবিক Superlative form-যুক্ত বাক্য কিংবা of all-যুক্ত Superlative বাক্যকে Comparative করতে হলে নিম্নলিখিত গঠন অনুসরণ করতে হবে।

   **Structure :** **Sub + verb + the উঠে যাবে + superlative-এর comparative + than any/all other** (যদি বাক্যে **of all** থাকে)। যেমন—

   **Superlative** : He is the wisest man in the village.
   **Comparative** : He is wiser than any other man in the village.
   **Superlative** : Wordsworth is the most favourite of all poets to me.
   **Comparative** : Wordsworth is more favourite than all other poets to me.

2. One of the-যুক্ত Superlative-কে Comparative করতে হলে নিম্নলিখিত গঠন অনুযায়ী করতে হবে।

   **Structure :** **Sub + verb + one of the উঠে যাবে এবং superlative-এর comparative form বসবে + than most other + প্রদত্ত বাক্যের বাকি অংশ**। যেমন—

   **Superlative** : She is one of the most active students in the class.
   **Comparative** : She is more active than most other students in the class.

## EXERCISE—12

**Transform the following sentences into Comparative :**

1. The rose is the finest of all flowers.
2. Shakespeare is the greatest of all dramatists.
3. The cow is the most useful of all animals.
4. The Magi were the wisest of all men who give presents.
5. Sohel is the noblest person I have ever found.
6. English is the richest of all languages in the world.
7. Milk is the most nutritious of all kinds of food.
8. Foyot's is one of the most expensive restaurants.
9. Della was the best housewife.
10. Iron is the most useful of all metals.
11. He is the noblest person I have ever found.
12. Dhaka is the largest city in Bangladesh.

## Positive থেকে Superlative করার নিয়ম

1. No other-যুক্ত Positive-কে Superlative করতে হলে নিম্নলিখিত গঠন অনুসারে করতে হয়।
   **Structure :** বাক্যের শেষের **sub + verb + the + positive-এর superlative form + no other**-এর পর থেকে **verb**-এর পূর্ব পর্যন্ত। যেমন—
   **Positive** : No other boy is as clever as Sabbir.
   **Superlative** : Sabbir is the cleverest boy.
2. Very few-যুক্ত Positive-কে Superlative করতে হলে নিম্নের গঠন অনুযায়ী করতে হয়।
   **Structure :** বাক্যের শেষের **sub + verb + one of the + positive-এর superlative form + very few**-এর পর হতে **verb** পর্যন্ত পরের অংশ। যেমন—
   **Positive** : Very few boys in the class are as small as Rana.
   **Superlative** : Rana is one of the smallest boys in the class.

## EXERCISE—13

**Transform the following sentences into Superlative :**

1. No other woman was so/as clever as the lady guest.
2. It is a sunny day.
3. Very few dramatists are so/as successful as Shakespeare.
4. Very few boys are so/as good as Jerry the author has ever found.
5. No other emperor was so/as great as Akbar.
6. The cow is a useful animal.
7. Rahim is an intelligent boy.
8. Very few animals are so/as ferocious as a lion.
9. No other city in Bangladesh is so/as big as Dhaka.

## Superlative থেকে Positive করার নিয়ম

1. Superlative থেকে Positive করতে হলে নিম্নলিখিত গঠন অনুসারে করতে হয়।
   **Structure :** **No other + superlative-এর পরের অংশ + verb + so/as + superlative-এর positive form + as + প্রদত্ত বাক্যের প্রথম subject.** যেমন—
   **Superlative** : Jerry is the smallest boy in the orphanage.
   **Positive** : No other boy in the orphanage is as small as Jerry.
   **N.B.** Positive form-এ রূপান্তরের সময় of all/of any উঠে যাবে। যেমন—
   **Superlative** : Shakespeare is the greatest of all dramatists.
   **Positive** : No other dramatist is as great as Shakespeare.
2. One of the-যুক্ত Superlative form-কে Positive form-এ রূপান্তর করতে হলে নিম্নলিখিত গঠন অনুসরণ করতে হয়।
   **Structure :** **Very few + superlative form-এর পরের অংশ + verb + so/as + superlative-এর positive form + as + প্রদত্ত বাক্যের প্রথম subject.** যেমন—
   **Superlative** : He is one of the best boys in the class.
   **Positive** : Very few boys in the class are as good as he.

## EXERCISE—14

**Transform the following sentences into Positive :**

1. Rumi is the prettiest girl in the class.
2. The rose is the finest of all flowers.
3. The lady admirer was the cleverest woman the writer had ever seen.
4. Shakespeare is the greatest of all dramatists.
5. January is the coldest month in Bangladesh.
6. It burns the prettiest of any wood.
7. The Magi were the wisest of all men who give presents.
8. Foyot's is one of the most expensive restaurants.
9. He is the noblest person I have ever found.
10. Chattogram is the biggest part in Bangladesh.
11. Gold is the most precious metal.

## EXERCISE—15

**Transform the following sentences by changing the Degree of Comparison of Adjectives :**

1. The Prothom Alo has a bigger circulation than any other newspaper.
2. Very few districts in Bangladesh are so important as Narayanganj.
3. Khulna is one of the biggest towns in Bangladesh.
4. Aurangzeb was one of the greatest of Indian emperors.
5. Very few books are so/as popular as Rabinson Crusoe.
6. 'Alice in the Wonderland' is one of the most popular books.
7. The Baitul Mukarram is the biggest mosque in Dhaka.
8. No other island in the world is so/as large as Greenland.
9. Very few countries are so/as rich as Japan.
10. The United States of America is larger than the United Kingdom.
11. Some fruits are at least as nutritious as the mango.
12. The tiger is more ferocious than the lion.
13. The Vice-Principal is as honest as the Principal.
14. Tareq is the most intelligent boy in the class.

# COMPARISON OF ADJECTIVES

(SHORT NOTE)

| Positive | Comparative | Superlative |
|---|---|---|
| 1. **Plain positive : sub + verb + a/ an + adj + noun/ pronoun**<br>**Example :** He is a good boy. | 1. **Sub + verb + adj (comp) + than any other + noun (singular)**<br>**Example :** He is better than any other boy. | 1. **Sub + verb + the + adj (sup) + noun + other word**<br>**Example :** He is the best boy. |
| 2. **No other + noun + verb + as + adj + as + other word**<br>**Example :** No other boy is as brilliant as Sohel. | 2. **Sub (2nd) + verb + adj (comp) + than + any other + noun + other word**<br>**Example :** Sohel is more brilliant than any other boy. | 2. **Sub (2nd) + verb + the + adj (sup) + noun + other word.**<br>**Example :** Sohel is the most brilliant boy. |
| 3. **Very few + noun (plural) + verb + as + adj + as + other word**<br>**Example :** Very few cities are as busy as Dhaka. | 3. **Sub (2nd) + verb + adj (comp) + than + most other + noun (plural)**<br>**Example :** Dhaka is busier than most other cities. | 3. **Sub + verb + one of the + adj (sup) + noun (plural)**<br>**Example :** Dhaka is one of the busiest cities. |
| 4. **Sub + verb + as + adj + as + noun**<br>**Example :** He is as clever as a fox. | 4. **Sub (2nd) verb + not adj (comp) + than + sub (1st)**<br>**Example :** A fox is not cleverer than he. | No superlative |
| 5. **Sub + verb + not + as + adj + as + noun**<br>**Example :** You are not as tall as Sumon. | 5. **Sub (2nd) + verb + adj (comp) + than + sub (1st)**<br>**Example :** Sumon is taller than you. | No superlative |
| 6. **As soon as .....**<br>**Example :** As soon as he got the news, he left the place. | 6. **No sooner had ..... than**<br>**Example :** No sooner had he got the news than he left the place. | No superlative |
| 7. **No other + noun (singular) + verb + as + adj + as + noun**<br>**Example :** No other place is as charming as Cox's Bazar. | 7. **Sub (2nd) + verb + adj (comp) + than + all other + noun (plural)**<br>**Example :** Cox's Bazar is more charming than all other places/any other place. | 7. **Sub + verb + the + adj (sup) + of all + noun (plural)**<br>**Example :** Cox's Bazar is the most charming of all places. |

# VOICE

ক্রিয়া প্রকাশের ধরনকে বাচ্য বা Voice বলে। এই প্রকাশভঙ্গি দুই প্রকার। যথা :

1. Active Voice (কর্তৃবাচ্য) ও
2. Passive Voice (কর্মবাচ্য)।

1. **Active Voice :** কর্তা নিজেই কাজ সম্পন্ন করলে তাকে Active Voice বলে। যেমন— He writes a letter. (সে একটি চিঠি লেখে।)
   এখানে কর্তা হলো He যে নিজেই কাজ সম্পন্ন করছে।
2. **Passive Voice :** কোনো কাজ যখন কর্তা দ্বারা সম্পন্ন না হয়ে কর্ম দ্বারা সম্পন্ন হয়, তখন তাকে কর্মবাচ্য বা Passive Voice বলে। যেমন— The letter is written by him. (চিঠিখানা তার দ্বারা লেখা হয়।)
   এখানে The letter হলো কর্ম যা উক্ত বাক্যে কর্তারূপে ব্যবহৃত হয়েছে।

## How to form Passive Voice

**Active Voice-কে Passive Voice-এ রূপান্তরের নিয়ম :**

(i) প্রদত্ত বাক্যের অন্তর্গত রূপ নির্ধারণ করতে হবে। অর্থাৎ বাক্যটি Assertive, Imperative, Interrogative না Negative তা নির্ণয় করতে হবে।

(ii) Active Voice-এর Subject-টি Passive Voice-এর Object হয় এবং তার পূর্বে by বসে। তবে to, at, with, in ইত্যাদিও বসতে পারে।

**Present Perfect Tense-এর ব্যবহার :**

- এইমাত্র কাজটি শেষ হয়েছে বোঝাতে। যেমন— I have just seen it.
- অতীতকালে কোনো কাজ শুরু হয়েছে এবং বর্তমানে এখনো চলছে বোঝাতে (Be verb Principal Linking হলে)। যেমন— She has been a lecturer since 1985.
- অতীতকালের কাজের ফল এখনো বর্তমান আছে বোঝাতে। যেমন— He has spent many years in this city.
- নিম্নলিখিত Adverb ও Adverbial phrase (already, ever, just, just now, lately/recently, never, so far, often, several times, and since, up to, up to present, yet ইত্যাদি) sentence-এ থাকলে verb-এর Present Perfect Tense হয়। যেমন— I have just received your letter. Have you ever visited Cox's Bazar?

## Present Perfect Continuous Tense

বর্তমান কালে কোনো কাজ অনবরত চলছে যা অতীতের কোনো নির্দিষ্ট/অনির্দিষ্ট সময়ে আরম্ভ হয়ে কাজটি এখনো চলছে বোঝালে Verb-এর Present Perfect Continuous Tense হয়।

চেনার উপায় : কাজটি পূর্বে আরম্ভ হয়ে এখনও চলছে বোঝায় অর্থাৎ সময় নির্ধারিত থাকবে এবং বাংলা ক্রিয়াপদের শেষে সাধু ভাষায় ইতেছি, ইতেছে, ইতেছ এবং চলিত ভাষায় চ্ছি, চ্ছে, চ্ছ, ছি, ছ, ছে, ছেন থাকে।

গঠন : **Subject + have been/has been + verb-এর Present form + ing + other words+since/for + time.**

উদাহরণ : Students have been making a noise for ten minutes. (ছাত্রছাত্রীরা ১০ মিনিট যাবৎ গোলমাল করিতেছে/করছে।)
It has been raining since morning. (সকাল হতে বৃষ্টি হইতেছে/হচ্ছে।)

এখানে মনে রাখতে হবে যে, নির্দিষ্ট সময়ের ক্ষেত্রে since এবং অনির্দিষ্ট (ব্যাপক) সময়ের ক্ষেত্রে for ব্যবহৃত হয়।

**Auxiliary Verb-এর সাহায্যে sentence-এর অন্যান্য রূপ :**

**Negative** (না-বোধক) : Shetu has not been reading for two hours. (সেতু দু-ঘন্টা ধরে পড়ছে না।)
**Interrogative** (প্রশ্নবোধক) : Has Ali been swimming for two hours? (আলি কি দু-ঘন্টা যাবৎ সাঁতার কাটছে?)
**Negative-Interrogative** (না-বোধক-প্রশ্নবোধক) : Haven't you been waiting for me since 10 o'clock? (তুমি কি আমার জন্য ১০টা থেকে অপেক্ষা করছ না?)

**Present Perfect Continuous Tense-এর ব্যবহার :**

- ব্যাপক সময় (period of time) বোঝালে **for** এবং নির্দিষ্ট সময় (point of time) বোঝালে **since,** Present Perfect Continuous Tense-এর ক্ষেত্রে বসে। যেমন—
  He has been working in this firm **for** three years. It has been raining **since** 7 am.
- নিম্নলিখিত Verb-গুলো যেমন— live, learn, sleep, stand, stay, wait, work ইত্যাদির পরে Present Perfect Continuous Tense বসে। যেমন—
  I have been living in this area for ten years.

## Past Indefinite Tense

অতীতে কোনো কাজ শেষ হয়েছে এবং বর্তমানে কোনো ফলাফল নেই এরূপ বোঝালে তাকে Past Indefinite Tense বলে।

চেনার উপায় : বাংলা ক্রিয়াপদের শেষে লাম, লে, লেন, ল ইত্যাদি থাকে।

গঠন : **Subject + verb-এর Past form + other words.**

উদাহরণ : Munmun went to Khulna yesterday. (মুনমুন গতকাল খুলনা গিয়েছিল।)
He was an engineer. (তিনি একজন প্রকৌশলী ছিলেন।)

এখানে প্রথম বাক্যে go verb-এর Past form 'went' ব্যবহৃত হয়েছে এবং দ্বিতীয় বাক্যের ক্ষেত্রে be verb-এর Past form, 'was' ব্যবহৃত হয়েছে। মনে রাখতে হবে যে, be একই সাথে কোনো কোনো ক্ষেত্রে Auxiliary Verb আবার Indefinite (Present & Past)-এর ক্ষেত্রে Principal Verb হিসেবে ব্যবহৃত হতে পারে।

Past Indefinite Tense-এর Negative, Interrogative ও Negative-Interrogative করার সময় Did, Auxiliary Verb হিসেবে আসে এবং Principal Verb-এর Present form হয়।

**Auxiliary Verb-এর সাহায্যে Sentence-এর অন্যান্য রূপ :**

**Negative** (না-বোধক) : Shetu did not inform me. (সেতু আমাকে বলেনি।)
**Interrogative** (প্রশ্নবোধক) : Did Nowsin go to New Market yesterday? (নওশিন কি গতকাল নিউমার্কেট গিয়েছিল?)
**Negative-Interrogative** (না-বোধক-প্রশ্নবোধক) : Didn't Habib return from Italy? (হাবিব কি ইতালি থেকে ফিরেনি?)

**Past Indefinite Tense-এর ব্যবহার :**

- অতীতের কোনো কাজ বা ঘটনা প্রকাশ করতে। যেমন— I plucked flowers.
- অতীতের নিয়মিত বা অভ্যাসগত কোনো কাজ বোঝালে। যেমন—
  My father always worked sincerely. She walked every morning.
- অতীতের অভ্যাসগত কোনো কাজ বোঝাতে verb-এর Present form-এর পূর্বে used to এবং অনিয়মিত অভ্যাস বোঝাতে would ব্যবহৃত হয়। যেমন—
  I used to live alone. I would drink Pepsi very often.
- সম্মতি, ভদ্রতা, বিনয় এবং অনুমোদন প্রকাশ করতে Present/Future-এর পরিবর্তে Past Indefinite Tense বসে। যেমন—
  Would you mind opening the door? Would you please have a cup of tea?
- It is time, it is high time-এর পরে Verb Past Indefinite Tense-এর হয়। যেমন—
  It is time you went. It is high time you left the place.
- Since-এর পূর্ববর্তী Clause-টি Present Indefinite Tense-এর হলে পরবর্তী Clause-টি Past Indefinite Tense-এর হয়। যেমন— It is many years since we met.

## Past Continuous Tense

অতীতে কোনো কাজ অনবরত চলছিল এরূপ বোঝালে তাকে Past Continuous Tense বলে।

চেনার উপায় : বাংলা ক্রিয়াপদের শেষে সাধু ভাষায় তেছিলাম, তেছিলে, তেছিল এবং চলিত ভাষায় ছিলাম, ছিলে, ছিল, চ্ছিল, চ্ছিলে, চ্ছিলাম থাকে।

গঠন : **Subject + was/were + verb-এর Present form + ing + other words.**

উদাহরণ :
I was sleeping then. (আমি তখন ঘুমাইতেছিলাম/ঘুমাচ্ছিলাম।)
They were working in the field. (তারা মাঠে কাজ করিতেছিল/করছিল।)
এখানে Auxiliary Verb হিসেবে was/were ব্যবহৃত হয়। First Person Singular এবং Third Person Singular-এর সাথে was, বাকি সকল ক্ষেত্রে were ব্যবহৃত হয়।

**Auxiliary Verb-এর সাহায্যে Sentence-এর অন্যান্য রূপ :**

**Negative** (না-বোধক) : He was not swimming then. (সে তখন সাঁতার কাটছিল না।)

**Interrogative** (প্রশ্নবোধক) : Were you swimming then? (তুমি কি তখন সাঁতার কাটছিলে?)

**Negative-Interrogative** (না-বোধক-প্রশ্নবোধক) : Wasn't he working in the field at that time? (সে কি সে সময়ে মাঠে কাজ করছিল না?)

**Past Continuous Tense-এর ব্যবহার :**

অতীতকালে একটি কাজ চলছিল এমন সময় যদি অন্য একটি কাজ সংঘটিত হয় তাহলে প্রথমটি Past Continuous এবং পরেরটি Past Indefinite Tense হয়। যেমন— I was sleeping when the phone rang.

- অতীতের দুটি কাজ একই সময়ে চলছিল এরূপ বোঝাতে Past Continuous Tense বসে। যেমন—
  While I was walking on the road, a baby was crossing the road.
  She was dancing while I was reading.
- অতীতকালে কোনো কাজ দীর্ঘ সময় ধরে চলছিল বোঝাতে। যেমন— It was drizzling the whole day.
- বারবার ঘটছিল এরূপ অর্থে continually, always, forever ইত্যাদি Adverb-এর সঙ্গে Past Continuous Tense ব্যবহৃত হয়। যেমন—
  I was trying to cross the road.
- অতীত কালের কোনো কিছু বর্ণনা করতে। যেমন—
  Yesterday, I was watching a terrible scene.

## Past Perfect Tense

অতীতে দুটি কাজের মধ্যে যে কাজটি আগে সংঘটিত বা শেষ হয় তাকে Verb-এর Past Perfect Tense বলে।
চেনার উপায় : বাংলা ক্রিয়াপদের শেষে ল, ছিল, ছিলে, ছিলেন ইত্যাদি থাকে।
গঠন : **Subject + had + verb-এর Past Participle + other words + before + Past Indefinite.**
উদাহরণ : We had reached the station before the train left. (ট্রেন ছাড়ার পূর্বেই আমরা স্টেশনে পৌঁছলাম।)
আবার : **Past Indefinite + after + subject + had + verb-এর Past Participle + other words.**
I played football after I had gone to the field.
এখানে দেখা যায় যে, before-এর আগের clause বা বাক্যাংশটি এবং after-এর পরের clause বা বাক্যাংশটি Past Perfect Tense-এর হয় এবং অপর clause-টি Past Indefinite Tense-এর হয়।

**For example :** The patient had died before the doctor came.
The patient died after the doctor had come.

**Negative** (না-বোধক) : He had not watched television before I entered the room. (আমার কক্ষে প্রবেশের পূর্বে সে টেলিভিশন দেখেনি।)

**Interrogative** (প্রশ্নবোধক) : Had he come to the class before the bell rang? (সে কি ঘণ্টা বাজার পূর্বে শ্রেণিকক্ষে এসেছিল?)

**Negative-Interrogative** (না-বোধক-প্রশ্নবোধক) : Hadn't you gone there before he left? (তুমি কি তার যাওয়ার পূর্বে সেখানে যাওনি?)

**Past Perfect Tense-এর ব্যবহার :**

- অতীতে দুটি কাজ সংঘটিত হলে যেটি আগে ঘটেছে, সেটি প্রকাশ করতে Past Perfect Tense হয় এবং যেটি পরে ঘটেছে সেটি প্রকাশ করতে Past Indefinite Tense হয়। যেমন—
  He left the house after he had got the news.
  The train had left before we reached the station.
- No sooner .... than, scarcely ..... when এবং hardly ..... when ইত্যাদি দ্বারা দুটি clause যুক্ত হলে প্রথম clause-টি Past Perfect Tense-এর হয় এবং অন্য clause-টি Past Indefinite Tense-এর হয়। যেমন—
  No sooner had he seen me than he left the place.
  Scarcely had I arrived there when he gave me some flowers.
- অতীতে সংঘটিত দুটি কাজের মধ্যে একটি কাজ শেষ হয়ে যাওয়ার পর আর একটি কাজ শুরু হয়েছিল বোঝাতে when, till, until, as soon as-যুক্ত Subordinate Clause-টি Past Perfect Tense-এর রূপ হয়। যেমন— When he had informed me, I went there. Fahim waited till Reza had come.
- That দ্বারা দুটি clause যুক্ত হলে যদি 'that'-এর পূর্বের clause-টি Past Indefinite Tense-এর হয় তবে পরবর্তী clause-টি Past Perfect Tense-এর হবে। যেমন—
  Zinat told me that she had finished her work. He told me that he had signed a deed.

## Past Perfect Continuous Tense

অতীতকালে সংঘটিত দুটি কাজের মধ্যে একটি অপেক্ষাকৃত পূর্বে দীর্ঘ সময় ধরে চলছিল এরূপ বোঝালে তাকে Past Perfect Continuous Tense বলে।
চেনার উপায় : বাংলা ক্রিয়াপদের শেষে সাধু ভাষায় তেছিলাম, তেছিলে, তেছিল এবং চলিত ভাষায় ছিলাম, ছিলে, ছিল ইত্যাদি চিহ্ন থাকে।
গঠন : **Subject + had been + verb-এর Present form + ing + other words + since/for + time + before + Past Indefinite.**
উদাহরণ :
Jerry had been walking in the hills at random for two hours before the authoress went away. (লেখিকা চলে যাওয়ার আগে জেরি দু-ঘণ্টা যাবৎ উদ্‌ভ্রান্তের ন্যায় পাহাড়ে ঘুরে বেড়াচ্ছিল।)
গঠন : Subject + had been + verb-এর Present form + ing + other words + after + subject + Past Indefinite.
He had been reading the book before I entered the room.

**Past Perfect Continuous Tense-এর ব্যবহার :**

- অতীতকালে একটি কাজ বেশ কয়েকবার হয়েছিল এরূপ বোঝাতে। যেমন—
  He had been crossing the river for several times.
- অতীতে কোনো কাজ কিছু সময় ধরে চলছিল বোঝাতে। যেমন—
  I had been collecting money for two months.
- কতক্ষণ ধরে কাজ/ঘটনাটি চলছিল এরূপ প্রশ্নবোধকে। যেমন—
  How long had you been writing a letter?

## Future Indefinite Tense

ভবিষ্যতে কোনো কাজ করা হবে এরূপ বোঝালে তাকে Future Indefinite Tense বলে।
চেনার উপায় : মূল ক্রিয়ার শেষে ব, বে, বা থাকবে।
গঠন : **Sub + shall/will + verb-এর Present form + other words.**
উদাহরণ : Rafiq will go to London in June. (রফিক জুন মাসে লন্ডন যাবে।)
এখানে Future Indefinite Tense-এর Auxiliary Verb : Shall/will এবং shall/will-এর পর verb-এর Present form হয়। First person singular ছাড়া সকল ক্ষেত্রে will ব্যবহৃত হয়।
Sentence-এর অন্য form-গুলো নিম্নরূপ :
**Negative** (না-বোধক) : He will not go there tomorrow. (সে আগামীকাল সেখানে যাবে না।)
**Interrogative** (প্রশ্নবোধক) : Will you play football next month? (তুমি কি আগামী মাসে ফুটবল খেলবে?)
**Negative-Interrogative** (না-বোধক-প্রশ্নবোধক) : Won't you start tonight? (তুমি কি আজ রাতে যাত্রা করবে না?)
গঠন : **Subject + shall/will + be + Noun/Adjective/Adverb + other words.**
উদাহরণ : I shall be a doctor in future. (আমি ভবিষ্যতে একজন ডাক্তার হবো।)
You will be honest. (তুমি সৎ হবে।)
I shall be at home at 4 p.m. (আমি ৪টায় বাসায় থাকব।)
গঠন : **Subject + shall/will + have + Noun + other words.**
উদাহরণ : I shall have a nice garden. (আমার একটি সুন্দর বাগান থাকবে।)
**Future Indefinite Tense-এর ব্যবহার :**

- ভবিষ্যতের সাধারণ ঘটনা প্রকাশ করতে। যেমন— Sadia will come tomorrow.
- ধারণা, অনুমান কিংবা মতামত ইত্যাদি প্রকাশ করতে expect, think, etc. verb-গুলোর পরে will ব্যবহৃত হয়। যেমন— I expect he will look after me. I am sure he will come back.
- স্বাভাবিকভাবে (Naturally) ভবিষ্যতে কোনো ঘটনা ঘটলে। যেমন—
  The winter will come again. The sun will shine again.

## Future Continuous Tense

ভবিষ্যতে কোনো কাজ অনবরত চলতে থাকবে এরূপ বোঝালে তাকে Future Continuous Tense বলে।
চেনার উপায় : বাংলা ক্রিয়াপদের শেষে সাধু ভাষায় **ইতে থাকিব, ইতে থাকিবে, ইতে থাকিবেন** এবং চলিত ভাষায় **তে-থাকব, তে-থাকবে, তে-থাকবেন** ইত্যাদি যোগ থাকে।
গঠন : **Subject + shall be/ will be + verb-এর Present form + ing + other words.**
উদাহরণ : I shall be playing football in the field. (আমি মাঠে ফুটবল খেলিতে থাকিব/খেলতে থাকব।)
Shahadat will be waiting for me the day after tomorrow. (শাহাদাত আগামী পরশু আমার জন্য অপেক্ষা করিতে থাকিবে/করতে থাকবে।)
এখানে দেখা যায় যে, Future Continuous Tense-এর Auxiliary Verb হলো shall be/will be. First Person Singular-এর সাথে shall be আর বাকি সব ক্ষেত্রে will be হয়।
**Negative** (না-বোধক) : They will not be watching the football match in the afternoon. (বিকালে তারা ফুটবল খেলা দেখতে থাকবে না।)
**Interrogative** (প্রশ্নবোধক) : Will you be swimming in the morning? (তুমি কি সকালে সাঁতার কাটতে থাকবে?)
**Negative-Interrogative** (না-বোধক-প্রশ্নবোধক) : Won't he be reading a book at night? (সে কি রাতে বই পড়তে থাকবে না?)
**Future Continuous Tense-এর ব্যবহার :**

- ভবিষ্যতে কোনো কাজ শুরু হয়ে চলতে থাকবে এরূপ অর্থে। যেমন—
  He will be playing cricket in the afternoon.
- পরিকল্পনা অনুযায়ী ভবিষ্যতে কোনো কাজ চলতে থাকবে বোঝাতে। যেমন—
  Don't call me between 8 and 9, I shall be having supper then.
- কোনো কাজ ভবিষ্যতে ব্যাপক সময়ের সব সময়টুকু ধরে চলবে বোঝাতে। যেমন—
  The Prime Minister will be arriving in a few minutes.

## Future Perfect Tense

ভবিষ্যতে কোনো নির্দিষ্ট সময়ে কোনো কাজ হয়ে থাকবে এরূপ বোঝালে অথবা একটি কাজের পূর্বে অন্য একটি কাজ সম্পন্ন হবে বোঝালে যে কাজটি অপেক্ষাকৃত পূর্বে হবে তার Tense-কে Future Perfect Tense বলে।
চেনার উপায় : মূল ক্রিয়ার শেষে এ-থাকবে, এ-থাকব, এ-থাকবেন ইত্যাদি থাকে।
গঠন : **Subject + shall have/ will have + verb-এর Past Participle form + other words.**
উদাহরণ : He will have done the work by 5 pm. (সে পাঁচটার মধ্যে কাজটি করে থাকবে।)
We shall have finished the work before you come. (তুমি আসার পূর্বে আমরা কাজটি শেষ করে থাকব।)
এখানে Auxiliary Verb হলো shall have/will have. First Person Singular ছাড়া সকল ক্ষেত্রে will have ব্যবহার করতে হয়।
**Sentence-এর অন্যান্য রূপ :**
**Negative** (না-বোধক) : They will not have reached the station by five o'clock. (তারা পাঁচটার মধ্যে স্টেশনে পৌঁছে থাকবে না।)
**Interrogative** (প্রশ্নবোধক) : Will they have reached the station by five o'clock? (তারা কি পাঁচটার মধ্যে স্টেশনে পৌঁছে থাকবে?)
**Negative-Interrogative** (না-বোধক-প্রশ্নবোধক) : Won't they have done the work by five? (তারা কি পাঁচটার মধ্যে কাজটি করে থাকবে না?)

**Future Perfect Tense-এর ব্যবহার :**

- ভবিষ্যতে কোনো কাজ সংঘটিত হওয়ার সম্ভাবনা বোঝাতে। যেমন—
  She will have got the letter from me.
- ভবিষ্যতে কোনো নির্দিষ্ট সময়ে কোনো কাজ শেষ হবে এরূপ প্রত্যাশা বা অনুমান বোঝালে। যেমন—
  I shall have attended the class by next week.
  When we get to Cumilla, we shall have done half the journey.
- অতীতকালে কোনো কাজ বা ঘটনা সম্পন্ন হয়ে থাকবে এরূপ সম্ভাবনা অর্থে। যেমন—
  You will have heard the name of Hazi Muhammad Mohsin.

## Future Perfect Continuous Tense

ভবিষ্যতে কোনো কাজ আরম্ভ হবে কিন্তু তার আগ পর্যন্ত অন্য একটি কাজ চলতে থাকবে এরূপ বোঝালে তাকে Future Perfect Continuous Tense বলে।

**চেনার উপায় :** বাংলা ক্রিয়াপদের শেষে সাধু ভাষায় **ইতে থাকিব, ইতে থাকিবে, ইতে থাকিবেন** এবং চলিত ভাষায় **তে থাকব, তে থাকবে, তে থাকবেন** + সময় ইত্যাদি থাকবে।

**গঠন : Subject + shall have been/ will have been + verb-এর Present form + ing + other words + since/for + time/ clause (Present Indefinite)**

**উদাহরণ :**

The ceremony will have been going on for an hour before the chief guest arrives. (প্রধান অতিথি আসার পূর্বে অনুষ্ঠানটি ১ ঘণ্টা যাবৎ চলতে থাকবে।)

**Future Perfect Continuous Tense-এর ব্যবহার :**

- ভবিষ্যৎ কালে দুটি কাজ সংঘটিত হবে এ রকম ক্ষেত্রে যে কাজটি অনেক সময় ধরে চলতে থাকবে সেটির ক্ষেত্রে Future Perfect Continuous Tense হয়। যেমন—
  We shall have been waiting for him until he comes back.

## TENSES AT A GLANCE

| Tense | Present | Past | Future |
|---|---|---|---|
| Indefinite | **Structure : Sub. + Verb + O.W.**<br>They play cricket.<br>(তারা ক্রিকেট খেলে।) | **Structure : Sub. + Verb-এর Past form + O.W.**<br>They played cricket.<br>(তারা ক্রিকেট খেলেছিল।) | **Structure : Sub. + shall/will + Verb + O.W.**<br>They will play cricket.<br>(তারা ক্রিকেট খেলবে।) |
| Continuous | **Structure : Sub. + am/is/are + Verb + ing + O.W.**<br>They are playing cricket.<br>(তারা ক্রিকেট খেলিতেছে/খেলছে।) | **Structure : Sub. + was/were + Verb + ing + O.W.**<br>They were playing cricket.<br>(তারা ক্রিকেট খেলিতেছিল/খেলছিল।) | **Structure : Sub. + shall be/will be + Verb + ing + O.W.**<br>They will be playing cricket.<br>(তারা ক্রিকেট খেলিতে থাকিবে/ খেলতে থাকবে।) |
| Perfect | **Structure : Sub. + have/has + Verb (Past Participle) + O.W.**<br>They have played cricket.<br>(তারা ক্রিকেট খেলিয়াছে/খেলেছে।) | **Structure-(i) : Sub. + had + Verb (Past Participle) + O.W. + before + Sub. + Verb (Past form)**<br>They had played cricket before I went to the field.<br>(আমি মাঠে যাওয়ার পূর্বে তারা ক্রিকেট খেলিয়াছিল/খেলেছিল।)<br>**Structure-(ii) : Sub. + Verb (Past form) + after + Subject + had + Verb (Past Participle) + O.W.**<br>We reached the station after the train had left.<br>(ট্রেন ছাড়ার পর আমরা স্টেশনে পৌঁছিয়াছিলাম/ পৌঁছেছিলাম।) | **Structure-(i) : Sub. + shall have/ will have + Verb (Past Participle) + O.W.**<br>They will have played cricket by five o'clock.<br>(তারা পাঁচটা পর্যন্ত ক্রিকেট খেলিতে থাকিবে/খেলতে থাকবে।)<br>**Structure-(ii) : Sub. + shall have/ will have + Verb (Past Participle) + O.W. + before + Sub. + Verb + O.W.**<br>They will have played cricket before they leave the field.<br>(তারা মাঠ ত্যাগ করার আগে ক্রিকেট খেলবে।) |
| Perfect Continuous | **Structure : Sub. + have been/has been + Verb + ing + O.W. + since/for + time**<br>They have been playing cricket for five hours.<br>(তারা পাঁচ ঘণ্টা ধরে ক্রিকেট খেলিতেছে/খেলছে।)<br>They have been playing cricket since morning.<br>(তারা সকাল থেকে ক্রিকেট খেলছে।) | **Structure-(i) : Sub. + had been + Verb + ing + O.W. + before + Sub. + Verb (Past form)**<br>They had been playing cricket before we arrived.<br>(আমরা পৌঁছার পূর্বে তারা ক্রিকেট খেলিতেছিল/খেলছিল।)<br>**Structure-(ii) : Sub. + had been + Verb + ing + O.W. + since/for + time**<br>Fahim had been doing sums for an hour.<br>(ফাহিম এক ঘণ্টা ধরে অঙ্ক কষতেছিল/কষছিল।) | **Structure-(i) : Sub. + shall have been/will have been + Verb + ing + O.W. + since + Sub. + Verb**<br>They will have been playing cricket since 2 p.m.<br>(দুটা থেকে তারা ক্রিকেট খেলিতে থাকিবে/খেলতে থাকবে।)<br>**Structure-(II) : Sub. + shall have been/will have been + Verb + ing + O.W. + since/for + time**<br>Fahim will have been doing sums for an hour.<br>(ফাহিম এক ঘণ্টা ধরে অঙ্ক কষিতে থাকিবে/কষতে থাকবে।) |

# MODALS

Modal বলতে এমন এক ধরনের বিশেষ Verb বা ক্রিয়া বোঝায় যা অনেক জটিল বক্তব্যকে সহজভাবে প্রকাশ করতে সাহায্য করে। এ ধরনের Verb সাধারণত possibility (সম্ভাবনা), permission (অনুমতি), intention (উদ্দেশ্য) ইত্যাদি বোঝাতে ব্যবহৃত হয়। Modal Verb বলতে can, could, may, might, must, ought to, shall, should, will, would, dare, need, have to এবং used-কে বোঝায়। এ Verb-গুলো Sentence-এ ব্যবহৃত হওয়ার সময় কিছু স্বকীয় বৈশিষ্ট্য মেনে চলে। এ বৈশিষ্ট্যসমূহ নিম্নে উল্লেখ করা হলো :

(i) Modal Verb-এর শেষে s/es যুক্ত হয় না।
(ii) Modal Verb-গুলোকে negative বা interrogative করতে হলে তাদের সাথে কোনো Auxiliary Verb যোগ করতে হয় না।
(iii) Modal Verb-গুলো প্রত্যেকেই আলাদা এবং কোনোটি কোনোটির Past, Present কিংবা Future form নয়। যেমন— could– Present, Past কিংবা Future Tense-এ ব্যবহৃত হতে পারে।
(iv) Modal Verb-এর সাথে ing যোগ করা যায় না এবং এদের Present Participle গঠন করা যায় না। এদের Continuous Tense হয় না।
(v) Modal Verb-এর কোনো infinitive হয় না অর্থাৎ to go, to walk এর মতো to can, to may, to must লেখা সম্ভব নয়।
(vi) Modal Verb-গুলো Sentence-এ কখনোই মূল Verb হিসেবে ব্যবহৃত হতে পারে না। এগুলো সবসময় Auxiliary Verb হিসেবে ব্যবহৃত হয় এবং Modal Verb-এর পর মূল Verb-টির base form হয়।

নিম্নে Modal Verb-গুলোর একটি পূর্ণাঙ্গ তালিকা ও সেগুলোর ব্যবহার দেওয়া হলো :

**N.B :** তালিকায় প্রদত্ত P.V. = Principal Verb, O.W. = Other words এবং P.P.F = Past Participle form

| Modals | যেসব ক্ষেত্রে ব্যবহৃত হয় | গঠন ও উদাহরণ |
|---|---|---|
| **Can**<br>(পারা) | ১. যখন সামর্থ্য বোঝায় অর্থাৎ কোনো ব্যক্তি বা বস্তু বা প্রাণী কতটুকু করতে পারে এরূপ। | **1. Sub + can (present) + O.W.**<br>আমি একবারে দশ মাইল হাঁটতে পারি।<br>I can walk ten miles at a time. |
| | ২. যখন অনুমতি বোঝায় অর্থাৎ কাউকে কোনো কিছু বলতে কিংবা কোনো কাজ করতে জিজ্ঞাসা করে নেওয়া বোঝায়। | **2. Can + Sub + P.V. (present) + O. W?**<br>আমি কি তোমার সাথে কথা বলতে পারি?<br>Can I talk to you?<br>আমি কি তোমার সাথে যেতে পারি?<br>Can I go with you? |
| | ৩. যখন সম্ভাবনা বোঝায় অর্থাৎ কোনো কাজ করার সম্ভাবনা থাকা বোঝায়। | **3. Sub + can + P.V. (present) + O.W.**<br>আমি তোমাদের বাড়ি যেতে পারি।<br>I can go to your house. |
| **Can be**<br>(হতে পারা) | ১. যখন কোনো ব্যক্তি/বস্তু/প্রাণীর কোনো কিছু হতে পারে বোঝায় তখন ব্যবহৃত হয়। এখানে মনে রাখতে হবে যে, যা হতে পারে তার গুণাগুণ ঐ ব্যক্তি/বস্তু/প্রাণীর মাঝে আছে। | **1. Sub + can be + O.W (Noun/Adjective)**<br>সে একজন প্রকৌশলী হতে পারে।<br>He can be an engineer.<br>তুমি সৎ হতে পারো।<br>You can be honest.<br>ওপরের উদাহরণগুলো লক্ষ করো, দেখবে যে, প্রথমটিতে রয়েছে সে একজন প্রকৌশলী হতে পারে। অর্থাৎ সে এখনও প্রকৌশলী হয়নি। তবে হওয়ার মতো গুণ তার মধ্যে আছে। ২য় উদাহরণেও সৎ হওয়ার মতো গুণ তার মধ্যে আছে। |
| **Can be**<br>(থাকতে পারে) | ২. যখন কেউ কোথাও থাকতে পারে বোঝাবে। অর্থাৎ এখানে can be অর্থ থাকতে পারে বোঝাবে। | **2. Sub + can be + O.W. (Adverb)**<br>আমার ভাই বাজারে থাকতে পারে।<br>My brother can be in the market.<br>আমার বাবা অফিসে থাকতে পারেন।<br>My father can be in the office. |
| **Can have**<br>(থাকতে পারে) | যখন কোনো ব্যক্তি, বস্তু বা প্রাণীর কোনো কিছু থাকতে পারে বোঝায়। | **Sub + can have + O.W. (Noun)**<br>তার একটি বাগান থাকতে পারে।<br>He can have a garden.<br>তার কি একটি বাগান থাকতে পারে?<br>Can he have a garden? |
| **May**<br>(কোনো কাজ করার সম্ভাবনা) | ১. কোনো কাজ করার সম্ভাবনা বোঝায় (can-এর তুলনায় কম সম্ভাবনা।) | **1. Sub + may + P.V. (Present) + O.W.**<br>সে আমার বাসায় আসতে পারে।<br>He may come to my house.<br>আমি তোমাকে সাহায্য করতে পারি।<br>I may help you.<br>সে অনেকক্ষণ হাঁটতে পারে।<br>He may walk for a long time. |
| **May**<br>(পারা) | ২. ভদ্রোচিত/বিনয়ের সাথে কোনো কাজ করার অনুমতি নেওয়া অর্থে ব্যবহৃত হয়। | **2. May + Sub + P.V. (Present) + O.W.?**<br>আমি কি ভিতরে আসতে পারি?<br>May I come in?<br>আমি কি কথা বলতে পারি?<br>May I talk? |

| Modals | যেসব ক্ষেত্রে ব্যবহৃত হয় | গঠন ও উদাহরণ |
|---|---|---|
| **May be** (হতে পারে) | যখন কোনো ব্যক্তি/বস্তু/প্রাণী কোনো কিছু হতে পারে বা কোনো গুণের অধিকারী হতে পারে বোঝায়। এক্ষেত্রে মনে রাখতে হবে যে, ঐ ব্যক্তি/বস্তু/প্রাণী কোনো কিছু হয়েছে বা গুণের অধিকারী হয়েছে যেটার সম্পর্কে আমরা নিশ্চিত নই।<br><br>যখন Maybe Adverb-রূপে ব্যবহৃত হয় তখন বাক্যের শুরুতে ব্যবহৃত হয়। সেটি একটি ভিন্ন শব্দ, Modal নহে। | **1. Sub + may be + O.W. (Noun/ Adjective)**<br>তিনি একজন ডাক্তার হতে পারেন।<br>He may be a doctor.<br>লোকটি সৎ হতে পারে।<br>The man may be honest.<br>ওপরের দুটি উদাহরণেই দেখা যাচ্ছে যে, ব্যক্তিদ্বয় কিছু একটা হয়েছেন– এটা ঠিক। তবে অপর ব্যক্তি তার সম্পর্কে নিশ্চিত নন।<br>**2. Maybe + Sub + P.V. + O.W.**<br>সে কলেজে থাকতে পারে।<br>Maybe he is in the college.<br>সে হয়তো রাতে আসবে।<br>Maybe he will come tonight. |
| **May have** (থাকতে পারে) | যখন কারো কিছু থাকতে পারে এরূপ বোঝাবে। | **Sub+ may have + O.W. (Noun)**<br>তার একটি গাড়ি থাকতে পারে।<br>He may have a car. |
| **May have** (কোনো কাজ করে থাকতে পারে) | যখন কেউ কোনো কাজ করে থাকতে পারে এরূপ বোঝায়। এক্ষেত্রে কাজটি কে করেছে– এটা নিশ্চিত নয়। | **Sub + may have + P.V. (PPF) + O.W.**<br>তোমার ছোটো ভাই ছবিটি এঁকে থাকতে পারে।<br>Your younger brother may have drawn the picture.<br>আমার মা এতক্ষণে বাড়ি পৌঁছে থাকতে পারেন।<br>My mother may have reached home by this time. |
| **Could** (করতে পারতাম) | অতীত অভ্যাসগত কিছু কাজ যা আগে কেউ করতে পারত এখন আর পারে না– এরূপ বোঝালে। | **Sub + could + P.V. (Present) + O.W.**<br>আমি দশ মাইল এক নাগাড়ে হাঁটতে পারতাম।<br>I could walk ten miles at a stretch.<br>আমার দাদি সুন্দর সুন্দর গল্প তৈরি করতে পারতেন।<br>My grandmother could make nice stories. |
| **Could** (পারল) | অতীতে কোনো কিছু পারা/না পারা অর্থেও ব্যবহৃত হয়। | আমি তোমার কথা বুঝতে পারলাম না।<br>I could not understand you.<br>আমি তার সাথে যেতে পারলাম না।<br>I could not go with him. |
| **Could** (অনুরোধ অর্থে) | অনুরোধ অর্থে ব্যবহৃত হতে পারে। Present/Future Tense-এ যখন অনুরাধে দ্বিধা থাকে। এখানে বেশ ভদ্রতাও বোঝায়। | **Could + sub + P.V. (Present) + O.W.**<br>তুমি কি আমায় সাহায্য করতে পারবে?<br>Could you help me? |
| **Could be** (হতে পারত) | অতীতে কেউ কোনো কিছু হতে পারত। কিন্তু কোনো কারণে সেটা সম্ভব হয়নি। | **Sub + could be + Noun/Adjective**<br>তুমি একজন ডাক্তার হতে পারতে।<br>You could be a doctor.<br>সে সৎ হতে পারত।<br>He could be honest. |
| **Could be** (থাকতে পারত) | অতীতে কেউ কোথাও থাকতে পারত। | **Sub + could be + Adverb**<br>তুমি আমার জন্মদিনে থাকতে পারতে।<br>You could be at my birthday ceremony. |
| **Could have** (কোনো কিছু থাকতে পারত) | কোনো ব্যক্তি/বস্তু/প্রাণীর কোনো কিছু অধিকারে থাকতে পারত। কোনো কারণে সেটা হয়তো থাকেনি। | **Sub + could have + Noun**<br>আমার একটি সুন্দর বাড়ি থাকতে পারত।<br>I could have a nice building.<br>তোমার অনেক টাকা থাকতে পারত।<br>You could have much money. |
| **Could have** (কোনো কাজ করতে পারত) | কেউ কোনো কাজ করতে পারত। কিন্তু যে কোনো কারণেই হোক করা হয়নি। | Sub + could have + P.V. (PPF) + O.W.<br>তুমি অঙ্কটি করতে পারতে।<br>You could have done the sum. |
| **Would** (হবে) | কাউকে কোনো বিষয়ে অনুরোধ করা অর্থে ব্যবহৃত হয়। | **Would + Sub + P.V. (Present) + O.W.?**<br>আপনি কি চা খাবেন?<br>Would you have a cup of tea?<br>আপনি কি বিষয়টি আমাকে বলবেন?<br>Would you tell me the matter? |
| **Would be** (হবে) | ভবিষ্যতে কেউ কোনো কিছু/কোনো গুণের অধিকারী হবে। | **Sub + would be + Noun/Adjective**<br>আমি একজন আইনজীবী হবো।<br>I would be a lawyer.<br>সে পরিশ্রমী হবে।<br>He would be industrious. |

| Modals | যেসব ক্ষেত্রে ব্যবহৃত হয় | গঠন ও উদাহরণ |
|---|---|---|
| **Would be** (থাকবে) | কোথাও থাকবে– এ অর্থে ব্যবহৃত হয়। | **Sub + would be + (Adverb)**<br>সে এখন মাঠে থাকবে।<br>He would be in the field now. |
| **Would have** (থাকবে) | ভবিষ্যতে কারো কোনো কিছু থাকবে– এরূপ বোঝালে। | **Sub + would have + (Noun)**<br>তোমার এই সুন্দর বাগানটি থাকবে।<br>You would have this beautiful garden.<br>আমি আশা করি ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি সুন্দর পৃথিবী থাকবে।<br>I hope the future generation would have a beautiful world. |
| **Should** (উচিত) | কারো কোনো কিছু নীতিগতভাবে করা উচিত। | **Sub + should + P.V. (Present) + O.W.**<br>তোমার গরিবদেরকে ঘৃণা করা উচিত নয়।<br>You should not hate the poor.<br>তার সময় নষ্ট করা উচিত নয়।<br>He should not waste time. |
| **Should be** (হওয়া উচিত) . | কারো কোনো কিছু হওয়া উচিত/হতে পারে (Noun বা Adjective). | **Sub + should be + (Noun/Adj.)**<br>ছেলেমেয়েদের বড়োদেরকে মান্য করা উচিত।<br>Children should respect the elders.<br>পড়াশোনায় তোমার নিয়মিত হওয়া উচিত।<br>You should be regular in study. |
| **Should have** (থাকা উচিত) | কারো কোনো কিছু থাকা উচিত– এরূপ বোঝালে ব্যবহৃত হয়। | **Sub + should have + Noun**<br>পড়াশোনার জন্যে তোমার পৃথক ঘর থাকা উচিত।<br>You should have a separate room for study. |
| **Should have** (কোনো কাজ করা উচিত ছিল) | অতীতে কোনো কাজ করা উচিত ছিল কিন্তু করা হয়নি। | **Sub + should have + P.V. (PPF) + O.W.**<br>গরিব লোকটাকে তোমার সাহায্য করা উচিত ছিল।<br>You should have helped the poor.<br>আজ কলেজে যাওয়া তোমার উচিত ছিল।<br>Today you should have gone to college. |
| **Must** (অবশ্যই কোনো কাজ করবে) | যখন কেউ কোনো কাজ অবশ্যই করবে, এরূপ বোঝায় তখন Must ব্যবহৃত হয়। | **Sub + must + P.V. (present) + O.W.**<br>তুমি অবশ্যই তাকে সাহায্য করবে।<br>You must help him.<br>তোমরা অবশ্যই সত্য কথা বলবে।<br>You must speak the truth. |
| **Must be** | কেউ কোনো কিছু/কোনো গুণের অধিকারী অবশ্যই হবে– এরূপ বোঝালে। | **Sub + must be + Noun/Adj.**<br>সাকিল অবশ্যই ডাক্তার হবে।<br>Shakil must be a doctor.<br>সে অবশ্যই সচেতন হবে।<br>He must be conscious. |
| **Must be** | কেউ কোথাও অবশ্যই থাকবে– এরূপ বোঝালে। | **Sub + must be + Adverb**<br>তোমরা ৪টার মধ্যে অবশ্যই মাঠে থাকবে।<br>You must be in the field by 4 p.m. |
| **Must have** | কারও কোনো কিছু অবশ্যই অধিকারে থাকবে। | **Sub + must have + Noun**<br>তোমার চাকরিটি পেতে হলে অবশ্যই পাঁচ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>You must have five years experience to get the job. |
| **Must have** | কেউ কোনো কাজ অবশ্যই করে থাকবে – এরূপ বোঝালে। | **Sub + must have + P.V. (PPF) O.W.**<br>তুমি অবশ্যই সংবাদটি শুনে থাকবে।<br>You must have heard the news. |
| **Have to / Has to + V (Present)** | কাউকে কোনো কাজ করতে হবে – এরূপ বোঝালে। | **Sub + have to/has to + P.V. (present) O.W.**<br>তোমাকে সবগুলো পরীক্ষা দিতে হবে।<br>You will have to sit for/take all the exams. |
| **Have to/ Has to + Be + N/ Adj.** | কাউকে কোনো কিছু হতে হবে বা কোনো গুণের অধিকারী হতে হবে– এরূপ বোঝালে। | **Sub+ have to/has to+ be + Noun/Adj.**<br>আমাকে তার স্থানীয় অভিভাবক হতে হবে।<br>I shall have to be his local guardian.<br>কোনো কাজ করতে হলে তোমাকে দৃঢ়প্রতিজ্ঞ থাকতে হবে।<br>You will have to be confident to do any work. |
| **Have to be + Adverb** | কাউকে কোথাও থাকতে হবে। | **Sub + have to/has to + be + Adverb**<br>তোমাকে সকাল ৮টার মধ্যে কলেজে থাকতে হবে।<br>You will have to be in the college by 8 am. |

| Modals | যেসব ক্ষেত্রে ব্যবহৃত হয় | গঠন ও উদাহরণ |
|---|---|---|
| **Had to** | কেউ কোনো কাজ করতে বাধ্য হয়েছিল – এরূপ বোঝালে। | **Sub + had to + P.V. (Present) O.W.**<br>আমি বৃদ্ধ লোকটিকে হাসপাতালে নিতে বাধ্য হয়েছিলাম।<br>I had to take the old man to the hospital.<br>তুলিকে শেষ পর্যন্ত অপ্রিয় সত্যটি বলতে বাধ্য হয়েছিলাম।<br>I had to say the bitter truth to Tuli at last. |
| **Had to + be+ N/Adj.** | কেউ কোনো কিছু হতে বা কোনো গুণের অধিকারী হতে বাধ্য হয়েছিল– এরূপ বোঝালে। | **Sub + had to be + Noun/Adjective**<br>আমাকে তার স্থানীয় অভিভাবক হতে হয়েছিল।<br>I had to be his local guardian.<br>তাকে সন্ত্রাসী হতে হয়েছিল।<br>He had to be violent. |
| **Had to be+ Adverb** | কাউকে কোথাও থাকতে হয়েছিল– এরূপ বোঝালে। | **Sub + had to be + Adverb**<br>গতরাতে আমাকে হাসপাতালে থাকতে হয়েছিল।<br>I had to be in the hospital last night. |
| **Am to /Is to/Are to + P.V. (Present)** | নীতিগতভাবেই/সাধারণ নিয়মেই কোনো কাজ করতে হয় প্রতিনিয়ত– এরূপ বোঝালে। | **Sub + am/is/are + to + P.V. (Present) + O.W.**<br>আমাকে বাড়ির সব বিল ব্যাংকে জমা দিতে হয়।<br>I am to pay all bills in the bank.<br>পায়ে হেঁটে আমাকে কলেজে যেতে হয়।<br>I am to go to college on foot. |
| **Was to/Were to + P.V. (Present)** | কাউকে নীতিগত কারণেই কোনো কাজ অতীতে করতে হয়েছিল– এরূপ বোঝালে। | **Sub + was to/were to + P.V. (Present) O.W.**<br>আমাকে আগন্তুকটিকে বাসা চিনিয়ে দিতে হয়েছিল।<br>I was to identify the location of the house to the stranger. |
| **Am/Is/Are/ Was/ Were + going + to + P.V. (Present)** | বর্তমানে/অতীতে কেউ বা কয়েকজন কোনো কাজ করতে যাচ্ছে বা যাচ্ছিল– এরূপ বোঝালে। | **Sub + am/is/are/ was/ were + going to + P.V. (Present)**<br>আমাদের একটি বনভোজনের আয়োজন করতে হচ্ছে।<br>We are going to arrange a picnic. |
| **Am/is/are+ better + to + P.V. (Present)** | বর্তমানে কয়েকটি সুযোগের মধ্যে একটি সুযোগকে বেছে নেওয়াই ভালো মনে করা হয়– এরূপ বোঝালে। | **Sub + am/ is/ are + better + to + P.V. (Present) + O.W.**<br>তোমার মেডিক্যালে ভর্তি হওয়াই ভালো।<br>It is better for you to get yourself admitted to the medical college.<br>বি. দ্র : মনে রাখতে হবে এ গঠনটি সবসময় 'it' দ্বারা শুরু হবে। |
| **Need** (প্রয়োজন হওয়া) | যখন কোনো বস্তু বা কাউকে প্রয়োজন হওয়া বোঝাবে। | **Sub + need + P.V. (Present) + O.W.**<br>আমার বাইরে যাওয়া প্রয়োজন।<br>I need go outside.<br>বিষয়টি নিয়ে কি তোমার আলোচনা করা প্রয়োজন?<br>Need you discuss the matter? |
| **Need** (প্রয়োজন হওয়া) | যখন কোনো বস্তু বা কাউকে প্রয়োজন হওয়া বোঝাবে। | **N.B :** Need যখন Modal-রূপে ব্যবহৃত হয় তখন এর পর to ব্যবহৃত হয় না। কিন্তু P.V.-রূপে ব্যবহৃত হলে to ব্যবহৃত হবে। যেমন—<br>**Sub + need + to + P.V. (Present) + O.W.**<br>আমার তোমার সাথে কথা বলা প্রয়োজন।<br>I need to talk to you.<br>আমার কি এখন ঘুমানো প্রয়োজন?<br>Do I need to sleep now?<br>এখানে Need হলো Principal Verb (P.V). |
| **Need not** (প্রয়োজন না হওয়া) | প্রয়োজন না হওয়া অর্থে ব্যবহৃত হয়। এক্ষেত্রে সবসময় Principal Verb-এর Present form হবে। | **Sub + need not + P.V. (Present) + O.W.**<br>আমার আর অপেক্ষা করার প্রয়োজন নেই।<br>I need not wait further.<br>এখানে Need Modal হিসেবে ব্যবহৃত হয়েছে তবে Need-কে Principal Verb হিসেবে ব্যবহার করা যায়। সেক্ষেত্রে নিম্নরূপ হবে।<br>I do not need to wait further.<br>লক্ষ করা যায়, এরা Present Indefinite Tense-এর Auxiliary Verb-এর সাহায্য নিয়েছে এবং মূল Verb-এর আগে to ব্যবহৃত হয়েছে। |
| **Need not have** (কোনো কিছু করার প্রয়োজন ছিল না) | অতীতে কোনো কাজ করার প্রয়োজন ছিল না। কিন্তু করা হয়েছিল এরূপ অর্থে ব্যবহৃত হয়। | **Sub + need not have + P.V. (P.P.F) + O.W.**<br>তোমার ছেলেটিকে এভাবে প্রহার করার প্রয়োজন ছিল না।<br>You need not have beaten the boy in such a way.<br>আমার তাকে সংবাদটি দেওয়ার প্রয়োজন ছিল না।<br>I need not have informed him of the news. |

| Modals | যেসব ক্ষেত্রে ব্যবহৃত হয় | গঠন ও উদাহরণ |
|---|---|---|
| **Dare** (সাহস করা) | কারো কোনো কাজ করতে সাহস করা অর্থে ব্যবহৃত হয়। | **Sub + dare + P.V. (Present) + O.W.**<br>সে অন্ধকারে একা যেতে সাহস করে।<br>He dares go in the dark. |
| **Dare not** | কোনো কাজ করতে সাহস না করা– এরূপ বোঝালে dare not ব্যবহৃত হবে। | **Sub + dare not + P.V. (Present)+ O.W.**<br>আমার বন্ধুসভায় কথা বলতে সাহস করে না।<br>My friend dare not speak in the meeting. |
| **Had better** | অতীতে কোনো কাজ করাই ভালো ছিল কিন্তু করা হয়নি– এরূপ বোঝালে ব্যবহৃত হবে। | **Sub + had better + P.V. (Present) + O.W.**<br>শামীমের প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়াই ভালো ছিল।<br>Shamim had better get himself admitted to the Engineering University. |
| **Would rather** | দুটি কাজের মধ্যে একটিকে বেছে নেওয়া বোঝাবে। | **Sub + would rather+ P.V. (Present) + O.W.**<br>**or, Rather + sub + would + P.V. (Present) + O.W.**<br>আমি বরং অপেক্ষা করি।<br>I would rather wait. |

বি. দ্র : Negative Sentence-এ, Subject 3rd Person Singular Number হলেও dare/need-এর শেষে s যুক্ত হয় না।

বিভিন্ন Modal auxiliary-এর ব্যবহার করে নিম্নে একটি Paragraph তৈরি করা হলো :

## HOW TO SERVE THE SOCIETY (কেমন করে সমাজের সেবা করা যায়)

**বাংলা :**

আমরা সামাজিক জীব। আমাদের সমাজের প্রতি কিছু দায়িত্ব রয়েছে। দায়িত্বগুলো বিভিন্ন পেশার মানুষের জন্য বিভিন্ন রকম হতে পারে। আমি বর্তমানে একজন ছাত্র। তাই আমার সমাজের প্রতি কিছু সুনির্দিষ্ট দায়িত্ব থাকতে পারে। প্রথমত পড়াশোনার পাশাপাশি আমি নিরক্ষর ব্যক্তি, অসহায় ও দরিদ্র ছেলেমেয়েদের পড়তে ও লিখতে সাহায্য করতে পারি। কোনো দরিদ্র পরিবারের কারো চিকিৎসার্থে সাহায্য পাবার ব্যবস্থা করতে পারি। নিজের এলাকার ছোটো ভাইবোনদেরকে সৎ উপদেশ দিয়ে উৎসাহিত করতে পারি। নিজ এলাকার শান্তি, শৃঙ্খলা ও উন্নয়নের জন্য সকলকে একত্রিত করতে পারি। পরিবার ছোটো রাখা, কীভাবে সুস্থ থাকা যায় ইত্যাদির ওপর গণচেতনার উদ্যোগ নিতে পারি। কোনো দরিদ্র পরিবারের কন্যাদায়গ্রস্ত পিতাকে অর্থনৈতিক সাহায্য পাবার নিমিত্তে সবাইকে একত্রিত করতে পারি। এলাকায় ছেলেমেয়েদের পড়ার প্রতি আগ্রহী করে গড়ে তোলার লক্ষ্যে পাঠাগার স্থাপনের উদ্যোগ নিতে পারি। প্রাথমিক চিকিৎসা দেওয়ার জন্যে একটি দাতব্য চিকিৎসালয়ের ব্যবস্থা করতে পারি। এভাবে পড়াশোনার পাশাপাশি আমি সমাজের প্রতি দায়িত্ব পালন করতে পারি।

**ইংরেজি :**

We are social beings. We have some responsibilities towards society. These responsibilities **may** differ in respect of professions. I am now a student. So I **can have** some particular responsibilities towards society. First I **can** help illiterate, helpless and poor children read and write side by side my study. I **can** help someone of a poor family to get medical treatment. I **can** encourage my local younger brothers and sisters by giving good advice. I **can** bring all the people together for the sake of maintaining peace, discipline and development of the locality. I **can** take steps to make people conscious about how to keep family small and how to keep fit. I **can** bring all with a view to helping a father in distress with his marriageable daughters. I **can** take steps to establish a local library to make children interested in reading. I **can** arrange a charitable dispensary for giving first aid. Thus, side by side my study I **can** discharge my responsibility towards society.

# ADVERB AND ADVERBIALS

Adverb এমন একটি word যা সাধারণত Adjective, Verb বা অন্য একটি Adverb-কে qualify করতে পারে। এর বাইরেও কিছু Adverb রয়েছে যেগুলো Preposition ও Conjunction এমনকি পুরো Sentence-কে qualify করতে পারে। অবশ্য Adverb কোনো Noun বা Pronoun-কে qualify করতে পারে না। এটা Adjective-এর কাজ।

[An Adverb qualifies almost all the parts of speech especially an Adjective, a Verb or another Adverb but does not qualify a Noun or a Pronoun.]

যেমন—

(i) **Qualifier of an Adjective :** যেমন— She is very intelligent. এক্ষেত্রে very word-টি intelligent Adjective-কে qualify করছে। সুতরাং এখানে very একটি Adverb.

(ii) **Qualifier of a Verb :** যেমন— He walks slowly. এক্ষেত্রে 'slowly' word-টি 'walk' Verb-টিকে qualify করছে। সুতরাং এখানে slowly একটি Adverb.

(iii) **Qualifier of an Adverb :** যেমন— He walks very slowly. এক্ষেত্রে 'very' word-টি 'slowly' Adverb-টিকে qualify করছে। সুতরাং এখানে very একটি Adverb.

(iv) **Qualifier of a Preposition :** যেমন— A bird flew a little over my head. এক্ষেত্রে 'little' word-টি over preposition-টিকে qualify করছে। সুতরাং এখানে little একটি Adverb.

(v) **Qualifier of a Conjunction :** যেমন— I will do this only if you request me. এক্ষেত্রে 'only' word-টি if Conjunction-টিকে qualify করছে। সুতরাং এখানে only একটি Adverb.

(vi) **Qualifier of a Sentence :** Unfortunately, he did not love. এখানে Unfortunately সম্পূর্ণ Sentence-কে qualify করছে। সুতরাং এখানে unfortunately-কে Sentence Adverb বলা হয়।

# Classification of Adverbs

ব্যবহার অনুসারে **Adverb** মূলত তিন প্রকার। যথা :

(i) Simple or Independent Adverb, (ii) Conjunctive or Relative Adverb, (iii) Interrogative Adverb.

**(i) Simple or Independent Adverb :** এরা কোনো word বা sentence-কে সাধারণভাবে qualify করে। অর্থানুসারে এদেরকে চেনা যায়। যেমন—

He sings well. Zenith can run fast.
Fortunately, I passed the exam.
এক্ষেত্রে well, fast and fortunately হলো Simple Adverb.

**(ii) Relative Adverb :** এরা দুটি Clause বা খণ্ডবাক্যকে যুক্ত করে। যেমন—

I know when she will come. They know where the man will go now.
প্রধান প্রধান Relative Adverb-গুলো যেমন— when, why, how, where, while, here, etc.

**(iii) Interrogative Adverb :** Adverb-গুলো প্রশ্ন করার ক্ষেত্রে ব্যবহৃত হয়। যেমন—

Why are you there? How did you solve the problem?

## Simple Adverb-এর শ্রেণিবিভাগ

**(i) Adverb of Time :** ক্রিয়া সম্পাদনের সময় প্রকাশ করে। যেমন— He always goes there. I go to school daily.
উদাহরণ : Now, then, early, always, before, ago, daily, regularly, ever, never, soon, when, lately, since, while, already, immediately, today, yesterday, formerly, late, at once, till, etc.

**(ii) Adverb of Place :** ক্রিয়া সম্পাদনের স্থান প্রকাশ করে। যেমন—

I went there. He came here.
উদাহরণ : Here, there, near, hither, thither, below, hence, home, away, everywhere, nowhere, somewhere.

**(iii) Adverb of Manner বা Quality :** ক্রিয়া সম্পাদনের উপায় বা পদ্ধতি প্রকাশ করে। যেমন—

He walks slowly.
উদাহরণ : Slowly, badly, wisely, quickly, highly, well, thus, aloud, fast, now, etc.
গঠন : সাধারণত Adjective + ly=Adverb of Manner.

**(iv) Adverb of Quantity or Degree or Number :** ক্রিয়া সম্পাদনের পরিমাণ, মাত্রা অথবা সংখ্যা প্রকাশ করে। যেমন—

He has too much money to buy a car.
উদাহরণ : Too, enough, least, almost, hardly, scarcely, more, little, rather, quite, once, twice, so, fully, better, abundantly, barely, entirely, very, only, rather, fairly, nearly, etc.

**(v) Adverb of Cause and Effect :** ক্রিয়া সম্পাদনের কারণ প্রকাশ করে। যেমন—

He is ill hence he is absent today.
উদাহরণ : Hence, for that reason, therefore, wherefore, why, accordingly, consequently, etc.

**(vi) Adverb of Order :** ক্রিয়া সম্পাদনের পর্যায় বা ক্রম প্রকাশ করে। যেমন—

I have some problems. Firstly, I am very ugly. Secondly, I am black.
উদাহরণ : Firstly, secondly, thirdly, lastly, in fine, first, second, third, etc.

**(vii) Adverb of Assertion (Affirmative and Negative) :** হ্যাঁ-বোধক বা না-বোধক উক্তি প্রকাশ করে। যেমন—

Truly, he is a funny man. It is absolutely correct.
উদাহরণ : Truly, possibly, probably, surely, certainly, absolutely, yes, no, not, etc.

## FORMATION OF ADVERBS

**(i)** সাধারণত Adjective-এর শেষে 'ly' যোগ করে Adverb গঠন করা হয়। যেমন—

| | | | | | |
|---|---|---|---|---|---|
| safe+ly | = | safely | careful+ly | = | carefully |
| nice+ly | = | nicely | soft+ly | = | softly |
| quick+ly | = | quickly | wise+ly | = | wisely |
| regular+ly | = | regularly | mild+ly | = | mildly |
| kind+ly | = | kindly | slow+ly | = | slowly |
| clear+ly | = | clearly | sad+ly | = | sadly |

**(ii)** Adjective-এর শেষে le থাকলে শেষের e-এর বদলে y বসিয়ে Adverb গঠন করা হয়। যেমন—

| | | | | | |
|---|---|---|---|---|---|
| changeable — e+y | = | changeably | double — e+y | = | doubly |
| terrible — e+y | = | terribly | valuable — e+y | = | valuably |
| invisible — e+y | = | invisibly | responsible — e+y | = | responsibly |
| probable — e+y | = | probably | noticeable — e+y | = | noticeably |

**(iii)** Adjective-এর শেষে y থাকলে y-এর পরিবর্তে ily বসিয়ে Adverb গঠন করা হয়। যেমন—

| | | | | | |
|---|---|---|---|---|---|
| happy — y + ily | = | happily | hearty — y + ily | = | heartily |
| heavy — y + ily | = | heavily | noisy — y + ily | = | noisily |

**(iv)** কোনো কোনো Adjective কোনোরূপ পরিবর্তন ছাড়াই Adverb রূপে ব্যবহৃত হয়। যেমন—

| Adjective | Adverb |
|---|---|
| (i) It is a hard word. | (i) He works hard. |
| (ii) He is well. | (ii) He works well. |
| (iii) It is a cheap food. | (iii) He bought it cheap. |
| (iv) It is your daily routine. | (iv) You should practise it daily. |
| (v) I am an early riser. | (v) I rise early. |
| (vi) Luncheon is a short story. | (vi) Cut short the answer. |
| (vii) Shahid is a fast runner. | (vii) Shahid runs fast. |
| (viii) You are a better worker. | (viii) You work better. |
| (ix) He is late today. | (ix) He comes late. |

(v) কোনো কোনো Adverb একই অর্থে একাধিক রূপে ব্যবহৃত হয়। যেমন—
The govt. is going slow on tax reforms. He speaks slowly.
Never play your music too loud. He played the music loudly.

**Position of Adverbs**

1. Adverb সাধারণত Intransitive Verb-এর পরে বসে। যেমন—
Hé runs fast. Zenith speaks fluently.
It rains heavily.

2. Adverb সাধারণত Transitive Verb-এর object-এর পরে বসে। যেমন—
He answered the question correctly. I helped him willingly.
Sonjoo will meet me tomorrow.

3. Adverb of Frequency (Always, perhaps, ever, never, often, seldom, already, usually, rarely, generally, probably, frequently, occasionally, sometimes, etc.) সাধারণত Principal Verb-এর আগে বসে। যেমন—
He never tells a lie. She often suffers from fever.
I will never forget you. Sonjoo has already gone to college.
Zenith usually gets up early in the morning.

4. Be Verb (অর্থাৎ am, is, are, was, were) অথবা Have Verb (অর্থাৎ have, has, had) যদি Main Verb হিসেবে ব্যবহৃত হয় তবে Adverb of Frequency (অর্থাৎ Always, sometimes, etc.) এদের পরে বসে। যেমন—
Alam is always happy. You are never serious.
I have always a very friendly look.

5. Imperative Sentence-এর বেলায় Always ও Never বাক্যের শুরুতে বসে। যেমন—
Never tell a lie. Always speak the truth.
Always be friendly. Never be angry.

6. Adjective-কে modify করতে হলে Adjective-এর আগে Adverb বসে। যেমন—
Rehana is very beautiful. He is so smart.
You are really co-operative.
ব্যতিক্রম : I am pleased enough.

7. 'Adverb of Time' Sentence-এর শুরুতে কিংবা শেষে বসতে পারে। যেমন—
Yesterday he came here. I came here yesterday.
He called me once. Everyday he rings me up.
He rings me up everyday.

8. Adverb of Manner সাধারণত Sentence-এর শেষে বসে। যেমন—
Mother smiled pleasantly. He faced the problem courageously.
Rubel embraced me warmly. We welcomed him cordially.

9. Adverb of Place সাধারণত Sentence-এর শেষে বসে। যেমন—
He went **home.** I live **here.**
Sonjoo reached **Pabna.**

10. Adverbial Phrase of Time and Place সাধারণত Sentence-এর শেষে বসে। যেমন—
The doctor reached there **at the eleventh hour.** I must meet you **within three days.**
Zenith rises up **early in the morning.**

11. Go, come, move, reach, visit, arrive ইত্যাদির পরে সাধারণত Adverb of Place/Adverbial Phrase of Place ব্যবহৃত হয়। যেমন—
We visited **Sonargaon/the place of historical interest.**
He went **to Dhaka/to the capital of Bangladesh.**

12. কোনো বাক্যে Adverb of Time ও Adverb of Place থাকলে Verb-এর পরে প্রথমে Adverb of Place এবং তার পরে Adverb of Time বসবে। যেমন—
Father came **home yesterday.** They went to **Chattogram last week.**
Kader visited **London in 2020.**

13. কোনো Clause বা Sentence-কে modify করতে হলে 'Adverb' Sentence-এর শুরুতে বসে। যেমন—
**Unfortunately** we all were hurt in the accident. **Surely** Israil is to lose in the long run.
**Luckily** I passed the exam.

14. কোনো বিশেষ Adverb-এর উপর জোর দিতে হলে তাকে Sentence-এর শুরুতে বসানো যায়। যেমন—
**Sadly**, she went away. **Doubtlessly**, Zenith will support his family.

15. Adverb হিসেবে the-এর ব্যবহার :
'যত – তত' বোঝাতে Comparative Degree-এর পূর্বে ব্যবহৃত 'the'-কে Relative Adverb of Quantity বলে। যেমন—
The sooner, the better. The more your read, the more you learn.
The thinner, the lighter.

16. Here এবং there যদি কোনো স্থানকে না বুঝিয়ে Sentence-এর সূচনা করে, তবে এদেরকে Introductory Adverb বলে। যেমন—
There are some people waiting outside. There was a Sultan in Bangla.
Here is your opportunity.

## COMPARISON OF ADVERBS

Adjective-এর মতো কোনো কোনো Adverb-এর Degree of Comparison রয়েছে। তাই ক্ষেত্রবিশেষে এগুলোকে Positive, Comparative ও Superlative form-এ ব্যবহার করা হয়। নিচে Adverb-এর কিছু Degree of Comparision দেখানো হলো :

1. Mono-syllabic Adverb-গুলোর শেষে যথাক্রমে r/er ও st/est যোগ করে Comparative ও Superlative করা হয়। যেমন—

| Positive | Comparative | Superlative |
|---|---|---|
| Fast | Faster | Fastest |
| Hard | Harder | Hardest |
| Long | Longer | Longest |
| Loud | Louder | Loudest |
| Slow | Slower | Slowest |
| Soon | Sooner | Soonest |
| Near | Nearer | Nearest |

2. শেষে 'ly'-যুক্ত Adverb-এর আগে More ও Most বসিয়ে যথাক্রমে Comparative ও Superlative করা হয়। যেমন—

| Positive | Comparative | Superlative |
|---|---|---|
| Clearly | More clearly | Most clearly |
| Honestly | More honestly | Most honestly |
| Swiftly | More swiftly | Most swiftly |
| Kindly | More kindly | Most kindly |
| Sincerely | More sincerely | Most sincerely |
| Quickly | More quickly | Most quickly |
| Skilfully | More skilfully | Most skilfully. |
| Pleasurably | More pleasurably | Most pleasurably |
| Pleasantly | More pleasantly | Most pleasantly |
| Beautifully | More beautifully | Most beautifully |

✪ **Exception :**

| Positive | Comparative | Superlative |
|---|---|---|
| Early | Earlier | Earliest |

3. কোনো কোনো Adverb-এর Comparative ও Superlative Degree বিশেষ নিয়মানুসারে গঠিত হয়নি। যেমন—

| Positive | Comparative | Superlative |
|---|---|---|
| Little | Less | Least |
| In | Inner | Inner Most, Inmost |
| Much | More | Most |
| Out | Outer, Utter | Outmost, Utmost |
| Up | Upper | Uppermost, Upmost |
| Far | Farther | Farthest |

## ADVERBIALS (ক্রিয়াবিশেষণীয়)

যে শব্দ বা শব্দগুচ্ছ দিয়ে কোনো স্থান, সময়, বিষয়, কারণ, ক্রিয়ার অবস্থা, বিশেষণ এবং ক্রিয়াবিশেষণ সম্পর্কে অতিরিক্ত তথ্য প্রদান করা হয়, সেই শব্দ বা শব্দগুচ্ছকে Adverbial বলে।

Adverbial প্রধানত তিন প্রকার। যথা :

**Adjuncts :** Adjunct হলো বাক্যস্থিত অন্য শব্দকে গুণান্বিত বা সংজ্ঞায়িত করার জন্য যুক্ত শব্দ (সমূহ) বা বাক্যাংশ। যেমন—

He went home **yesterday**.

She ran away **in a panic**.

এখানে 'yesterday' এবং 'in a panic' হলো adjuncts. অন্যান্য Adjunct হলো in the park, over the hill, next to sofa, at a 90 angle, into the forest, towards the sea, at midnight, on Tuesday, for five minutes, until you reach the station, often, never, regularly, daily, rarely, continually, occasionally, in silence, angrily, with a smile, as carefully as you can, with great skill, cautiously, by train, by means of a trick, with a pencil, because of the rain, due to her carelessness, of course, indeed, etc.

**Conjuncts :** Conjunct-গুলো দুটি বাক্যের মধ্যে সম্পর্ক স্থাপন করে। Conjuncts সাধারণত বাক্যের শুরুতে ব্যবহার করা হয়। যেমন—

**Besides**, he can sing songs.

**As a result**, he has suffered a lot.

এখানে, Besides এবং As a result হলো Conjuncts.

অন্যান্য Conjunct-গুলো হচ্ছে— also, furthermore, moreover, in addition, what is more, however, nevertheless, on the other hand, anyway, after all, in other words, that is to say, first of all, next, finally, therefore, consequently, just then, meanwhile, later, in the meantime, etc.

**Disjuncts :** কোনো তথ্যের ওপরে নিজস্ব মন্তব্য যোগ করতে Disjuncts ব্যবহার করা হয়। যেমন—

**Unfortunately** it is unlikely that your boss will change his ways. এখানে 'unfortunately' হলো Disjunct.

অন্যান্য Disjunct-গুলো হচ্ছে — obviously, personally, in my opinion, of course, etc.

# SENTENCE

'Sentence' বা 'বাক্য' হলো ভাব আদানপ্রদানের মাধ্যম। বাক্য গঠনের সময় আমরা Word-গুলোকে এমন এক বিশেষ নিয়মে সাজাই যার ফলে এটা একটা অর্থপূর্ণ রূপ লাভ করে। অথচ Word-গুলোকে এলোমেলোভাবে পাশাপাশি স্থাপন করলে তার কোনো অর্থ হয় না। যেমন—
We love our country very much.—এটা একটা বাক্য।

**Definition of Sentence (বাক্যের সংজ্ঞা) :** একগুচ্ছ শব্দ একত্র হয়ে মনের ভাব সম্পূর্ণরূপে প্রকাশ করলে তাকে Sentence বা বাক্য বলে।

একটি আদর্শ (Typical) ইংরেজি বাক্যের গঠন নিম্নরূপ :

| Subject | + Verb | Object/Complement |
|---|---|---|
| We | love | our country very much. |

## CLASSIFICATION OF SENTENCES

কাজ ও গঠন অনুযায়ী Sentence-কে নিম্নলিখিত কয়েকটি ভাগে ভাগ করা যায় :




**Function (কাজ) অনুযায়ী পাঁচ প্রকার Sentence-এর আলোচনা :**
উল্লেখ্য, এ পাঁচ প্রকার Sentence-ই আবার Affirmative (হ্যাঁ-বোধক) ও Negative (না-বোধক) — এ দুভাগে বিভক্ত।

## ASSERTIVE SENTENCE

**Assertive Sentences or Declaratives (বর্ণনামূলক বাক্য) :** যে Sentence দ্বারা কোনো প্রকার বর্ণনা, বক্তব্য বা তথ্য প্রকাশ করা হয় তাকে Assertive Sentence বলে। এতে কোনো কিছু স্বীকার বা অস্বীকার করা হয়। একে Statement-ও বলা হয়।

***A sentence which makes a statement is called an Assertive Sentence.***

**Examples :**
I did not go to school yesterday. — আমি গতকাল স্কুলে যাইনি।
I have just received your email. — আমি এইমাত্র তোমার ইমেইলটি পেলাম।
He is a businessman. — তিনি একজন ব্যবসায়ী।
I am a painter. — আমি একজন চিত্রকর।
Sabina works hard. — সাবিনা কঠোর পরিশ্রম করে।
Mitu does not go to school regularly. — মিতু নিয়মিত স্কুলে যায় না।
Sumi can dance very excellently. — সুমি খুব চমৎকারভাবে নাচতে পারে।

Assertive Sentence আবার দুই প্রকার। যথা :

**Affirmative Sentence (হ্যাঁ-বোধক বাক্য) :** যে Sentence দ্বারা কোনো ব্যক্তি, বস্তু, প্রাণী, স্থান, পদার্থ প্রভৃতি সম্পর্কে হ্যাঁ-বোধক বিবৃতি প্রদান করা হয় তাকে Affirmative Sentence বলে।
গঠন : Sub + verb + object/extension

**Examples :**
Tumpa is singing a song. — টুম্পা গান গাইতেছে।
Shimu is a very intelligent girl. — শিমু খুবই বুদ্ধিমতী মেয়ে।
I have received your letter.— আমি তোমার চিঠিটি পেয়েছি।
Computer is very useful. — কম্পিউটার খুবই প্রয়োজনীয়।
I live in Dhaka. — আমি ঢাকায় বাস করি।
She gets up at 6 am. — সে সকাল ৬টায় ঘুম থেকে উঠে।
Tamal can play on harmonium. — তমাল হারমোনিয়াম বাজাতে পারে।
Gold is a precious metal. — স্বর্ণ একটি মূল্যবান ধাতু।
Man is mortal. — মানুষ মরণশীল।
Zainul Abedin is a great artist. — জয়নুল আবেদিন একজন গুণী চিত্রশিল্পী।
Industry is the key to success. — পরিশ্রম সাফল্যের চাবিকাঠি।
We should utilize our time properly. — আমাদের সময়কে সঠিকভাবে ব্যবহার করা উচিত।

**Negative Sentence (না-বোধক বাক্য) :** যে Sentence দ্বারা কোনো ব্যক্তি, বস্তু, প্রাণী, স্থান, পদার্থ প্রভৃতি সম্পর্কে না-বোধক বিবৃতি প্রদান করা হয় তাকে Negative Sentence বলে।

**Examples :**
Sabina doesn't like idle people. — সাবিনা অলস লোকদেরকে পছন্দ করে না।
We should not waste time. — আমাদের সময় নষ্ট করা উচিত নয়।
I don't want any juice now. — আমি এখন কোনো ফলের রস চাই না।
On weekends, I don't take breakfast. — সপ্তাহের ছুটির দিনগুলোতে আমি নাস্তা খাই না।
I can't operate computer. — আমি কম্পিউটার চালাতে পারি না।
Bobi has no brother. — ববির কোনো ভাই নেই।
The rich are not always happy. — ধনীরা সবসময় সুখী নয়।

**Different structures of Negative Sentence :**

(i) **Subject + to be verb (am, is, are, was, were) + not + object/extension.**
Rita is not a dancer. — রিতা একজন নৃত্যশিল্পী নয়।
They were not inattentive to their studies. — তারা তাদের লেখাপড়ায় অমনোযোগী ছিল না।
I am not a cricketer. — আমি একজন ক্রিকেট খেলোয়াড় নই।
They are not idle. — তারা অলস নয়।

(ii) **Subject + to have verb (have, has, had) + no/ not + object/extension.**
Tarin has no golden necklace. — তারিনের কোনো সোনার হার নেই।
Abid had no English Grammar. — আবিদের কোনো ইংরেজি ব্যাকরণ ছিল না।
We have not any cultivable land. — আমাদের আবাদযোগ্য কোনো জমি নেই।

(iii) **Subject + do not/does not/did not + verb-এর base form + object/extension.**
Tipu does not read attentively. — টিপু মনোযোগসহকারে পড়ে না।
I do not waste time in vain. — আমি বৃথা সময় নষ্ট করি না।
Shimu does not disobey her superiors. — শিমু তার গুরুজনদের অমান্য করে না।

(iv) **Subject + Modals (can, could, shall, should, will, would, may, might, must, need, ought to, dare ) + not + verb-এর base form + object/extension.**
I cannot do the sum. — আমি অঙ্কটি কষতে পারি না।
We could not finish the work in time.— আমরা সময়মতো কাজটি শেষ করতে পারলাম না।
We shall not help you. — আমরা তোমাকে সাহায্য করব না।
We should not tell a lie. — আমাদের মিথ্যা বলা উচিত নয়।
They will not go to Khulna tomorrow. — তারা আগামীকাল খুলনা যাবে না।
She would visit her mother regularly. — সে তার মাকে নিয়মিত দেখতে যেত।
It may rain today. — আজ বৃষ্টি হতে পারে।
He might not help you. — সে হয়তো তোমাকে সাহায্য নাও করতে পারে।
We must not waste time. — আমরা অবশ্যই সময় অপচয় করব না।
I need not go there. — আমার সেখানে যাওয়ার দরকার নেই।
We ought to study regularly. — আমাদের নিয়মিত অধ্যয়ন করা প্রয়োজন।
I dare not go there at night. — আমি সেখানে রাতের বেলা যেতে সাহস করি না।

## INTERROGATIVE SENTENCE

**Interrogative Sentences or Questions (প্রশ্নবোধক বাক্য) :** যে Sentence দ্বারা কোনো কিছু সম্পর্কে প্রশ্ন জিজ্ঞাসা করা হয় তাকে Interrogative Sentence বলে।

***A sentence which asks a question about anything is called an Interrogative Sentence.***

**Examples :**
Can I help you? — আমি কি তোমাকে সাহায্য করতে পারি?
What is the time? — সময় কত?

**Interrogative Sentence** প্রধানত দুভাবে শুরু হয় --
(i) Auxiliary Verb দ্বারা। (ii) Interrogative Pronoun বা Adverb দ্বারা।

**Auxiliary verb** চার প্রকার :
(a) To be Verb : am, is, are, was, were.
(b) To do verb : do, does, did.
(c) To have verb : have, has, had.
(d) Modals : can, could, shall, should, will, would, may, might, must, ought to, need, dare.

**(a) To be verb :**
গঠন : To be verb + sub + extension + note of interrogation.

**Examples :**
Are you a student? — তুমি কি একজন ছাত্র?
Am I a singer? — আমি কি একজন গায়ক?
Were they happy there? — তারা কি সেখানে সুখী ছিল?
Is Sumi a meritorious student? — সুমি কি একজন মেধাবী ছাত্রী?

◆ Sentence-টি Negative হলে গঠনটি হবে—
গঠন : To be verb + sub + not + extension + note of interrogation.

**Examples :**
Is he not a doctor? — তিনি কি একজন ডাক্তার নন?
Am I not responsible for this? — আমি কি সেজন্য দায়ী নই?
Are you not angry with me? — তুমি কি আমার উপর রেগে নেই?

**(b) To do verb :**
গঠন : Do/does/did + sub + মূল verb-এর present form + extension + note of interrogation.
Do you study regularly? — তুমি কি নিয়মিত অধ্যয়ন করো?
Does she read the book? — সে কি বইটি পড়ে?
Does he like gardening? — সে কি বাগান করা পছন্দ করে?
Did you go to school yesterday? — তুমি কি গতকাল স্কুলে গিয়েছিলে?
Do you take physical exercise regularly? — তুমি কি নিয়মিত শারীরিক ব্যায়াম করো?

◆ Sentencet-টি Negative হলে গঠনটি হবে—
গঠন : Do/does/did + sub + not + মূল verb এর present form + extension + note of interrogation.
Or, Don't/doesn't/didn't + sub + মূল verb-এর present form + extension + note of interrogation.
Don't we help you? — আমরা কি তোমাকে সাহায্য করি না?
Didn't they waste time? — তারা কি সময় অপচয় করত না?
Don't you take physical exercise regularly? — তুমি কি নিয়মিত শারীরিক ব্যায়াম করো না?
Doesn't he like gardening? — সে কি বাগান করা পছন্দ করে না?
Didn't you go to school yesterday? — তুমি কি গতকাল স্কুলে যাওনি?

(c) **To have verb :**

গঠন : To have verb + sub + extension + note of interrogation.

**Example :**

Have you any story book? — তোমার কি কোনো গল্পের বই আছে?
Has she a golden ring? — তার কি একটি সোনার আংটি আছে?
Had they a big pond? — তাদের কি একটি বড়ো পুকুর ছিল?

(d) **Modals :**

গঠন : Modal Auxiliary + sub + verb-এর present form + extension + note of interrogation.

**Example :**

Can you lend me some money? — তুমি কি আমাকে কিছু টাকা ধার দিতে পারো?
Could you do the work? — তুমি কি কাজটি করতে পারতে?
Shall we go there? — আমরা কি সেখানে যাব?
Should he not go to a doctor? — তার কি একজন ডাক্তারের কাছে যাওয়া উচিত নয়?
May I use the phone? — আমি কি ফোনটি ব্যবহার করতে পারি?
Might Sabiha go there? — সাবিহা কি সেখানে যাইলেও যেতে পারত?
Need I buy a dictionary? — আমার কি একটি অভিধান কেনা প্রয়োজন?
Must he go to Dhaka? — সে কি অবশ্যই ঢাকা যাবে?
Dare we not face him? — আমরা কি তার মুখোমুখি হতে সাহস করি না?
Oughtn't Ria to take care of her health? — রিয়ার কি তার স্বাস্থ্যের যত্ন নেওয়া উচিত নয়?

◆ Question words (who, whom, which, what, why, when, where, whose, how)-যুক্ত Interrogative Sentence-এর গঠন—

গঠন : Question word + সাহায্যকারী verb + subject + মূল verb + Extension + note of interrogation.

**Examples :**

Where are you going? — তুমি কোথায় যাচ্ছ?
How do we prevent air pollution? — কী করে আমরা বায়ুদূষণ রোধ করতে পারি?
Why have you come here? — তুমি এখানে কেন এসেছ?
What are you doing at the moment? — এই মুহূর্তে তুমি কী করছ?
Which colour do you like most? — কোন রংটি তুমি অধিক পছন্দ করো?
Whom do you want? — তুমি কাকে চাও?

## IMPERATIVE SENTENCE

**Imperative Sentences or Directives** (আজ্ঞাসূচক বাক্য) : যে Sentence দ্বারা কোনো আদেশ, উপদেশ ও অনুরোধ ব্যক্ত করা হয় তাকে Imperative Sentence বলে। সাধারণত (Second Person-এ) এ জাতীয় বাক্যের Subject (You) উহ্য থাকে।

***A sentence which expresses order, advice, request, proposal, etc. is called an imperative sentence.***

যেমন—

**মূল verb দ্বারা :**

গঠন : Verb + extension.

**Example :**

Draw a picture. — একটি ছবি আঁকো।
Do the work. — কাজটি করো।
Read attentively. — মনোযোগসহকারে পড়ো।
Post the letter. — চিঠিটি ডাকে দাও।
Come here. — এখানে এসো।
Call in a doctor. — ডাক্তার ডাক।
Wait for me. — আমার জন্য অপেক্ষা করো।
Always speak the truth. — সর্বদা সত্য কথা বলবে।
Open the window. — জানালাটি খোল।
Give me a glass of water.—আমাকে এক গ্লাস পানি দাও।
Give me the book. — আমাকে বইটি দাও।

**Do not/Never দ্বারা**

Listen to your teacher attentively. — তোমার শিক্ষকের কথা মনোযোগসহকারে শোন।

গঠন : Do not/Don't + verb + extension.

**Example :**

Do not put your hands down. — তোমার হাত নামাইও না।
Do not laugh at lame man. — খোঁড়া লোকটিকে উপহাস করো না।
Do not waste time. — সময় নষ্ট/অপচয় করো না।
Do not run in the sun. — রৌদ্রে দৌড়াদৌড়ি করো না।
Never tell a lie. — কখনো মিথ্যা বলো না।

**Please/kindly দ্বারা :**

গঠন : Please/kindly + verb + extension.

**Examples :**

Please go there. — দয়া করে সেখানে যাও।
Please help me. — দয়া করে আমাকে সাহায্য করুন।
Kindly give me a glass of water. — দয়া করে আমাকে এক গ্লাস পানি দিন।
Please give me some money. — দয়া করে আমাকে কিছু টাকা দিন।

**Let দ্বারা :**

গঠন : Let + subject-এর object form + verb + extension.

**Examples :**

Let me read the book. — আমাকে বইটি পড়তে দাও।
Let me do the sum. — আমাকে অঙ্কটি কষতে দাও।
Let us do the work. — চলো কাজটি করি।
Let him come in. — তাকে ভিতরে আসতে দাও।
Let us go there. — চলো আমরা সেখানে যাই।

◆ Sentence-টি Let দ্বারা আরম্ভ হলে Negative করার ক্ষেত্রে গঠনটি হবে—

গঠন : Let + subject-এর object form + not + verb + extension.

**Examples :**

Let him not do the work. — তাকে কাজটি করতে দাও।
Let him not go out. — তাকে বাইরে যেতে দিও না।

## OPTATIVE SENTENCE

**Optative Sentences Or Desires** (ইচ্ছাসূচক বাক্য) : যে Sentence দ্বারা বক্তার মনের ইচ্ছা, প্রার্থনা ও আশীর্বাদ প্রকাশ করা হয়, তাকে Optative Sentence বলে। এগুলোর শুরুতে সাধারণত 'May' Verb থাকে।

**A sentence which expresses the speaker's wish, prayer or blessing is called an Optative Sentence.**

গঠন : May + sub + verb + extension.

**Examples :**

May God bless you. — আল্লাহ তোমার মঙ্গল করুক।
May you prosper in life. — তুমি জীবনে উন্নতি করো।
May you live long. — তুমি দীর্ঘজীবী হও।
Live long our president. — আমাদের রাষ্ট্রপতি দীর্ঘজীবী হোন।
May you be successful in life. — তুমি জীবনে সফল হও।
May Allah fulfil your desire. — আল্লাহ তোমার মনোবাসনা পূর্ণ করুক।

## EXCLAMATORY SENTENCE

**Exclamatory Sentences or Exclamatives** (আবেগসূচক বাক্য) : যে Sentence দ্বারা বক্তার মনের আকস্মিক আবেগ, বিস্ময়, হর্ষ, আনন্দ, দুঃখ, বেদনা ইত্যাদি প্রকাশ করা হয় তাকে Exclamatory Sentence বলে।

***A sentence which expresses the speaker's sudden emotion, surprise, pleasure, delight, sorrow, pain, etc. is called an Exclamatory Sentence.***

যেমন—

**Exclamatory Sentence** — চারভাবে করা যায় :

(1) How + Adj/Adv + subj + verb!
(2) What + a/an + adj + noun + subject!
(3) Interjection : Bravo/Alas/Hurrah/Oh/Ah/Fie +! + Subject + verb + extension.
(4) If/had/were/would that/could + subject + verb + extension!

**How — দ্বারা :**

গঠন : How + Adj/Adv + subj + verb!

**Examples :**

How beautiful the bird is! — পাখিটি কী সুন্দর!
How great the man is! — লোকটি কতই না মহান!
How clever the girl is! — মেয়েটি কতই না চালাক!
How helpless the old man is! — বৃদ্ধ লোকটি কতই না অসহায়!
How beautiful the Taj Mahal is! — তাজমহল কতই না সুন্দর!
How exciting the match was! — খেলাটি কতই না উত্তেজনাকর ছিল!
How interesting the book is! — বইটি কতই না আনন্দদায়ক!

**What দ্বারা :**

গঠন : What + a/an + adj + noun + subject!

**Examples :**

What a great man he is! — কী মহান লোক তিনি!
What a good idea! — কী সুন্দর ধারণা!
What a wonderful invention computer is! — কী অদ্ভুত আবিষ্কার কম্পিউটার!
What a pity! — কী দুঃখের ব্যাপার!
What a beautiful country Bangladesh is! — কী সুন্দর দেশ বাংলাদেশ!
What a pitiful life she leads! — কী করুণ জীবন তিনি যাপন করেন!
What a good luck! — কী সৌভাগ্য!

**Interjection দ্বারা :**

গঠন : Interjection : Bravo/Alas/Hurrah/Oh/Ah/Fie +! + Subject + verb + extension.

**Examples :**

Bravo! Bangladesh has defeated Pakistan. — শাবাশ! বাংলাদেশ পাকিস্তানকে পরাজিত করেছে।
Alas! His mother is no more. — হায়! তার মা আর নেই।
Hush! The baby is sleeping. — চুপ! শিশুটি ঘুমাচ্ছে।
Oh! That he were alive. — আহা! তিনি যদি বেঁচে থাকতেন।
Fie! You are a cheat. — ছি! তুমি একজন প্রতারক।
"Hurrah! We have won the match. — কী মজা! আমরা খেলায় জিতেছি।
Ah! How helpless the boy is! — আহা! ছেলেটি কী অসহায়!

**If/Had/Were/Could/Would that :**

গঠন : If/had/were/would that/could + subject + verb + extension.

**Examples :**

If I were a bird! — আমি যদি পাখি হতাম!
Had I the wings of a bird! — আমার যদি পাখির মতো ডানা থাকত!
Were I the Prime Minister of our country! — আমি যদি আমাদের দেশের প্রধানমন্ত্রী হতাম।
Could I fly in the sky! — আমি যদি আকাশে উড়তে পারতাম!
Would that my father were alive! — আমার বাবা যদি বেঁচে থাকতেন।

## Structure (গঠন) অনুযায়ী তিন প্রকার Sentence-এর আলোচনা

## SIMPLE, COMPOUND AND COMPLEX SENTENCES

■ **Simple Sentence** (সরল বাক্য) : যে বাক্যে একটিমাত্র Subject ও একটিমাত্র Finite Verb থাকে তাকে Simple Sentence বা সরল বাক্য বলে। Simple Sentence-এর অর্থ Single Sentence. যেমন–
Abdul Karim is a rich man.
এ Simple Sentence-টির Structure হলো : Subject + Verb + Complement.

**Simple Sentence-এর বৈশিষ্ট্য :**

(i) একটি Subject ও একটি Finite Verb থাকে। তবে Non-finite Verb যে-কোনো সংখ্যক বা আদৌ নাও থাকতে পারে। যেমন– He went to visit his sister living in Dhaka.

(ii) একাধিক Noun বা Pronoun and, but, or প্রভৃতি Conjunction দ্বারা যুক্ত হয়ে একটি Subject-রূপে কাজ করতে পারে। যেমন– **Abdul Karim** and **Abdur Rahim** play chess.

(iii) এতে একাধিক Verb, Complement and, but, or ইত্যাদি দ্বারা যুক্ত হয়ে যথাক্রমে একটি Finite Verb ও একটি Complement-রূপে কাজ করতে পারে। যেমন–
He went to **Dhaka** and **Cumilla**.

■ **Compound Sentence** (যৌগিক বাক্য) : Compound Sentence হলো দুই বা ততোধিক Simple Sentence-এর সমষ্টি, যারা সবাই Co-ordinating Conjunction দ্বারা যুক্ত এবং স্বাধীনভাবে অবস্থান ও অর্থ প্রকাশ করতে পারে। যেমন–
I went home and found my father ill.

**Compound Sentence-এর বৈশিষ্ট্য :**

(i) সবগুলো Clause-ই Main Clause অর্থাৎ স্বাধীন ও স্বয়ংসম্পূর্ণ Clause.

(ii) প্রতিটি Clause-এ আলাদা আলাদা Subject ও Finite Verb থাকে। যেমন– **He is** poor but (**he is**) honest.

(iii) প্রতিটি Clause-এ (উপবাক্যে) আলাদা আলাদা Subject ও Predicate থাকে।

**N.B :** প্রধান প্রধান Co-ordinate Conjunction যাদের দ্বারা Clause-গুলো যুক্ত হয় তারা হলো and, but, or, as well as, not only.....but also, otherwise, whereas, either ..... or, neither ..... nor, both..... and, for, etc.

**N.B :** Conjunction ছাড়াও Compound Sentence হতে পারে। যেমন–
Waste not, want not.

■ **Complex Sentence** (জটিল বাক্য) : দুই বা ততোধিক Simple Sentence একত্রে যুক্ত হবার পর একটি Clause-এর ওপর অন্য Clause-গুলো নির্ভরশীল হলে তাকে Complex Sentence বা জটিল বাক্য বলে। যেমন– **I know** where he lives.

**NB :** ওপরের Sentence-এ মোটা অক্ষরের অংশটুকু Main Clause আর বাকি অংশ Subordinate Clause.

**Complex Sentence-এর বৈশিষ্ট্য :**

(i) একটি Clause, Main Clause বাকিগুলো সব Subordinate Clause. Main Clause-এর ওপর অন্য Clause-গুলো নির্ভরশীল।

(ii) প্রতিটি Clause-এ আলাদা আলাদা Subject ও Finite Verb থাকে।

(iii) প্রতিটি উপবাক্যে (Clause) আলাদা আলাদা Subject ও Predicate থাকে।

**NB :** প্রধান প্রধান Subordinating Conjunction যাদের দ্বারা Clause-গুলো যুক্ত হয় তারা হলো who, what, when, where, why, how, whom, while, except, though, since, if, before, after, because, so that, as soon as, as long as, unless, so that, etc.

# CLAUSE

Subject ও Verb সংবলিত বড়ো বাক্যের কোনো অংশকে Clause বলে।
*A Clause is a part of a larger sentence having a subject and a verb.*
**For example :** Since he is a bright student, he will cut a brilliant figure in the examination.
এখানে since he is a bright student একটি Clause এবং he will cut a brilliant figure in the examination আরেকটি Clause.

## Classification of Clauses

Clause প্রধানত তিন প্রকার। যথা :
(i) Principal Clause (বা Independent Clause)
(ii) Subordinate Clause (বা Dependent Clause) এবং
(iii) Co-ordinate Clause.

## PRINCIPAL CLAUSE

যে Clause এককভাবেই স্বয়ংসম্পূর্ণ এবং অর্থ প্রকাশের জন্য অন্য কোনো Clause-এর ওপর নির্ভর করে না তাকে Principal Clause বলে। যেমন—

1. I know the man who comes here.
   Principal Clause
2. The man who leads an honest life is great.
   Subject Predicate
3. If you come, I shall help you.
   Principal Clause

উপর্যুক্ত বাক্যসমূহের মধ্যে —

- ১ম বাক্যের প্রথমাংশ 'I know the man' Principal Clause। এ অংশটি বিচ্ছিন্নভাবে একটি Complete sentence.
- ২য় বাক্যের প্রথমাংশের 'Subject' + শেষাংশের 'Predicate' অর্থাৎ 'The man is great' অনুরূপভাবে একটি Principal Clause। এ অংশটিও আলাদাভাবে একটি Complete sentence।
- ৩য় বাক্যের শেষাংশ 'I shall help you' একটি Principal Clause এবং আলাদাভাবে এটিও একটি Complete sentence হিসেবে ব্যবহারযোগ্য।

সুতরাং দেখা যাচ্ছে যে —

- Principal Clause স্বয়ংসম্পূর্ণ এবং আলাদাভাবে একটি Sentence হিসেবে ব্যবহারযোগ্য।
- Principal Clause বাক্যের প্রথমে কিংবা শেষে অখণ্ডিতভাবে অথবা প্রথমে ও শেষে দ্বিখণ্ডিতভাবে বসতে পারে।

## SUBORDINATE CLAUSE

**Definition :** Complex Sentence-এর যে বিশেষ Clause-টি একা একা পূর্ণ অর্থ প্রকাশ করতে পারে না, অর্থগত পূর্ণতার জন্য অন্য একটি Clause তথা Principal Clause-এর ওপর নির্ভর করে তাকে Subordinate Clause বলে। যেমন—

I do not know **when he comes**.
The doctor came **after the patient had died**.
**If I can manage money**, I shall repay the loan.
**As he is ill**, he will not attend the meeting.

লক্ষ করো :

- উপর্যুক্ত ১ম ও ২য় বাক্যে প্রথমাংশ স্বয়ংসম্পূর্ণ এবং দ্বিতীয়াংশ প্রথমাংশের ওপর নির্ভরশীল। সুতরাং এখানে বাক্যের দ্বিতীয়াংশ Subordinate Clause।
- উল্লিখিত ৩য় ও ৪র্থ বাক্যে দ্বিতীয়াংশ স্বয়ংসম্পূর্ণ এবং প্রথমাংশ দ্বিতীয়াংশের ওপর নির্ভরশীল। সুতরাং এখানে প্রথমাংশ Subordinate Clause।
- উপর্যুক্ত ৪টি বাক্যেই Subordinate Clause শুরু হয়েছে যথাক্রমে when, after, if, as প্রভৃতি Subordinating conjunction দিয়ে।

**Beginning of Subordinate Clause :** Subordinate Clause সাধারণত Subordinating conjunction কিংবা Relative pronoun দিয়ে শুরু হয়। ফলে অধিকাংশ সময় Subordinating conjunction অথবা Relative pronoun দেখেই Subordinate Clause শনাক্ত করা যায়।

নিচের বাক্যগুলোতে Subordinate Clause-গুলো underline করা হয়েছে এবং Subordinating conjunction ও Relative pronoun-গুলোকে Bold করে দেখানো হয়েছে :

**EXAMPLE :**

Tell me **who** your favourite author is.
Will you tell me **whose** pen it is?
The book **which** I bought was very interesting.
Nobody knows **where** he lives.
Do you know **when** he wakes up?
We have completed **before** he comes.
**Though** he is poor, he is honest.
**As** he is hardworking, he will shine in life.
He acted so crazily **as if** he would kill me.
Inform me **as soon as** he comes.
I am not sure **whether** he is present.
You will not pass the exam **unless** you work hard.
You can attend the meeting **provided that** you will not speak.
I do not know **whom** you want.
Don't disbelieve **what** I say.
Tell me **how** old you are.
I am not sure **why** he comes here.
The doctor came **after** the patient had died.
**If** you work hard, you will succeed in life.
**Since** you are my friend, you are welcome here.
**Although** they failed, they did not lose heart.
I told you **as much as** I could know.
He helped me **so that** I could do the work.
Wait here **until** I return.
The book **that** you borrowed is costly.

অনেক সময় Subordinating Conjunction ছাড়াও Subordinate Clause তৈরি হয়। নিচে এ ধরনের কিছু Subordinate Clause 'underline' করে দেখানো হলো :

1. Were I a child again, I could chase the butterflies.
2. Had I the wings of a bird, I could fly over there.
3. Should you offer a job, I would remain grateful.
4. Once it is told, it cannot be untold.

কোনো কোনো ক্ষেত্রে Subordinate Clause থেকে Relative Pronoun-কে বাদ দেওয়া বা উহ্য রাখা যায়। অর্থাৎ এসব ক্ষেত্রে Relative pronoun ব্যবহার করা বা না করা দুই-ই সমান। এতে বাক্যের অর্থগত কোনো পরিবর্তন হয় না। নিচে এরূপ কিছু Relative Pronoun বন্ধনীভুক্ত করে দেখানো হলো। যেমন—

1. The book (that) you lost was costly.
2. The mango (which) you take is not ripe enough.
3. Jerry was the boy (whom) you wanted.

বিশেষ উল্লেখ্য, Subordinating Conjunction-গুলোতে যদি how, where, when, why ইত্যাদি থাকে এবং এগুলো যদি বাক্যে Relative Adverb হিসেবে ব্যবহৃত হয়, তাহলে এগুলোকে রেখে বা বাদ দিয়ে Subordinate Clause-গুলো বিভিন্নভাবে গঠিত হতে পারে। যেমন—

1. I know the time when it happens.
   I know the time it happens.
   I know when it happens.

2. Tell me the place where he lives.
   Tell me the place he lives in.
   Tell me where he lives.

3. This is the reason why he did the work.
   This is why he did the work.

## CO-ORDINATE CLAUSE

কোনো বাক্যের দুই বা ততোধিক Clause যদি সমশ্রেণির হয় অর্থাৎ এদের প্রত্যেকেই স্বয়ংসম্পূর্ণ ও স্বনির্ভর হয়, তাহলে Clause-গুলোকে Co-ordinate Clause বলে। Co-ordinate Clause-গুলো সাধারণত and, or, but, yet, otherwise, both ..... and, not only ..... but also, either ..... or, neither ..... nor ইত্যাদি Co-ordinating Conjunction দ্বারা যুক্ত হয়। যেমন—

Fahim went to the shop and bought a pencil. The boy came to the field but did not play.
You must do the homework or the teacher will punish you. It is a small car yet it is spacious.
He has a good job and yet he never seems solvent. Do your job in time otherwise you will repent.

Co-ordinate Clause সাধারণত Compound Sentence-এর অংশ হিসেবে বিবেচিত হয়। যেমন— ওপরের উদাহরণগুলোর Compound Sentence এবং ব্যবহৃত Clause-গুলো Co-ordinate Clause।

উল্লেখ্য, কখনো কখনো Complex Sentence-অন্তর্গত একাধিক Subordinate Clause-কেও Co-ordinating Conjunction দ্বারা যুক্ত করা হয়। এরূপ ক্ষেত্রে Co-ordinating Clause দ্বারা যুক্ত Subordinate Clause-গুলোকেও Co-ordinate Clause বলে। যেমন—

I don't know what he earns and how he lives.

এই বাক্যে 'I don't know' অংশটি Principal Clause এবং what he earns ও how he lives দুটি Subordinate Clause. এখানে সমশ্রেণির দুটি Subordinate Clause একটি Co-ordinating Conjunction (and) দ্বারা যুক্ত হয়ে একে অপরের Co-ordinate Clause-এ পরিণত হয়েছে।

## Details on Subordinate Clause

Subordinate Clause-সমূহকে তাদের Function অনুসারে তিন ভাগে বিভক্ত করা যায়। যথা :

(i) Noun Clause; (ii) Adjective Clause; (iii) Adverbial Clause.

এক নজরে বাক্যস্থিত Clause-সমূহ নিম্নরূপ :




## NOUN CLAUSE

Sentence-এর ভেতরে যেসব 'Clause' Noun-এর কাজ করে তাদের Noun Clause বলে। যেমন—

He knows that Shila is a good girl.
Subject Verb Object (=Noun Clause)

Noun Clause-কে শনাক্ত করার জন্য 'What' দ্বারা প্রশ্ন করা যায়। যেমন— উপর্যুক্ত বাক্যটির আলোকে যদি প্রশ্ন করা হয় 'What does he know? তাহলে উত্তর হিসেবে পাওয়া যাবে, "that Shila is a good girl." সুতরাং উত্তরটি know ক্রিয়াপদের Object এবং এটি একটি Noun Clause।

আরো কয়েকটি বাক্যে Noun Clause-এর প্রয়োগ লক্ষ কর :

Mother said that she would buy me a pen.
Verb Object (= Noun Clause)

What he does is really important.
Subject (=Noun Clause) Verb

This is what I know about him.
Verb Complement (= Noun Clause)

## Uses of Noun Clause

অবস্থানভেদে Sentence-এর ভেতর Noun Clause বিভিন্ন ধরনের কাজ করে থাকে। যেমন—

(a) Verb-এর Subject হিসেবে
(b) Verb-এর Object হিসেবে
(c) Subject-এর Complement হিসেবে
(d) Object-এর Complement হিসেবে
(e) Adjective-এর Complement হিসেবে
(f) Preposition-এর Object হিসেবে
(g) Noun বা 'It' Pronoun-এর Apposition হিসেবে।

**(a) Verb-এর Subject হিসেবে (As the subject of a verb) :** 'Noun Clause' sentence-এর প্রথমে বসে Principal Clause-এ ব্যবহৃত Verb-এর Subject হিসেবে কাজ করে। এক্ষেত্রে Clause-গুলো সাধারণত that, whether, who, what, how, where, when, why ইত্যাদি শব্দ দিয়ে শুরু হয় এবং কোনো Be verb বা Linking verb-এর Subject-রূপে ব্যবহৃত হয়। যেমন—

**Who says this** is a wise man.
**Whom you need** is not clear at all.
**How he did it** is a question to me.
**Where he was born** is yet unknown.
**Why he did so** is yet a mystery.
**What you know** is sufficient to make a comment.
**That he is an honest man** is known to us all.
**Whether he comes or not** is very important now.
**When she leaves the country** seems to be a vital question.

(b) **Verb-এর Object হিসেবে (As the object of a verb) :** 'Noun Clause' Principal Clause-এ ব্যবহৃত Verb-এর Object হিসেবে কাজ করতে পারে। এ ক্ষেত্রেও Clause-গুলো সাধারণত that, whether, who, what, how, where, when, why এবং if দিয়ে শুরু হয়। যেমন—

I know **that he is a good boy**.
Tell me **who supports you most**.
I don't know **how he comes here**.
Explain **why it happens**.
He asks **if I know the answer**.
I can't tell **whether it helps us**.
Would you tell me **what pains you**?
Don't forget **where you come from**.
Do you know **when the sun rises today**?

(c) **Subject-এর Complement হিসেবে (As a complement of the subject to a verb) :** 'Noun Clause' Principal Clause-এ ব্যবহৃত Be Verb-এর Subject-এর Complement হিসেবে ব্যবহৃত হতে পারে। যেমন—

This is **what I told you earlier**.
This is **why he supported me**.
Money is **what money does**.
This is **where Tagore was born**.
This is **how it happens**.
It is **what he complained against me**.
The fact is **that he is honest**.

✪ লক্ষ করো : এখানে Money = What money does এবং The fact = that he is honest. এ কারণেই দ্বিতীয়টি প্রথমটির Complement।

(d) **Object-এর Complement হিসেবে (As a complement of the object to a verb) :** বাক্যের অর্থকে স্পষ্ট করার জন্য কখনো কখনো 'Noun Clause' Principal Clause-এর Object-এর Complement হিসেবে ব্যবহৃত হতে পারে। যেমন—

I know the man **who comes to me**.
The Minister told the House **what he did for the country**.
He explained me **why he did so**.

(e) **Adjective-এর Complement হিসেবে (As a complement of an adjective) :** 'That' দ্বারা সূচিত একটি 'Noun Clause' Principal Clause-এ ব্যবহৃত Adjective-এর পরে বসে Adjective-এর Complement হিসেবে ব্যবহৃত হয়। যেমন—

I am happy **that you have passed the exam**.
I am sure **that it will rain today**.
Mother was disturbed **that her son did not phone her yet**.
I am surprised **that so small a boy wins the race**.

(f) **Preposition-এর Object হিসেবে (As the object of a preposition) :** Principal Clause-এর পরে কোনো Preposition ব্যবহার করে অতঃপর Noun Clause ব্যবহার করা হলে এই Noun Clause-টি Preposition-এর Object হিসেবে বিবেচিত হয়। যেমন—

He paid attention to **what I said**.
He came from **where I was born**.
Please, listen to **what I say**.
Your acceptability depends on **how you accept others**.

(g) **'Noun' বা 'It' Pronoun-এর Apposition হিসেবে (In apposition of a noun or pronoun 'It') :** Noun Clause পূর্ববর্তী কোনো Noun কিংবা Pronoun 'It' সম্পর্কে অতিরিক্ত তথ্য প্রদান করতে পারে। তখন এ Clause-টিকে ঐ বিশেষ Noun বা Pronoun 'It'-এর Apposition বলা হয়। সাধারণত এই Noun Clause-টি that দিয়ে সূচিত হয়। যেমন—

There was a rumour **that the Chief Minister would resign**.
He gave me the news **that a tornado might sweep over the country**.
The rumour **that the Chief Minister would resign** proved false.
The news **that a tornado would sweep over the country** was true.
It is a fact **that he was a great leader**.
It is a pleasure **that I could invite my friends**.

## ADJECTIVE CLAUSE

যে Clause Sentence-এ ব্যবহৃত হয়ে Adjective-এর কাজ করে তাকে Adjective Clause বলে। যেমন—

I know the man **who came here**.
The school **I read in** was excellent.
It is the book **I was searching for**.

লক্ষণীয় : Adjective Clause সাধারণত Principal Clause-এ অন্তর্ভুক্ত Verb-এর Subject, Object ও Complement রূপে ব্যবহৃত Noun-কে qualify করে এবং এ Clause সবসময় সংশ্লিষ্ট Noun-এর পরে বসে।

(a) **Adjective Clause qualifying the subject of the verb of the Principal Clause :** Adjective Clause Principal Clause-এর Subject (Noun)-এর অব্যবহিত পরে বসে Subject-কে qualify করে। Principal Clause-এর বাকি অংশ (Predicate) Adjective Clause-এর পরে বসে। যেমন—

The man **who likes me most** is my father.
The pen **which I lost** was red.
The boy **whom you praised** did really well.
The place **where he visits** is charming.
The boy **who is coming here** is very intelligent.
The story **that he told me** is interesting.
The time **when he comes** is known to all.
The reason **why he did the work** is not clear to me.

(b) **Adjective Clause qualifying the object of the verb of the Principal Clause :** 'Adjective Clause' Principal Clause-এর Object (Noun)-এর অব্যবহিত পরে বসে Object-কে qualify করে। যেমন—

I know the boy **who played so well**.
I know the place **where he worked**.
I like the way **how he did the work**.
He gave me the book **which he bought yesterday**.
He washed the shirt **that I kept in the washing room**.
Nobody knows the time **when he comes**.

(c) **Adjective Clause qualifying the complement of the verb of the Principal Clause :** 'Adjective Clause' Principal Clause-এ ব্যবহৃত Be verb-এর Complement-এর পরে বসে Complement-কে qualify করে। যেমন—

This is, the book **that I wanted**.
This is the man **whom I talked to**.
This is the house **where I live in**.
This is the pen **which he writes with**.

## ADVERBIAL CLAUSE

যেসব Clause কোনো Verb, Adjective বা অন্য কোনো Adverb-কে qualify করে; how, where, when, why ইত্যাদি প্রশ্নের উত্তর দেয়; শর্ত, তুলনা, ধরন, পরিমাণ ইত্যাদি প্রকাশ করে, তাদের Adverbial Clause বলে। যেমন—

The doctor came after the patient had died.
Verb Adverbial Clause (It answers : When came?)

He read that he might prepare his lesson.
Verb Adverbial Clause (It answers : Why read?)

I shall follow you wherever you go.
Verb Adv. Clause (It answers : Where?)

You may buy things as you like.
Verb Adv. Clause (It answers : What?)

He spoke to me as if he were my friend.
Verb Adv. Clause (It answers : How?)

(a) **Adverbial Clause of Time :** 'Adverbial Clause of Time' Principal Clause-এর অন্তর্গত ক্রিয়াপদের কার্য সম্পাদনের সময়কে নির্দেশ করে। সাধারণত সময় নির্দেশক যে-কোনো Conjunction দ্বারা এই Clause সূচিত হয়। যেমন—

Ten years have passed **since** we entered the job.
I became so happy **after** I had seen her.
The patient had died **before** the doctor came.
Continue with the job **until** I come back.
I was so happy **when** I saw her.
I shall help you **so long** your aim is honest.
**While** I was walking, I saw a beautiful flower.
**Whenever** you see him, give me a call.
**As soon as** he comes, everyone becomes silent.
No sooner had he entered the room **than** the boys stood up.
Scarcely had he reached the station **when** the train started.
He leapt up as he saw me.

(b) **Adverbial Clause of Place :** Adverbial Clause of Place দ্বারা Principal Clause-এর অন্তর্গত ক্রিয়াপদের কার্য সম্পাদনের স্থান নির্দেশ করা হয়। সাধারণত স্থান নির্দেশক কোনো Conjunction দ্বারা এ Clause-গুলো সূচিত হয়। যেমন—

The world is beautiful **where** people are happy.
**Where** there is a problem, there is a solution.
**Wherever** you go, you will shine.
You may go **wherever** you like.
I shall go **where** he works.

(c) **Adverbial Clause of Reason and Purpose :** Adverbial Clause of Reason and Purpose দ্বারা Principal Clause-এর অন্তর্গত ক্রিয়া (verb পদের কাজ সম্পাদন হওয়া বা না হওয়ার কারণ, উদ্দেশ্য ইত্যাদি নির্দেশ করা হয়। সাধারণত কারণ কিংবা উদ্দেশ্য নির্দেশক Conjunction দ্বারা এ Clause-গুলো সূচিত হয়। যেমন—

I praise him **because** he is honest.
Conj. Adverbial Clause

Examples :

**As** he had no money, he could not pay the bill.
**Since** he does not like me, I do not approach him.
I am glad **that** our team won the match.
We listened eagerly, **for** he brought us good news.
Start immediately **lest** you should miss the train.
He studied hard **in order that** he could pass the exam.
He briefed me **so that** I could have a good idea.

উল্লেখ্য, why দ্বারা প্রশ্ন করে Adverbial Clause of Reason কিংবা Adverbial Clause of Purpose-কে শনাক্ত করা যায়।

(d) **Adverbial Clause of Manner :** Adverbial Clause of Manner দ্বারা Principal Clause-এর অন্তর্গত ক্রিয়াপদের (verb) কাজ কীভাবে সম্পন্ন করা হয় তা নির্দেশ করা হয়। সাধারণত কাজের ধরন নির্দেশক Conjunction দ্বারা এ Clause সূচিত হয়। যেমন—

Do the work **as** I have instructed you.
Conj. Adverbial Clause

Examples :

He behaved **as if** he were angry upon me.
Tell us **how** you did the work.
He behaved **as though** he had owned the place.
You can treat him **however** you like.
He likes me **as** my father does.

(e) **Adverbial Clause of Effect :** Adverbial Clause of Effect দ্বারা Principal Clause-এ বর্ণিত কাজ বা অবস্থার ফলাফল নির্দেশ করা হয়। এই Clause-এর শুরুতে সাধারণত that থাকে এবং এই Clause Principal Clause-এর 'So + Adj/Adv' অথবা 'Such + Noun'-কে qualify করে। যেমন—

He was so busy that he could not talk to me.
Adj. Adverbial Clause

Examples :

I was so tired **that I fell asleep.**
He acted so crazily **that it scared us all.**
He is such a man **that he can do anything.**
He spoke so well **that he attracted everyone.**
I am such a fool **that nobody likes me.**

(f) **Adverbial Clause of Concession :** Principal Clause-এ বর্ণিত বক্তব্যের সাথে অসংগতিপূর্ণ অবস্থান বা অবস্থা প্রকাশ করার জন্য Adverbial Clause of Concession ব্যবহৃত হয়। যেমন—

**Though** he was tired, he helped me.
I like her **even though** she annoys me at times.
**Whoever** you might be, I don't trust you.
**Whatever** he seems to be, he does the right.
Strong **as** he is, he is lean and thin.
I finished the book **although** it was boring.
I shall go there **even if** I have to walk.
**Wherever** he goes, he won't forget the country.
**For all** you say, he is really a scholar.
Much **as** I want to donate, I have little financial capacity.

(g) **Adverbial Clause of Comparison :** দুজন ব্যক্তি কিংবা দুটি বস্তুর মধ্যে তুলনা প্রকাশ করতে Adverbial Clause of Comparison ব্যবহৃত হয়। সাধারণত এ Clause-এর ক্রিয়াপদ (verb) উহ্য (understood) থাকে। যেমন—

The girl is as beautiful as her sister (is).
Adv. Clause Verb (understood)
= The girl is as beautiful as her sister.

He is so kind as Haji Mohsin (was).
Adv. Clause Verb (understood)
= He is so kind as Haji Mohsin.

Rina is taller than Shila (is).
Adv. Clause Verb (understood)
=Rina is taller than Shila.

The girl cooks better than her mother (does).
Adv. Clause Verb (understood)
= The girl cooks better than her mother.

(h) **Adverbial Clause of Condition :** Adverbial Clause of Condition দ্বারা এমন কিছু শর্ত আরোপ করা হয় যার সাথে Principal Clause-এর অন্তর্গত ক্রিয়ার (Verb) কাজ সম্পন্ন হওয়া না-হওয়ার সম্পর্ক বিদ্যমান। এ জাতীয় Clause-গুলো সাধারণত if, whether, even, unless, but, for, otherwise, suppose, provided প্রভৃতি Subordinating Conjunction দ্বারা আরম্ভ হয়। যেমন—

If I were a bird, I would fly.
Were I a bird, I would fly.
If I had the wings, I would fly.
Had I the wings, I would fly.
I would buy the shirt if I found it.
Whatever happens, don't worry.
However rich you are, I don't bother.
Unless you help me, I will die.
If I had the money, I would pay the bill.
Once you do, you must do every time.
You will attend the meeting provided that you don't speak.
Start reading if you like to prepare the lesson.
If your business fails, you may run short of money.
If you have done the work, I shall admire it.
Whichever item you have, you will not be able to sell.
Supposing that the sun shines, we shall go for work.
I won't help you in case I don't have money.
When you see the criminal, you can inform the police.
If you study hard, you will pass the exam.
Had he called me, I would have helped him.
Should we not perform it, we would face troubles.

# PHRASE

**What is Phrase?**

**Phrase হচ্ছে একটি শব্দগুচ্ছ** (a group of words)—

(i) যার কোনো Subject থাকে না; (ii) Finite Verb (সমাপিকা ক্রিয়া) থাকে না এবং (iii) যা বাক্যে একটি Part of Speech-এর মতো কাজ করে।

**Examples :** in the field, of wisdom, living in Bangladesh, O my God!, to help the boy, etc.

**What is Idiom?**

Idioms হলো একগুচ্ছ শব্দ যা তার নিজস্ব অর্থ প্রকাশ না করে সম্পূর্ণ ভিন্ন কোনো অর্থ প্রকাশ করে। যেমন—
Cats and dogs (মুষলধারে), For good (চিরতরে), Crocodile tears (মায়াকান্না) ইত্যাদি।

## KINDS OF PHRASES

(i) Noun Phrase
(ii) Adjective Phrase
(iii) Adverb/Adverbial Phrase
(iv) Verb Phrase
(v) Prepositional Phrase
(vi) Conjunctional Phrase
(vii) Interjectional Phrase
(viii) Infinitive Phrase
(ix) Participle Phrase

## NOUN PHRASE

**Points to be noticed :** যে Phrase-টি Noun-এর মতো কাজ করে তাকে Noun Phrase বলে। Noun Phrase বাক্যে নিম্নলিখিত রূপে বসতে পারে :

(i) **Verb-এর Subject-রূপে :** (Main Verb-কে "কী/ কে/ কারা" দ্বারা প্রশ্ন করলে যে শব্দ/ শব্দগুচ্ছ তার উত্তর দেয়, তা-ই Subject.)

**Examples :**

**Swimming in the river** is dangerous. **The book** is on the table. **The blue sky** looks very nice.

(ii) **Verb-এর Object/Complement-রূপে :** (Main Verb-কে "কী/ কাকে/ কাদেরকে" দ্বারা প্রশ্ন করলে যে শব্দ/ শব্দগুচ্ছ তার উত্তর দেয়, তা-ই Object.)

**Examples :**
I paid **the taxi fare**. The ass is **a beast of burden**.
My mother has cooked **a delicious dish** today.

(iii) **Preposition-এর Object-রূপে :**

**Examples :**
He is proud of **his rank and power**. We should take care of **our health**.

**To Remember :** Noun Phrase-এর Head word-টি সাধারণত Noun শব্দ হয়। Noun Phrase-এর শেষে সর্বদা একটি Noun শব্দ থাকে।

## Noun Phrase-এর গঠনরীতি

■ **Structure—1 : Article (যদি থাকে) + Adjective + Noun**

**Examples :**
I like **sunny day**. They are sitting in **the drawing room**.
Dhaka is **the capital city**. We live in **a modern age**.
**A tall tree** has been decorated nicely.

■ **Structure—2 : Article (যদি থাকে) + Noun + Preposition + Object/Noun শব্দ**

**Examples :**
My grand father was **a man of letters**. **The rivers of Bangladesh** are beautiful.

■ **Structure—3 : Article (যদি থাকে) + Possessive form of Noun/Pronoun + Object/Noun শব্দ**

**Examples :**
**The king's speech** was contradictory. **Their house** is beautiful.

■ **Structure—4 : Noun/Pronoun + and/or + Noun/Pronoun**

**Examples :**
The British use **knife and fork** for eating. They work **day and night**.
There is **loss or gain** in business.

■ **Structure—5 : Article (যদি থাকে) + পাশাপাশি দুটি Noun শব্দ (এক্ষেত্রে পূর্বের Noun-টি Adjective-এর মতো পরের Noun-টিকে বিশেষিত করে)**

**Examples :**
How much is **the bus fare**? How is **the bus journey**?

■ **Structure—6 : Infinitive + Adverbial/Object /Noun শব্দ**

**Examples :**
**To walk in the morning** is good for health. He hopes **to solve the problem**.
They like **to play cricket**. **To err** is human.

■ **Structure—7 : Gerund (v-ing) + Adverbial/ Object/ Noun শব্দ**

**Examples :**
Robi enjoys **reading poetry**. The girls are fond of **singing folk songs**.
We love **travelling new countries**.

## ADJECTIVE PHRASE

**Point to be noticed :** যে Phrase-টি Adjective-এর মতো কাজ করে, তাকে Adjective Phrase বলে।
Adjective/Adjective Phrase কেবল Noun বা Pronoun-এর দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ প্রকাশ করে।
**To Remember :** সাধারণত be verb-এর পর অথবা Noun শব্দের পর Adjective/Adjective Phrase বসে। Noun/Pronoun-কে 'কেমন' শব্দটি দ্বারা প্রশ্ন করে যে উত্তরটি পাওয়া যায় তা-ই Adjective/Adjective Phrase।

## Adjective Phrase-এর গঠনরীতি

■ **Structure—1 : কোনো Noun শব্দের পর Preposition + Adjective/Noun**

**Examples :**
He is a man **of noble principles**. I saw a woman **with black eyes**.
I bought a necklace **of pearls**.

■ **Structure—2 : Present Participle (V + ing) + Preposition + Object/Noun শব্দ**

**Examples :**
The man **walking in the field** is my grandfather. The girl **dancing on the stage** lives in England.
The children **playing on the roof** should be stopped.

■ **Structure—3 : Past Participle + Preposition + Object/Noun শব্দ**

**Examples :**
The crops **damaged by flood** were ours.
The passengers **injured in an accident** were taken to the hospital.

■ **Structure—4 : Adjective + Preposition + Noun/Object**

**Examples :**
The British are good **in English**. They are **full of courage**.
The boy is **weak in Math**.

■ **Structure—5 : As/Adjective + as + Article (যদি থাকে) + Noun**

**Examples :**
This bird is **as black as a crow**. He is **as dull as an ass**.
The cushion is **as soft as feather**.

■ **Structure—6 : Adjective/Noun + Infinitive + Noun/ Object**

**Examples :**
It is **easy to say**. It is **difficult to do**.
He is **able to walk**. The girl is **beautiful to look at**.
I am **eager to learn English**. Now it is time **to return home**.
I had a desire **to succeed in life**.

■ **Structure—7 : Adjective + and/ or/ but + Adjective**

**Examples :**

He is **honest and sincere**. I don't mind if the answer is **right or wrong**.
The girl is **poor but honest**.

■ **Structure—8 : Article** (যদি থাকে) **+ Noun/Adjective + Present Participle/Past Participle + Noun**

**Examples :**

He is **an absent-minded boy**. The Padma is **a gentle-flowing river**.
I am **a fortune–hunting man**.

## ADVERBIAL / ADVERB PHRASE

**Point to be noticed :** যে Phrase-টি Adverb-এর মতো কাজ করে, তাকে Adverbial Phrase বলে।
Adverb/Adverbial Phrase কেবল Verb/Adjective/Adverb-কে Modify করে। অর্থাৎ Verb/Adjective/Adverb-এর দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ ইত্যাদি প্রকাশ করে।

**To Remember :** সাধারণত Verb/Adjective/Adverb-কে "কেন/কীভাবে/ কোথায়/কখন" দ্বারা প্রশ্ন করলে যে উত্তরটি পাওয়া যায় তা-ই Adverb/Adverbial Phrase।

### Adverbial/Adverb Phrase-এর গঠনরীতি

■ **Structure—1 : Adverb + and + Adverb**

**Examples :**

He comes to our house **now and then**. He does the sum **again and again**.
The children ran **here and there**.

■ **Structure—2 : Every** + সময়জ্ঞাপক শব্দ

**Examples :**

**Every year** we celebrate our birthdays. **Every morning** my father reads the Ittefaq.
My mother prepares breakfast **every morning**.

■ **Structure—3 : Preposition + Article** (যদি থাকে) **+ Adjective** (যদি থাকে) + স্থান নির্দেশক শব্দ

**Examples :**

I lived **in a small village**. The passengers were taken **to the hospital**.
The car is made **in Japan**.

■ **Structure—4 :** সময় নির্দেশক **Phrase-টি Preposition + Article + ..... +** সময় নির্দেশক **Noun**

**Examples :**

**Once upon a time** there was a king named Midas. You will suffer **in future**.
He reached the spot **without any delay**. They read **at night**.

■ **Structure—5 : Preposition + Article + Adjective + Noun**

**Examples :**

This bird flies **in an easy way**. The bus is running **at a great speed**.
We will preserve the prestige **at any cost**. The boy behaves **in a polite way**.

■ **Structure—6 : Infinitive + Article/Preposition + Noun/Object**

**Examples :**

He works hard **to prosper in life**. We eat **to live on this earth**.
He ran **to catch the train**.

## VERB/VERBAL PHRASE

**Point to be noticed :** যে Phrase-টি Verb-এর মতো কাজ করে, তাকে Verb/Verbal Phrase বলে।

**To Remember :** সাধারণত Verb/Verbal Phrase-এ একাধিক Verb থাকে। এদের একটি Principal Verb এবং অন্যটি বা অন্যগুলো Auxiliary Verb।

**Auxiliary Verbs :** Am, is, are, was, were, be, been, being, have, has, had, shall, should, will, would, may, might, can, could, do, does, did, must, need (not), dare (not), ought to, have to, has to, had to, used to, be to, be going to, etc.

### Verbal/Verb Phrase-এর গঠনরীতি

■ **Structure—1 : Auxiliary Verb + Principal Verb**

**Examples :**

He **has done it.** We **are writing** a letter.
I **would make** a noise. We **ought to love** our parents.
It **has been raining**.

## PREPOSITIONAL PHRASE

**Point to be noticed :** যে Phrase-টি Preposition-এর মতো কাজ করে, তাকে Prepositional Phrase বলে।

**To Remember :** সাধারণত Prepositional Phrase-টি Preposition দিয়েই শুরু হয়। Preposition-এর পরে Noun/Noun equivalent ব্যবহৃত হয়।

### Prepositional Phrase-এর গঠনরীতি

■ **Structure—1 : Preposition + Noun + Preposition**

**Examples :**

There is a garden **in front of** my reading room.
The boy could not complete his studies **for lack of** money.
Reza did well **by dint of** hard labour.
Rima could not go to school **on account of** illness.

■ **Structure—2 : Preposition + the + Noun + Preposition**
**Examples :**
He died **on the eve of** victory.
The old woman is now **on the verge of** death.
The spy came here **under the guise of** a beggar.

■ **Structure—3 : Preposition + a/an + Noun + Preposition**
**Examples :**
We have made the National Memorial **with a view to** paying tribute to the martyrs.
He is working hard now **with an eye to** the future.
The atmosphere is getting hotter **as a result of** greenhouse gas emissions.

■ **Structure—4 : Adjective + Preposition**
**Examples :**
Our team won **due to** our efforts. His brother is not **afraid of** any danger.
The cricket match was cancelled **owing to** heavy rain.

■ **Structure—5 : Adverb + Preposition**
**Examples :**
Jalal is **away from** work for a week. The hotel is not **far from** here.
Rakib joined the Liberation War **out of** his love for the country.

■ **Structure—6: Preposition + Noun/Noun Phrase**
**Examples :**
I am waiting for him **at the railway station**. Mother cooks food **in the kitchen**.
I met him **on the college campus**.

■ **Structure—7 : Preposition + Time/Place/Manner**
**Examples :**
Sinners suffer **in the long run**. She and her husband both work **at night**.
Put the book **on the table**.

## CONJUNCTIONAL PHRASE

**Point to be noticed :** যে Phrase-টি Conjunction-এর মতো কাজ করে, তাকে Conjunctional Phrase বলে।
**To Remember :** সাধারণত Conjunction/Conjunctional Phrase-টি দুই বা ততোধিক word, phrase এবং clause এর মধ্যে সংযোগ স্থাপন করে।
**Examples of Some Conjunctional Phrases :** As soon as, as early as, as long as, as quickly as, as far as, as well as, as much as, Not only ..... but also. No sooner had ..... than, etc.
**Examples :**
Do the work **as quickly as** you can. **Not only** he **but also** his sister went there.
**No sooner had** they reached the station **than** the train left.

## INTERJECTIONAL PHRASE

**Point to be noticed :** যে Phrase-টি Interjection-এর মতো কাজ করে, তাকে Interjectional Phrase বলে।
**To Remember :** সাধারণত Interjection/Interjectional Phrase-টি মনের আকস্মিক ভাব প্রকাশ করে থাকে। Interjection/Interjectional Phrase-টির পর সবসময় Note of exclamation (!) বসে।
**Example of Some Interjectional Phrases :** Good Heaven!, Oh my God!, O my love!, What a pity!, Fie!, Fie!, Good gracious!, By Jove!, For Heaven's sake!, Oh dear me!, etc.
**Examples :**
**Oh my God!** What are you saying? **Fie! Fie!** Don't utter it again.
**By Jove!** Hold your tongue. **What a pity!** He is ruined.

## INFINITIVE PHRASE

**Point to be noticed :** Infinitive Phrase-টি to + Verb-এর Present/base form দ্বারা শুরু হয় এবং এর পর Noun/Noun Phrase/Adverb/Adverbial Phrase বসতে পারে।

### Infinitive Phrase-এর গঠনরীতি

**Structure : Infinitive + Noun/ Noun Phrase/ Adverb/ Adverbial phrase/ object**
**Examples :**
They decided **to leave the place.** **To swim regularly** is good for health.
I am happy **to see you.** He failed **to do the sum.**
Her decision **to study medicine** was appreciated.

## PARTICIPLE PHRASE

**Point to be noticed :** Participle Phrase-গুলোকে Adjective Phrase-ও বলা যায়। Participle Phrase সম্পর্কে জানতে হলে আগে Participle কী সে সম্পর্কে জানতে হবে।
**সংজ্ঞা :** Verb-এর যে রূপ একই সাথে Verb ও Adjective-এর কাজ সম্পন্ন করে, তাকে Participle বলে।
**প্রকারভেদ :** Participle তিন প্রকার। যথা :
1. Present Participle; 2. Past Participle; 3. Perfect Participle

1. **Present Participle :** Verb-এর Present Form এর সাথে 'ing' যুক্ত Form-টি যখন একই সাথে Verb ও Adjective-এর কাজ সম্পন্ন করে এবং কোনো কাজ চলছে বা কোনো কাজ বা অভ্যাসগত অসম্পূর্ণ রয়েছে এরূপ বোঝায়, তখন তাকে Present Participle বলে।

**Uses of Present Participle**
* Verb এর Continuous Tense গঠনে
**Example :** I **am running** in the field.

* Attributive Adjective হিসেবে Noun-এর ঠিক আগে।
  **Example :** Don't try to catch the **running** train.
* Predicative Adjective হিসেবে be verb-এর ঠিক পরে।
  **Example :** The scenery is **charming**.
* Noun/Pronoun-এর Post Modifier হিসেবে Noun/Pronoun-এর ঠিক পরে। (এক্ষেত্রে Noun/Pronoun-টি নিজেই এর কাজ সম্পাদন করে বোঝায়।)
  **Examples :** The boy **running** fast is my brother. (Subject-এর ঠিক পরে)
  I saw the man **going** to market. (Object এর ঠিক পরে)
* একই Subject কর্তৃক দুটি কাজ সম্পন্ন হলে পূর্ববর্তী কাজটি ইঙ্গিত দিতে।
  **Example : Closing** the door, he went back to work.

Present Participle Phrase গঠনের ক্ষেত্রে নিম্নলিখিত Structure -টি মনে রাখতে হবে :

**Present Participle (V-ing) + Noun/ Noun equivalent/ Adverbial Phrase**

2. **Past Participle :** Verb-এর সাথে d, ed, t, n, en অথবা ne যুক্ত Form- টি যখন একই সাথে Verb ও Adjective-এর কাজ সম্পন্ন করে এবং কোনো কাজ অতীতে সম্পন্ন হয়েছে এরূপ বোঝায়, তখন তাকে Past Participle বলে।

**Uses of Past Participle :**

* Verb-এর Perfect Tense গঠনে
  **Example :** I have **finished** my work.
* Attributive Adjective হিসেবে Noun-এর ঠিক আগে।
  **Example :** We found the **broken** chain.
* Predicative Adjective হিসেবে be verb-এর ঠিক পরে।
  **Example :** The pen is **lost**.
* Passive voice গঠনে be/to be verb-এর পর।
  **Example :** Rice is **eaten** by me.
* Simple Sentence-এ Noun/Pronoun-এর Post Modifier হিসেবে Noun/Pronoun-এর ঠিক পরে। (এক্ষেত্রে Noun/Pronoun-টির কাজ অন্যের দ্বারা সম্পাদিত হওয়া বোঝায়।)
  **Examples :** The car **made** in China looks nice. (Subject-এর ঠিক পরে)
  We found the door **broken**. (Object এর ঠিক পরে)

Past Participle Phrase গঠনের ক্ষেত্রে নিম্নলিখিত Structure টি মনে রাখতে হবে :

**Structure : Past Participle + Noun/ Noun equivalent/ Adverbial Phrase**

3. **Perfect Participle :** Verb-এর Past Participle Form এর আগে Having যুক্ত Form-টি যখন একই সাথে Verb ও Adjective-এর কাজ সম্পন্ন করে এবং কোনো কাজ অতীতে অপেক্ষাকৃত আগে সম্পন্ন হয়েছে এরূপ ধারণা প্রকাশ করে, তখন তাকে Perfect Participle বলে।

**Examples :**
The sun **having set**, we reached home. **Having done** the work; he went home.

Perfect Participle Phrase গঠনের ক্ষেত্রে নিম্নলিখিত Structure-টি মনে রাখতে হবে :

**Structure : Perfect Participle + Noun/ Noun equivalent/ Adverbial Phrase**

**Examples :**
**Having done the work**, he went home. **Having eaten rice**, he went to sleep.
We left the place **having completed the work**.

# SOME IMPORTANT PHRASES AND IDIOMS

## A

| | | |
|---|---|---|
| **ABC** | : প্রাথমিক জ্ঞান | – Everybody must know at least the ABC of religion. |
| **A bed of roses** | : সুখ-স্বাচ্ছন্দ্যপূর্ণ আরামের জীবন | – Many people think that life is a bed of roses. |
| **A bed of thorns** | : কণ্টকময় জীবন | – Worldly life is nothing but a bed of thorns. |
| **A bird of passage** | : ভ্রাম্যমাণ ব্যক্তি | – A bird of passage always leads a miserable life. |
| **A black look** | : রক্তচক্ষু | – Don't cast a black look at me. |
| **Above all** | : সর্বোপরি | – He is a poet, a singer and above all, a social reformer. |
| **Above criticism** | : সমালোচনার ঊর্ধ্বে | – We should keep our parents above criticism. |
| **Above one's means** | : আয়ের অধিক | – One should not spend money above one's means. |
| **Absorbed in** | : নিমগ্ন | – The boy is absorbed in reading novels. |
| **According to** | : অনুসারে | – According to Malthusian theory, our country is over-populated. |
| **Achilles heel** | : কারো দুর্বলতার স্থান | – I think Rina's vanity is her Achilles heel. |
| **Acid test** | : অগ্নিপরীক্ষা | – Decreasing the price of the daily commodities is now an acid test for the present government. |
| **Act on** | : অনুসারে কার্য করা | – I always act on my father's advice. |
| **Adhere to** | : লেগে থাকা | – You must adhere to your principle. |
| **A dog's chance** | : অনিশ্চিত সম্ভাবনা | – He stands a dog's chance to pass the exam. |
| **A dog's life** | : অসুখী জীবনযাপন | – The poor lead a dog's life. |
| **A far cry** | : অনেক ব্যবধান | – There is a far cry between the aristocratic and the middle society in our country. |

| | | |
|---|---|---|
| **Afford to** | : সংস্থান করা | – We can't afford to go abroad this summer. |
| **A figure of fun** | : কৌতুকের পাত্র | – He was a figure of fun around town. |
| **After all** | : মোটের উপর | – Mr. Khan is, after all, a very popular Principal. |
| **Out of one's wits end** | : হতভম্ব | – I was out of my wits end when the engine caught fire. |
| **Out of sorts** | : অসুস্থ | – She feels out of sorts today. |
| **Out of temper** | : খোশ মেজাজে নয় | – Don't talk with him, he is now out of temper. |
| **Out of the wood** | : বিপদমুক্ত | – The patient is now out of the wood. |
| **Over head and ears** | : আপাদমস্তক | – He is over head and ears in debt. |
| **Owing to** | : জন্য; কারণে | – The ship cannot start owing to fog. |

## P

| | | |
|---|---|---|
| **Palmy days** | : উন্নতির সময় | – False friends are available in palmy days. |
| **Pandora's box** | : যে প্রক্রিয়ায় অনেক সমস্যার সৃষ্টি হয় | – This court case will open a pandora's box of similar claims. |
| **Part and parcel** | : অবিচ্ছেদ্য অংশ | – A library is part and parcel of a college. |

| | | |
|---|---|---|
| **Pass away** | : মারা যাওয়া | – Kazi Nazrul Islam passed away in Dhaka. |
| **Pay heed to** | : কর্ণপাত করা | – The director does not pay any heed to the demand of the workers. |
| **Pay no heed** | : কর্ণপাত না করা | – She paid no heed to my words. |
| **Pave the way for** | : পথ তৈরি করা | – Hard work paves the way for success. |
| **Penny wise and pound foolish** | : বজ্র আঁটুনি ফসকা গেরো | – Don't adopt a penny wise and pound foolish policy. |
| **Pen through** | : কলম দ্বারা কেটে দেওয়া | – If you find any mistake in a sentence, you must pen through it. |
| **Pick and choose** | : সঠিক নির্বাচন করা | – Please guide the student to pick and choose the right subject. |
| **Pick a quarrel** | : ঝগড়া বাধানো | – Don't pick a quarrel with others. |
| **Pin-money** | : স্ত্রীকে প্রদত্ত হাতখরচ | – Mrs Lipy requested her husband to increase the amount of pin-money. |
| **Play false** | : ছলনা করা | – Do not play false with anybody. |
| **Play hide and seek** | : লুকোচুরি খেলা | – The children were playing hide and seek. |
| **Play tricks** | : প্রতারণা করা | – Some dishonest politicians play trick with the people. |
| **Play truant** | : স্কুল পালানো | – Many students play truant and meddle in politics. |
| **Poles apart** | : দুই মেরুতে অবস্থান করা | – The relationship between the UNO and the Upazila Chairman is poles apart. |
| **Point blank** | : সরাসরি | – He rejected my proposal point blank. |
| **Pour cold water on** | : নিরুৎসাহিত করা | – He poured cold water on my plans to join politics. |
| **Pros and cons** | : সুবিধা-অসুবিধা | – Considering the pros and cons of my decision, he encouraged me to go ahead. |
| **Puppet in the hands of** | : হাতের পুতুল | – Students are puppet in the hands of politicians. |
| **Put down** | : লিখে ফেলা | – Please, put down what I say. |
| **Put into practice** | : কাজে লাগানো | – One should put into practice what one says. |
| **Put off** | : ফেলে রাখা | – Do not put off your work for tomorrow. |
| **Put on** | : পরিধান করা | – She always puts on simple dresses. |
| **Put one's finger crossed** | : ভালো কিছুর প্রত্যাশা করা | – I am keeping my fingers crossed that Bangladesh will be a developed country soon. |
| **Put out** | : নিভানো | – Put out the lamp, please. |
| **Put up with** | : সহ্য করে চলা | – People can't put up with the injustice of the rulers. |

## Q

| | | |
|---|---|---|
| **Quite certain** | : সম্পূর্ণ নিশ্চিত | – I am not quite certain about his health in hospital. |
| **Quite often** | : প্রায়ই | – He comes here quite often. |
| **Quite quiet** | : সম্পূর্ণ শান্ত | – The place is quite quiet now. |

## R

| | | |
|---|---|---|
| **Rank and file** | : সাধারণ সৈনিক | – A rank and file always obeys his superiors. |
| **Reap a harvest** | : ফলাফল পাওয়া | – Study hard so that you can reap a good harvest. |
| **Red-handed** | : হাতেনাতে | – The thief was caught red-handed. |
| **Red-letter day** | : স্মরণীয় দিন | – The Independence Day of Bangladesh is a red-letter day. |
| **Right-hand man** | : প্রধান সহায়ক | – My uncle is the right-hand man of our family. |
| **Rise and fall** | : উত্থানপতন | – Life has its rise and fall. |
| **Round the clock** | : দিনরাত চব্বিশ ঘন্টা | – The principal is busy round the clock. |
| **Rule out** | : সম্ভাবনা বাতিল করা; নাকচ করা | – The policemen ruled out the possibility of murder. |
| **Run after** | : কোনো কিছুর পিছনে ছোটা | – We should not run after money. |
| **Run a risk** | : ঝুঁকি নেওয়া | – He ran a risk to save the boy from fire. |
| **Run into debt** | : ঋণগ্রস্ত হওয়া | – Many farmers ran into debt in our country. |
| **Run out** | : নিঃশেষ হওয়া | – Non-renewable energies well run out soon. |
| **Run over** | : গাড়ি চাপা পড়া | – The boy was run over by a bus. |
| **Run short** | : কমে যাওয়া; | – The food stock has run short. |
| **Run the risk of** | : বিপদের ঝুঁকি গ্রহণ করে চলা | – The man ran the risk of saving the old man from the accident. |

## S

| | | |
|---|---|---|
| **Safe and sound** | : নিরাপদে | – They reached home safe and sound. |
| **Salt of the earth** | : পৃথিবীর গুণী জ্ঞানী ব্যক্তিগণ | – Dr Sirajul Islam Chowdhury is a salt of the earth. |
| **Scape goat** | : অন্যের দোষে দোষী | – A neighbour stole the wrist watch, but the maid servant became the scape goat. |
| **Seat of learning** | : বিদ্যাপীঠ | – A university is the highest seat of learning in a country. |
| **See off** | : বিদায় জানানো | – I shall see off my friend tomorrow. |
| **Sell like hot cakes** | : দ্রুত বিক্রি হয়ে যাওয়া | – Humayun Ahmed's novels are always sold like hot cakes. |

| | | |
|---|---|---|
| **Send for** | : ডেকে পাঠানো | – Send for a doctor, quickly. |
| **Set in** | : শুরু হওয়া | – Winter has already set in. |
| **Set out** | : যাত্রা করা | – She set out to break the world record in the game of chess. |
| **Short temper** | : রগচটা | – He is a man of short temper. |
| **Shoulder to shoulder** | : কাঁধে কাঁধ মিলিয়ে | – Men and women should work shoulder to shoulder for the development of the country. |
| **Show temper** | : মেজাজ দেখানো | – We should not show temper to anybody of our senior. |
| **Silver lining** | : আশার আভাস | – Every cloud has a silver lining. |
| **Silver tongue** | : মিষ্টভাষী | – She is a girl of silver tongue. |
| **Since time immemorial** | : স্মরণাতীতকাল থেকে | – Man has been searching food since time immemorial. |
| **Sine die** | : অনির্দিষ্টকালের জন্য | – The varsity was closed sine die because of the students' rioting. |
| **Skim through** | : ভাসাভাসা পড়ে যাওয়া | – I have skimmed through the Daily Star of today. |
| **Skin and bone** | : অস্থিচর্মসার | – The cow is just skin and bone. |
| **Sleep tight** | : সুনিদ্রা যাওয়া | – Usually, he can't sleep tight. |
| **Slip of the pen** | : লেখায় অনিচ্ছাকৃত ত্রুটি | – This is just a slip of the pen. |
| **Slip of the tongue** | : মুখ ফসকে বলে ফেলা | – I seek your pardon for my slip of the tongue. |
| **Slow and steady** | : ধীর এবং অটল | – A proverb goes, "Slow and steady wins the race." |
| **Slow coach** | : অলস/অপদার্থ | – A slow coach like him cannot do it in the stipulated time. |
| **Small fry** | : চুনোপুঁটি | – In stead of catching the big smugglers, the policemen run after the small fry. |
| **Snail's pace** | : শম্বুকগতি; ধীরগতি | – By resorting to snail's pace, one cannot succeed in life. |
| **So far** | : এ পর্যন্ত; অদ্যাপি | – No progress has been made so far. |
| **So so** | : মোটামুটি | – I am so so. |
| **Spare no pains** | : চেষ্টার ত্রুটি না করা | – Shabana spared no pains to become a good actress. |
| **Speak ill of** | : গীবত করা | – We should not speak ill of others. |
| **Square meal** | : পূর্ণ আহার | – The poor cannot have two square meals a day. |
| **Stand in the way of** | : বাধা হয়ে দাঁড়ানো | – Poverty stood in the way of his progress in studies. |
| **Step by step** | : ধীরে ধীরে/ধারাবাহিকভাবে | – Try to advance step by step. |
| **Stick to** | : লেগে থাকা; নিবিষ্ট থাকা | – He stuck to his work. |
| **Stone's throw** | : নিকটবর্তী | – My college is at a stone's throw from my residence. |
| **Storm in a tea cup** | : চায়ের কাপে ঝড়/ক্ষুদ্র ব্যাপারে প্রবল উত্তেজনা | – When I asked him to stop watching TV, he raised a storm in a tea cup and made a hell of the home. |
| **Stuff and nonsense** | : বাজে বিষয় | – I have no time to waste on stuff and nonsense. |
| **Subject to** | : অবস্থার শিকার | – We were subjected to great hardship. |
| **Sum and substance** | : মূলকথা | – Tell me only the sum and substance of the story. |
| **Summer friends** | : সুসময়ের বন্ধু | – We should be careful about the summer friends who do not stand by us in our danger. |
| **Swan song** | : কবি, সংগীতজ্ঞ ইত্যাদি ব্যক্তির মৃত্যুর পূর্বের সর্বশেষ অবদান | – 'The Tempest' is Shakespeare's swan song. |

## T

| | | |
|---|---|---|
| **Take advantage of** | : সুযোগ গ্রহণ করা | – We should not take advantage of one's weakness. |
| **Take after** | : সদৃশ হওয়া; দেখতে এক রকম হওয়া | – The girl takes after her mother. |
| **Take a hand** | : অংশগ্রহণ করা; পরস্পর সহযোগিতা করা | – You should take a hand in the matter. |
| **Take for granted** | : সাক্ষ্য প্রমাণ ছাড়া সত্য বলে মেনে নেওয়া | – It was taken for granted that he would stand by me in the election. |
| **Take heart** | : সাহস সঞ্চয় করা | – He took heart to face the competition. |
| **Take into account** | : বিবেচনায় আনা | – His five years' service was taken into account for promotion. |
| **Take off** | : খোলা | – We take off our shoes when we enter a mosque. |
| **Take one to task** | : তিরস্কার করা | – The teacher took the students to task for not learning their lessons. |
| **Take over** | : দায়িত্ব নেওয়া | – He took over the charge from the retiring manager. |
| **Take pity on** | : করুণা করা | – At last, God took pity on the sailors. |
| **Take place** | : সংঘটিত হওয়া | – The accident took place before my eyes. |
| **Take the chair** | : সভাপতি হওয়া | – The principal took the chair in the cultural function. |
| **Take to heart** | : মনঃক্ষুণ্ন হওয়া | – He took my words to heart. |

| | | |
|---|---|---|
| **Tall talks** | : বড়ো বড়ো কথা | – All his tall talks came to nothing. |
| **Tell upon** | : হানিকর হওয়া | – Overwork has told upon his health. |
| **Thankless job** | : কাজ করেও সুনাম নেই | – I don't like to continue this thankless job. |
| **The bottom line** | : গুরুত্বপূর্ণ শেষ কথা | – The bottom line is that we have to make a decision today. |
| **Then and there** | : তৎক্ষণাৎ | – Hearing the news, the police rushed to the spot then and there. |
| **Three R's** | : প্রাথমিক জ্ঞান | – The people of this village have learnt the three R's at the night school. |
| **Through and through** | : পুরোপুরি | – He is an honest man through and through. |
| **Through thick and thin** | : যে-কোনো অবস্থার মধ্য দিয়ে | – He proceeded patiently through thick and thin and achieved success. |
| **Throw cold water** | : নিরুৎসাহিত করা | – He has thrown cold water on our plan. |
| **Throw dust in one's eyes** | : চোখে ধুলো দেওয়া; ফাঁকি দেওয়া | – The hijacker ran away throwing dust in the policeman's eyes. |
| **Time and again** | : বারবার | – He was told time and again not to do it. |
| **Time to time** | : সময় সময় | – Accidents take place from time to time. |
| **Tit for tat** | : যেমন কর্ম তেমন ফল | – We should not involve ourselves in tit for tat activities out of personal grudge. |
| **To aim at** | : লক্ষ্য স্থির করা | – Govt. should aim at removing the corruption from the country. |
| **To and fro** | : এদিক-ওদিক | – Miscreants are loitering to and fro. |
| **To be in the swim** | : প্রচলিত হাল অবস্থার সঙ্গে মিল রেখে চলা | – Young people wear wrist bands to be in the swim. |
| **To bring out** | : বিকাশ ঘটানো | – The aim of education is to bring out the latent talents of a student. |
| **To come upon** | : হঠাৎ কোনো কিছু দেখা | – Yesterday I came upon a rare animal in the zoo. |
| **To hit upon a plan** | : ফন্দি/উপায় উদ্ভাবন করা | – He hit upon a plan to win the election. |
| **To make a fuss** | : সামান্য বিষয়ে হইচই করা | – He made a great fuss of the baby. |
| **To one's face** | : মুখের ওপর | – I called him a liar to his face. |
| **To one's heart's content** | : প্রাণভরে | – We enjoyed the dinner to our heart's content. |
| **To reap benefit** | : সুবিধা পাওয়া | – He reaps benefit from his office. |
| **To see red** | : বিপদ সংকেত দেখা | – The teacher saw red when the students shouted in the class. |
| **To smell a rat** | : সন্দেহজনক কিছু পাওয়া | – When I investigated the case, I smelled a rat. |
| **To speak highly of** | : উচ্চ প্রশংসা করা | – In the speech, the Principal spoke highly of the teachers. |
| **To stand on one's own feet** | : আত্মনির্ভরশীল হওয়া | – Technical education helps a man to stand on his own feet. |
| **To the backbone** | : হাড়ে হাড়ে | – The boy is wicked to the backbone. |
| **To the last** | : শেষ পর্যন্ত | – They played well to the last. |
| **To the point** | : সঠিক | – He failed because his answers were not to the point. |
| **Toil and moil** | : কঠোর পরিশ্রম | – He cannot succeed without the toil and moil of life. |
| **Tooth and nail** | : প্রবলভাবে | – They opposed our proposal tooth and nail. |
| **Topsy turvy** | : উলটা-পালটা; এলোমেলো | – Everything seems topsy turvy in her life at this moment. |
| **Turn a deaf ear** | : কানে না তোলা | – He turned a deaf ear to his teacher's advice. |
| **Turn down** | : প্রত্যাখ্যান করা | – You cannot turn down his invitation as he is your bosom friend. |
| **Turn on** | : চালিয়ে দেওয়া | – Please turn on the fan. |
| **Turn over** | : পাতা উলটানো | – Turn over the page. |
| **Turn over a new leaf** | : নতুনভাবে জীবন শুরু করা | – He went to Dhaka to turn over a new leaf. |

## U

| | | |
|---|---|---|
| **Under trial** | : বিচারাধীন | – The case is under trial. |
| **Up and doing** | : উঠে পড়ে লাগা | – Be up and doing to prosper in life. |
| **Up and down** | : এদিক-সেদিক | – The thief ran up and down for a shelter. |
| **Upper hand** | : শ্রেষ্ঠতা, প্রাধান্য; সুবিধা | – The oppressors always try to have the upper hand. |
| **Ups and downs** | : উত্থানপতন | – He passed through many ups and downs in life. |
| **Up-to-date** | : আধুনিক | – This is an up-to-date dusting machine first produced in the country. |
| **Up to the mark** | : আশানুরূপ | – His performance in the examination was not up to the mark. |
| **Utopian scheme** | : আকাশকুসুম | – I cannot support such a utopian scheme. |

## V

| | | |
|---|---|---|
| **Vary from** | : ভিন্নতর হওয়া | – Human nature varies from man to man. |
| **Victim of** | : অবস্থার স্বীকার | – She was a victim of acid violence. |
| **Vie with** | : প্রতিযোগিতা করা | – The stars vied with one another to increase the beauty of the sky. |

## W

| | | |
|---|---|---|
| **Weal and woe** | : সুখ-দুঃখ | – We have to pass through weal and woe in this worldly life. |
| **Well equipped** | : সুসজ্জিত | – The college was well equipped to celebrate the Victory Day. |
| **Well off** | : সচ্ছল | – Once upon a time, the people of this village were well off. |
| **Well-to-do** | : ধনী | – Tagore was born in a well-to-do family. |
| **Well up** | : দক্ষ | – Shelley is well up in English. |
| **What not** | : আর কী নয়; সবকিছু | – Rabindranath is a poet, dramatist, novelist and what not. |
| **White elephant** | : কদাচিৎ উপকারে আসে অথচ প্রতিপালনে বা রক্ষণাবেক্ষণে অত্যন্ত ব্যয়বহুল এবং ক্ষতির কারণ | – Mr Tahsin gets a handsome salary but does nothing; He is a white elephant for our company. |
| **White lie** | : সৎ উদ্দেশ্যে মিথ্যা বলা | – The boy told white lie to escape punishment. |
| **Wild goose chase** | : পণ্ডশ্রম; যা পাওয়া যাবে না তার অনুসরণ | – Give up this wild goose chase. |
| **With an eye to** | : পাওয়ার আশায় | – Sadek reads more with an eye to get scholarship. |
| **With a view to** | : উদ্দেশ্য | – They went to Dhaka with a view to meeting the Prime Minister. |
| **With one accord** | : একমত হয়ে | – The Principal of our college declared this with one accord. |
| **With one voice** | : একবাক্যে | – We supported him with one voice. |
| **Without delay** | : অবিলম্বে | – You should do the work without delay. |
| **Without fail** | : নিশ্চিতরূপে; অব্যর্থরূপে | – I will attend the meeting tomorrow without fail. |
| **With the sweat of one's brow** | : মাথার ঘাম পায়ে ফেলে | – Farmers have to earn their livelihood with the sweat of their brow. |
| **Worthy of** | : যোগ্য | – His ideals are worthy of emulation. |

## Y

| | | |
|---|---|---|
| **Year to year** | : বছর বছর | – Style changes from year to year. |
| **Yellow dog** | : নীচাশয় ব্যক্তি | – In the factory there are many yellow dogs who disagree to consider the reasonable demands of the workers. |
| **Yeoman's service** | : বিনা স্বার্থে ভালো কাজ | – He did yeoman's service for the orphanage. |
| **Yield up** | : হারানো | – We yielded up our position to the enemy. |

## Z

| | | |
|---|---|---|
| **Zero hour** | : যে সময়ে কোনো সামরিক অভিযান শুরু হওয়ার কথা; রাত বারোটা | – The observance of the Victory Day will begin at the zero hour. |
| **Zero in** | : লক্ষ্য স্থির করা বা মনোযোগ স্থাপন করা | – The military zeroed in on the issue of corruption. |

# SUBJECT-VERB AGREEMENT

Verb-এর সাথে যেমন Tense-এর সম্পর্ক আছে তেমনি Subject-এর Person এবং Number-এর সম্পর্কও আছে। Subject-এর Person, Number ইত্যাদি অনুযায়ী Sentence-এর ভেতর Verb-এর রূপ বা form নির্ধারিত হয়। Subject-এর সাথে Verb-এর সমঝোতা বা সুসমন্বয়কে Subject-Verb Agreement বলে।

নিচে Subject-Verb Agreement-এর সাধারণ নিয়মসমূহ প্রদর্শিত হলো :

**Rule–01** 'To Be' verb-সমূহের মধ্যে 1st Person Singular Subject-এর সাথে am/was, 3rd Person Singular subject-এর সাথে is/was এবং 2nd Person ও যাবতীয় Plural Subject-এর সাথে are/were-এর সম্পর্ক। যেমন—

**1st Person Singular :** am (Present)/ was (Past)
I am a boy.
I was playing in the field.

**3rd Person Singular :** is (Present)/ was (Past)
He is a good student.
She was preparing her lesson.
Shila is the tallest girl in her class.

**2nd Person and other Plural Subject :** are (Present)/ were (Past)
You are a good player.
You are working in the field.
You are college students.
We are happy to know it.
They were interested in it.

**Rule–02** 'To Have' Verb-সমূহের মধ্যে 3rd Person Singular Subject-এর সাথে Present Tense-এ has-এর সম্পর্ক, অন্যান্য সকল Subject-এর সাথে have-এর সম্পর্ক। যেমন—

**3rd Person Singular :** has (present tense)
He/She/Rina/Fahim has a pen.
He has done the work in time.
Fahim has been working since morning.
**All other Subjects except 3rd Person Singular :** have (Present Tense)
I/We/You/They have completed reading the book.
Rina and Mina have been reading for hours together.
They have a new model car.

**NB :** Future Perfect কিংবা Future Perfect Continuous tense-এর সাথে Subject যাই হোক না কেন shall ও will-এর সাথে শুধু have ব্যবহৃত হয়। Past Perfect কিংবা Past perfect Continuous tense-এ যে-কোনো subject-এর সাথে had ব্যবহৃত হয়।

**Rule–03** Modal-গুলোর মধ্যে shall ও will-এর প্রয়োগ Subject-এর Person ভেদে হয়ে থাকে। সাধারণত Subject — 1st Person হলে shall এবং 2nd ও 3rd Person হলে will ব্যবহৃত হয়। যেমন—

**1st Person :** Shall
I/We shall go home on Friday next.

**2nd and 3rd Person** : Will
You will help me do the work.
It will happen soon.
They will come before the Eid festival.

**Rule–04** Present Indefinite Tense-এ Subject 3rd Person Singular Number হলে be ও have ব্যতীত অন্যান্য যাবতীয় Principal Verb, auxiliary 'do' verb ইত্যাদির শেষে প্রয়োজনানুসারে s/es যুক্ত হয়। যেমন—
He/She/Fahim/Rekha reads in class X.
Rekha goes to school regularly.
Does Fahim go there?
বিশেষ উল্লেখ্য Rule 1—4 পর্যন্ত বর্ণিত নিয়মানুসারেই Subject-Verb Agreement সম্পাদিত হয়। কিন্তু অধিকাংশ সময় আসল Subject শনাক্ত করতে না পারার দরুন বাক্যে Verb সঠিক form-এ প্রয়োগ করা সম্ভব হয় না। এমতাবস্থায় সঠিক Subject এবং বিশেষ Subject সম্বন্ধে বিবেচ্য বিষয়সমূহের প্রতি লক্ষ রাখতে হবে। নিচের আলোচনায় Subject-সমূহকে Underline করে দেখানো হলো—

**Rule–05** দুই বা ততোধিক Subject, and দ্বারা যুক্ত হলে, Verb এবং Subject নির্দেশক Pronoun দুই-ই Plural হয়। উল্লেখ্য, Plural verb-এর সাথে s/es যুক্ত হয় না। এতদ্ব্যতীত, are, were, have ইত্যাদি Plural verb. যেমন—
Fahim and Naim work in the field.
Shila and Mila are sisters.
Rina and Mina have prepared their lessons.

**Rule–06** 'And' দ্বারা যুক্ত Noun-সমূহ যদি একই ব্যক্তি বা বস্তুকে নির্দেশ করে তাহলে Subject 'Singular' হয় এবং সে ক্ষেত্রে Verb-এর Singular Number হয়। যেমন—
The Headmaster and Secretary of the school agrees with me.
My friend, guide and philosopher is so wise a man.
তবে, 'And' দ্বারা যুক্ত Noun-সমূহ যদি একাধিক ব্যক্তি বা বস্তুকে নির্দেশ করে তাহলে Subject 'Plural' হয় এবং Verb-এর Plural Number হয়। যেমন—
The Headmaster and the Secretary are present.
My mother and father are my best friends.
A friend and a philosopher are always welcome.

**NB :** দ্বিতীয় পর্যায়ে উভয় Noun-এর আগে 'The'-এর প্রয়োগ Headmaster এবং Secretary-কে আলাদা ব্যক্তি বুঝিয়েছে। অনুরূপভাবে, উভয় Noun-এর আগে 'A'-এর প্রয়োগ friend এবং philosopher-কে আলাদা ব্যক্তি বুঝিয়েছে। এতদ্ব্যতীত mother এবং father সবসময়ই আলাদা ব্যক্তি। সুতরাং and দ্বারা যুক্ত হয়ে এগুলো Plural Subject-এ পরিণত হয়েছে।

**Rule–07** 'And' দ্বারা যুক্ত Noun-সমূহ যদি একটি একক অর্থ বা ভাব প্রকাশ করে তাহলে Singular subject হয় এবং এক্ষেত্রে Singular verb প্রযোজ্য হয়। যেমন—
Bread and butter is my favourite dish.
Might and right is the same thing.
Slow and steady wins the race.
Honour and respect was shown to him.

**Exception :** কিছু কিছু ক্ষেত্রে এই নিয়মের ব্যতিক্রম পরিলক্ষিত হয়। যেমন— 'Time and tide'— phrase-টিকে Plural বিবেচনা করা হয়। সংখ্যাগত যোগ, বিয়োগ, পূরণ, ভাগের ক্ষেত্রেও সংখ্যাসমূহকে Singular ও Plural দুভাবেই বিবেচনা করার রেওয়াজ প্রচলিত আছে। যেমন—
Time and tide wait for none.
Two and two makes four.
Two and two is four.
Two and two euqals four.
Ten minus two are eight.
Five times four are twenty.
Ten divided by five are two.
Two and two make four.
Two and two are four
Two and two euqal four.
Ten minus two is eight.
Five times four is twenty.
Ten divided by five is two.

**Rule–08** 'And' দ্বারা যুক্ত Noun-সমূহের আগের each; every কিংবা Singular অর্থে no থাকলে, Noun-গুলোকে একত্রে Singular বিবেচনা করা হয়। যেমন—
Each boy and each girl goes to school.
Every boy and every girl was present there.
No team and no umpire enters the ground.

**NB :** বর্তমান নিয়মটিতে Singular অর্থে 'no' বলা হয়েছে কারণ 'no' Singular ও Plural উভয় অর্থেই ব্যবহৃত হতে পারে। যেমন : There was no man standing at the door. এবং There were no birds in the snow covered land. বর্তমান নিয়মটি 'no'-Singular অর্থে প্রয়োগ হলে প্রযোজ্য।

**Rule–09** 'And' দ্বারা যুক্ত Noun-গুলোর ক্ষেত্রে and-এর পরে no বা not থাকলে [অর্থাৎ and পরবর্তী Noun-এর আগে no বা not থাকলে] and-পূর্ববর্তী Noun অনুযায়ী Verb ব্যবহৃত হয়। যেমন—
Mr Rafiq and not his friends is responsible for it.
You and not your brother have done it.
Shila and not her classmates has come here.

**Rule–10** With, together with, as well as, along with, in addition to, accompanied by, rather than, like, unlike, but, except, besides, including, excluding ইত্যাদি দ্বারা যুক্ত Noun-গুলোর প্রথমটিই Subject এবং প্রথমটি অনুসারেই Verb ব্যবহৃত হয়। যেমন—

Shila with her friends is supposed to come by now.
I, together with my parents, was working over there.
Mr. Abdul Karim along with his family was invited to the party.
Abdur Rahim as well as his friends supports the team.
The Headmaster accompanied by his students comes to the meeting.
The thief rather than his family members is to blame.
The boy like his brother is very intelligent.

**Rule–11** Both, many, some, few প্রভৃতি Indefinite Pronoun Plural অর্থ ধারণ করে এবং Plural Verb গ্রহণ করে। যেমন—

Both of them are my friends. Many of them have come here.
Some of them go against me. Few people accept the ideas of new protagonists.

**Rule–12** Anybody, anyone, anything, nobody, no one, nothing, somebody, someone, something, everybody, everyone, everything ইত্যাদি Subject হিসেবে Singular Verb গ্রহণ করে। যেমন—

Is anyone (anybody) there? Inform me if anybody (/anyone) calls.
Nothing comes out of nothing. Something is better than nothing.
Everyone wishes to be happy.

**Rule–13** Who, whoever, what, whatever, which, whichever, any ইত্যাদির Singularity ও Plurality সংশ্লিষ্ট Noun/Pronoun-এর ওপর নির্ভর করে এবং সে মোতাবেক এগুলো Singular কিংবা Plural Verb গ্রহণ করে। যেমন—

Who is he? Who are they? Who am I? The man who comes here is my friend.
Whoever says that is a liar. What is his name? What are their names?
Which of the patients have recovered? We need some more paint, there isn't any left.
I need some stamps, are there any in your bag?
I am grateful to those who love and honour me.
Which is better exercise — swimming or tennis?
I don't care whoever he is/whoever you are/whoever they are.

**Rule–14** None (of sb/sth) Singular কিংবা Plural যে কোনো Verb গ্রহণ করতে পারে। যেমন—

We have three sons but none of them lives/live nearby.
None of them knows/know what happens next.
None of these pens works/work well.
None of the flowers emits/emit sweet scent.

**Rule–15** Auxiliary verb বিবর্জিত Optative sentence-এ Subject Third Person এবং Singular Number হলেও Verb-এর সাথে s/es যুক্ত হয় না। যেমন—

God bless you, my child! God save the country.
God help the poor. Long live the king.

**Rule–16** Either ..... or, Neither ..... nor, Not only ..... but also ইত্যাদি দ্বারা দুটি Subject যুক্ত হলেও শেষ Subject-টির Person ও Number অনুযায়ী Verb ব্যবহৃত হয়। যেমন—

Either Abdur Rahim or Abdul Karim is guilty.
Either Abdur Rahim or his brothers are guilty.
Neither the boy nor his father was present.
Neither the boy nor his parents were present.
Not only Shila but also her father reads Harry Potter.
Not only Shila but also her teachers read Harry Potter.

**Rule–17** কোনো Collective Noun অখণ্ড কিংবা একতাবদ্ধ অবস্থায় বোঝালে Singular Verb গ্রহণ করে। যেমন—

The jury gives the verdict. The team plays well.
The police fights the mob.

কিন্তু Collective Noun-টি বহুধা বিভক্ত হয়ে গেলে Plural Number-এ পরিণত হয় এবং Subject হিসেবে Plural verb গ্রহণ করে। এ পর্যায়ে Collective Noun-টি Noun of Multitude বলে বিবেচিত হয়। যেমন—

The jury are divided in their opinions. The team are quarrelling among themselves.
The police are dispersed.

**Rule–18** Singular Collective Noun-এর সাথে Plural modification যুক্ত হলেও Collective Noun-টি Singular-ই থাকে এবং Singular Verb গ্রহণ করে। যেমন—

Here is a bunch of keys. (*Of keys — plural modification*)
The bunch of keys belongs to Mrs. Rashida.
All on a sudden, there comes down a flock of birds.
The flock of birds looks so beautiful.

**Rule–19** Each of, either of, neither of, one of ইত্যাদির পরে Plural Noun/Pronoun ব্যবহৃত হলেও এগুলো Singular Verb গ্রহণ করে। যেমন—

Each of the boys was present. Either of the two is acceptable.
Neither of them agrees with me. One of the boys hits upon a plan.

**N.B :** Each যদি Singular Noun-এর আগে ব্যবহৃত হয় তাহলে Singular Verb গ্রহণ করে। যেমন—
Each answer is worth 20 points.
Each student has given their (his or her) address.
কিন্তু Each যদি Plural Subject-এর পরে ব্যবহৃত হয়, তাহলে Plural Verb গ্রহণ করে। যেমন—
They each have their own e-mail address.
We each have our own car.

**Rule–20** More-এর পরে Countable Noun সব সময় Plural Number-এ ব্যবহৃত হয় বলে more এ পর্যায়ে Plural verb গ্রহণ করে। যেমন—

More people were coming to the assembly. More boys than one play at chess.

কিন্তু More than-এর প্রয়োগ একটু ভিন্নরূপ। More than-এর পরে Singular Noun ব্যবহৃত হলে Singular Verb এবং Plural Noun ব্যবহৃত হলে Plural Verb ব্যবহৃত হয়। যেমন—
More than one book is required. More than two books are required.

**Rule–21** 'Many a'-এর পরে Singular Noun ও Singular Verb ব্যবহৃত হয়। যেমন—
Many a man speaks English fluently.
Many a teacher comes to the class without preparation.
বিপরীতক্রমে So many কিংবা A great many-এর পরে Plural Noun ও Plural Verb ব্যবহৃত হয়। যেমন—
So many boys were present there.
A great many students are dropped out every year.

**Rule–22** 'A number of'-এর পরে Plural Noun এবং Plural Verb ব্যবহৃত হয়। যেমন—
A number of boys were shouting in the field.
A number of books are missing from the library.
কিন্তু 'The Number of'-এর পরে Plural noun অথচ Singular Verb ব্যবহৃত হয়। যেমন—
The number of books in the library stands 5000.
The number of voters is still unknown.

**Rule–23** 'The + Adjective' সব সময় ঐ বিশেষ Adjective-এর গুণে গুণান্বিত সমুদয় ব্যক্তিকে বোঝায়। এজন্য 'The + Adjective' Subject হিসেবে Plural Verb গ্রহণ করে। যেমন—
The rich are not always happy. The poor suffer a lot.
The honest are the best of population. The lazy are social parasites.

**Rule–24** কিছু কিছু Noun যেমন— aristocracy, nobility, clergy, cattle, poultry, people, folk, gentry ইত্যাদি গঠনগতভাবে Singular মনে হলেও Plural অর্থ ধারণ করে এবং Plural Verb গ্রহণ করে। যেমন—
The English aristocracy have special rights.
The nobility reject the popular demand for adult franchise.
The clergy help promote their religious ideology.
Cattle are grazing in the field.
The gentry of the same circle were present in the meeting.

**Rule–25** কিছু কিছু Noun যেমন— news, gallows, whereabouts, physics, politics, mathematics, dramatics, ethics ইত্যাদি গঠনগতভাবে Plural মনে হলেও সাধারণত Singular অর্থ ধারণ করে এবং Singular Verb গ্রহণ করে। যেমন—
Bad news runs apace. His whereabouts is not known to me.
Mathematics deals with calculation. Politics is a science of state and govt.

**Rule–26** কিছু কিছু Noun গঠনগত ও অর্থগত উভয় দিক থেকেই Plural. উদাহরণ : alms, ashes, assets, aborigines, annals, ammends, auspices, bellows, billiards, bowels, eves, entrails, glasses, jaws, nuptials, odds, pliers, proceeds, pants, spectacles, scissors, shears, shorts, tidings, thanks, trousers, vitals, wages, etc.। Subject হিসেবে এসব Noun সাধারণত Plural Verb গ্রহণ করে। যেমন—
The spectacles she puts on are costly. The Mongolian aborigines are nomads.
Bellows in a smithy make fire burn. Thanks are due to my father.
Scissors are used in hair-cropping.
তবে উপর্যুক্ত Noun-গুলোর মধ্যে যেগুলো দুই খণ্ডে গঠিত যেমন— glasses, spectacles, scissors ইত্যাদির, আগে 'A pair of' যোগ করে Singular হিসেবে ব্যবহার করা যায়। যেমন—
A pair of glasses is essential for me.
A pair of scissors costs taka 60 or above.

**Rule–27** কোনো কিছুর Title কিংবা 'Word অর্থে ব্যবহৃত word' সব সময় 3rd person এবং Singular Noun হিসেবে বিবেচিত হয়। এগুলো Subject হিসেবে Singular Verb গ্রহণ করে। যেমন—
Gulliver's Travels is a fascinating story. War and Peace is a classic.
Words means meaningful sounds. Spectacles means a pair of glasses.
'I' is a vowel. 'You' is a pronoun.

**Rule–28** কোনো Verb-এর 'Subject এবং Complement'-এর Number ভিন্ন হলে; Verb Subject অনুযায়ী ব্যবহৃত হয়। যেমন—
The Bangalees are an independent nation.
Sub (Plu) Comp (Sing)
They are a happy family.
Sub (Plu) Comp (Sing)
The duration was 40 minutes.
Sub (Sing) Comp (Plu)

**Rule–29** Subject হিসেবে Infinitive, gerund, phrase ইত্যাদি Singular Verb গ্রহণ করে। যেমন—
To err is human. To walk is a good exercise.
Walking is easier than running. Running is a laborious exercise.
There is a cluster of bamboos behind our house.
The bundle of books that he sent has not reached yet.

**Rule–30** Time, money, food, measurement, organisation ইত্যাদির একক বা definable unit সবসময় Singular Verb গ্রহণ করে। যেমন—
Three years is a short time. Sixty dollars is enough for it.
Bread and butter is my favourite dish. Ten miles is a short distance.
A pair of shoes costs at least Tk 1500. One thousand taka is a big amount.
Maran Chand and Grandsons deals in curds and sweets.
One dozen of bananas contains minimum 2000 calories.

**Rule–31** ভগ্নাংশের ক্ষেত্রে কোনো কিছুর একাংশ Subject হলে Singular Verb গ্রহণ করে এবং একাংশের অধিক Subject হলে Plural Verb গ্রহণ করে। যেমন—

One-third of the mango is rotten. Two-thirds of the mango are rotten.
Three-fourths of the earth are under water. One-fourth of the answer is irrelevant.

**Rule–32** Relative Pronoun-এর পরে Verb Antecedent অনুযায়ী ব্যবহৃত হয়। যেমন—

It is I who am to blame.
Ante Rel Pron. V.

It is you who are responsible for it.
Ante Rel Pron. V.

This is the pen that writes well.
Ante Rel Pron. V.

The people that I spoke to were very helpful.
Ante Rel Pron. V

**Rule–33** Introductory there-যুক্ত বাক্যে Singular Noun-এর কথা বলা হলে Singular Verb এবং Plural Noun-এর কথা বলা হলে Plural Verb ব্যবহৃত হয়। যেমন—

There is a school in our village. There are 300 students in our school.
There stands a village by the side of the river. There stand hundreds of villages by that river.

**Rule–34** One of the-এর পরে Plural Noun কিন্তু Singular Verb ব্যবহৃত হয়। যেমন—

One of the mangoes is rotten. One of the girls is to sing a song.
One of the boys was absent there.

**Rule–35** What এবং which-এর পরে Singular Noun ব্যবহৃত হলে Singular verb এবং Plural Noun ব্যবহৃত হলে Plural Verb প্রয়োগ করা হয়। যেমন—

Which question is important?
Which books are required?
What book is it?
What people are they?

**Rule–36** অবাস্তব বা অবাস্তব ইচ্ছা প্রকাশ করতে Person ও Number নির্বিশেষে যে-কোনো Subject-এর পরে বা আগে were বসে। যেমন—

If I were a child again! Were I a child again!
If he were my son! Were he my son!

**Rule–37** কিছু কিছু Noun-এর পরে Singular Verb ও singular Pronoun অথবা Plural Verb ও Plural Pronoun ব্যবহৃত হতে পারে। যেমন—

The government likes to tackle the situation.
The government tries to exercise its power.
The government like to tackle the situation.
The government try to exercise their power.
The government (which has been) formed yesterday is praiseworthy.
The government (that have been) formed yesterday are praiseworthy.

**Rule–38** After দ্বারা সংযুক্ত Singular Noun-সমূহ Singular Verb গ্রহণ করে। যেমন—

One step after another (step) completes a long way.
One second after another (second) makes a century.
City after city was destroyed.

**Rule–39** Subject-এর পরে Apposition ব্যবহৃত হলে Subject অনুযায়ী Verb ব্যবহৃত হবে, Apposition অনুযায়ী হবে না। যেমন—

You, a rich man, live a humble life.
I, Fahim, am a boy of class X.
Mr Abdul Kader, father of five sons, still plays football.

**Rule–40** 'All' যখন Common Noun-এর আগে ব্যবহৃত হয় তখন Plural Verb গ্রহণ করে। যেমন—

All horses are animals. All the people you invited are coming.
All my plants have died. All five men are hard-working.

কিন্তু All যখন Material noun কিংবা কোনো Abstract idea-কে নির্দেশ করে তখন Subject হিসেবে Singular Verb গ্রহণ করে। যেমন—

All that glitters is not gold. All of the food has gone.
All that I want is peace and quiet.

# WH-QUESTIONS

যেসকল প্রশ্নের শুরুতে WH Word যেমন— What, which, who, when, how, etc. থাকে তাদেরকে Wh-question বলে। উৎস অনুযায়ী WH Word-গুলোকে তিন ভাগে বিভক্ত করা যায়। যথা :

I. **Interrogative Adverb :** Where, when, why, how.
II. **Interrogative Adjective :** What, which এবং
III. **Interrogative Pronoun :** Who, which, what, whom, whose.

WH Word-গুলো বাক্যের Subject, Object, Complement, Determiner, etc. হিসেবে কাজ করে। এজন্য প্রদত্ত বাক্যের Subject, Object, Complement, etc. এর যে-কোনো একটির স্থলে যথার্থ WH Word বসিয়ে ভিন্ন ভিন্ন Wh-question গঠন করা যায়। নিচের বাক্যটি লক্ষ করো :

**Assertive Sentence :**

| The boy | played | tennis | well. |
|---|---|---|---|
| Subject | | Object | Complement |

এবার Subject (The boy)-এর স্থলে যথার্থ WH Word (Who) বসিয়ে Wh-question গঠন করলে আমরা পাই–
Who played tennis well?
আবার Object (tennis)-এর পরিবর্তে যথার্থ WH Word (What) বসিয়ে আমরা Wh-question গঠন করতে পারি। যেমন—
What did the boy play well?
আবার Complement (well)-এর স্থলে যথার্থ WH Word (How) বসিয়েও Wh-question গঠন করা যায়। যেমন—
How did the boy play tennis?
ওপরের আলোচনা থেকে এটা স্পষ্টতই বোঝা গেল যে, একটি বাক্যের (Assertive Sentence) একাধিক Wh-question হতে পারে।

***NB :*** *Who যখন বাক্যের Object হয় তখন তা Whom-এ পরিণত হয়। এছাড়া Who যখন Possessive-এর কাজ করে তখন তা Whose-এ পরিণত হয়।* যেমন—

প্রদত্ত বাক্য : We made him our captain.
**Wh-question (who) :** Who made him your captain?
**Wh-question (whom) :** Whom did you make your captain?
**Wh-question (whose) :** Whose captain did you make him?

## Person পরিবর্তনের নিয়ম

Wh-question গঠন করার সময় প্রদত্ত বাক্যের 3rd ও 2nd Person-এর সাধারণত কোনো পরিবর্তন হয় না। কিন্তু 1st Person সর্বদা (যেমন— I→you, we→you, our→your, my→your, me→you) 2nd Person-এ পরিবর্তিত হয়। যেমন—
প্রদত্ত বাক্য—He calls me a fool.
**Wh-question**—What does he call you?

## Verb ব্যবহারের নিয়ম

Verb ব্যবহারের ক্ষেত্রে সবচেয়ে জটিল বিষয় হলো কখন Wh-question-এ Operator (do, does, did) বসবে– আর কখন বসবে না তা নির্ধারণ করা। এর উত্তরে সহজে বলা যায় WH Word যখন বাক্যের Subject হয় তখন কোনো Operator দরকার হয় না। কিন্তু WH Word বাক্যের Object হলে Operator-এর ব্যবহার অত্যাবশ্যক হয়ে পড়ে। তবে বাক্যে কোনো be, have বা Modal Auxiliary থাকলে সেক্ষেত্রে তারাই Operator-এর কাজ করে। সেক্ষেত্রে do, does, did ব্যবহারগত সমস্যা নেই।

যেমন— প্রদত্ত বাক্য—He calls me a fool.
**Wh-question**—Who calls you a fool?

লক্ষ করো, এখানে কোনো Operator ব্যবহৃত হয়নি। কারণ Who হলো Wh-question-এর Subject.
**আবার লক্ষ করো :**
প্রদত্ত বাক্য—He wanted me.
**Wh-question**—Whom did he want?
লক্ষ কর এখানে 'did' Operator ব্যবহৃত হয়েছে। কারণ Whom হলো Wh-question-এর Object.

***N.B :*** *অনেক ক্ষেত্রে এভাবে Operator ব্যবহার নির্ধারণ করা কঠিন হয়ে পড়তে পারে। সেক্ষেত্রে লক্ষ করতে হবে যে, প্রদত্ত বাক্যের Subject-টি যদি Wh-question-এ উঠে যায় তবে কোনো Operator ব্যবহার করতে হয় না। আর যদি প্রদত্ত বাক্যের Subject-টি Wh-question-এ উপস্থিত থাকে তবে Tense অনুযায়ী Operator (do, does, did) ব্যবহার করতে হবে।* যেমন—
প্রদত্ত বাক্য—He wanted me.
**Wh-question**—Who wanted you? Or, Whom did he want? Or, Who did he want?
এখানে প্রদত্ত বাক্যের Subject He প্রথম Wh-question-এ উপস্থিত না থাকায় কোনো Operator লাগেনি। কিন্তু দ্বিতীয় বাক্যে 'he' উপস্থিত থাকায় Operator 'did' ব্যবহৃত হয়েছে।

## বিভিন্ন WH Word-এর ব্যবহার ও অর্থ সম্পর্কে আলোচনা

### Who [কে]

Who সাধারণত ব্যক্তিবাচক Singular ও Plural Subject-এর পরিবর্তে বসে। এক্ষেত্রে গঠনটি হবে নিম্নরূপ :
**Who + Verb + Object**

| Sentences | Wh-questions |
|---|---|
| The landlord keeps the keys. | Who keeps the keys? |
| Mr Rahim is coming to us. | Who is coming to you? |
| Shahana is talking to Hasna. | Who is talking to Hasna? |
| Rabindranath was the first Bangalee to get a Nobel Prize. | Who was the first Bangalee to get a Nobel Prize? |

কিন্তু Who দিয়ে যদি Object-কে প্রশ্ন করা হয় তবে Sentence-এর গঠন ভিন্ন হয়।

গঠন : **Who + Auxiliary Verb + Subject + Verb + Object.** যেমন—
প্রদত্ত বাক্য—I went with my elder brother.
**Wh-question**—Who did you go with?
Or, With whom did you go?
**NB :** Whom (Obj) হলে তার পূর্বে Prepositon কিন্তু Who nominative হলে Preposition শেষে বসে।

## Whom [কাকে]

**NB :** আধুনিক ইংরেজিতে Whom-এর পরিবর্তে Who ব্যবহার করা চলে।

সাধারণত ব্যক্তিবাচক Singular/Plural Object-কে প্রশ্ন করতে Whom ব্যবহৃত হয়। এক্ষেত্রে Sentence-টির গঠন হবে–

**Whom + Auxiliary Verb + Subject + Verb + Extension**

| Sentences | Wh-questions |
|---|---|
| He met the president there. | Whom did he meet there?<br>Or, Who did he meet there? |
| The pen belongs to Shetu. | To whom does the pen belong?<br>Or, Who does the pen belong to? |

***Note :*** *Whom Object হলে তার পূর্বে Preposition বসে কিন্তু Who nominative হলে Preposition শেষে বসে।* তবে কার সাথে, কার দ্বারা, কার প্রতি ইত্যাদি অর্থে প্রশ্ন করতে Whom-এর পূর্বে অথবা পরে Preposition ব্যবহার করা হয়। যেমন—

কার সাথে = With whom
কার প্রতি = To whom
কার দ্বারা = By whom
কার জন্য = For whom

এক্ষেত্রে Sentence-এর গঠন হবে—

**Preposition + Whom + Auxiliary Verb + Subject + Verb + Extension**
অথবা, **Who + Auxiliary Verb + Subject + Verb + Extension + Preposition**

প্রদত্ত বাক্য—He goes back to his own people.
**Wh-question**—To whom does he go back?
Or, Who does he go back to?

প্রদত্ত বাক্য—He resides with a friend.
**Wh-question**—With whom does he reside?
Or, Who does he reside with?

প্রদত্ত বাক্য—I want to talk to Mr Islam.
**Wh-question**—To whom do you want to talk?
Or, Who do you want to talk to?

## Whose [কার]

Possessive Object বা Subject-এর পরিবর্তে Whose ব্যবহৃত হয়। এক্ষেত্রে Sentence-এর গঠন হবে—

**Whose + Noun (Headword) + Auxiliary Verb + Subject**

| Sentences | Wh-questions |
|---|---|
| It is the duty of the police to maintain law and order. | Whose duty is it to maintain law and order? |
| Mita's sister is a doctor. | Whose sister is a doctor? |
| These books are mine. | Whose books are these? |
| The house at the head of the street is Mr Khan's. | Whose house is it at the head of the street? |

কিন্তু Sentence-এর Main Verb যদি Be (am, is, are, was, were) হয় তবে Sentence-এর গঠন হবে—

**Whose + Be + Subject + Extension**

## What [কী]

What সাধারণত ব্যক্তিবাচক Singular ও Plural Subject, Object, Complement-এর পরিবর্তে ব্যবহৃত হয়। Sentence-এর Main Verb যদি be verb হয়, তবে What দ্বারা Question করার সময় গঠন হবে—

**What + Be verb + Subject + Extension**

| Sentences | Wh-questions |
|---|---|
| His name is Mr. Asad. | What is his name? |
| There is a terrible accident in front of the Press Club. | What is there in front of the Press Club? |

কিন্তু Sentence-এর Main Verb যদি be verb না হয়ে অন্য Verb হয় এবং Object-কে প্রশ্ন করা হয় তবে গঠন হবে–

**What + Auxiliary Verb + Subject + Verb + Extension**

প্রদত্ত বাক্য—I like to drink coffee and tea.
**Wh-question** —What do you like to drink?

What দ্বারা যদি Subject-কে প্রশ্ন করা হয় অর্থাৎ What যদি Subject-এর পরিবর্তে বসে তবে গঠন হয়—

**What + Main verb + Object**

| Sentences | Wh-questions |
|---|---|
| This made him sad. | What made him sad? |
| Her result made me happy. | What made you happy? |
| The noise disturbed me. | What disturbed you? |

Sentence-এ Prepositional Verbs (Verb + Preposition)-এর অংশকে প্রশ্ন করা হলে বা এর পরিবর্তে বসলে Structure-টি হবে—

**Preposition + What + Auxiliary Verb + Subject + Main Verb + Extension**

প্রদত্ত বাক্য—Students aim at securing a scholarship.
**Wh-question**—What do the students aim at?

প্রদত্ত বাক্য—We are waiting for the plane.
**Wh-question**—What are you waiting for?

উপর্যুক্ত সর্বশেষ উদাহরণটিতে Preposition-টি Sentence-এর প্রথমে ব্যবহার না করে পরে করা যায়। সেক্ষেত্রে গঠন হয় –
**What + Auxiliary Verb + Subject + Main Verb + Extension** (যদি থাকে) **+ Preposition**
প্রদত্ত বাক্য—He looks for a job.
**Wh-question**—What does he look for?
প্রদত্ত বাক্য—I opened the door with a key.
**Wh-question**—What did you open the door with?
কোনো Sentence-এর Object-এ উল্লিখিত কোনো Adjective যদি Noun-এর পূর্বে বসে Noun-টির একটি বিশেষ ধরনের প্রকারভেদ বোঝায় এবং What দিয়ে যদি ঐ Adjective-টিকে প্রশ্ন করা হয় তবে Structure হবে—
**What kind of + Adjective-এর পরের Noun + Auxiliary Verb + Subject + Main Verb + Extension**
প্রদত্ত বাক্য—They have a racing car.
**Wh-question**—What kind of car do they have?
প্রদত্ত বাক্য—He has bought a tragic play.
**Wh-question**—What kind of play has he bought?

### Which [কোনটি]

সাধারণত Singular ব্যক্তি ও বস্তুবাচক Subject ও Object-এর পরিবর্তে Which ব্যবহৃত হয়। সাধারণত Object-এর বিশেষভাবে নির্দিষ্ট Noun-কে প্রশ্ন করতে Which-এর ব্যবহার ব্যাপক। এক্ষেত্রে বাক্যের গঠন—
**Which + Noun + Auxiliary Verb + Subject + Verb + Extension**
এক্ষেত্রে Noun-টির আগে অবস্থানকারী Noun-কে বিশেষভাবে নির্দেশ করে এমন word-গুলো বাদ যাবে। যে Noun-টিকে প্রশ্ন করা হবে সেটি Proper Noun হলে এবং Proper Noun-টি বিশেষ কোনো জাতি বা গোষ্ঠীভুক্ত হলে Noun-টির পরিবর্তে Common Noun ব্যবহার করতে হবে।
প্রদত্ত বাক্য—I want this boy.
**Wh-question**—Which boy do you want?
কিন্তু Which যদি Subject-এর পরিবর্তে বসে তখন গঠন—
**Which + Noun + Verb + Object**
Or, **Which + Verb + Object**
প্রদত্ত বাক্য—The Padma abounds with Hilsha fish.
**Wh-question**—Which river abounds with Hilsha fish?
প্রদত্ত বাক্য—Honesty is the best policy.
**Wh-question**—Which is the best policy?

### Where [কোথায়]

স্থানকে নির্দেশ করে প্রশ্ন করতে Where দ্বারা প্রশ্ন করতে হয়। এক্ষেত্রে Sentence-টির গঠন হয়—
**Where + Auxiliary Verb + Subject + Verb + Extension**
প্রদত্ত বাক্য—I shall put it on the table.
**Wh-question**—Where will you put it?
প্রদত্ত বাক্য—He works in Dhaka.
**Wh-question**—Where does he work?

### When [কখন]

কোনো নির্দিষ্ট সময়ে সংঘটিত কোনো ক্রিয়ার সময়কে নির্দেশ করে প্রশ্ন করতে When দ্বারা প্রশ্ন করতে হয়। Sentence-এর গঠন হবে–
**When + Auxiliary Verb + Subject + Verb + Extension**
প্রদত্ত বাক্য—He will come tomorrow.
**Wh-question**—When will he come?
প্রদত্ত বাক্য—I get up early in the morning.
**Wh-question**—When do you get up?

### Why [কেন]

কোনো কারণ জানার জন্য অর্থাৎ Sentence-এর উল্লিখিত কোনো ঘটনা সংঘটিত হওয়ার হেতু জানার জন্য Why দ্বারা প্রশ্ন করা হয়। এক্ষেত্রে Sentence-এর গঠন হবে–
**Why + Auxiliary Verb + Subject + Verb + Extension**

| Sentences | Wh-questions |
|---|---|
| He is proud of his son. | Why is he proud? |
| Jamila went there to bring a glass of water. | Why did Jamila go there? |
| She is studying English so that she may go abroad. | Why is she studying English? |

কোনো Sentence-এ যদি infinitive, because, because of, in case of, for, of, so that, since, as, owing to, due to ইত্যাদি যুক্ত অংশ থাকে এবং তা কারণ নির্দেশ করে, তবে সে Sentence-কে Why দ্বারা প্রশ্ন করা যায়। এ ক্ষেত্রে উপর্যুক্ত word-গুলোসহ তার পরের অংশ উঠে যায়।
প্রদত্ত বাক্য—My brother came to see me.
**Wh-question**—Why did your brother come?

### How [কেমন]

কেমন, কীভাবে, কেমন করে প্রভৃতি অর্থে প্রশ্ন করতে How ব্যবহৃত হয় এক্ষেত্রে Sentence-এর গঠন হবে —
**How + Auxiliary Verb + Subject + Verb + Extension**
প্রদত্ত বাক্য—They come to college by bus.
**Wh-question**—How do they come to college?
প্রদত্ত বাক্য—He moved as slowly as a turtle.
**Wh-question**—How did he move?

কিন্তু Be verb বা (am, is. are, was, were) যদি Main Verb হয়, তবে Sentence-এর গঠন হয়—

**How + Be verb + Object**

প্রদত্ত বাক্য—Our Principal is learned and well behaved.

**Wh-question**—How is your Principal?

কত দূর, কতক্ষণ, কত দাম, কতটা দীর্ঘ, কতটা বিস্তৃত ইত্যাদি অর্থে প্রশ্ন করতেও How ব্যবহৃত হয়। তবে এক্ষেত্রে How-এর পর অতিরিক্ত আরো একটি শব্দ যোগ করতে হয়। Sentence-এর বাকি অংশের গঠন একই থাকে। যেমন—

কত দূর = How far; কত দাম = How much; কত সংখ্যক = How many; কত পরিমাণ = How much; কত সময় (দিন, ক্ষণ, মাস, বছর) = How long; কত লম্বা = How tall; কত বয়স = How old; কত বার = How often; কত গভীর = How deep; কত বিস্তৃত = How wide; কত দ্রুত = How fast; কত ধীরে = How slow; কত গরম = How hot; কত ঠান্ডা = How cold. উপর্যুক্ত শব্দ সমষ্টি দ্বারা গঠিত কিছু উদাহরণ নিম্নে দেওয়া হলো :

| Sentences | Wh-questions |
|---|---|
| The pen cost me twenty taka. | How much did the pen cost you? |
| The library is open from 9 am to 4 pm. | How long is the library open? |
| It was terribly hot yesterday. | How hot was it yesterday? |
| Shamim is 6 feet tall. | How tall is Shamim? |
| Jashore is sixty kilometres away from Khulna. | How far is Jashore from Khulna? |
| Mr Delwar is 57. | How old is Mr Delwar? |
| The boy can write very fast. | How fast can the boy write? |
| Tania writes to her father every week. | How often does Tania write to her father? |
| I have been waiting here for half an hour. | How long have you been waiting here? |
| Shakespeare wrote thirty-seven dramas. | How many dramas did Shakespeare write? |
| The pond is 10 feet deep. | How deep is the pond? |

# INTRODUCTORY 'IT' AND 'THERE'

## USE OF 'INTRODUCTORY IT'

Impersonal subject-এর ক্ষেত্রে Introductory 'It' ব্যবহৃত হয়। Introductory 'It'-কে Preparatory Subject বলা হয়। It-এর ব্যবহারের কতগুলো নিয়মকানুন রয়েছে। নিচে সেগুলো উল্লেখ করা হলো :

☞ ইতর প্রাণীর (lower animal) পরিবর্তে It ব্যবহৃত হয়।

**Examples :**

He has a dog. **It** watches his house.
Arif has a cat. **It** is very active.
Kiron has a pet monkey. **It** is very clever.
Dina has a white calf. **It** looks very beautiful.
We have a parrot. **It** can sing sweetly.
My friend has a parakeet. **It** can talk like us.

☞ ছোটো শিশুদের (little children) পরিবর্তে It ব্যবহৃত হয়।

**Examples :**

The baby is crying for **its** mother. **It** is a nice baby.
The child is laughing. **It** looks so beautiful.
The baby is fond of milk. **It** likes to play all day long.
Our baby can speak a little bit. **It** is growing up day by day.
Today's child is tomorrow's leader. We should look after **it** with due care.

☞ অপ্রাণিবাচক বস্তুর (objects without life) পরিবর্তে It ব্যবহৃত হয়।

**Examples :**

This pen is mine. **It** costs Tk. 15.
This is a book. **It** is very interesting.
I bought a book yesterday. **It** cost me Tk. 100.
The boy has a nice pen. **It** writes very well.
Ayeeman has a car. **It** is too much costly.
The girl has sold her computer. **It** does not work well.

☞ সময়, ঋতু, দূরত্ব, আবহাওয়া ইত্যাদি উল্লেখ করতে 'to be' Verb-এর Subject -রূপে It ব্যবহৃত হয়।

**Examples :**

**It** is 7 o'clock now.
**It** is a fine morning.
**It** rained yesterday.
**It** is fifteen minutes past ten now.
**It** is summer now.
**It** is very hot today.
**It** is very cold today.
**It** is raining cats and dogs now.

☞ Preparatory বা Provisional Subject-রূপে Sentence-এর শুরুতে It ব্যবহৃত হয়। একে যখন কোনো Infinitive বা Clause অনুসরণ করে, তখন একে Introductory or Anticipatory 'It' বলা হয়।

**Examples :**

**It** is a great delight to see you after a long time.
**It** is known to all that Ramesh is a cheat.
**It** is nice to meet you all.
**It** is good to walk in the morning.
**It** is my pleasure that you are accompanying me.
**It** is a matter of great sorrow that I am undone.

☞ কোনো Word বা phrase-এর উপর জোর দেওয়ার জন্য It ব্যবহৃত হয়।

**Examples :**

**It** is you who have done it.
**It** is he who has stolen the money.
**It** is she who is liable for her failure.
**It** is they who are responsible for this.
**It** is we who have supported the victim.
**It** is I who am to blame.

**Note :** এক্ষেত্রে It যে-কোনো number, gender, person-এর পরিবর্তে ব্যবহৃত হতে পারে। একে It-এর Arbitrary use বলে।

**Example :**

- **It** was I (or you or she or they) that did it.

☞ Impersonal Verb-এর Subject-রূপে It ব্যবহৃত হয়।

**Examples :**

**It** rains.
**It** is very hot today.
**It** rains in the rainy season.
**It** was hot yesterday.
**It** dews in winter.
**It** is the winter season.
**It** is morning now.

☞ পূর্ববর্তী কোনো clause, phrase বা idea-কে বোঝাতে কখনো কখনো It ব্যবহৃত হয়।

**Examples :**

Honesty is the best policy, **it** is known to all.
Politics is a dirty game, **it** is known to all.
Truth prevails everywhere, **it** is well known to us.
Man is mortal, **it** is a universal truth.
Some of our high ranking officials are greedy, **it** is known to all.
Our country is coming up day by day, **it** is now clear to all.

## USE OF 'INTRODUCTORY THERE'

